৪স্বর্ণেত ভূষিত কৈল৪ ই ছয় কোঙর ॥
আগে পাছে উৎসবে৫ চান্দো জাইছে চলিঞা৫ ।
দর্প করেন চান্দো৬ নগরে উঠিয়া৬ ॥
তার পাছে জায় দেবী ধুলি নাগ হয়া ।
৭নীলপাণিকে মারে ধুলা ফেলাইয়া ॥৭
তার বুকে ধরে দেবী ধুলি নাগ হয়া ৮ ॥
৯বাপ বাপ করি শিশু পোড়িল টলিয়া ॥৯
বাপ বাপ করে বালা দেখিয়া নাগিনী ।
চান্দো বলে বাদ মোরে সাধিলেক কানী ॥
১০বাপ মাও বোলি বাছা ছাড়িল পরাণ ।
পদ্মার বাদে বানিয়ার নাহি পরিত্রাণ ॥১০
টলিঞা পড়িল বাছার মুখে বহে লাল ।
১১ আর কি বাচিবেক জারে দংশিলেক কাল ॥১১
সাতে পাচে নিল বালক কোলেত করিয়া ।
চান্দোর সাক্ষাতে বালক থুইল শোয়াইয়া ॥
১২পুত্রশোকে চান্দো তখন গুনে মনে মনে ।১২
কানীর উচিষ্ট পুত্র থুব১৩ কোন স্থানে ॥
গোহালির ঘরে পুত্র থুইল শোয়াইয়া ।
কালি জিয়াইব পুত্র শঙ্কর পূজিয়া ॥
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিঞা ।

CENTRAL LIBRARY

১ওথা পদ্মা দেবী চাহে মনেত ভাবিঞা ॥১
কটক জিইল পদ্মা ২বিষাদিত হৈল।
৩মনে বিমরিষ হৈয়া বোলিতে লাগিল ॥৩
বিপদ ভাবিঞা বোলে দেবী মনসাঞি।
বিবাদ সাধিতে ৪নাহি দেয়৪ শঙ্কর আতাই ॥
মনময় হংসে দেবী করি আরোহণ।
কান্দিতে কান্দিতে গেলা শিবের ভুবন ॥
জোড় হাতে মনসা শিবেকে৫ স্তব৬ করে।
তুমি মোর জন্মদাতা ত্রিদশ ৭ঈশ্বরে ॥
এক নিবেদন করি দেব ত্রিলোচন৮।
সংসারের লোকে পূজে জত দেবগণ৯ ॥
১০মর্ত্যে না হইল১০ মোর পূজার বিধান।
১১তোমার নন্দিনী আমি এই অভিমান ॥১১
১২পদ্মার মুখেত শিব এতেক স্থনিল।
কেবা নাহি মানে বাছা কেবা বল কৈল ॥১২
কন্যার কারণে বোলে ভোলা মহেশ্বর।
১৩জেবা বল করে তাকে পঠাও যমঘর ॥১৩
কেহ বল নাহি করে কেহ নাহি মারে।
আমাকে না পূজে কেনে চান্দো সদাগরে ॥
আমাকে না পূজে সাধু আর পাড়ে গালি।
হেমতালের বাড়ি দিয়া ভাঙ্গিল কাঁকালি ॥
শিব বোলে একটি সেবক১৪ মর্ত্ত্যের ভিতরে১৪।
তার সনে বাদ তুমি সাধ১৫ নিরন্তরে ॥
১৬তোমার মহিমা ঝি বুঝিতে না পারি।১৬
চান্দো সেবকেরে ১৭আমি তোমা দিতে১৭ নারি১৮ ॥
শিবের নিষ্ঠুর বাক্য এতেক স্থনিল।
কান্দিতে কান্দিতে পদ্মা১৯ দুর্গাস্থানে গেল ॥
মায়ের নিকটে পদ্মা২০ বোলে সকরুণে২০।
তন্ত্রবিভূতে গায় মনসাচরণে ॥

CENTRAL LIBRARY

খানিক এখানে পদ্মা থাকহ বসিয়া।
জাবৎ না আসি আমি ভাঙ্গরা বুঝায়া ॥
১ক্রোধ করি১ দুর্গা গেলা শিব বরাবর।
কোন ছার বোলে তোকে২ ভোলা মহেশ্বর ॥
জ্ঞান হারাইলে প্রভু ধুতুরা খাইয়া।
কুচনীকে পাগল কর৩ ডম্বুরু বাজাঞা ॥
ঝুলি কেথা৪ লাল লাঠি৪ পোড়াব অগ্নি দিয়া।
বাসোয়া খায়াব তোমার বাঘাত৫ দিয়া ॥
দুর্গার বচনে শিব পাইল বড় ডর।
৬বোলিতে লাগিল তবে৬ ভোলা মহেশ্বর ॥
দুর্গা জে বোলেন প্রভু সুনহ উত্তর।
৭মোর অঙ্গে হাত দিঞা তিন৭ সত্য কর ॥
সত্য সত্য বোলি দুর্গা তোমার গোচরে।
কি সত্য করিব দুর্গা বোলহ আমারে ॥
৮সুন সুন৮ মহাদেব করি৯ জোড় হাত।
আর না জাইবে তুমি চান্দোর পূজাত ॥
আর বর নাহি দিবে চান্দ সদাগরে।
পদ্মার পূজা ১০হয় জেন১০ মর্ত্ত্যের ভিতরে ॥
১১চান্দোর ঠাই১১ পূজা নিতে পদ্মার বড় আশ।
সেই সে করিবে তার পূজার প্রকাশ ॥
শিব বোলে১২ চান্দোক আমি না দিব ছাড়িঞা১২।
আমা বিনে অন্য দেব না পূজে বানিঞা ॥
মনসা বোলেন বাপু১৩ বোলিয়ে তোমাকে১৩।
তুমি আজ্ঞা করিলে পুজা করিবে১৪ আমাকে ॥
১৫শিব বোলে কদাচিৎ না হবে সে কথা।
দুর্গা বোলে তার পুজায় না জাবে সর্ব্বথা ॥১৫
১৬দুর্গা বোলে সুন পদ্মা আমার উত্তর।১৬
চান্দো বান্ধার১৭ সনে তুমি কর বাদান্তর ॥

CENTRAL LIBRARY

এতেক স্থনিঞা পদ্মা১ করিল গমন।
শিব রহিলেন তবে আপন ভুবন॥
তন্ত্রবিভূতে গায় মনসা দেন্ত বর।
আপন স্থখে তুমি বাদ বাদান্তর॥

চিন্তিঞা গুনিঞা চান্দো পোহাইল রাতি।
২শয্যা হৈতে উঠিঞা বসিলা২ অধিপতি॥
প্রাতঃকাল৩ হইল উদিত দিবাকর।
পুত্র জিঞাইতে চান্দো আরাধে শঙ্কর।
এক মনচিত্তে পূজে চান্দো সদাগর।
আজি হৈতে হৈল চান্দো গুনে৪ অথান্তর॥
গঙ্গাতে নাম্বিঞা চান্দো স্নান দান কৈল৫।
মাটি বাছিঞা বান্ধা পূজা আরম্ভিল॥
জবা৬ ধুতুরার ফুল৬ শ্রীফলের পাত।
ভ্রূকুটি করিঞা পুজে ত্রিজতের৭ নাথ॥
৮প্রাতঃকাল হৈতে৮ চান্দো পূজে মহেশ্বর।
সপ্ত ঘটি বেলা হৈল তৃতীয়৯ প্রহর॥
১০অধিষ্ঠান নাহি দেখি১০ চান্দো বোলে বাণী।
পূজাতে না১১ আসিতে দিল চেঙমুড়ি১১ কানী॥
১২মোর বোল ধর ধনা শীঘ্র গতি জাও।১২
ধনন্তরি রোঝা মোকে আনিঞা জোগাও১৩॥
১৪শীঘ্রগতি করি ধনা গেল ততক্ষণ।১৪
ধনন্তরি বাড়ি জাঞা দিল দরশন॥
কি কর কি কর রোঝা নিশ্চিন্তে* বসিঞা।
পদ্মার বাদে চান্দোর পুত্র পড়িল টলিঞা॥
পদ্মার নাগে খাইল তার একটি১৫ কোঙর।
এতো স্থনি গেলো রোঝা চান্দোর গোচর॥

*পাঠ—নিশ্চিন্তে

CENTRAL LIBRARY

চান্দো বোলে রোঝা তুমি ১সুনহ সত্বর১ ।
ঝাড়িঞা জিঞাও তুমি আমার কোঙর২ ॥
ব্রহ্মজাল৩ মন্ত্রে রোঝা ঝাড়িতে লাগিল ।
ঝাড়িতে ঝাড়িতে ৪ রোঝা বিষ সার কৈল ৪ ॥
উঠিঞা বসিলা পুত্র নিদ্রা চিয়াইঞা ।
আনন্দিত হৈঞা চান্দো বোলে ডাক দিঞা ॥
এখন পদ্মা জদি তোর ৫ লাগ পাঙ৫ ।
হেমতালের বাড়ি দিঞা মারিঞা ফেলাঙ৬ ॥
ধনন্তরিক তুষিলেন বস্ত্র কোড়ি দিঞা।
আপনে রহিলা চান্দো আনন্দে বসিঞা ।
অন্তরীক্ষে থাকি দেবী দেখেন সকল ।
ক্রোধিত হইঞা পদ্মা হইল পাগল ॥
এতেক সুনিয়া পদ্মা করিল গমন ।
শিব রহিলেন তবে আপন ভুবন ॥
৭রথভরে পদ্মা দেবী করিল গমন ।৭
চাম্পাই নগরে আসি দিল দরশন ॥
নেতাই সহিতে পদ্মা করেন জুগতি ।
আজি হৈতে পূজার আমি রাখিব খিয়াতি ॥
দেবী পদ্মাবতী নাম ৮ খিয়াতি রাখিব ।
ধনন্তরি রোঝা আমি আগেতে বধিব ॥
তবে চান্দোর ছয় পুত্র করিব বিনাশ ।
চান্দো সদাগর তখন ৯ পাইবেন ত্রাস ৯ ॥
বাপেরে রাখিলাঙ আমি মায়েরে কহিয়া ।
১০ আমার বাদের মড়া ১০ জিয়াইল আসিয়া ॥
১১ এতেক জানিয়া ধনন্তরিকে মারিব ।
তবে সদাগর সঙ্গে ই বাদ সাদিব ॥ ১১
১২ধনন্তরি থাকিতে আমার বাদ নাহি হবে ।১২
আমি মারিব ধনন্তরি জিয়াইবে ॥
ধনন্তরি বধিতে পদ্মা চলিল সত্বরে ।
তন্ত্রবিভূতি গায় মনসার বরে ॥

CENTRAL LIBRARY

মায়া করি বিষহরি. গোয়ালিনী রূপ ধরি
বিষদধি করিঞা পসার।
থমকে থমকে নড়ে আকাশে বিজুলি পরে
ত্রিভুবনমোহিনী আকার ॥
জথা আছেন ধনন্তরি শিষ্যগণ সঙ্গে করি
গোয়ালিনী চলেন চাহিয়া।
নঞান কটাক্ষ করে তপস্বীর মন১ হরে
শিষ্যগণ বিকল দেখিয়া ॥
শিষ্যগণ বোলে বাণী সুন সুন গোয়ালিনী
কড়ি লেহ২ দধি দেহ খাই।
দেখিয়া তোমার ঠান আকুল হইল প্রাণ
খানিক রহিঞা মুখ চাই ॥
ধনন্তরি শিষ্যগণ দধি খাইতে রঙ্গ মন
পদ্মা চলে৩ অন্তর ধিয়ানে৩।
মহা কালকূট বিষ ৪দধি সঙ্গে মিশ্রিত৪
৫সেই দধি দিল শিষ্যগণে ॥৫
৬মদনে হইঞা রত দধি খাইল শিষ্য জত
বিষজালে টলিঞা পড়িল ॥৬
বলে রোঝা ধনন্তরি ৭মোরে ছলে৭ বিষহরি
বিষম ৮বিবাদে দিল মন৮।
মন্ত্র পড়ি দিল জল বিষ গেল রসাতল
জিঞা উঠে সব শিষ্যগণ ॥
পদ্মা বলে পরমাদ কেমনে সাধিব বাদ
রোঝাকে না পারি জিনিবার।
মন্ত্র জপে দুরাশয় কাহাকে না করে ভয়
কিবা বুদ্ধে করিব সংহার ॥
তন্ত্রবিভূতি৯গায় বন্দিয়া মনসার পায়
দ্বিজ মুনি অস্তিকের মাতা।
অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বড় দাতা ॥

CENTRAL LIBRARY

১সাজিল মনসা মা স্বহায় অষ্ট নাগ ।১
ধনন্তরি বধিবারে মনে অনুরাগ ॥
সর্পের বসন দিব্য২ *সর্পের৩ ভূষণ ।
সর্পের উপর দেবী ৪করিয়া আসন৪ ॥
সর্পের সাপুড়া দেবীর সর্পের পিকদানি ।
মাথায় ধরিল ছত্র অহিরাজ ফণি ॥
কুলিশ কর্কট সাজে তক্ষক নাগিনী৫ ।
ত্রিভুবন কাপে জার৬স্থনি নামের ধ্বনি৬ ॥
পদ্ম মহাপদ্ম সাজে শঙ্খ মহাশঙ্খ ।
সাজিলেন অষ্ট৭ নাগ ৮তক্ষক সারঙ্গ৮ ॥
সাজিল ছাপ্পান্ন কোটি নাগের প্রধান ।
মহীধর *পদভরে হৈল কম্পমান ॥
রোঝার সাক্ষাৎ জাঞা হৈল উপনীত* ।
দেখি রোঝা ধনন্তরি হৈলা চমকিত ॥
ধনন্তরি বোলে বাক্য স্থন পদ্মাবতী ।
এত সর্প সঙ্গে করি ৯আগমন কতি৯ ॥
পদ্মা বোলে চান্দোর পুত্র জিত্তাও১০ ধনন্তরি ।
মোর সর্পে তোমার নাশিবে আজি পুরী ॥
তুমি বোল আমি রোঝা আপনে জিয়াই ।
মোর সর্পে তোমাকে খাইবে এই ঠাই ॥
জে বিষে টলিল হর সাগরের কুলে ।
সে বিষে সর্ব্বস্ব তোর করিব নির্মূলে ॥
রোঝা বোলে সর্প নয়া গর্ব কি করিস ।
তোমার সাক্ষাতে ১১আমি দেখাঙ সদৃশ১১ ॥
বিষ খায় ধনন্তরি জেন পিএ পানি ।
দেখি মহা চমকিত হইলা ব্রাহ্মণী ॥
রোঝা বোলে সর্প নয়া১২ কর অহঙ্কার ।
দেখি মোর আগে সর্প হউক তোমার ॥

*পাঠ—দির্ব্ব, *পাঠ—মোহীধর, *পাঠ—উপস্থিত

CENTRAL LIBRARY

মহামন্ত্র ধনন্তরি করিল চালন।
পলায় সকল সর্প১ নইঞা জীবন১ ॥
মনসার আগেত আছিল জত সাপ।
পলায় সকল সাপ মন্ত্রের প্রতাপ ॥
বিষাদ ভাবিঞা পদ্মা চলে নিজ ঘরে।
তন্ত্রবিভূতে২ গায় মনসার বরে ॥

মোহন মুরলী বাজে হরিল রাধার প্রাণ ॥ ধু ॥

প্রমাদ ভাবিঞা মনে জায় বিষহরি।
কেমনে সাধিব বাদ রোঝা ধনন্তরি ॥
কি করিব কি ৩হইবে ভাবে মনে মন।
ধনন্তরি রোঝা আমি বোধিব কেমন ॥
বিষাদেত বিষহরি নানা বুদ্ধি করে।
ধনন্তরির ভার্য্যার বোহিনী৪ রূপ করে ॥
দধি দুগ্ধ সন্দেশ আদি নানা উপহার।
৫ চিড়া কলা জত দ্রব্য *সাজাঞা বেভার ॥৫
মায়া করি বোঝা নিল মাথার উপরে।
ধীরে ধীরে চলি গেলা ধনন্তরির ঘরে ॥
বোহিনী বোহিনী বোলি ডাকে ঘনে ঘন।
ধনন্তরির ভার্য্যা আসি বন্দিল চরণ ॥
অনেক দিবস পরে আইলাম বোহিনী৬।
বদন ধরিয়া চুম্ব খায় বার তিনি৭ ॥
চরণ ধোয়াঞা তারে বসায় আসনে।
ধনন্তরির ভার্য্যা তখন বন্দিল চরণে৮ ॥
নানা উপহারে তারে করাইল ভোজন।
মহাসুখে বসিলা বোহিন দুই জন ॥
পদ্মা বোলে প্রাণ দিদি কহি নিষ্ঠা*করি।
কোথা গেল স্বামী তোমার রোঝা ধনন্তরি ৮

*পাঠ—দর্ব্ব, পাঠ—নিষ্টা

CENTRAL LIBRARY

ধনন্তরির ভার্য্যা কথা কহে বিবরণ।
বিবাদ সাধিল পদ্মা চান্দোর ভুবন ॥
চান্দোএ ১ ডাকিয়া নয়া ২ গেল যত্ন করি ॥
পদ্মাএ মারিবে জিঞাইবে ধনন্তরি ॥
পদ্মা বোলে স্থন বহিন ৩ আমার বচন।
বিবাদের কাছে রোঝা জায় কি কারণ ॥
বিবাদিঞা ব্রাহ্মণী বিষম মায়া জানে।
এক তিলে ধনন্তরির বধিবে জীবনে ৪ ॥
৫ রোঝার ঘরণী বোলে ভাল বোল মাও।
কাহার শকতি জে রোঝাকে করে ঘাও ॥৫
মন্ত্রের প্রতাপে রোঝা নাম ধনন্তরি।
কি করিবে রোঝাকে বিবাদে বিষহরি ॥
পদ্মা বোলে স্থন দিদি আমার বচন।
৬কেমন উপায়ে হয় রোঝার মরণ ॥৬
রোঝার ঘরণী বোলে স্থন বোহিনী মাও।
রোঝার মরণ কথা স্থনিবাকে চাও ॥
চক্ষে দেখিতে রোঝা না পায় জেই স্থান।
তাহাতে দংশিলে ৭ রোঝার নাহি ৭ বস্তুজ্ঞান ॥
দেখিতে না পায় রোঝা নাম মূলকন্ধ।
তাহাতে দংশিলে হয় মৃত্যু• অনুবন্ধ ॥
ধনন্তরির মৃত্যু কথা স্থনি বিবরণ।
ধনন্তরির ভার্য্যাকে তবে কহেন বচন ॥
পদ্মা বোলে স্থন বহিন জাও নিজ ঘরে।
তোমার বোহিনী জামাই পাছে ক্রোধ করে ॥
বিদায় হইঞা পদ্মা করিলা গমন।
পদ্মার আদেশে গায় জগতজীবন ॥

৮ রোঝা মোরিল পদ্মার বিবাদে রোঝা মোরিল ॥ধু ॥ ৮

•·পা—নিষ্টা, • পাঠ—মিত্যু

CENTRAL LIBRARY

১ভাল মায়া জানে দেবী শঙ্করনন্দিনী।
বিবাদ সাধিতে দেবী চলিলা ব্রাহ্মণী ॥ ১
ওসধ আনিতে রঙ্গে চলে ধনন্তরি।
তার পাছে চলি জায় শঙ্করকুমারী ॥
আগুপথে গেলা পদ্মা ভেদকথা স্থনি।
গাছেতে চড়িঞা থাকে তক্ষক নাগিনী ॥
মধ্যপথে তক্ষক চড়িয়া আছে ২ গাছে।
আপনে মনসা চলে ধনন্তরির পাছে ॥
হেট মুণ্ডে চলে রোঝা মনের আনন্দে ॥
বৃক্ষডালে থাকি তক্ষক দংশিল মূলকন্ধে ॥
রোঝা বোলে শিষ্যগণ স্থন মোর বাণী।
এতদিনে বিবাদ সাধিল জে ব্রাহ্মণী ॥
৩ কেমনে পাইল পদ্মা ৩ এতেক উদ্দেশ।
কন্ধেত দংশিল মোর পরমায়ু *শেষ ॥
রোঝা বোলেন মোর বাক্য স্থন শিষ্যগণ।
এই দুই প্রহর বহি আমার মরণ ॥
৪ইতিমধ্যে উপায় করহ জদি সভে।
তবে সেই প্রাণে বাচি কহিলাম তবে ॥৪
সাল্য বিসাল্য আছে সাতালি পর্ব্বতে।
ওসধ আনিঞা দেহ কর সমাগতে ॥
শিষ্যগণ বোলে মোরা ওসধ না চিহ্নি।
কেমন উপাএ জাঞা৫ মহাওসধ আনি ॥
রোঝা বোলে কুথুরা আনি বিষ খাওাইঞা।
পর্ব্বত বহিঞা বেড়াও গাছে গাছে নঞা৬ ॥
জে গাছের গন্ধে কুথুরা পায় প্রাণ।
সেই গাছ আন বাপু মোর বিদ্যমান ॥
রোঝার বচনে চলে এক শত শিষ্য।
কুথুরা পক্ষকে ৭ মারে খাওাইঞা বিষ ॥

*পাঠ—পরমাউ,

CENTRAL LIBRARY

সাতালি পর্ব্বতখান উকটিয়া চায় ॥
প্রতি গাছতলে কুখুরা ছোয়ায় ॥
কুখুরা পাইল প্রাণ ওসধের১ গন্ধে।
মহাগাছ তোলে শিষ্য পরম আনন্দে ॥
ওসধ নইঞা শিষ্য করিল গমন।
২তন্ত্রবিভূতে গায় পদ্মার চরণ ॥২

৩ তোমার মহিমা কেবা বুঝিতে পারে জননী ॥ ধু ॥৩

৪এত মায়া জানে দেবী শঙ্করঝিয়ারি।
দেবের দেবতী তুমি পদমকুমারী ॥৪
পদ্মা বোলে এখন কি করিব উপায়।
ওসধ পাইয়া শিষ্য মহারঙ্গে জায় ॥
ওসধ পাইলে রোঝা পাইবে জীবন।
কোন বুধ্যে জিনিব রোঝার শিষ্যগণ ॥
মধ্যপথে মায়া কৈল শঙ্করনন্দিনী।
৫সাক্ষাতে আকৃতি জেন৫ রোঝার ঘরণী ॥
৬উদাম মাথাএ৬ কান্দে উচ্চ স্বর করি।
দুহাতে ধাকুরে মুণ্ড প্রভু প্রভু করি ॥
শিষ্যগণ বোলে জেন দেখি গুরুমাও।
কি কারণে মাও তুমি কোথাকারে৭ জাও ॥
পদ্মা বোলে বাপু সব কি বলিব আর।
রোঝার জীবন আছে কাষ্ঠগত সার ॥
প্রভুর সঙ্কট দেখি বিষাদিত মন।
তোমার৮ উদ্দেশে বাপু করিনু গমন ॥
শিষ্যগণ বোলে মাও চল জাই ঘর।
আনিলাঙ ওসধ আর কিবা কর ডর ॥
পদ্মা বোলে অভাগিনী প্রত্যয় না জাঙ৯।
কেমন ওসধ বাপু আন দেখি চাও ॥

CENTRAL LIBRARY

ওসধ আনিয়া দিল মনসার হাতে।
লাফ দিয়া মনসা চড়িল শূন্যপথে১ ॥
ওসধ হারাঞা শিষ্য করে হায় হায়।
পদ্মার চরিত্র কিছু বুঝা নাহি জায় ॥
এক দুই প্রহর বেলা হৈল অবসান।
ততক্ষণে২ ধনন্তরি ছাড়িল৩ পরাণ ॥
এক শিষ্য বোলে চল ওসধেকে জাই।
কোন শিষ্য বোলে৪ চল গুরুস্থানে জাই৪ ॥
গুরুকে দেখিতে গেলা জত শিষ্যগণ।
৫দেখে রোঝা পড়িঞাছে হৈঞা অচেতন ॥৫
শিষ্যগণ বোলে রোঝা তেজিল জীবন।
কেহো বোলে বার্তা দেহো তাহার ভুবন ॥
এতো গণ্ডগোল স্থনি চৈতন্য হইলো।
চক্ষু মেলি ধনন্তরি দেখিতে লাগিল ॥
ধনন্তরি বোলে কোথা ওস্থধ আনহ।
ধারণ করাঞা মোর জীবন রাখহ ॥
শিষ্যগণ বোলে প্রভু করি নিবেদন।
সিজলি পর্ব্বতে মোরা গেলাঙ জখন ॥
অনেক জতন করি ওস্থধ পাইল।
মধ্যপথে বিষহরি মায়া জে করিল ॥
গুরুমাও রূপে আমা সভার নিকটে।
কান্দিঞা কান্দিঞা জতো কহেন কপটে ॥
ধনন্তরি রোঝা তোমার হারাইল জীবন।
ওস্থধ নইঞা শীঘ্র চলো সর্ব্ব জন ॥
ওস্থধ দেখিয়ে বলি হাতে করি নিল।
শূন্যপথে উঠি দেবী মায়া প্রকাশিল ॥
ভাবিঞা চিন্তিঞা মোরা না পাইলাঙ উদ্দেশ।
তোমার নিকটে আইলাঙ কহ সবিশেষ ॥

CENTRAL LIBRARY

ধনন্তরি বোলে মোর নিশ্চয় মরণ।
কণ্ঠাগত প্রাণ হৈঞা আছে এতক্ষণ ॥
আমার গৃহেতে জাঞা সমাচার দেহো।
আর এক বাক্য কহি যতনে রাখিহ ॥
জখন আমার প্রাণ নির্গত হইলে।
চারি হস্ত পদ মোর কাটিহ সকলে।
উত্তর দক্ষিণ আর পূরব পশ্চিমে।
চারি স্থানে চারি দেহ রাখিহ গোপনে ॥
জখন জে দিগ হৈতে বহিবে পবন।
সেই বায়ে সর্প সব তেজিবে জীবন ॥
এত বাক্য কহি রোঝা প্রাণ তেয়াগিল।
জত শিষ্যগণ সভে কান্দিতে লাগিল ॥
কেহো বোলে গুরুমাকে বার্ত্তা দেহ গিঞা।
কোন শিষ্য ধনন্তরিক রাখহ জোগাঞা ॥
১এতো ভাবিঞা বার্ত্তা দিতে চলে শিষ্যগণ।
গুরুমাও নিকটেতে কহে বিবরণ ॥ ১
স্থনিঞা কপালে মারে কঙ্কণের ঘাও।
উচ্চ স্বরে কান্দে দেবী করে হায় হায় ॥
আউলাঞা মাথার কেশ উভ লড়ে ধায়।
হায় প্রভু কোথা গেলা ছাড়িঞা আমায় ॥
জেথানে রোঝার দেহ আছএ পড়িঞা।
সেইখানে শীঘ্রগতি গেলেন চলিঞা ॥
পদ্মার এতেক মায়া বুঝিতে নারিল।
বহিনীরূপেতে আসি আমারে কহিল ॥
মায়া না জানিঞা মরণের কথা জে কহিল।
তে কারণে অভাগিনীর পতি হারাইল ॥
হায় প্রভু না দেখিলাম তোমার বদন।
নিজ দোষে হারাইলাম অমূল্য রতন ॥

CENTRAL LIBRARY

এতো বলি কান্দে রামা উচ্চ স্বর করি।
শিষ্যগণ রাখে তারে ক্রন্দন সম্বরি ॥
গুরুর বচন এবে রাখিবারে চাই।
হস্ত পদ কাটিঞা রাখহ চারি ঠাই ॥
এতো বলি হাতে অস্ত্র কাটিতে নইল।
শূন্যেত থাকিঞা পদ্মা ভাবিতে নাগিল ॥
এই হস্ত পদ জদি চারি দিগে রয়।
সর্পের বিনাশ তবে হইবে নিশ্চয় ॥
এতো ভাবি বৃদ্ধ ব্রাহ্মণীরূপ ধরে।
লড়িতে পড়িতে গেলা রোঝা বরাবরে ॥
হাতে অস্ত্র শিষ্যগণ রোঝাকে কাটএ।
হেন বোলে ব্রাহ্মণী জে কহেন সভায় ॥
ইহার শরীর নষ্ট করো কি কারণ।
গুরুকে কাটিলে হয় নরকে গমন ॥
অগ্নিক্রিয়া করি ইহার করহ সংকার।
তবে সে হইবে বাপু সভার উদ্ধার ॥
এতো বাক্য স্থনি সভে নিশব্দ হইল।
১এক শিষ্য বোলে গুরুর বাক্য না রহিল ॥
রোঝার ঘরণী বোলে কাটিতে নাহি দিব।
চিতা নির্ম্মাইয়া দেহ সঙ্গেত মরিব ॥
চিতা নির্ম্মাইয়া তার মুখে অগ্নি দিল।
২ শিষ্যগণ প্রবধিঞা তাহারে রাখিল ॥ ২
গঙ্গালাভ ৩ করিঞা সে সভা ৩ গেলা ঘরে।
৪ স্থনি বিষাদিত হৈল চান্দো সদাগরে ॥ ৪
তন্ত্রবিভূতি ৫ কবি বুধ্যে বৃহস্পতি।
সপনে পাইল গীত সেবি পদ্মাবতী ॥

CENTRAL LIBRARY

ত্রিপদী ॥

বিষম বিবাদ করি মৈল রোঝা ধনন্তরি
স্থনি চান্দো হৃদয়ে আকুল।
হায় হায় শব্দ করে বোলে সাধু উচ্চ স্বরে
এখন কানী পাড়িল আউল ॥
ডাকি বোলে পদ্মাবতী স্থন চান্দো অধিপতি
এখন করিবা তুমি কি।
আমার করিয়া পুজা তুমি হও ১ মহারাজা
আমি বটি২ শঙ্করের ঝি ॥
বোলে শিবনন্দিনী স্থন চান্দো মোর বাণী
দুঃখিত ৩ হইলা কেনে মনে ৩।
বানিঞা সে ৪ দুরাচার করিস কি ৫ অহঙ্কার
এত দুঃখ খণ্ডিবে কেমনে ॥
সভাকার৬ বিদ্যমান করিলি জে৭ অপমান
৮সেহ দুঃখ জাগিছে হৃদয়। ৮
এবে ৯তোরে কহি স্থন বানিঞা জে দুর্জন
১০ অবশ্য করিব নিরাশ্রয় ॥ ১০
বানিয়ারে১১ বর্ব্বর বোলিস দুরাক্ষর
১২কহিস আমি১২ শঙ্করের দাস।
আমি সে১৩ পদ্মাবতী করিব তোর দুর্গতি
সবংশেতে করিব বিনাশ ॥
চান্দো বোলে১৪ স্থন কানী১৪ স্বহায় শূলপানি
ডর নাহি তোর অঙ্গীকারে।
প্রতিজ্ঞা স্থনহ মোর সংসারের ভিতর
নাহি দিব পুজা করিবারে ॥
অন্তরেত ক্রোধ করি চলিলেন বিষহরি
১৫রথে চড়ি গেলা নিজ ঘরে ।১৫

CENTRAL LIBRARY

১নেতাইকে সঙ্গে করি যুক্তি করে বিষহরি
কোন বাদ সাধি সদাগরে ॥১
তন্ত্রবিভূতি কবি বন্দ মনসা দেবী
দ্বিজ মুনি অস্তিকের মাতা।
অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বড় দাতা ॥

২কি বুদ্ধি করিব ভাই কান্দে পদ্মা মন্দিরের মাঝে।
মনিস্তের মধ্যে বোলে আমি মরি লাজে ॥ ধু ॥ ২

নেতাই বোলেন চান্দো হয় তোমার ভাই।
চড়ি হিঙ্গুলিয়া রথে চলো তার ঠাঞি।
আপনে সাজিঞা গেলে পাবে বড় নাজ।
পিরিতে পাইবে পূজা বিবাদে কি৩ কাজ ॥
নেতাইর বচনে পদ্মা রথে করি৪ ভর।
চম্পাই নগরে গেলা জথা সদাগর ॥
পদ্মা বোলে দাদা কেনে বাড়াইলে দ্বন্দ্ব।
সভার ভিতরে কেনে বোল মন্দ ছন্দ ॥
এখন আমাকে দাদা দেহো ফুল জল।
ঘরে ঘরে দ্বন্দ্ব বাদ নহিবে কন্দল ॥
ক্রোধ হৈঞা চান্দ বোলে শুন ভাতারছাড়ি।
যাচিঞা চাহিস কিবা হেমতালের বাড়ি ॥
পদ্মা বোলে চান্দো তোর দুরন্ত হৃদয়।
অবশ্য নাশিব আমি তোর পুত্র ছয় ॥
ক্রোধে হেমতাল ধরে চান্দো সদাগর।
পলায় মনসা ডরে রথে করি ভর ॥
হেমতাল নঞা৫ চান্দো ক্রোধে কম্পমান।
রথে৬ চড়ি পদ্মা দেবী৬ হৈল অন্তর্দ্ধান ॥
৭ময়নাপুরেতে জাঞা৭ রহে নিজ ঘরে।
তন্ত্রবিভূতে গায় মনসার বরে ॥

CENTRAL LIBRARY

বানিয়ার বচন১ ২মনে করি স্বভরণ২
বিবাদ সাধিতে পদ্মা জায়।
সঙ্গে করি নাগগণ রথে হৈঞা আরোহণ৩
চাম্পালি৪ নগর ৫জাঞা পায়৫ ॥
নাগ রাখে ভাগে ভাগ৬ দ্বারে রাখে এক নাগ৭
চারি নাগ থুইল পদ্মা রথে।
এক নাগ অন্তস্পুরী পঠাইল বিষহরি
মনসা রহিল শূন্যপথে ॥
৮বানিঞার নন্দন করিঞাছে শয়ন
অচেতন হৈঞা নিদ্রাসুখে ।৮
মনসার আজ্ঞা পাঞা মন্দির ভিতরে জাঞা
কাল নাগ কামড়াইল বুকে ॥
বাপ মাও বলিঞা পৈল বালা টলিঞা
জত লোক করে হায় হায়।
পদ্মার চরণবর বন্দো শির উপর
তন্ত্রবিভূতি৯ কবি গায় ॥

১০নীলপাণি পুত্রখানি টলিঞা পড়িল।
টলিঞা পড়িল বালার মুখে বহে লাল ॥১০
১১চান্দো বোলে বাদ মোকে সাধিলেক কানী।
চমৎকার হৈল সভে দেখিঞা নাগিনী ॥ ১১
সাত পাচ নিল বালাক কোলেত করিঞা।
চান্দোর সাক্ষাতে বালাক থুইল শোয়াইঞা ॥
পুত্রশোকে চান্দো সাধু গুনে মনে মনে।
কানীর উচিষ্ট পুত্র থুব কোন স্থানে ॥
১২গোহালি ঘরে পুত্র থুইল১২ শোয়াইঞা।
জিঞাইব পুত্রেক আজি শঙ্কর পুজিঞা ॥
গঙ্গাতে নামিঞা চান্দো স্নান দান কৈল।
মাটিঞা বাছিঞা বাস্থা পূজা আরম্ভিল ॥

CENTRAL LIBRARY

জবা ধুতুরা লেয়১ শ্রীফলের পাত।
ভ্রূকুটি করিঞা পূজে ত্রৈলোক্যের নাথ ॥
প্রাতঃকাল হৈতে চান্দো সেবে মহেশ্বর।
২সপ্ত ঘটি বেলা হৈল তৃতীয় প্রহর ॥ ২
হেটমুণ্ডে উর্দ্ধপদ করেন ধেআন।
তথাপি না হয় শিব তাকে অধিষ্ঠান ॥
শিব না দেখিঞা৩ চান্দো কি বোলেন বাণী৩।
মোরে বাদ সাধিলেক বেঙ্গথাকি কানী ॥
নেঙ্গা৪ নফরে চান্দো বোলে ডাক দিঞা।
কানীর উচিষ্ট পুত্র দেহ গঙ্গা ভাসাইঞা ॥
সাতে পাচে৫ নঞা তাকে গেল৫ গঙ্গাকুলে।
৬নীলপাণিকে নঞা৬ থুইল৭ গঙ্গাজলে ॥
পূজা বিসর্জ্জিঞা সাধু খায় আদা নোন।
পাচ৮ পুত্র নঞা৯ সাধু করিল ভোজন ॥
কর্পূর তাম্বুল খাইল চান্দো সদাগরে।
শয়ন করিল সাধু পালঙ্ক উপরে ॥
দিবা অবসান হৈল অস্ত দিনকর১০।
নিশি অন্ধকার হৈল অতি ভয়ঙ্কর ॥
প্রভাত হইল তবে প্রত্যুষ বিহান।
শয্যা হৈতে উঠি চান্দো হৈলা১১ সন্নিধান ॥
বাহিরে বসিয়া চান্দো চক্ষে১২ দিল পানি।
পুত্রশোকে কান্দেন সোনকা সাধুয়ানী১৩ ॥
না কর ক্রন্দন রানী বোলে সদাগর।
নাগ১৩ পাইলে কানীকে পঠাব যমঘর১৪ ॥
ডাক দিঞা বোলে চান্দো স্থন হলধর।
হাল নঞা জাহ তুমি১৫ কৃষির কান্দর১৫ ॥
বাপের বচন স্থনি পুত্র হলধর।
হাল নইয়া বালা ১৬ চলিল সত্বর ॥
এক শত জন বালা সঙ্গতি১৭ করিয়া।
কৃষির কান্দর বালা উত্তরিল গিয়া ॥

CENTRAL LIBRARY

পাছে ডাক পাড়ে চান্দো আগো বাঢ়াইঞা।
কানীর নাগ পাইলে আনিবে ধরিঞা ॥
১হাল নইয়া হলধর চলিলা তুরিত।১
লক্ষের কান্দরে বালা হৈল উপনীত ॥
২কৃষিকগণ কৃষি করে ডাড়াঞা কুমার।২
দেবী৩ পদ্মাবতী গেলা৩ মায়া পাতিবার ॥
বৃদ্ধ*ব্রাহ্মণী দেবী এ রূপ ধরিঞা।
কুমারের আগে দেবী মিলল আসিঞা ॥
ভূমি ছাড়িঞা দেহ ই ভূমি আমার।
দেবী৪ বোলে তোর ভূমি হউক অঙ্গার ॥
দেবতী পদ্মাএ জদি এতেক বোলিল।
সকল ভূমিতে তুষ আঙ্গার হইল ॥
মার মার ব্রাহ্মণীকে বোলে ডাক দিঞা।
চাপতলে৫ থাকে দেবী৫ চেঙ্গা নাগ হঞা ॥
সেই চাপ গোটা বালা ফেলে উপাড়িয়া।
বালার৬ কনেষ্ট অঙ্গুল ধরিল চাপিয়া ॥
৭বাপ মাও বোলি বালা তেজিল পরাণ।৭
টলিঞা পোড়িল* বালা ধরণী লোটান ॥
সাপের কামড়ে বালা টলিঞা পোড়িল।
পদ্মার বিবাদে বালা পরাণ তেজিল ॥
জাতে মায়া পাতিলেক৮ শঙ্করের ঝিউ।
নাগের কামড়ে বাছা তেজিলেক৯ জিউ ॥
সাতে পাচে মিলি বালাক কোলেতে করিয়া।
চান্দোর সাক্ষাতে বালাক থুইল শোয়াঞা১০ ॥
১১পুত্রশোকে কান্দে সাধু করে হায় হায় ॥
কানীর বিবাদে আমি কি করি উপায় ॥১১
সভার আগেতে চান্দো বোলে ডাক দিঞা।
কানীর উচিষ্ট দেহো গঙ্গাতে১২ ভাসাঞা ॥

*পাঠ—বির্দ্ধ

CENTRAL LIBRARY

১একে চাহে নেঙ্গা দুয়জে১ আজ্ঞা পায় ।
প্রাণের শত্রু২ জেন গুলেতে ভাসায় ॥
দুই৩ পুত্র ভাসাঞা দিল চান্দো সদাগর ।
তন্ত্রবিভূতি গায় মনসা দেন্ত বর ॥

৪বিবাদে লাগিল পদ্মাবতী ॥ ধু ॥৪

স্নান করিয়া চান্দো খায় আদা নোন ।
চারি৫ পুত্র সঙ্গে সাধু৬ করিল ভোজন ॥
শয়ন করিল সাধু পালঙ্ক উপর ।
রজনী প্রভাত হৈল উদিত দিবাকর ॥
শয্যা হৈতে৭ উঠিলেন চান্দো৭ সদাগর ।
৮উঠিয়া বসিলা সাধু কাক৮ নাহি করে ডর ॥
জয়পাণি পুত্রে৯ সাধু বোলে ডাক দিঞা ।
শ্রীকলার হাটে পুত্র ধান্য বেচ গিঞা ॥
শতেক বলদ নিল পালান ভিড়িঞা ।
হরিষেত জায় পুত্র চৌদলেত চড়িঞা ॥
ই জয়হাট বিজয়হাট করঞাহাট দিঞা ।
শ্রীকলার হাটে পুত্র মিলিল আসিঞা ॥
ভৃঙ্গারের জলে বাছা চরণ পাখালি১০ ।
ধান্যের গোলাতে১২ চড়ে বাহিয়া শিকলি ॥
কোন কর্ম্ম করে তথা শঙ্করদুহিতা ।
নাগ সঙ্গে করি গেলা গোলা আছে জথা ॥
ধান্যের গোলাতে পুত্র চড়িলেন গিঞা ।
১৭বাথাইরে সামাঞা দেবী থাকিল লুকাঞা ॥১৭
সেখানে থাকিল দেবী ধানসী১৮ নাগ হয়া১৯ ।
২০দেবী পদ্মাবতী মায়া পাতিলেন গিয়া ॥২০
ধান্য আনিতে গেলা জয়পাণি কুমার ।
দেবী পদ্মাবতী গেলা মায়া পাতিবার ॥

CENTRAL LIBRARY

ধান্য বাহির করে পুত্র কাকালি নড়াইয়া১ ।
২ধান্য নামায় পুত্র দু হাতে ধরিয়া ॥২
বালার কনেষ্ঠ অঙ্গুলি ধরিল চাপিঞা ।
৩বাপ মাও৩ বলি৪ পুত্র পড়িল টলিয়া ॥
ছটপট করে পুত্র ৫অগ্নি বিষজ্বাল৫ ।
টলিঞা পড়িল বালা মুখে বহে লাল ॥
৬জাতে মায়া পাতিলেন৬ শঙ্করের ঝিউ ।
নাগের কামড়ে বালা হারাইল জিউ ॥
সাত পাচ৭ মিলি৮ বালাক কোলেত করিঞা ।
চান্দোর আগেত ৯বালাক থুইল ৯নইঞা ॥
দর্প করি চান্দো বান্যা বোলে সভাতে ।
১০মৈল পুত্র জয়পাণি ভাসাও গঙ্গাতে ॥১০
একে চাহে নেঙ্গা১১ দুয়জে আজ্ঞা পায় ।
১২প্রাণের শত্রু কেন জলেতে ভাসায় ॥১২
তিন পুত্র দিল চান্দো জলেত ভাসাঞা ।
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিঞা ॥

১৩শঙ্কর পূজিঞা সাধু খায় আদা নোন ।১৩
তিন১৪ পুত্র নয়া১৫ সাধু করিল ভোজন ॥
সুবর্ণ ডাবরে সাধু করে আচমন ।
কর্পূর তাম্বুলে কৈল মুখের শোধন ॥
শূলপাণি পুত্রেক চান্দো বোলে ডাক দিঞা ।
লক্ষীর কান্দরে পুত্র ধান্য দেখ গিঞা ॥
লেতের বসন নিল কমরে বান্ধিয়া ।
মেঘডম্বুর১৬ ছাতা নিল কান্ধেত করিয়া ॥
শিব স্মরিঞা১৭ পুত্র১৮ যাত্রা করি১৯ জায় ।
লক্ষীর কান্দরে জাঞা২০ উপনীত হয় ॥
সেই খেত হৈতে বালা অন্য খেতে জায় ।
চেঙ্গ বোড়া২১ হঞা দেবী থোপেত লুকায় ॥

CENTRAL LIBRARY

সেই১ ধান্ত থোপ১ বালা দেখেন চাহিয়া ।
বালার অঙ্গুলি নাগে ধরিল চাপিয়া ॥
জাতে মায়া পাতিলেন শঙ্করের ঝিউ ।
নাগের কামড়ে পুত্র২ হারাইল জিউ ॥
৩ছটপট করে বালা দারুণ বিষজ্বালে ।
টলিঞা পড়িল বালা মুখে বহে লালে ॥৩
সাত পাচে নিল বালাক কোলেত করিঞা ।
চান্দোর সাক্ষাতে পুত্র থুইল শোয়াঞা ॥
৪নেঙ্গা নফরে চান্দো ডাক দিঞা বোলে ।
কানীর উচিষ্ট দেহ ভাসাইঞা গঙ্গাজলে ॥৪
একে চাহে নেঙ্গা দুয়জে আজ্ঞা পায় ।
প্রাণের শত্রু জেন জলেতে ভাসায় ॥
শোকে বিমরিষ চান্দো ভাবে মনে মনে ।
মৈল পুত্র বিবাদ ঘুচিল এত দিনে ॥
শঙ্কর পূজিয়া সাধু খায় আদা নোন ।
দুই পুত্র নয়া৫ সাধু করিল ভোজন ॥
সোনার ডাবরে সাধু কৈহ আচমন ।
তাম্বুল কর্পূর কৈল মুখের শোধন ॥
দণ্ডপাণি৬ পুত্র তার শুঞা আছে সুখে ।
তাকে ডাক দিঞা সাধু আনিল সম্মুখে ।
সুন পুত্র দণ্ডপাণি৭ বচন আমার৭ ।
সিন্দুর বেচহ তুমি নইঞা পসার৮ ॥
৯বাপের আজ্ঞাতে বালা পসার নইয়া ।৯
শ্রীকলার হাটে বালা উত্তরিল গিয়া ॥
দণ্ডপাণি পুত্র জথা সিন্দুর নয়া আছে ।
সেন্দুরিঞা নাগ হৈঞা গেল তার কাছে ॥
মণে মণে সিন্দুর বালা দিছেন লাপিঞা১০ ।
সেখানে১০ লুকায় দেবী১১ সেন্দুরা নাগ হৈঞা ॥

CENTRAL LIBRARY

১ডাণ্ডি ধরিঞা সিন্দূর দিছেন জুখিঞা ।১
বালার কনেষ্ট অঙ্গুল ধরিল চাপিঞা ॥
বাপ মাও বলি বালা পরাণ ছাড়িল ।
২টলি পড়ি মুখে লাল বহিতে লাগিল ॥২
জাতে মায়া পাতিলেন শঙ্করের ঝিউ ।
নাগের কামড়ে বাছা ছাড়িলেক জিউ ॥
সাত পাচে নিল বালাক কোলেত করিঞা ।
চান্দোর সাক্ষাতে পুত্র থুইল শোয়াইঞা ॥
ডাক দিয়া বোলে চান্দো স্থন তোরা কথা ।
কানীর উচিষ্ট পুত্র না আনিহ এথা ।
শোকে বিমরিষ চান্দো বোলেন সভাতে ।
মৈল পুত্র দণ্ডপাণিও ভাসাহ গঙ্গাতে ॥
৫নেঙ্গা নফরে চান্দো বোলে ডাক দিয়া ।
কানীর উচিষ্ট দেহ গঙ্গাতে ভাসাঞা ॥৫
৬একে চাহে নেঙ্গা দুয়জে আজ্ঞা পায় ।৬
প্রাণের শত্রুকে জেন জলেতে ভাসায় ॥
পাচ পুত্র মৈল চান্দোর পদ্মার বিবাদে ।
পুত্র পুত্র বলি কান্দে হইয়া বিষাদে ॥
কুলপাণি পুত্রের মোর কি হবে উপায় ।
পদ্মার আদেশে বিভূতি পদে গায় ॥

৭চান্দোর করুণা ।।৭

পাচ৮ পুত্র খাইল সাপে কান্দে চান্দো অনুতাপে
মাথার উপরে দিয়া হাত ।
জাগ্রত৯ *ঘরে হৈল চুরি মজিল বানিয়াপুরী
কি কার্য্যে সেবিনু ভোলানাথ ॥

*পাঠ—জাগর্ত্ত

CENTRAL LIBRARY

শিবের ভরসা করি, না সেবিনু বিষহরি
দেবতা মনিস্তে হৈল কক্ষা১ ।
করি আমি২ নিবেদন সুন প্রভু৩ ত্রিলোচন
বিষম সঙ্কটে কর রক্ষা ॥
কান্দে সোনা বানিয়ানী দুই চক্ষে পড়ে পানি
মুষ্টি হানি চূর্ণ করে হিয়া ।
শোকে রানী অচেতন দূরে গেল পরিধান
মস্তক ধাকুড়ে শিলা দিয়া ॥
চান্দোর ছয় বধূ কান্দে মুক্ত কেশ নাহি বান্ধে
স্মরিঞা৪ জে স্বামীর চরণ ।
জতেক চাম্পালি পুরী কান্দে উচ্চস্বর করি
দাসদাসী কান্দে সর্ব্ব জন৫ ॥
চড়ি৬ হেঙ্গুলিয়া৬ রথে থাকিঞা৭ আকাশপথে
মনসা ডাকিয়া বোলে বাণী ।
সুন চান্দো দুরাচার৮ ৯পাচ পুত্র জিআঙ তোর৯
জদি মোকে দেহ ফুল পানি ॥
চান্দো বোলে বিষহরি ফির রথে ভর করি
জদি নাগ১০ পাঙ মহীতলে ।
সুনরে ভাতারছাড়ি দিয়া হেমতালের বাড়ি
ভালমতে পুজোঁ১১ ফল ফুলে ॥
তন্ত্রবিভূতে১২ কবি১৩ বন্দ১৪ ১৫মনসা দেবী১৫
১৬দ্বিজ মুনি অস্তিকের মাতা ।১৬
১৭অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী১৭
সেবকে হইবে বরদাতা১৮ ॥

১৯আরে ও প্রাণ আর বাচে না ।
শ্যামের বিচ্ছেদে আর প্রাণ বাচেনা ॥ ধু ॥১৯

CENTRAL LIBRARY

পাচ১ বধূ অনুমৃতা সাজিল পাচ২ ঠাই।
৩পাচ জনা৩ মরিতে জায় আনল ভেজাই৪ ॥
পদ্মা বোলে নেতাই৫ কথাতে দেহ মন৫ ।
অগ্নি প্রবেশিতে জায় বধূ পাচ৬ জন ॥
জদি পাচ৭ জনা পুড়িয়া হবে ছাই।
তবে কি বানিয়ার হাতে ফুল জল পাই ॥
নেতাই বোলে পাচ৮ মরা জবে কর চুরি।
তবে সে সাধিব বাদ সুন বিষহরি ॥
নেতাইর বচনে পদ্মা চলে রথভরে।
রাক্ষসী তারকা বলি৯ ডাকিল সত্বরে ॥
পদ্মা বোলে রাক্ষসী১০ আমার বাক্য ধর১০ ।
চুরি করি১১ পাচ মড়া আনহ সত্বর১১ ॥
তারকা রাক্ষসী সেই মহামায়া করে।
মায়া করি পাচ১২ মড়া আনিল সত্বরে ॥
পদ্মা বোলে পাচ১৩ মড়া রাখি তোর১৪ ঠাই।
দিতে চাহ পাচ১৫ মড়া জবে আমি চাই ॥
পাচ১৫ জীব রাখিল পদ্মা আপনার স্থানে।
এই মতে পাচ১৬ জনার হইল মরণে ॥
কুলপাণি পুত্র চান্দোর রহিল পরাণে।১৭
তাকে বোধিবেন নঙ্কার পাটনে ॥
চিতা নির্ম্মাইঞা আছে বধূ পাচ জন।
মেঘ মেঘ করি পদ্মা করিল সরণ ॥
পদ্মা বোলে মেঘগণ বচন মোর ধর।
চিতার উপরে জাঞা জলবৃষ্টি কর ॥
পদ্মার আদেশে মেঘ জল বরিষায়।
তন্ত্রবিভূতে কবি বিরচিয়া গায় ॥

BENGALI MANUSCRIPT LIBRARY UNIVERSITY OF CALCUTTA.

CENTRAL LIBRARY

ধানসি রাগ ॥১

চান্দোর বধূগণ আকুল পাচ২ জন
সম্মুখে স্বামী না দেখিয়া।
৩না গেলাঙ ৩অনুমৃতা নিভাইঞা৪ গেল চিতা
গৃহে সভে চলে বাহুরিয়া৫ ॥
চান্দো৬ বোলে হৈল ভাল ঘুচিল মোর জঞ্জাল
পদ্মার কর্ম্ম সব অদ্ভুত।
রাড়ী হৈল বধূগণ কান্দএ সদাই মন
মৈল মোর সেই পাচ৭ পুত্র ॥
কান্দে সোনকা সুন্দরী কপালে আঘাত৮ মারি
বিলাপ করএ নিরন্তর।
মৈল পুত্র পাচ৯ ভাই কোথা গেলে নাগ পাই
পদ্মাএ সাধিল বাদান্তর ॥
মনিস্য দেবেতে বাদ হইল বড় পরমাদ
আর আমি না থাকিব ঘরে।
ক্রোধ করি বানিয়া হেমতাল নড়ি নয়া১০
জায় সোনকার বরাবরে ॥
দেখিয়া চান্দোর মতি ক্রন্দন তেজে রূপবতী
বিবাদিয়া বানিয়ার ডরে।
তন্ত্রবিভূতি১১ করি বন্দি১২ মনসা দেবী
বিরচিল মনসার বরে ॥

কুন্ত রাগ ॥১৩

থাকহ১৪ সুন্দরী সোনা আরে হয় ॥ ধু ॥

পাচ১৫ পুত্র মরণে সাধুর স্থির নহে মন।
থাকহ সুন্দরী আমি জাইব পাটন ॥

CENTRAL LIBRARY

একেত বঞ্চিল বিধি পুত্রশোক দিয়া।
হৃদয় দগধে প্রাণ বিবাদ দেখিয়া ॥
পরদেশে থাকিব গিয়া ঘরে কিবা কাজ।
বিবাদে মরিল পুত্র ত্রিভুবনে নাজ ॥
বাপের আর্জন ধন জন্ম ভরি খাই।
আজ্ঞা দেহ বানিঞানী বানিজ্যেকে জাই ॥
সোনকা বোলেন স্থন প্রভু গুণমণি।
এত ধন সম্পদ করি তোমার নিছনি ॥
খাইবারে কেহ১ নাই আছে জত ধন।
কি কারণে জাবে তুমি দক্ষিণ পাটন ॥
পদ্মার বিবাদে মোর কি করতে পারে।
ছয় বধূ সনে তুমি সুখে থাক ঘরে ॥
২শিবের সেবক আমি কি করিতে পারে।২
অবশ্য জাইব আমি দক্ষিণ সহরে ॥
৩কুলপাণি পুত্র আমি সংহতি করিয়া।
দক্ষিণ পাটনে আমি জাইব চলিয়া।৩
চান্দো বোলে নেঙ্গা বচন স্থন ভাই।
সত্বরে ডাকিয়া আন ছুতার কুসাই ॥
৪তন্ত্রবিভুতে গায়৪ মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

জাইব পাটনে নেঙ্গা আরে হয় ॥ ধু ॥

আনিল ছুতার নেঙ্গা শিষ্যগণ সাথে।
বানিয়াকে প্রণাম করিল জোড় হাতে ॥
চান্দো বোলে কুসাই তাম্বুল ধর খাও।
জাইব পাটনে ডিঙ্গা সাজাইঞা দেও ॥
চলিল কুসাই সঙ্গে নয়াং শিষ্যগণে।
নানা জাতি বৃক্ষ কাটে সামাইয়া৬ বনে ॥

CENTRAL LIBRARY

শাল শিয়াল কাটে খিরিনি১ তেতলি।
কাটিল নিম্বের গাছ গাম্ভারি পারলি ॥
আম্র কাঠাল কাটে বেল্য বকুল।
বড় বড় কাষ্ঠ কাটে কাঞ্চনের মূল২ ॥
চাম্পা খিরিনি কাটিয়া করিল সারি সারি।
চিরিয়া করিল ফালি লক্ষ তিন চারি ॥
বাছিয়া বৈসায়৩ ফালি৪ কর্ম্ম করে ভাল ॥
সারি সারি বসাইল লোহার গজাল ॥
৪আস বান্ধিয়া আর বান্ধে জলহপাট।
গোলা বান্ধিয়া তোলে আর মালুম কাঠ ॥৪
প্রথমে বান্ধিল ডিঙ্গা নামে মধুকর৫।
বাঘমুখা ভেড়ামুখা ধাউড়া ভ্রমর ॥
শীতলপাটি উটমুখী৫ গোটা৬ কুচবন্ধ।
বান্ধিল মোহনগিরি পরম আনন্দ ॥
মরঙ্গিয়া৭ জাহাদ গোড়া পানসোই।
৮চোদ্দ ডিঙ্গা করে আগে বানিয়ার ঠাই ॥৮
৯বুহিত দেখিঞা চান্দো মহাসুখ পায় ৯
কর্মিগণে সন্তোষিঞা করিল বিদায় ॥
তন্ত্রবিভূতি১০ কবি মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

মঙ্গল মঞ্জরি রাগ ॥১১

১২চৌদ্দ ডিঙ্গা দেখি সাধু আনন্দিত হৈল ॥১২
নেঙ্গা নফরে সাধু ডাকিতে লাগিল ॥
জাইব পাটনে নেঙ্গা হও সাবধান।
বুঢ়া জৌতিসকর ডাকি আন মোর স্থান ॥
দৌড়'দিয়া হৈল তবে নেঙ্গার গমন।
জৌতিসকরের ঘরে দিল দরশন ॥

CENTRAL LIBRARY

কি কর১ জৌতিস তুমি১ নিশ্চিন্তে বসিয়া।
তোমাকে তলপ করে এ চান্দো বানিঁয়া ॥
আইল জোওতিস২ হাতে নক্রা পাঞ্জি পুথি ॥
চান্দোর নিকটে আইসে পাক্রা৩ শুভ তিথি।
সাধু বোলে দৈবজ্ঞ৪ আমার কথা সুন৪।
পাটনে জাইব৫ আমি কর শুভ দিন ৫॥
অঙ্ক খড়ি পাড়িয়া দৈবজ্ঞ কৈল সার।
৬পাটনে জাইতে ভাল না দেখি বানিয়ার ॥৬
দৈবজ্ঞ বোলেন সুন বানিয়ার গোসাই।
সকল কুশল তোর কোন দোষ নাই ॥
এক অমঙ্গল তোমার পদ্মা সঙ্গে বাদ।
দক্ষিণ পাটনে জাবে আসিতে প্রমাদ ॥
পদ্মাএ করিবে তোমার নানা মতে মন্দ।
প্রথমে করাবে তোমার রাজা সনে দ্বন্দ্ব ॥
সাগরে ডুবাবে তোমার চৌদ্দ ডিঙ্গা ধন।
তার পাছে করাবে তোমার মস্তক মুণ্ডন ॥
চোর বলি ধরিবেক বধু ছয় রাড়ি।
টানিয়া তুলিবে ৭মোচড়াক্রা গোপ দাড়ি৭ ॥
মনসাকে জদি দিয়া জাহ৮ ফুল জল।
দক্ষিণ পাটনে গেলে পাইবে মঙ্গল ॥
ক্রোধে বোলে বানিয়া দৈবজ্ঞ বন্দি কর।
জাবৎ না আসি আমি চাম্পালি নগর ॥
মিথ্যা হৈলে মাথা মুড়ি ফিরাইব নাম।
জদি কথা সত্য হয় দিব পঞ্চ গ্রাম ॥
দৈবকেক৯ বন্দি কর বন্দিশালা ঘরে।
তন্ত্রবিভূতে১০ গায় মনসার বরে ॥

ওহে প্রাণ নাথ না জাইহ দূর দেশান্তরে ॥ ধু ॥

CENTRAL LIBRARY

দৈবজ্ঞের বাক্য স্থনি কান্দে সোনা মনে গুণি
অভাগিনীর প্রাণ কাপে ডরে ॥
দাতা দিগাম্বরের বরে অমূল্য রতন ঘরে
ঘরে আছে পঞ্চ রাজার ধন।
মৈল পুত্র পাচ১ ভাই ত্রিভুবনে কেহ নাই
কি কারণে জাইবে পাটন ॥
পদ্মার সঙ্গে বাদ সেই বড় পরমাদ
প্রাণের অধিক কিবা আর ॥
চান্দো বোলে স্থন প্রিয়া আমার দারুণ হিয়া
১এ উত্তর না বোলিহ মুখে।১
২বানিয়ার কুলে২ জন্ম করি বাণিজ্যের কর্ম্ম
ঘরে তুমি থাক মহাস্থখে ॥
৩তন্ত্রবিভূতি কবি বন্দো মনসা দেবী
দ্বিজ মুনি অস্তিকের মাতা।৩
৪অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥৪
সপনে পাইয়া গীত আনন্দ হইল চিত
স্থখ মোক্ষ বরের কারণ।
দুষ্ট দুঃখ সর্প ভয় এ সব করিতে ক্ষয়
বন্দো দেবী মনসার চরণ ॥

চান্দো বোলে নেঙ্গা ভাই স্থন মোর বাণী।
ডিঙ্গাএ চঢ়াএ৫ ভরা৬ নানা দ্রব্য আনি ॥
৭ঘরে পরে কিনিতে চাহিতে জথা পাও।৭
পাত মূল ফল জত ডিঙ্গাতে চঢ়াও৮ ॥
চান্দোর বচনে নেঙ্গা শীঘ্রগতি জায়।
চক্ষে জত দেখে নেঙ্গা ডিঙ্গাতে চঢ়ায় ॥
প্রথমে তুলিল চাউল৯ খাবার তৈল৯ নোন।
১০খার বদলে নিব লোন লক্ষ চারি মোন ॥১০

CENTRAL LIBRARY

তার পাছে ডিঙ্গাতে তোলেন মিঠা জল।
আর জত দ্রব্য তোলে করিতে বদল ॥
ধ্বজ পতাকা বান্ধে১ লাএর উপর।
শঙ্খ সিন্দুর নিল২ মরিচ বিস্তর ॥
ফুট কালাই নারিকল হলদি সুকুতা।
জাহার বদলে নিব সুবর্ণ মুকুতা ॥
আম জাম তাল বেল মিঠা নারিকল।
যতন করিয়া নিল এই সব ফল ॥
৪এই নারিকলের আমি কি করিব রঙ্গ।৪
এক নারিকলে নিব দশ দশ শঙ্খ ॥
সুবর্ণের৫ কুমড়া নিব৫ কাঠাল বদল।
আম্রের বদলে নিব অমৃতের ফল ॥
মেখলি বদলে নিব কাচা পাটের সাড়ি।
যতন করিয়া নিব কাপড়েতে বেড়ি৬ ॥
৭নানা রঙ্গে সড়ি নিল করিয়া যতন।
ইহার বদলে লিব পাটের বসন ॥৭
৮থাল ঝারি লক্ষ লেহ সে বুটের থার।
ইহার বদলে লিব নোন দশ ভার ॥
৯জার ফল লিব জাম বদল করিঞা।৯
১০গুয়ার বদলে লিব পক্ষ সারি শুয়া ॥১০
পাটের১১ বদলে লিব শ্বেত চামর।
হরিদ্রাতে সোনা নিব সমান *বদল।
যতন করিয়া নিল পুরাণ সুকুতা।
ইহার বদলে লিব প্রবাল মুকুতা ॥
১২যতন করিয়া নিল আর ফুল বড়ি।
একগুণ বদলে লিব দশগুণ কড়ি ॥১২

*পাঠ—সোমান

CENTRAL LIBRARY

বুট১ ভাজা থোই নিল বিস্তর করিয়া।
খাসি পোড়াইয়া নিল ঘৃতেত ভাজিঞা ॥
মহিষ পোড়াঞা নিল২ মোসকে বান্ধিঞা২।
চান্দোর আগেত বুহিত আনিল সাজাঞা।
বুহিত দেখিয়া৩ খুসি চান্দো৩ সদাগর।
৪বাণিজ্য করিতে জায় দক্ষিণ সফর ॥৪
৫কোলেত করিয়া নিল কুলপাণি কোঙর।
তন্ত্রবিভূতে গায় মনসা দেস্ত বর ॥৫

বঙ্গভাটিআলি রাগ ॥৬

৭কাহ্নাইর বাশি রহিতে না দিল ঘরে ॥ ধু ॥৭

৮বাণিজ্য করিতে সাধু করিল গমন ।৮
চান্দো বোলে পূজিব আমি সব দেবগণ ॥
গায়ের বসন চান্দো ভূমিতে থুইঞা৯।
স্নান করেন চান্দো গঙ্গাতে নামিঞা ॥
১০নানা মত করি চান্দো পূজা আরম্ভিল ।১০
প্রথমেত বিল্বপত্র ধর্ম নামে দিল ॥
১১নেঙ্গা নফরে১১ চান্দো বোলে ডাক দিয়া।
ভাল ভাল পুষ্প মোকে১২ দেহত আনিয়া ॥
আগে দেবী পূজে চান্দো পাছে পূজে দেবা।
কোটি কোটি দেবতাকে১৩ চান্দো করে সেবা ॥
সকল দেবতা পূজে করি সমতুল।
কুলের গন্ধেশ্বরীকে দেয়১৪ দুই হাতে ফুল ॥
ব্রহ্মা বিষ্ণু১৫ পূজেন হরহরি।
১৬ সর্ব্ব দেব পূজে চান্দো নিন্দি বিষহরি ॥১৬
মৎস্যরাঙ্গারূপে দেবী বোলে ডাক দিয়া।
আমাকে পূজহ চান্দো পুষ্পের বোঠা দিয়া ॥

CENTRAL LIBRARY

১আমাকে বোলহ চান্দো দেবী পদ্মাবতী ।১
কলিঙ্গ নগরে তোরে করিব ভূপতি ॥
চান্দো বোলে বোলি তোকে স্থন ভাতারছাড়ি ।
যাচিয়া চাহিস বুঝি হেমতালের বাড়ি ॥
২চান্দো বোলে জদি নাগ পাঙ মহীতলে* ।
উত্তম মতে পূজো তোকে শাস্তি ফল ফুলে ॥২
চান্দো বোলে কানী জদি তোর৩ নাগ গাঙ৩ ।
হেমতালের বাড়ি দিয়া৪ তোমারে খেদাঙ৪ ॥
পদ্মা বোলে চান্দো তোর হৃদয় দারুণ ।
তবে ফল দিব আমি৫ দক্ষিণ পাটন৫ ॥
যাত্রা করি জাবে৬ চান্দো দক্ষিণ৭ সফরে ।
তোলপাড় করে রাজ্য৮ চাম্পালি নগরে ॥
দেখিবারে আইসে জতেক প্রজাগণ ।
৯প্রজাকে সন্তোষে সাধু মধুর *বচন ॥৯
স্থন পুত্র কুলপাণি আমার উত্তর১০ ।
১১তুরিত করিয়া চঢ় লায়ের উপর ॥১১
কানীর বিবাদে জাব দক্ষিণ১২ সফরে ।
১৩কোথা আছে ডারি মাঝি১৩ আনহ১৪ সত্বরে ১৪॥
শুভযাত্রা১৫ করি সাধু করিল১৫ গমন ॥
১৬তন্ত্রবিভূতে গায় মনসাচরণ ॥১৬

কোথা গেল ভায়্যা১৭ মাঝি১৮ ১৯ডাকিঞা আনহ আজি১৯
২০শীঘ্র করি আন২০ বিদ্যমান ।
জেই লাএ চান্দো জাবে তাতে নানা দ্রব্যে
তাতে পড়ে কতেক২১ বিছানা২২ ॥
থালি ডাবর বাটা বাটি সুইবার রাঙ্গা২৩ পাটি
জল খাইতে স্থবর্ণের ঝারি ।
জে দ্রব্য খাইতে চায় সে দ্রব্য ভরার লায়
হুকুম২৪ করে চান্দো অধিকারী ॥

*পাঠ—মোহিতলে, *পাঠ—মোধুর (সর্ব্বত্র)

CENTRAL LIBRARY

হাঁড়ি কলস সারা এক লাএ দিয়া ভরা
বুহিত১ জে করএ সাজন১ ।
সাজিল অনেক ঠাঠ পাইকে মারে মালসাট
সাজে চান্দো দক্ষিণ পাটন ॥
চাহিয়া লক্ষত্রগণ যাত্রা করে শুভক্ষণ
স্বর্গে থাকি দেখে দেবগণ ।
চান্দো সাধু যাত্রা কৈল সঙ্গে২ কুলপাণি নৈল২
আনন্দ হইল সর্ব্ব জন ॥
চান্দো সাধু যাত্রা করে আনন্দিত প্রতি ঘরে
আইসে সাধু চাম্পাইর ঘাটে ।
নাসিকা পরশ করি যাত্রা করে অধিকারী
পূর্ণ ঘট পড়িল টলিঞা ।
চরণে উঝট নাগে ৩ঘুগিনী পড়েন৩ আগে
শিবা গেল৪ দক্ষিণে চলিঞা ॥
সোনা বোলে প্রাণনাথ কর প্রভু জোড় হাত
যাত্রা মুই৫ ৬নাহি দেখি৬ ভাল ।
ধন জন হবে হানি প্রাণ নঞা টানাটানি
৭অপমানে জলিবে আনল ॥৭
দেবতার সঙ্গে বাদ হবে বড় পরমাদ
মনসাকে দেহ ফুল জল ।
আমার বচন ধর তবে জাহ দেশান্তর
ধনে প্রাণে হইবে কুশল ॥
স্থনি সোনকার উত্তর৮ ৯অগ্নি জলে সদাগর৯
কি বোলিলে অধমইছুচারিনী ।
জে হস্তে পূজিলাম হর অখিল ব্রহ্মাণ্ডেশ্বর
সে হস্তে৯ পূজিব কেনে১০ কানী ॥

CENTRAL LIBRARY

বানিয়ার গর্জনে১ ত্রাসিত সোনকার মনে
ডিঙ্গাতে চড়িতে চান্দো জায়।
তন্ত্রবিভূতি গায় বন্দিয়া মনসার পায়
ঘুঙ্গুরির২ ঘাটে সাধু জায়॥

৩যাত্রা করি সদাগরে নৌকার উপরে চড়ে৩
প্রণমিয়া দেব ত্রিলোচন।
মঙ্গলবার দশমী সম্মুখেও পায় যোগিনী
৫যাত্রা করে সাধুর নন্দন॥৫
চান্দোর হাতে তার বালা পরিধান খাসা জোড়া
মাথে শোভে সোনার টোপর।
৬গাবরগণ নৌকা বায়৬ চান্দো সাধু রয়া৭ চায়
সর্ব্ব জন৮ তরুণ ৯গাভুর॥
আগে চলে চাপরাল৯ সমুদ্র করে কোলাহল
১০ডিঙ্গা সব চলিল১০ দক্ষিণে।
বামে নড়ে হীরামুখী তাতে শোভে গজমোতি১১
সর্ব্ব লোক দেখিয়া বাখানে॥
১২মধুকর লাও নড়ে ছ কুড়ি কেড়য়াল পড়ে
নাটুয়া গায়নে গায় গীত১২
আগে পাছে দিয়া সারি১৩ গীত গায় কাণ্ডারি১৪
সর্ব্ব লোক হৈলা হরষিত॥
১৫দুই প্রহরের পথে দেখি লাও নড়ে গুয়ামুখী
আশি হাজার জাতে ভরা।১৫
বামে চলে আগোলা তার পাছে পাগোলা
জাতে শোভে সোবর্ণের বারা॥
মধ্যে নড়ে ত্রিবেণী ধনের সংখ্যা নাহি জানি
তাতে চান্দো থাকে সর্ব্ব ক্ষণ।
রত্নের প্রদীপ জ্বলে ই শ্বেত চামর দোলে
শোভা করে মাণিক্য রতন॥

৯পাঠ—তোরন

CENTRAL LIBRARY

লাএ মুখামুখি ঘর পাত্র মিত্র বহুতর
পাসা সারি খেলে সাধু পাটে১ ।
বন্দো পদ্মার চরণ নিবিষ্ট হউক মন
২ই বার সাধু পড়িল সঙ্কটে ॥২

৩যাত্রা করিলরে দক্ষিণ সফরে সাধু যাত্রা করিল রে ধু ॥৩

মধুকরে বসিয়া আদেশএ৪ বানিয়া
ডিঙ্গা মেল গাবরিয়া ভাই ।
৫জাব দক্ষিণ পাটন বিলম্বে নাই প্রয়োজন
চল কাণ্ডার কত দূরে যাই ॥৫
আজ্ঞা করে চন্দ্রপতি সভে চলে শীঘ্রগতি
কাণ্ডারিয়া ধরিল কাণ্ডার ।
ডিঙ্গা বাহে গাবরিয়া ৬ঘুংঘুটি জায় বাহিয়া৬
ভ্রমরাদহ৭ হইলেন পার ॥
ডাহিন বামে জত গ্রাম তার নিব কত নাম
ডিঙ্গা জায়৮ ভাগীরথীর ধার ।
চান্দো বলে মনাই রহ আজি এই ঠাই
কহ দেখি গঙ্গা অবতার ॥
৯পুরবে কোথাতে৯ ছিল অবনীতে কে আনিল
এই গঙ্গা পতিতপাবনী ।
১০ইহাতে স্নান করিলে কত তীর্থের ফল মিলে১০
ত্রাণ কৈল কতেক পরানি ॥
১১চান্দোর স্থনিয়া কথা মনাই নওায় মাথা
কহি কিছু বিস্তর কাহিনী ।১১
১২স্থন ওহে সদাগর১২ কহি আমি উত্তর
এই গঙ্গা পতিতপাবনী ॥
চান্দো বোলে স্থন কথা গঙ্গা কে আনিল এথা
স্নানেত কতেক ফল১৩ পাই ।
তন্ত্রবিভূতি১৪ কবি বান্দো মনসা দেবী ।
পদ্মাবতী বড় কৃপামই ॥

CENTRAL LIBRARY

ধানসি রাগ ॥

পতিতপাবনী গঙ্গা মাতা শরণ নইনু[১] তোর ॥ ধু ॥

[২]নম নম নম মাতা নম নারায়ণী ।
শিবকন্যা বট তুমি অস্তিকজননী ॥২
মনাই বোলেন বানিয়া কথাতে দেহ মন ।
গঙ্গার মহিমা কহি জন্মবিবরণ ॥
জাহার[৩] শরণ নৈলে[৪] যমলোকে[৫] তরি ।
নররূপে[৬] পতিতপাবন হৈল হরি[৬] ॥
[৭]এক কালে গোবিন্দ আছিল এক স্থানে ।
বীণা বাদে নারদ মুনি করিলা গমনে ॥৭
[৮]ব্রহ্মা আদি নারায়ণ তথাতে আছিল ।
সেই বীণা সদাশিব হাতে করি নিল ॥৮
বীণা করে করি হর গাইলেন গীত ।
ঘর্ম্ম হৈলা নারায়ণে মুগ্ধ হৈলা চিত ॥
কুমণ্ডলে[৯] রাখে ব্রহ্মা সেই ঘর্ম্মনীর[৯] ।
পশ্চাতে হইলা প্রভু বামন শরীর ॥
বলিএ ত্রিপাদ ভূমি করিলেক দান ।
তিন পদে ত্রিভুবন নৈল ভগবান ॥
ব্রহ্মাণ্ড ভেদিল জাএগ প্রভুর চরণ ।
[১০]কুমণ্ডল ঘর্ম্মে [১০]ব্রহ্মা করিল পূজন ॥
চরণ বহিয়া পড়ে দেখিলেন হর ।
সত্বরে ধরিল গিয়া মস্তক উপর ॥
এই মত[১১] রহে গঙ্গা[১১] জটের ভিতরে ।
ত্রিভুবনে না জানেন জানেন ঈশ্বরে ॥
সূর্য্যবংশে জন্মিলা সাগর নরপতি ।
বাহুবলে শাসিলা সকল বসুমতী ॥

CENTRAL LIBRARY

১এক কালে১ হৈল ষাঠি সহস্র সন্ততি।
নিজ বলে নিতে চাহে ইন্দ্রের অমরাবতী ॥
পুত্রগণ নঞা রাজা যুক্তি কৈল সার।
অশ্বমেধ যজ্ঞ রাজা কৈল সাত বার ॥
শেষকালে একবার যজ্ঞ আরম্ভিল।
মায়া করি ইন্দ্র আসি ঘোড়া চুরি কৈল ॥
ঘোড়া নঞা২ ইন্দ্র তবে ভাবে মনে মনে।
পাতালে রাখিল ঘোড়া কপিলের *স্থানে ॥
ঘোড়া হারাইয়া রাজা হইল ফাফর।
পুত্রগণেরে৩ তবে রাজা কহিল সত্বর ॥
ষাঠি সহস্র পুত্র ফিরে হইয়া বিকল।
সপ্ত স্বর্গ বিচারিল ভুবনমণ্ডল ॥
পর্ব্বত কানন চাহে সাগরের জল।
উকটিল যজ্ঞ ঘোড়া নাহিঃ কোন স্থল।
ঘোড়া না পাইয়া আইলা বাপ বিদ্যমান।
রাজাএ কহেন সুন৫ বীর অংশুমান ॥
তুমি এথা থাকহ আমার বিদ্যমান।
৬পৃথিবী ভ্রমণ করুন তোমার খুড়াগণ ॥৬
আজ্ঞা পাঞা৭ চলিলা ষাঠি সহস্র কুমার।
পৃথিবী ভ্রমণ৮ করে গিঞা লঙ্কার পার৯ ॥
১০আশি মণের কোদালি একক কুমারগণে।১০
খুড়িতে লাগিলা সভে হরষিত মনে ॥
খুড়িতে খুড়িতে গেল পাতাল ভুবন।
১১দেখে তপ করে দেবহুতির নন্দন ॥১১
ঘোড়াচোরা বোলি১২ মুনিকে কৈল অপমান।
ধ্যানভঙ্গ হৈঞা মুনি ক্রোধে কম্পমান ॥

*পাঠ—কোপিল

CENTRAL LIBRARY

তা সভারে দেখি মুনি ক্রোধ বড় করে।
শাপে ভস্ম হৈল ষাঠি সহস্র কুমারে ॥
নারদে কহিল গিয়া সকল বিবরণ।
অংশুমান পঠাইল১ পাতাল ভুবন ॥
২তপ করি ঘোড়া নঞা আইল অংশুমান।২
যজ্ঞ পূর্ণা দিল৩ রাজা সাগর মতিমান ॥
কত কাল রাজ্য করি সাগর নৃপবর।
স্বর্গ গেলা অংশুমানে দিয়া রাজ্যভার ॥
৪ব্রহ্মশাপে ভস্মরাশি হৈল পিতৃগণ।৪
ব্রহ্মলোকে গেলা তবে বীর অংশুমান ॥
গঙ্গা আনিবারে৫ গেলা ব্রহ্মার গোচর।
ব্রহ্মাকে৬ করিল স্তুতি৬ সহস্র বৎসর ॥
সেই স্থানে অংশুমানের হইল মরণ।
নারিল আনিতে গঙ্গা পৃথিবী ভুবন ॥
ব্রহ্মলোক পাইল রাজা বীর অংশুমান।
রাজ্যে রাজা নাই ব্রহ্মা চিন্তে মনে মনে ॥
নারদে পাঠাঞা দিল অযোধ্যা *ভুবনে।
নিভৃতে নারদ কহে দুই রাণীস্থানে ॥
এক কথা কহি আমি করিবে৭ তোমরা।
৮ ঋতুকালে ভগযুগে করিবে ভগক্রীড়া ॥৮
সূর্য্যবংশে অযোধ্যাতে৯ নিরাজ্য হইলা৯।
১০পুত্র হৈলে নাম থুবে ভগীরথ বালা ॥১০
এই কথা কহি মুনি হৈলা অন্তর্দ্ধান।
কতকালে১১ পুত্র হৈল ভগীরথ নাম ॥
ভগীরথ রাজ্য করে অযোধ্যা ভুবনে।
পুত্রবৎ প্রজাগণে পালে দিনে দিনে ॥
বশিষ্ঠের মুখে স্থনি বংশবিবরণ।
ব্রহ্মশাপে ভস্ম হৈল সগরপুত্রগণ ॥

*পাঠ—অজধ্যা

CENTRAL LIBRARY

গঙ্গা১ আনিতে ব্রহ্মলোকে গেল অংশুমান।
২আনিতে নারিল গঙ্গা হইল পতন ॥২
৩ব্রহ্মলোকে পঠাইল রাজা অংশুমান।৩
৪সুনি ভগীরথ বালা ভাবে মনে মন ॥৪
গঙ্গা৫ আনিবারে তেহো৫ করিলা গমন।
৬অমরাবতীতে গেল৬ ইন্দ্রের ভুবন ॥
কঠোর তপস্যা করে ইন্দ্রের কারণে৭।
তুষ্ট হয়া ইন্দ্রদেব দিল দরশনে ॥
৮নিবেদিল ভগীরথ সব বিবরণ।৮
ইন্দ্র৯ বোলে জাহ তুমি কৈলাসভুবন ॥
শিব সেবা১০ কর তুমি শিবেকে স্তবন১০।
তথাতে পাইবে গঙ্গা নয় মোর মন ॥
১১বিদায় হইয়া গেলা বালা ভগীরথ।১১
১২কৈলাসে জাইয়া দেখে পার্ব্বতী ভোলানাথ ॥১২
১৩উর্দ্ধ তপ করে রাজা শিব আরাধনে।১৩
কঠোর তপে তুষ্ট হইলা ত্রিলোচনে ॥
শিব বোলে১৪ ভগীরথ তুষ্ট হৈলাম আমি১৪।
১৫মনের বাঞ্ছিত বর মাঙ্গি লেহ তুমি ॥১৫
করজোড়ে১৬ স্তুতি করে অযোধ্যানিবাসী।
ব্রহ্মশাপে ভস্ম হৈল মোর বংশ রাশি রাশি ॥
১৭গঙ্গা দিয়া উদ্ধার করহ মোর বংশ।
তবেত আনন্দ হোই সুন ব্যোমকেশ ॥১৭
জটা ধরি ঝাড়িলেন দেব ত্রিলোচন।
এক বিন্দু পৈল১৮ জল দেখে বিদ্যমান ॥
ত্রিপথগামিনী গঙ্গা হৈল উপনীত১৯।
প্রফুল্ল হইল গঙ্গা দেখি ভগীরথ ॥
২০শিবের সাক্ষাতে রাজা করিল প্রণতি।২০
২১শিব বোলে২১ নঞা জাহ গঙ্গা ভাগীরথী ॥

CENTRAL LIBRARY

ভগীরথ সঙ্গে গঙ্গা চলেন আপনি।
স্বর্গেতে রহিলা গঙ্গা নাম১ মন্দাকিনী ॥
২শিব বোলে আগে জাহ রাজা ভগীরথ।
বাহন করিয়া দিল হেঙ্গুলিয়া রথ ॥২
৩আগে আগে ভগীরথ শঙ্খ বাজায়।
প্রবেশিলা হিমালয় দেখিতে না পায় ॥৩
৪বড়ই ব্যকুল রাজা কান্দিয়া বিকল।
গহ্বর •ভিতরে স্থনি ঢেউর কল্লোল ॥৪
৫গঙ্গা বোলে স্থন তুমি রাজার নন্দন।
ইন্দ্রস্থানে জাহ বাছা তুরিত গমন ॥৫
ঐরাবত আনিয়া৬ জদি গহ্বর ছিদ্র কর ৭।
তবে জে জাইতে পারি স্থন নৃপবর৮ ॥
৯গহ্বরে পোশিল গঙ্গা বাহির না জায়।
বিলম্ব না কর বাছা চিন্তহ উপায় ॥৯
আজ্ঞা পাঞা গেল রাজা ইন্দ্রের জে স্থানে।
কহিল সকল কথা গঙ্গাবিবরণে ॥
ঐরাবত দিয়া কর বংশের উদ্ধার।
ইন্দ্র বোলে১০ জাহ ঐরাবতের গোচর১০ ॥
১১ঐরাবতের কাছে রাজা করিল স্তবন।
পূর্ব্ব হৈতে কহিল গঙ্গার বিবরণ ॥১১
১২পর্ব্বত গহ্বরে সামায় গঙ্গা ঠাকুরাণী ।১২
তুমি গেলে পাই গঙ্গা পতিতপাবনী ॥
দন্ত দিয়া পর্ব্বত তুমি করহ বিদার।
সেই পথ দিয়া গঙ্গা হইবে বাহির ॥
ঐরাবত বলে জাহ গঙ্গা বরাবরে।
১৩এক সত্য করে জদি গঙ্গা মোর তরে ॥১৩

•পাঠ—গভর

CENTRAL LIBRARY

১মোর সঙ্গে করে জদি স্থরতি শৃঙ্গার ।১
২তবেত করিতে পারি২ পর্ব্বত বিদার ॥
৩এতক স্থনিয়া হৈল রাজার গমন ।৩
৪গঙ্গার সাক্ষাতে জাঞা করে নিবেদন ॥৪
৫গঙ্গাকে স্তবন করে৫ রাজা ভগীরথ ।
কহিল সকল কথা জোড় করি হাত ॥
৬গঙ্গা বোলে সত্বরে ঐরাবত স্থানে জাও ।
শৃঙ্গার ভুঞ্জিব সহুক তিন ঢেউ ॥৬
৭গঙ্গার বচন সত্য স্থনিয়া সর্ব্বথা ।
ঐরাবত শীঘ্র তুমি আন গিয়া এথা ॥৭
৮রাজা জাঞা ঐরাবতে কহে সব কথা ।৮
৯তিন ঢেউ সহিলে সত্য করিবে সর্ব্বথা ॥৯
১০স্থনি ঐরাবত তবে আইলা পর্ব্বতে ।১০
১১দন্তে ভেদি পর্ব্বতে গঙ্গা বাঢ়ায় সেই পথে ॥
১২উর্দ্ধ দন্তে পর্ব্বত ছেদে হস্তী বলবান ।
সেই পথে গঙ্গা দেবী হইল পয়ান ॥১২
১৩তিন ঢেউ লেহো মোর হস্তী কলেবর ।
এক ঢেউ খাঞা তবে হইল ফাফর ॥১৩
১৪গঙ্গার ঢেউতে ঐরাবতের মানভঙ্গ হৈল ।১৪
ভূমকুড়ি১৫ খাঞা হস্তী মা মা১৬ শব্দ কৈল১৬ ॥
১৭হিমালয় ছাড়ি গঙ্গা জম্বুদ্বীপ পায় ।
আগে আগে ভগীরথ শঙ্খ বাজায় ॥১৭
স্বর্গেতে অলকনন্দা মর্ত্ত্যে ভাগীরথী ।
১৮অধমুখে গেল গঙ্গা দেবী ভোগবতী ॥১৮
আগে আগে ভগীরথ শঙ্খ বাজায় ।
১ পাছে পাছে গঙ্গা দেবী চলিঞাত জায় ॥১৯
প্রয়াগে মিশায় গঙ্গা দেখিতে না পায় ।
চিন্তা করে ভগীরথ না দেখি উপায় ॥

CENTRAL LIBRARY

ভাগীরথী১ যমুনা আর সরস্বতী।
ত্রিধার একত্র কৈল২ দেখে মহামতি*২ ॥
ত্রিবেণীর মহিমা কি৩ বলিবারে পারি৩।
৪সেই জল পরশিলে জায় স্বর্গপুরী ॥৪
প্রয়াগ দক্ষিণে গিয়া৫ কৈল শঙ্খধ্বনি।
এক ধার হৈল তথা পতিতপাবনী ॥
৬দূর দূর করি গঙ্গা আইল পূর্ব্ব মুখে।
শঙ্খধ্বনি করিয়া রাজা চলে আপন সুখে ॥৬
কৌসকি গণ্ডকি মিশাইল কর্ম্মনাশা।
কত মুনির আশ্রম ভাসে কত মুনির বাসা ॥
৭কাশ্মীর দক্ষিণে করি লড়িল গৌড়দেশ।
গৌড়দেশ দিয়া গঙ্গা দক্ষিণে প্রবেশ ॥৭
জাহ্নব মুনির আশ্রম ভাঙ্গে জলে পুষ্প ভাসে।
৮সমাধি ভাঙ্গিল মুনি দেখে চারি পাশে ॥৮
ধ্যানে জানে ভগীরথ গঙ্গা নয়া৯ আইসে ॥
১০মুনিরাজ বোলে আমি জানিল বিশেষে ॥১০
১১বিষ্ণুপাদোদ্ভবা গঙ্গা পতিতপাবনী।
ইহা জানি পান করিলেন মহামুনি ॥১১
মৎস মগর সব করে ধড়ফড়।
না দেখিয়া গঙ্গা রাজা হইলা ফাফর ॥
উদ্দেশ করিয়া ফিরে বনের১২ ভিতর।
দেখে মুনি বসি আছে দিব্য *কলেবর ॥
দণ্ডবত কৈল১৩ রাজা ভূমে দিয়া গড়া।
চক্ষ১৪ মুদিল মুনি১৪ পাঞা রাজার সাড়া ॥
১৫এই মত তপ করে দ্বাদশ বৎসর ।১৫
প্রসন্ন হইলা মুনি মাঙ্গ রাজা বর ॥

*পাঠ—মহামোতি *পাঠ—দির্ব্ব

CENTRAL LIBRARY

১রাজা বোলে ভূত ভবিষ্যতি তোমার গোচর ।১
গঙ্গার উদ্দেশ মোকে কহ২ মুনিবর ॥
৩মুনি বোলে গঙ্গা সেই পতিতপাবনী ।৩
৪আমি খাইয়াছি মাত্র গণ্ডুষেক পানি ॥৪
৫কোন পথে হইবেক গঙ্গার প্রয়াণ ।
ভাবিতে নাগিলা মুনি করিয়া ধিয়ান ॥৫
জাঙ্ঘ চিরিয়া৬ গঙ্গা দিল জাহ্নব মুনি ।
৭জাহ্নবী গঙ্গার নাম হৈল তখনি ॥৭
মুনিকে প্রণাম করি৮ রাজা চড়ে রথে৮ ।
৯বেগে গেলা গঙ্গা দেবী ওই পূর্ব্ব পথে ॥৯
১০রাজা বোলে গঙ্গা মাতা কর অবধান ।
দক্ষিণে থাকিল পথ করি অনুমান ॥১০
১১গঙ্গা বোলে ফির তুমি পথের সন্ধানে ।
আমি অন্তরশিলা হইলাম তোমার কারণে ॥১১
১২বেগে গেল নাম সেই হৈল পদ্মাবতী ।
ভগীরথের পাছে গেলা নাম ভাগীরথী ॥১২
১৩দক্ষিণ মুখ হইয়া রাজার রথ জায় ।
পাছে সুধারিয়া গঙ্গা মরষুদাবাদ পায় ॥১৩
চুনাখালি পাছে করি সুনে শঙ্খধ্বনি ।
বিষ্ণুপুর জাঞা হৈল উত্তরবাহিনী ॥
পশ্চিমদিগে জাঞা রাজা শঙ্খ বাজায় ।
সেই পথে গঙ্গা দেবী স্রোত *বহি১৪ জায় ॥
কাটোয়া আদি করি১৫ সকল পাছু১৫ কৈল১৬ ।
সপ্তগ্রাম নদীয়াতে জাঞা১৭ উত্তরিল ॥
নদীয়ার লোক সব বড় পুণ্যবান ।
ব্রাহ্মণ পণ্ডিত জাতে১৮ করে ১৯গঙ্গাস্নান১৯॥

*পাঠ—সোত

CENTRAL LIBRARY

নদীয়া ছাড়িঞা জায় গঙ্গা মহাবেগে১ ।
কত দূরে জাঞা২ সে মিলিল সাগরে২ ॥
গঙ্গা বোলে ভগীরথ কহত৩ নিশ্চয় ।
কোন খানে হৈল৪ তোমার বংশ সব৫ ক্ষয় ॥
৬ভগীরথ বোলে মাতা কপিলআশ্রয় ।৬
সেইখানে হৈল মোর পিতৃলোক ক্ষয় ॥
৭গঙ্গা জাইঞা তবে সমুদ্রে মিশায় ।৭
ষাঠি সহস্র জথা হৈল ভস্মময়৮ ॥
৯গঙ্গা বোলে লেহ রাজা হাতে তিল কুশ ।
একে একে উদ্ধার কর সকল পুরুষ ॥৯
১০পিতৃগণ গঙ্গাজল পরশে মুক্তি পায় ।১০
সাগরপুত্র মুক্ত হৈঞা স্বর্গলোকে১১ জায় ॥
দেখিয়া১২ সন্তোষ হৈলা ভগীরথ রাজা ।
নানা উপহার দিয়া কৈল গঙ্গাপূজা ॥
দেশেতে আইল তবে ভগীরথ নরপতি১৩ ।
১৪সূর্য্যবংশ পর্য্যন্ত থাকিল যশ কীর্ত্তি ॥১৪
১৫সূর্য্যবংশের কথা কিবা বলিবারে জানি ।১৫
জার বংশে জন্মিল আপনে চক্রপাণি১৬ ॥
রাজরূপে সেই প্রভু কৈলা অবতার ।
দুষ্ট মারি পৃথিবীর খণ্ডাইল১৭ ভার ॥
রামনাম নইলে১৮ নাহিক যমভয়১৮ ।
গঙ্গাতে হইলে মুক্তি১৯ জন্ম নাহি হয় ॥
গঙ্গার মাহাত্ম্য স্থনি সাধুর নন্দন ।
কাণ্ডারিকে২০ দিল ধন২০ বস্ত্র অভরণ ॥
গঙ্গাস্নান করি সাধু তর্পণ করিল ।
শিবপূজা করি সাধু গঙ্গাকে অর্চ্চিল২১ ॥
২২অবশেষে চিড়া কলা খায়২২ মহাস্থখে ।
ডিঙ্গাতে চড়িঞা জায় পাটনের মুখে ॥

CENTRAL LIBRARY

১গঙ্গার মাহাত্ম্য জেবা স্থনে ভক্তি করি।
বিষয় সঙ্কটে পার করেন শ্রীহরি ॥১
২ভক্তি করি জেই নর গঙ্গাস্নান করে।
অশেষ দূরিত পাপ সেই ক্ষণে হরে॥২
৩গঙ্গা শরণ কৈলে সকল পাপ ক্ষয়।
ভবভয় তরিয়া বৈকুণ্ঠপুরী জায়।৩
তন্ত্রবিভূতি৪ কবি মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

ডিঙ্গা বাহোরে ওরে কাণ্ডার ভাই।
হরি হরি বোল্যা৫ ডিঙ্গা বাহোরে ॥ ধু ॥

৬মজিলে মজিলে ডিঙ্গা৬ ৭দিনে দিনে চলে৭।
করিল তর্পণ স্নান ত্রিবিণীর৮ জলে ॥
জেখানে বহিছে গঙ্গা সহস্রেক ধার।
সেই জল বাহি ডিঙ্গা পশিল৯ সাগর ॥
তার পাছে বাহি পাইল কাকড়ার জল।
জেখানে ডুবিবে১০ সাধুর বুহিত সকল ॥
নানা বাদ্য১১ বাজায় বাজে শঙ্খ ভেউরিয়া১১।
নৌকা বাহে মাহ্লা মাঝি আনন্দিত হয়া১২ ॥
১৩মোজিলে মোজিলে জায় জে নৌকা বাহিয়া।১৩
ডাক্রকাদহতে১৪ ডিঙ্গা উত্তরিল গিয়া ॥
সাত পাচ ডারিকায় জুগতি করিয়া।
চান্দোর বুহিত আসি ধরিল চাপিয়া ॥
এলনের১৫ পাত ভাজা থোই দিলে ফেলিয়া।
এড়িল বুহিত মৎস্য আহার পাইঞা ॥
ডাক্রকাদহ১৬ সাধু পাছুতে করিয়া।
কাকড়াদহতে সাধু উত্তরিল গিঞা ॥

CENTRAL LIBRARY

সাত পাচ কাকড়ায় জুগতি করিঞা।
চান্দোর বুহিত সভে ধরিল চাপিঞা ॥
পোড়া মহিষ দিল সাধু১ পানিতে ফেলাঞা।
এড়িল কাকড়া সব আহার পাইঞা ॥
২সেইত কাকড়াদহ সাধু পাছু করিয়া।২
সমুদ্রের মাঝে৩ চান্দো মিলিল আসিয়া৩ ॥
গাবরগণ গীত গায় হঞা হরষিত৪।
সমুদ্রের মাঝে৫ ঠেকি রহিল৫ বুহিত ॥
৬নাকের নিশ্বাস বান্ধিঞা৬ ডুবার ডুব দিল।
এক ডুবে সাত তাল পানি এড়াইল ॥
লায়ের তোলিতে দেখে হাত বাঢ়াইয়া।
বোয়ালি৭ মৎস্যের পিঠে বুহিত আছেন৮ ঠেকিঞা ॥
খাসি পোড়া ঘৃত মাখি৯ ফেলিল পানিত৯।
আহার পাইয়া১০ মৎস্য ছাড়িল বুহিত১০ ॥
খালিজুলি এড়ায় চান্দো সকল সাগর।
ত্রিবেণীর পাটন এড়ায় টেটননগর১১ ॥
১২টেটন এড়াঞা পায়১২ কাহ্নাইর নাটশাল।
সম্মুখে দেখিল চান্দো লঙ্কার ময়াল১৩ ॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচলি করিল প্রকাশ ॥

কুহু রাগ ॥১৬

গাবরগণ১৪ ডিঙ্গা বায়১৪ ১৫কোড়িয়াদহ পায়১৫
এই দহর স্থন সাধু কথা ॥
বাহিয়া কড়িয়াদহে মনাই কাণ্ডারি কহে
মন দিয়া স্থন চন্দ্রপতি।
এই কড়ি মাতা পিতা এই কড়ি জন্মদাতা
এই কড়ি শয়নসংহতি ॥

CENTRAL LIBRARY

এই কড়ি আছে জার সংসারে বান্ধব তার
১কড়িবর হয় সর্ব্ব ধন ।১
সংসার মোহিনী কাম কড়ি বড় অনুপাম
নিকড়িয়া নিষ্ফল জীবন ॥
এই কড়ি দিতে পারি সাজি আইলে পরনারী
জাতি কুল না করে২ বিচার ।
জার নাহি কড়ি ধন প্রিয় নহে পুত্রগণ
নিজ নারী না দেয়৩ শৃঙ্গার ॥
কড়ি জগতের মূল৪ কড়ি রাখে জাতিকুল৫
সঙ্কটে করেন পরিত্রাণ ।
এই কড়ি আছে জার সফল জীবন তার
কড়ি হৈলে হয় মহাজ্ঞান ॥
স্থনি মনাইর বাণী বানিয়ার শিরোমণি*
কড়ি হেতু করিল সন্ধান ।
লোহার জাল৬ দিয়া কড়ি বন্দি করিয়া
ভরিল৭ জে ডিঙ্গা৭ অর্দ্ধখান ॥
বালুচরে খাদ করি জত কড়ি রাখে ভরি
তাতে দেয় গোবর গুলিয়া৮ ।
পোচিয়া৯ কড়ি জাবে উত্তম হইয়া রবে
জাবার কালে১০ লইব তুলিয়া ॥
কড়িয়াদহর নীর বাহিল বানিয়া বীর
উত্তরিল লঙ্কার সম্পাশে১১ ।
তন্ত্রবিভূতে কবি* বন্দ মনসা দেবী
পদছন্দে পাচালি প্রকাশে১২ ॥

*পাঠ—সিরমনি, *পাঠ—কোবি

CENTRAL LIBRARY

১কড়িয়াদহ সাধু পশ্চাতে করিয়া ।১
শঙ্খদহতে ডিঙ্গা উত্তরিল গিয়া ॥
সাধু বোলে মনাই দহের বার্তা কহ ।
মনাই বোলেন সাধু এই শঙ্খদহ ॥
আছিল২ লোহার জাল ডিঙ্গার উপরে ।
জাল দিয়া সদাগর শঙ্খ বন্দি করে ॥
বালুচরে রাখে শঙ্খ জীয়ন্ত বলিয়া৩ ।
আসিবার কালে৪ শঙ্খ লিবত৫ তুলিয়া ॥
৬ওই দেখ সাধু জগন্নাথের দেওাল ।৬
চান্দো বোলে কহ গাবর লঙ্কার ময়াল ॥
গাবর বোলে স্থন লক্ষের সদাগর ।
এই সমুদ্র লঙ্ঘিলে ৭লঙ্কার সহর৮ ॥
গাবরের৯ বচনে চান্দো হৈল হরিষে৯ ।
প্রসাদ কাপড় দিল জত ছিল পাশে ॥
আনন্দ হইলা গাবর প্রসাদ পাইঞা ।
লঙ্কার ময়াল দেখায় দক্ষিণ হস্ত দিঞা*॥
খাট খাট১০ ১১গুয়া গাছ১১ দিঘল দিঘল তাল ।
ওই খান১২ হয়১৩ সাধু লঙ্কার ময়াল ॥
নানা শব্দে বাদ্য বাজে করি কোলাহল ।
সম্মুখে দেখিল চান্দো লঙ্কার ময়াল১৪ ॥
ধীরে ধীরে জায় লৌকা লঙ্কার নিকটে ।
লৌকা চাপাইল সাধু লঙ্কার জে ঘাটে ॥
তন্ত্রবিভূতি গায় মনসার দাস ।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

সাধু বোলে কর্ণধার স্থনহ উত্তর ।
সকল বাদ্য১৫ বাজাও তোরা নৌকার১৫ উপর ॥
সাধুর আজ্ঞাএ বাদ্য বাজায় গণ্ডগোল ।
দামামা দগড়১৬ বাজে ঢাক১৭ ঢোল ॥

CENTRAL LIBRARY

নানা জাতি বাদ্য বাজে স্থনি কোলাহল।
১বাদ্যের শব্দ স্থনি নগরে হৈল রোল ॥১
পলায় নগরিয়া২ লোক আইল হারামখোর।
৩স্থনি নগরিয়া লোক হৈল চমৎকার ॥৩
৪বার্ত্তা জানাইল গিয়া রাজার গোচর।
কোন জনা আসিয়াছে তোমার নগর ॥৪
রাজা বোলে সেনাগণ সাজহ সত্বর।
হারামজাদা ধরিয়া আন আমার গোচর ॥
সাজে চতুরঙ্গ সেনা গণিতে না পারি।
রাজা বোলে কোটাল ভাই৫ বার্ত্তা জান সারি ॥
কোন রাজ্যের রাজা আইল নগরে আমার।
শীঘ্রগতি জাঞা৬ তুমি বার্ত্তা জান সার ॥
বাছিয়া বাছিয়া সৈন্য *তুমি নঞা জাও।
হারামখোর হৈলে তুমি৭ মারিয়া খেদাও ॥
জদি কেহ আসিয়াছে সাহু সদাগর।
জানিয়া আসিতে দেহ৮ ৯আমার নগর৯ ॥
চলিল কোটাল সেই সঙ্গে সৈন্যগণ।
১০লৌকার নিকটে কোটাল গেল ততক্ষণ ॥১০
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

১১কালা নয়রে কালা নয়রে কালা রসময় রে ॥ ধু ॥১১

১২লৌকা হৈতে নামে তবে চান্দো সদাগর ।১২
বিছানা করিয়া দিল জতেক১৩ গাবর ॥
বিছানা উপরে সাধু বসিলেন ভাল।
হেনকালে আইল রাজার কোত্তয়াল৭ ॥

*এ পাঠ—সেন্য (সর্ব্বত্র)

CENTRAL LIBRARY

নিশাচর বোলেন তোমরা কোন জন।
পঞ্চশব্দী বাদ্য বাজাও১ কিসের কারণ॥
সাধু বোলে আমরা না হই অন্য জন।
২বাণিজ্য করিতে আইলাম২ কুটিশ্বরের নন্দন॥
পাটনে আমার পিতা আসিত বিস্তর।
তাহার তনয় আমি চান্দো সদাগর॥
নিশাচর বোলে সাধু রহ এই ঠাই৩।
নগরেতে জাহ তুমি রাজার দোহাই॥
জাবৎ তোমার আমি না বুঝিএ মন।
তাবৎ৪ ডিঙ্গাএ থাক৪ সুন মহাজন॥
রাজাকে কহিলে জদি রাজা আজ্ঞা করে।
তবে সে আসিবে তুমি নগর ভিতরে॥
নৃপতিকে জানাইতে নিশাচর জায়।
তন্ত্রবিভূতে৫ কবি৫ বিরচিয়া গায়॥

৬ওহে কোটাল কহ গিয়া রাজা চন্দ্রধরে।
কহ কোটিশ্বরের বেটা আইল নগরে।
তুমি আজ্ঞা করিলে রান্ধি বাঢ়ি খাই।
রাজ আজ্ঞা পাইলে পাছে ভেটিবারে জাই॥
সাধুর বচন সুনি চলে নিশাচর।
সত্বরে জানায় গিয়া রাজার গোচর॥
কোটাল বোলেন রাজা কর অবগতি*।
কুটিশ্বরের বেটা আইল সাধু চন্দ্রপতি॥
নহে কেহ হারামখোর সাধু মহাজন।
আসিয়াছে করিতে চাহে রাজদরশন॥
রাজা বোলে কোটাল সাধুকে জাঞা আন।
কি কর্মে আসিয়াছে আসুক মোর স্থান৭॥

*পাঠ—অবগোতি

CENTRAL LIBRARY

রাজার১ আজ্ঞা পাঞা১ চলিল নিশাচর।
রাজবার্ত্তা জানাইল সাধুর গোচর ॥
নিশাচর বোলে স্থনহ সদাগর।
তোমাকে তলপ করে২ রাজা দণ্ডধর ॥
স্থনিয়া আশ্বাস সাধু আনন্দিত মন।
ঘাটে তাম্বু টানাএ৩ কুটিশ্বরের নন্দন ॥
৪নিশানা গাড়িয়া৪ তাম্বু করিলেন থারা।
চারিদিগে কানাত৫ দিয়া করিল চৌবেড়া৬ ॥
চান্দোআ টানাঞা৭ ৮পাড়ে পুষ্পের সিংহাসন৮।
ঝালর করিয়া দেয় লেতের কান৯ ॥
ছুলিয়া পাড়িয়া গির্দা দেয় আশে পাশে।
তাহাতে বসিলা চন্দো মনের হরিষে ॥
বিকি কিনি করিয়া আইল সর্ব্ব জন।
সত্বরে করিল সাধু রন্ধন ভোজন ॥
১০তন্ত্রবিভূতে গায় মনসার দাস ॥
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥১০

নাচাড়ি

শুভক্ষণ করিয়া আদেশএ বানিয়া
ধনাই মনাই স্থন ভাই
ভেট লেহ কিছু সাজ ১১বিলম্বের নাহিক১১ কাজ
চল রাজদরশনে জাই।
লেহ কিছু আচার মিষ্ট ফল উপহার
খির খিরিসা লেহ ভাই ॥
১২মিঠাই প্রচুর স্বস্তিক তিল লাড়ু
লেহ সব বান্ধিয়া ভার ।১২
চিনিভরা দধি লেহ অখণ্ড সন্দেশ লেহ
তুলি লেহ মধু এক১৩ ভার ॥

রাজকলা অনুপাম চাপাকলা মর্ত্তমান
ভার দুই লেহ ভাল ঘৃত।
১কমলা নেমু লিল১ আর আম্র কাঠাল
নারিকেল বেল জাম তাল ॥
আজ্ঞা করে ধনপতি মনাই ধায় শীঘ্রগতি
ফল মূলে বান্ধে শত২ ভার।
দোলায় চঢে ধনেশ্বর ভেটিবাকে৩ চন্দ্রধর
জাঞা পায় রাজার দুয়ার ॥
দ্বারে আছে দ্বারিয়ান রাজা জানাইতে জান
৪তথা থাকে কান্ধে ভার করি।৪
দ্বারে দোলা আইল দ্বারীরে সাধু কহিল
শীঘ্র জানাও৫ রাজা অধিকারী ॥
তন্ত্রবিভূতি৬ কবি বন্দ গো৭ মনসা দেবী
দ্বিজ মুনি অস্তিকের মাতা।
অষ্ট নাগের অধিকারী* জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥

৮দুয়ারে রহিল সদাগর রে আরে হয় ॥ ধু ॥৮

৯দুয়ারে সাধুকে৯ থুঞা রাজাকে দিল জান।
পাত্রমিত্র নয়া১০ রাজা বসিল দেওয়ান ॥
দ্বারী বোলে স্থন রাজা দণ্ডের মদন।
দ্বারে দাণ্ডাইঞা১১ কুটিশ্বরের নন্দন ॥
রাজা বোলে শীঘ্র আন১২ আমার গোচর১২।
দ্বারে থাকিহ তোরা১৩ হইয়া সত্বর ॥
১৪রাজদরশনে জায় রাজা আছে জথা।১৪
দণ্ডবত হৈঞা১৫ সাধু নঞাইল১৬ মাথা ॥

*পাঠ—ওধিকারী (সর্বত্র)

CENTRAL LIBRARY

বসিতে আসন দিল করিয়া আদর।
রাজা বোলে কি নাম তোমার কোথা ঘর ॥
বানিয়া বোলেন মোর নাম চন্দ্রপতি।
চাম্পাই১ নগরে রাজা আমার বসতি ॥
কুটিশ্বর পিতা মোর মহিমা অপার।
লঙ্কাতে আসিয়াছেন কত২ শত বার ॥
রাজা বোলে চন্দ্রপতি আমি চন্দ্রধর।
তোমাএ আমাএ মিতা হৈল৩ সদাগর।
সাধু বলে ভেট দ্রব্য আনহ মনাই।
রাজা বোলেন মিতা ভেটের কার্য্য নাই ॥
ভেট আগে হাত জোড় করিল যুগল।
রাজা বোলে বড়গোলা কোন ফল ॥
রাজা বোলে মিতা এই ফল নারিকল।
মহাতৃপ্ত হয় মিতা খাইলে ইহার জল ॥
শাস খাএঃ ইহার আতব চিড়া দিয়া।
পিত্ত নষ্ট হয় খায় চিনি দিয়া ॥
রাজা বোলে মিতা তুমি জাহ নিজবাস৫।
প্রভাতে করিব জত দ্রব্যের তল্লাস৬।
বিদায় হইয়া চলে সাধু চন্দ্রপতি।
৭মনে মনে যুক্তি দেবী করে পদ্মাবতী ॥৭
সিয়লি পর্ব্বতে দেবী আছেন বসিয়া।
যুক্তি করে পদ্মাদেবী নেতাই নইয়া ॥
কি বুদ্ধি করিব নেতাই বোলহ আমারে।
কোন রূপে শাস্তি পায় চান্দো সদাগরে ॥
চৌখণ্ড পিঢ়িতে নেতাই বসিল চাপিয়া।
গোনিঞা পড়িঞা বোলে পদ্মাকে আসিয়া ॥
লঙ্কার পাটনে আছে চান্দো সদাগরে।
দৈবজ্ঞরূপে জাহ তুমি রাজার গোচরে ॥

CENTRAL LIBRARY

১নেতাইর বচনে পদ্মা আনন্দিত মন ।১
নেতাইকে সম্মান কৈল বস্ত্র অভরণ ॥
হেঙ্গুলিয়া রথে দেবী করে আরোহণ ।
বিবাদ সাধিতে আইলা লঙ্কার ভুবন ॥
আপনার নিজ রথ শূন্যপথে থুঞা২ ।
মর্ত্ত্যেত নাম্বিলা দেবী দৈবজ্ঞরূপ হঞা৩ ॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস ।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ।

৪তোমার মায়া পদ্মা কে বুঝিতে পারে গো ভবানী মা ॥ধু ॥৪

মায়াএ৫ নাম্বিলা পদ্মা দেবী বিষহরি ।
হাতে পাঞ্জি পুথি করি দৈবজ্ঞরূপ ধরি ॥
৬হাতে নাঠি কান্ধে ঝুলি ভিক্ষা নাগি চলে ।৬
কপালে অপূর্ব ফোটা যজ্ঞসূত্র গলে ॥
জেখানেতে আছে রাজা দণ্ডের মদন ।
রাজার সাক্ষাতে গেলা দৈবজ্ঞ ব্রাহ্মণ ॥
সবিত্রী পাইয়া পদ্মা৮ আনন্দ অন্তরে ।
এখন৯ সাধিব আমি বাদ বাদান্তরে ॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস ।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

পাহারি৪ রাগ ॥

দেবী গো১০ অভয়া আগো মা১০ দেহ পদছায়া ॥ ধু ॥

দেবী বোলে সাবিত্রী দৃঢ় কর মতি* ।
কার ঘরে জন্মিবেক হবে কোন জাতি ॥
পোচিশ১১ বৎসর করি ইন্দ্র দিল অভিশাপ ।
অনিচের ঘরে জন্মিলে হবে মহাপাপ ॥

*পাঠ—মোতি,

CENTRAL LIBRARY

পাপেত বেষ্টিত হৈলে উদ্ধার না হয়।
আমি জথা বলি তথা জন্মহ নিশ্চয় ॥
সাবিত্রী বোলেন১ আমি জানিলাঙ১ সকলে।
ই বার জন্মাবে মোকে বানিয়ার কুলে ॥
২ই বোল স্থনিয়া পদ্মা আনন্দিত মন।
বোলিতে নাগিলা তবে জন্মবিবরণ ॥২
চাম্পালি৩ নগরে আছে চান্দো সদাগর।
সোনকা উদরে জন্ম লভুক কুমার ॥
বাপ বাছো সদাগর মেনকাউদরে।
জন্মিবে স্থন্দরী কন্যা উজানি নগরে ॥
মনুষ্যউদরে হৌক তোমা সভার জন্ম।
জন্মিয়া করিবে তোমরা৪ মনসার কর্ম্ম ॥
৫এ বোল স্থনিয়া কন্যা করে নিবেদন।
নিবেদন করি মাতা তোমার চরণ ॥৫
ক্ষেম অপরাধ মাতা৬ ক্ষেম এইবার।
৭মুই সেবকিনী কুমার সেবক তোমার ॥৭
মর্ত্ত্যভূবনে গেলাঙ৮ বার তিন চারি।
গর্ভের যন্ত্রণা আমি৯ সহিতে না পারি ॥
পদ্মা বোলে বিদ্যাধরী কেনে কান্দ ডরে।
১০পচিশ বৎসর পরে আনিব তোমারে ॥১০
সাধিবে পদ্মার বাদ থাকিয়া সংসারে।
১১রথ দিয়া পুনর্ব্বার আনিব ইন্দ্রপুরে ॥১১
সাবিত্রী বোলেন দেবী তুমি১২ সত্য কর।
১৩সঙ্কটসময়ে মোরে১৩ করিবে উদ্ধার ॥
এই১৪ নিবেদন মোর১৪ চরণে তোমার।
১৫তবে সে জাইবো মোরা অবনী ভিতর ॥১৫
পদ্মা বোলে সত্য সত্য কহিনু১৬ বচন।
সঙ্কটে সদয়১৭ হৈঞা দিব দরশন ॥

CENTRAL LIBRARY

১আনল ভখিতে চল মানসরোবরে ।১
২আনল ভখিতে যমের নাহি ডরে ॥২
দেবীর বচনে কন্যা সরোবরে জায় ।
ভাবিত হইয়া রামা স্বামীর পানে চায় ॥
আনল ভখিতে জেই সত্যবান জায় ।
পতিব্রতা সাবিত্রী তাহার৩ পাছে ধায় ॥
তুরিত গমনে জায় মানসরোবরে ।
সত্যবান সাবিত্রী জায় আনল ভখিবারে ॥
পথশ্রম পাইলেন সত্যবান কোঙর ।
পতিমোহে রামা কিছু নারে বুঝিবার ॥
দোহার হাতেত শোভে সোবর্ণ কাটারি ।
ত্বরায় আসিয়া নিলে মানসরোবরি ॥
দেবের দুর্ল্লভ স্থান মানসরোবর ।
দুজনার অনুমানে কুণ্ড খুড়িল প্রসর ॥
আগর চন্দন কুণ্ড জালিল সত্বর ।
ঘৃত ঢালিলেন কন্যা কুণ্ডের উপর ॥
৪করজোড় করিয়া সাবিত্রী কন্যা বোলে ।৪
আইস প্রাণের নাথ ভখিএ৫ আনলে ॥
সত্যবান বোলে কন্যা স্থন প্রাণেশ্বরী ।
পত্নী হৈঞা৬ তুমি মোর হৈলে৬ প্রাণের বৈরী ॥
পূর্ব্ব জন্মের কথা প্রভু করহ স্মরণ ।
তন্ত্রবিভূতে গায় মনসাচরণ ॥

বরারি রাগ ॥

৭ওহে প্রাণের নাথ৭ আপনা পাসর কি কারণে ॥ ধু ॥৮

সাবিত্রী বোলেন আমি৯ নিবেদি চরণে ।
পূর্ব্ব জন্মের কথা প্রভু১০ স্থনহ এখনে১০ ॥

মহারাজ্য আছে প্রভু দ্বারকা নগর।
তোমার জন্ম হৈল প্রভু শ্রীকৃষ্ণের ঘর ॥
১বাপ কামদেব হয়১ রতি তোমার মা।
২লক্ষ্মী সরস্বতী তোমার হয় বড় মা ॥২
৩সংসার মোহিতে পারে আমার শ্বশুর।
তাহার তনয় তুমি অনিরুদ্ধ সুর ॥৩
আর রাজ্য আছে প্রভু জয়ন্তী নগর।
আমার জন্ম হৈল প্রভু বাণ রাজার ঘর ॥
৪বাণের ঝিয়ারি আমি উষা বালী ।৪
এক শত ভাই তোমার চরণে দিল বলি৫ ॥
সপনে দেখিলাঙ তোমা না পাই চাহিয়া।
তোমাকে আনিলাঙ চিত্ররেখা পঠাইয়া ॥
মায়াতে হইলা তুমি সুবর্ণ ভ্রমর।
সাত তাল জাঙ্গাল লঙ্ঘি* আইলে বাসর ঘর ॥
সুবর্ণ ভৃঙ্গার জলে৬ পাও পাখালিল৬।
৭সেই ত শোণিতপুরে গন্ধর্ব বিভা হৈল ॥৭
৮সাবিত্রী বোলে সত্যবান হাসিয়া ফেলায় ।৮
৯দুই জন্মের কথা প্রভু তোমারে বুঝায় ॥৯
১০অবন্তী নগরে ছিল মহারাজেশ্বর ।১০
তোমার জন্ম হৈল প্রভু দুষ্মত সেনের২ ঘর ॥
১১তোমা পুত্র হৈল প্রভু সাধিয়া নিল মান ।১১
হরিষে তোমার নাম থুইল সত্যবান ॥
১২রাজ্য নহিল তোমার হৈল রণবল ।১২
১৩তোমার পিতা হইল দুই চক্ষ অন্ধল ॥১৩
১৪রাজ্য হারাইয়া শ্বশুর হৈল হুতাশ।
তোমা পুত্র নঞা শ্বশুর হৈল বনবাস ॥১৫

*পাঠ—নংহি

১মন্ত্রী দেশ ছিল মহীমণ্ডল ভিতরে ।১
আমার জন্ম হৈল অশ্বপতির ঘরে২ ॥
উর্দ্ধ তপ করে বাপ আরাধে হরগৌরী৩ ।
৪মহেশের ঘরে নাম হইল মুরারি ॥৪
মহেশের বরে জন্ম নাইলাঙ আপনি ।
অশ্বপতি হৃষ্টমতি দেখিঞা নন্দিনী ॥
বাপের রাজ্যে ফিরি স্বচ্ছন্দ গমনে ।
বনমধ্যে তোমারে পাইনু দরশনে ॥
মনেত বরণ করি কহিলাঙ মায়েরে ।
স্থনিয়া চিন্তিত পিতা হইল অন্তরে ॥
৫নারদ মুনি আসিঞা কহিল বিবরণ ।
তোমাকে আনাঞা পিতা করিল বরণ ॥৬
৭হরগৌরী সেবিয়া তোমার নাগ পাইনু ।৭
৮হস্ত জোড় করি তোমা সঙ্গেত চলিনু ॥৮
৯শুষ্ক কাষ্ঠ কাটিতে বৃক্ষে চড়িলা আপনি ।
শিরপীড়া হৈঞা প্রাণ তেজিলা তখনি ॥১০
১১যমরাজা আইল ব্রাহ্মণরূপ হৈঞা ।১১
তোমার জীব বন্দী কৈল নাগফাস দিঞা ॥
আমিও গেলাঙ যমের১২ পাছেত নাগিঞা ।
যমের১৩ স্তবন কৈলাঙ করজোড় হঞা ॥
১৪আমার দৈন্যতা দেখি যম কৃপা হৈলো ।১৪
ক্রমে ক্রমে চারি বর তথাতে পাইলো ॥
১৫তোমার পিতা অন্ধ চিল চক্ষু তার হৈল ।১৫
নষ্ট রাজ্য ভ্রষ্ট ছিল তাহা জে পাইল ॥
১৬পিতা মোর অপুত্রক পুত্র তার হৈল ।১৬
এক শত পুত্র মোর ক্রমেতে জন্মিল ॥
পাচ শত বৎসর তাহে পরমায়ু* পাঞা ।
স্বর্গেতে গেলাম দুহে বড় দুঃখ হৈঞা ।।

*পাঠ—পরমাউ

CENTRAL LIBRARY

১সেই জন্মে জতো দুঃখ সহন না জায় ।
এবার বিপত্যে প্রভু না দেখি উপায় ॥১
সাবিত্রী বোলে সত্যবান হাসিয়া ফেলায় ।
তৃতীয় জন্মের কথা কন্যাএ বুঝায় ॥
সকল জন্মের কথা কহিনু২ ৩নিজ পতি৩ ।
৪তন্ত্রবিভূতে গায় ৫দিঞা পদ্মাবতী ॥৪

ভাটিআলি রাগ ॥

ও প্রাণনাথ৫ কেনে প্রভু তাল পাশরিল ॥ ধু ॥৬

এবার জন্ম হবে প্রভু চান্দো বান্যার৭ ঘরে ।
নাম হইবে তোমার বালা লক্ষীন্দরে ॥
৮আমার জন্ম হবে বাছো বানিয়ার ঘরে ।৮
তোমার সহিতে বিভা হরগৌরীর বরে ॥
সেই চান্দো সদাগর পৃথিবী ভিতরে ।
শিব বিনে অন্য দেব না পূজে সদাগরে ॥
চান্দোর স্থানে পূজা মাঙ্গে শঙ্করঝিয়ারি ।
না পূজিল চান্দো মারে হেমতালের বাড়ি ॥
ছয় পুত্র বিষহরি মারিল তাহার ।
তোমা আমা নঞা৯ জায় পৃথিবী ভিতর ॥
বিভা রাত্রে১০ তুমি আমি১০ মেড়ের ভিতরে ।
বিষহরি সাধিবেন বাদ বাদান্তরে ॥
ঘঙ্গুরির১১ জলে মোকে দিবে ভাসাইয়া ।
ছয় মাস জাব আমি১২ মঞ্জুসে চড়িয়া১২ ॥
পোড়ে পোড়ে অস্থি সব পড়িবে খসিয়া ।
নেতাইর সনে১৩ আমি ১৪দেবীস্থানে গিঞা১৪ ॥

*পাঠ—পরমাউ

স্বর্গপুরেতে আমি পদ্মার বর পাঞা।
তবেত তোমাকে আমি আনিব জিয়াঞা ॥
স্থনিঞা জন্মের কথা১ হইলা প্রত্যয়১।
চল প্রাণেশ্বরী২ জাইতে হইল নিশ্চয়২ ॥
তন্ত্রবিভূতে গায়৩ মনসার দাস৩।
৪পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥৪

ত্রিপদী ॥

৫এতো বলি দুই জনে চলে মর্ত্ত্য ভুবনে
প্রাণে সেই হইঞা কাতর ।৫
৬মনসার বরে গিঞা অগ্নিকুণ্ড সাজাইঞা
মরমে পাইল বড় ডর ॥৬
আনলের ছটা দেখি ৭কুমার হইল দুঃখী৭
মরমে পাইল বড় ডর।
না জন্মিব মর্ত্ত্যপুরী স্থন তুমি প্রাণেশ্বরী
অপরাধী৮ ইন্দ্র বরাবর ॥
৯তোমাকে বোলিএ আমি৯ স্থন প্রাণনাথ তুমি
কেনে হও প্রাণেতে কাতর।
প্রাণেতে কাতর হঞা না মোরিবে আনল থাঞা
এই কথা নহে ব্যবহার ॥
১০দেবতার ছল জাহা বুঝিতে নারিল তাহা
বিবাদে নাগিল পদ্মাবতী ।১০
ললাটে লিখন জাহা কে বলিতে পারে তাহা
না জানি কি হইবে দুর্গতি ॥
সাবিত্রীর১১ বাক্য স্থনি১১ ১২সত্যবান মনে গুনি১২
ঘৃত কাষ্ঠ আনে শীঘ্র করি১৩।
১৪অগ্নিকুণ্ড সাজাইঞা তাহে প্রদক্ষিণ হৈঞা১৪
ঝাপ দিল১৫ মনসা স্বঙরি১৫ ॥

CENTRAL LIBRARY

১কুমার সে ঝাপ দিল সাবিত্রী তাহা দেখিল
আপনি পড়িল ঝাপ দিঞা ।১
২দুজনা শরীর পুড়ি দেখে দেবী বিষহরি
হাসে দেবী হংসেত চড়িঞা ।।২
নাগফাসে বিষহরি দুই জীব বন্দী করি
থুইল জীব করণ্ডি ভরিঞা ।
৩মনে আনন্দিত হৈঞা৩ দুজনার জীব পাঞা
৪নিজ পুরী মিলিল আসিঞা ।।৪
৫তন্ত্রবিভূতি কবি বন্দো মনসা দেবী
দ্বিজ মুনি অস্তিকের মাতা ।।৫
৬অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ।।৬

কুহু রাগ ।।

রজনী প্রভাত হৈল প্রত্যুষ বিহান ।
অষ্ট পাত্র নঞা৭ দেবী বসিল দেওান ।।
৮নানা অভরণ মাতা করিল যতনে ।৮
বসিল সিজের৯ তলে নঞা পাত্রগণে ।।
দেবী বোলে পাত্রগণ কথা সুন সার ।
কোন বুদ্ধে হবে মোর১০ বাদের উদ্ধার১০ ।।
পাত্রগণ বোলে মাতা সুন উপদেশ ।
১১চান্দোকে স্বহায় আছে ঠাকুর১১ মহেশ ।।
জোড়কর করি বোলে নেতাই পাত্রবর ।
লখাই বেহুলা জন্মে১২ তোমার বাদান্তর ।।
দুই জীব জন্মাহ গিয়া চান্দো বাছোর ঘরে ।
তবে তোমার পূজা হবে পৃথিবী ভিতরে ।।
১৩নেতাইর বচনে দেবী আনন্দ হৈল ।
সত্বর গমনে দেবী চাম্পাইতে গেল ।।১৩

CENTRAL LIBRARY

চান্দোর বাড়িতে দেবী মিলিল আসিয়া।
লুকাঞা থাকিল দেবী হংসেত চড়িঞা॥
চান্দো বোলে স্থন তুমি সোনকা বান্যানি।
পুত্র জন্মিলে বাদ সাধিবেক কানী॥
১ভাল হৈল পুত্র মৈল খণ্ডিল আপদে।
কি করিতে পারে কানী চান্দো সঙ্গে বাদে॥১
দেবী বোলে চান্দো গালি দিছেন বিস্তর।
কোন রূপে জাঞা আমি দিব পুত্রবর॥
২কেমতে পূজিবে মোরে চান্দো সদাগর।
পূজার কারণে পদ্মা কাতর অন্তর॥২
৩লেতাই বোলেন দেবী না ভাবিহ আর।৩
বিভূতি৪ গাইল মনসার৫ পদ সার॥

পাহারি৫ রাগ॥

নেতাই বোলেন মাতা স্থন বিষহরি৬।
৭চান্দোকে দেখাও স্বপ্ন মহেশরূপ ধরি॥৭
পাত্রের৮ বচনে মাতা মহেশরূপ ধরে।
৯সান্তাইল গিয়া দেবী চান্দোর বাসরে॥
খটক ডম্বরু হাতে বৃষে আরোহণ।৯
চান্দোর শিয়রে বসি কহেন সপন॥
উঠ উঠ চান্দো পুত্র১০ তেজ নিদ্রায়াস১০।
১১পুত্রবর লেহ আমি জাইছি কৈলাস।১১
আমার সেবক তুমি তেঞি১২ নাগে দয়া।
বর দিতে আইলাঙ আমি কৈলাস ছাড়িঞা॥
অপুত্রক হৈঞা বাছা আছ তুমি ঘরে।
পুত্রবর লেহ পুত্র হবে আমার১৩ বরে॥
কহিতে কহিতে স্বপ্ন শেষ হৈল রাত্রি।
স্বপ্ন দেখি উঠিলেন চান্দো অধিপতি॥

CENTRAL LIBRARY

সোনকাকে কহে সাধু স্বপ্নবিবরণ।
পুত্রবর দিতে১ মোরে আইলা১ ত্রিলোচন ॥
হাসিয়া সোনকা তখন দিলেন উত্তর।
ছয় পুত্র মরণে মোর শূন্য হৈল ঘর ॥
২পুনরপি আর বার দেখিব পুত্রমুখ।২
৩ঘরে পুত্র হৈলে পরে পাই বড় সুখ ॥৩
৪চান্দো সোনকায় বাক্য হইল বিস্তর ॥
আজি পূজিব আমি প্রভু দিগাম্বর ॥৪
৫শিব পূজিতে গেলা চান্দো অধিপতি।
চান্দোর কথা সুনি ধন্ধ হৈলা পদ্মাবতী ॥৫
৬গঙ্গাতে নাম্বিঞা চান্দো স্নান দান কৈল।
মাটি বাছিঞা শিব পূজা আরম্ভিল ॥৬
৭ওর ধুতুরা আর শ্রীফলের পাত।
ভ্রূকুটি করিঞা পূজে ত্রিজগতের নাথ ॥৭
এক মন চিত্তে পূজে চান্দো সদাগর।
তোমার বরে পুত্র হৌক রূপে বিদ্যাধর ॥
হেট মুণ্ডে উর্দ্ধ পদে চান্দো স্তুতি করে।
কৈলাসে থাকিঞা জানে দেব দিগাম্বরে ॥
খটক ডম্বরু নিল হস্তেত করিঞা।
ত্বরায় আইলা শিব বসোআ৮ চড়িঞা ॥
৯জথা পূজা করিছেন সাধু চন্দ্রপতি।
চান্দোর পূজাতে শিব আইলা শীঘ্রগতি ॥৪
উঠ উঠ১০ চান্দো পুত্র১০ মাঙ্গিয়া লেহ বর।
তোমাকে প্রসন্ন১১ হইলাম দেব দিগাম্বর১১ ॥
চান্দো বোলে প্রভু জদি মোকে দিবা বর।
তোমার বরে হৌক পুত্র রূপে বিদ্যাধর ॥
১২পুত্রবর দিল প্রভু চান্দো সদাগরে।
আশীর্বাদ পুষ্প দিল হাতের উপরে ॥১২

CENTRAL LIBRARY

১পুষ্প দিঞা বোলিলেন ভোলা মহেশ্বর।
তোমার সাধ্বিয়ানী খাইলে হবে পুত্রবর ॥১
এই পুত্র হবে তোমার কুলের কমল।
ইহা হৈতে২ হবে কুল তোমার২ উজ্জ্বল ॥
চান্দোকে বর দিয়া প্রভু কৈলাস চলিল।
প্রণাম করিঞা সাধু পূজা বিসর্জ্জিল ॥
ঘরকে আইল চান্দো পুত্রবর পায়া৩।
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিয়া ॥

নট রাগ ॥৪

৫পদ্মা বোলে বর দিল পিতা মহেশ্বর।
কেমতে জন্মিবে পুত্র বালা মহেশ্বর ॥৫
৬বুদ্ধি ভাল জানে মাতা শঙ্করঝিয়ারি।
চান্দোকে আনিঞা দিল দেবী বিষহরি ॥৬
চান্দো বোলে সোনকা স্থনহ সাবধানে।
পুত্রবর দিয়া শিব গেলেন আপনে ॥
শিববরে পুত্র হবে কুলের উজ্জ্বল।
সেই আশা করি খেদ সম্বর সকল ॥
সোনকারে নানা মতে প্রবোধ করিঞা।
দেওানে বসিল সাধু পাত্রমিত্র নঞা।
হরিষ বদনে সাধু কহে সভাকারে।
পুত্রবর দিল মোরে ভোলা মহেশ্বরে ॥
স্থনিয়া সকল লোক কহিতে লাগিল।
ছয় পুত্র হারাইঞা পুত্রবর পাইল ॥
জাবৎ না পুজো তুমি দেবী পদ্মাবতী।
তাবৎ না হবে সাধু তোমার উন্নতি ॥
এতেক স্থনিঞা সাধু কুপিত হইলো।
কানীকে পুজিতে মোরে কে বাক্য কহিল ॥

CENTRAL LIBRARY

ক্রোধ করি বোলে তবে চান্দো সদাগর।
পাত্রমিত্র পলাইঞা গেল সভে ঘর ॥
একা মাত্র বসিঞা থাকিল চন্দ্রপতি।
ঋতুস্নান কৈল এথা সোনকা যুবতী ॥
শুচি হৈঞা পূজা করে দেবী বিষহরি।
আকাশে থাকিঞা বোলে শঙ্করঝিয়ারি ॥
পুত্রবর দিল তোরে সোনকা বান্যানী।
তোর গর্ভে পুত্র হবে সর্ব্বগুণমণি ॥
এই বাক্য স্থনি সোনা আনন্দ অন্তরে।
রন্ধন করিল গিঞা অনেক প্রকারে ॥
এক অন্ন পঞ্চাশ ব্যঞ্জন পাক কৈল।
ভোজন করহ আসি সোনকা বলিল ॥
ভোজনে বসিয়া সাধু করে পরিহাস।
আজি তোর মনের পুরাব অভিলাষ ॥
১সোনকা বোলেন বুঢ়া তোর মুখে নাহি লাজ।
কোন লাজে মোর কাছে কর পোরিহাস ॥১
চান্দো বোলে স্থপ্রসন্ন ত্রিদশ ঈশ্বর।
তাহারে সেবিঞা আমি লইল পুত্রবর ॥
স্থশয্যা করহ আজি করিব বেহার।
মনের বাঞ্ছিত ফল লভিবে তোমার ॥
চান্দো বোলে সোনকা স্থনহ সাবধানে।
পালঙ্ক বিছায় প্রিয়া করিব শয়নে ॥
চান্দোর বচন২ স্থনি সোনকা বান্যানী২।
৩হীরা মুনিমাণিক্যের পালঙ্ক করিল খিচনি ॥৩
পালঙ্ক বিছায়৪ সোনা হইয়া সত্বর৪।
৫জাহাতে কেলি করিবেন চান্দো সদাগর ॥৫
পালঙ্ক উপরে সোনা চান্দোয়া৬ টানাইল।
তুলাই বিছানা করিয়া৭ মোযুক্ত বিছাইল৭ ॥

CENTRAL LIBRARY

সুগন্ধি ১পুষ্প কত১ চাঁপা নাগেশ্বর।
নানা পুষ্পে বিছাইল গন্ধে মনোহর ॥
২কর্পূর লবঙ্গ জাত্রি দারচিনি দিঞা।
তাম্বুল রাখেন সোনা বিড়া বানাইঞা ॥২
সুবর্ণের থালে থুইল চাপার কদল।
শর্করা৩ সন্দেশ থুই৩ ডাব নারিকল ॥
সুবাসিত জল থুই ভৃঙ্গার পুরিয়া।
৪ই থালে প্রাণের নাথ খাইবে বসিয়া ॥৪
মউরের পাখা থুইল শ্বেত চামর।
৫রতন প্রদীপ জ্বালি থুইল বিস্তর ॥৫
৬দেওানে আছিল চান্দো মহেশ বন্দিয়া।
রতনে ভূষিত সোনা আছেন বসিয়া ॥৬
নেতাই বোলেন মাতা৭ সুন সাবধানে।
৮কামদেবে পঠাহ তুমি চান্দোর নিকেতনে ॥৮
এত সুনি কামদেবে স্মরণ করিল।
পদ্মার স্মরণে কাম উপস্থিত হৈল ॥
দেবী বোলে সুন কাম আমার বচন।
চান্দোর উপরে জাঞা করো অধিষ্ঠান ॥
মদনপীড়িত হৈলা চান্দো সদাগরে।
৯যাত্রা করি চলে চান্দো পালঙ্ক উপরে ॥৯
সুবর্ণ ভৃঙ্গারে চান্দো পাও১০ পাখালিল।
মাথার কেশে সোনকার পাও মুছিল ॥
আনন্দে বসিল চান্দো পালঙ্ক উপরে।
নানা সুখে বঞ্চে চান্দো১১ আপনার ঘরে১১ ॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥
১২সোনকারে বোলে সাধু করিয়া মিনতি।
রতিদান দেহ মোরে সুন গুণবতী ॥১২

CENTRAL LIBRARY

১সোনকা বোলেন প্রভু করি নিবেদন ।১
ছয় ঘরে ছয়২ বধূ করএ২ ক্রন্দন ।।
৩নাজ নাহি তোমার মুখে পাকা দাড়ি ৩
ছয় বধূ ঘরে কান্দে কিসের ধামালি ।।
চান্দো বোলেন প্রিয় স্থনহে উত্তর ।
এবার পুত্র হবে তোর মাণিক্য বিদ্যাধর ।।
৪স্থন স্থন ওহে প্রভু লক্ষের সদাগর ।৪
মোর মনে দুঃখ বড় চিত্তে খেমা কর ।।
স্থন স্থন প্রাণেশ্বরী আমার বচন ।
প্রাণের বল্লভ প্রিয়া রাখহে জীবন ।।
রাড়ী৫ ছয় বধূ মোর করিছে ক্রন্দন ।
তা সভার ক্রন্দনে মোর স্থির নহে মন ।
প্রাণে বড় দুঃখ মোর তা সভা দেখিয়া ।
কিসের রহস্য দেহত ছাড়িয়া ।।
প্রাণের নাথ প্রভু চিত্তে ক্ষেমা কর ।
প্রাণ জর্জ্জর হৈল চিন্তা নিরন্তর ।
প্রাণের প্রিয়া তুমি আমার বোল ধর ।
কামসাগরে প্রিয়া মোরে পার কর ।।
স্থন প্রাণেশ্বরী তুমি না কর ক্রন্দন ।।
বিধির লিখন কভু না হয় খণ্ডন ।।
৬তোমার ক্রন্দনে মোর তাপিত শরীরে ।
মনের আনন্দ করি সন্তোষ কর মোরে ।।৬
ই ভব সাগরে প্রিয়া কারো কেহ নয় ।
৭খায়াদায়া৭ ধর্ম্ম করি জেই মাত্র রয় ।।
প্রাণেশ্বরী ধন জন সকলি তোমার ।
সেবকের অপমানে আমাকে কর পার ।।
কাম পঞ্চবাণে মোর প্রাণ দগ্ধ হৈল ।
চান্দোর বিনয়ে সোনার দয়া উপজিল ।।

CENTRAL LIBRARY

সোনকা বোলেন প্রভু আমি সে তোমার।
প্রাণ সমর্পণ কৈলাম চরণে তোমার ॥
পতিব্রতা সোনকা প্রভুর চরণ ধরিয়া।
অধরে চুম্বন কৈল আলিঙ্গন দিঞা ॥
কৃপা কর সুন্দরী হে আজিকার রাতি।
প্রাণ রাখ প্রাণ রাখ ভুঞ্জাঞা[১] সুরতি ॥
পানের খিলি সাধু হস্তেত করিল।
মনের হরিষে সাধু মুখে পান দিল ॥
আলিঙ্গন দিয়া সাধু সহাস্য বদন।
পুন পুন সদাগরে করএ চুম্বন ॥
অতি বিপরিত করে সুরতি শৃঙগার।
রাহু গরসিল জেন চন্দ্র শশধর* ।
[৩]এইরূপে দুই জনের রতিরঙ্গ হৈল।[৩]
সখী সঙ্গে সোনকা জে ঋতুস্নান কৈল[৪] ॥
[৫]তখনি দেবতী পদ্মা কোন কর্ম্ম করে।[৫]
শ্বেত মাছিরূপ দেবী ধরণ ধরে[৬] ।
স্নান করিয়া সোনা হামি জে ছাড়িল।
[৭]মুখরন্ধ্রে সত্যবানের জীব ছাড়ি দিল ॥[৭]
সোনকার গর্ভে কুমার নভিলেন[৮] জন্ম।
তখন দেবতী পদ্মা করে কোন কর্ম্ম ॥
[৯]দেবতীমুরতি পদ্মা[৯] দূরে তেয়াগিয়া।
বৃদ্ধ ব্রাহ্মণীরূপ ধরণ ধরিয়া ॥
চান্দোর মন্দিরে দেবী জায় ধীরে ধীরে।
ঋতুস্নান করি সোনকা আইলা মন্দিরে ॥

*পাঠ—সসোধর

CENTRAL LIBRARY

ব্রাহ্মণী বোলেন সোনা আইলাম১ তোর ঘর।
২আমার ওসধ লেহ হইবে কুমার ॥২
ওসধ নিল সাধুয়ানী করিয়া ভকতি।
তখনে৩ বিদায় হৈঞা গেলা দেবী৪ পদ্মাবতী ॥
এইরূপে সোনকার গর্ভের লক্ষণ।
কানাকানি সকলে করএ সর্ব্ব জন ॥
দিনে দিনে সোনকার গর্ভ তিন মাস।
লোকে জানাজানি কথা হইল প্রকাশ ॥
পঞ্চমাসে পঞ্চামৃত খায় বানিয়ানী।
দশ মাস দশ দিনে হৈল পুত্রখানি ॥
সুবর্ণ নান্দিয়া৫ জলে বালায় গা৬ পাখালিল।
৭সুবর্ণ কাটারি দিয়া নাভি ছেদ কৈল ॥৭
পঞ্চ দিনে বালার করেন পাচটি৮।
ছয় দিনে ষষ্ঠী পূজা করে পরিপাটি ॥
আট দিনে আট কলাই বিধিমতে কৈল।
৯নবম দিবসে৯ ঘাটে১০ স্নান করাইল ॥
মনাই দৈবক সাধু ডাক দিয়া আনে।
১১পুত্রের গণনা করে বিবিধ বিধানে ॥১১
দৈবজ্ঞ বোলে সুন চান্দো সদাগর।
সর্ব্ব সুলক্ষণ হৈল তোমার কুমার ॥
কোন দোষ নাহি বালার সর্ব্বত্র মঙ্গল।
একমাত্র অমঙ্গল কহি তোমার স্থল ॥
বিভা রাত্রে বালাক দংশিবে কাল সাপে।
চান্দো বোলে বালার বিভা নাহি দিব কাকে ॥
পুত্রের গণনা দেখি আনন্দ হইয়া।
মনাইকে প্রবোধিল বস্ত্র রত্ন দিঞা ॥
এই মতে১২ চান্দোর পুত্রে মাসেকের হৈল।
ব্রাহ্মণ আনিয়া তার১৩ নামকর্ণ কৈল১৩ ॥

CENTRAL LIBRARY

১নামকরণে নাম লক্ষীন্দর থুইল ।১
২বিধিমতে ছয় মাসে অন্ন ছোওাইল ॥২
দিনে দিনে বাঢে৩ জেন বালা লক্ষীন্দরে৩ ।
৪চন্দ্রের সমান বাঢে বৎসর বৎসরে ॥৪
৫সপ্তম বৎসর হৈল চান্দোর কুমারে ।
বিধিমতে সদাগর কর্ণবেধ করে ॥৫
৬বিদ্যারম্ভ কৈল তার হৈঞা হরষিত ।
পঢাবারে দিল তারে আনিয়া পণ্ডিত ॥৬
৫প্রথমেত পড়ে বালা ই পঞ্চ আখরে ।৫
ক খ গ ঘ ঙ পঢে দেবী৭ পদ্মার বরে৭ ॥
৮ছত্তিস অক্ষর বালা করিলা পঠন ।৮
ফালা পঢি নাম লেখে সাধুর নন্দন ॥
অষ্ট ধাতু অষ্ট শব্দী করিলা পঠন ।
অমরসিংহ পঢিলেন সাধুর নন্দন ॥
সকল পঢিয়া বালা পারগ হইল ।
ব্যাকরণ আদি শাস্ত্র পড়িতে লাগিল ॥
লখাইর জন্ম হইল চান্দো সাধুর ঘরে ।
বেহুলার জন্ম হবে উজানি নগরে ॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস ।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

হে গো জননী মা তোমার মহিমা কে বুছিতে পারে ॥ ধু ॥

সপ্ত বৎসরের হৈল বালা লক্ষীন্দর ।
৯বেহুলার জন্ম স্থন৯ উজানি নগর ॥
তখন দেবতী পদ্মা কোন কর্ম্ম করে ।
ধীরে ধীরে জায় দেবী বাছো বান্ধার ঘরে ॥
সেই দিন মেনকা ঋতুস্নান কৈল ।
১০ব্রাহ্মণীর রূপে পদ্মা মেনকাস্থানে গেল ॥১০

CENTRAL LIBRARY

ব্রাহ্মণী দেখিয়া মেনকা আনন্দিত মন।
যত্ন করি আনি দিল বসিতে আসন ॥
১মেনকা বোলে ঠাকুরাণী বোলিএ তোমারে।১
সপ্ত পুত্র হৈল মোর মহেশের বরে ॥
২এক বাক্য বোলি আমি স্থন ঠাকুরাণী।২
কন্যা হৈলে স্থখ হয় সর্ব্ব স্থানে স্থনি ॥
দান কৈলে স্বর্গবাস বোলে সর্ব্ব জন।
জামাতা হইলে বড় আনন্দিত মন ॥
এই বর দেহ মোরে স্থন গো ব্রাহ্মণী।
তোমার বরে৩ মোর কন্যা হৌক৩ একখানি ॥
এ কথা স্থনিয়া পদ্মা আনন্দিত মন।
কন্যা হবে মোর ওসধ করহ ভক্ষণ ॥
৪ব্রাহ্মণী বোলে মেনকা তুমি স্থনহ বচন।
উত্তরমুখে বসি ওসধ করহ ভক্ষণ ॥৪
সাবিত্রীর জীব মাতা হস্তেত করিয়া।
মেনকার উদরে দেয় ওসধ বলিয়া ॥
৫ওসধ খাইয়া মেনকা আনন্দিত মনে।৫
ব্রাহ্মণীকে তুষিলেন বস্ত্র৬ নানা ধনে৬ ॥
বিদায় হইয়া৭ গেলা আপন নগরে৭।
৮হংসে চড়ি নাচে দেবী আপন অন্তরে ॥৮
দিনে দিনে মেনকার গর্ভ তিন মাস।
লোকে জানাজানি কথা হৈল প্রকাশ ॥
পঞ্চ মাসে পঞ্চামৃত খায় বানিয়ানী।
দশ মাস দশ দিনে হৈল কন্যাখানি ॥
সাত পুত্র এক কন্যা আনন্দ আপার।
স্থনি আনন্দিত হৈলা বাছো সদাগর ॥
বাছো বানিঞার ঘরে বাহ্রে কন্যাখানি।
৯রাহোগণে আসি সভে দেয় জয়ধ্বনি ॥৯

CENTRAL LIBRARY

স্থবর্ণ নান্দিয়া জলে বালীর পাও পাখালিল।
স্থবর্ণ কাটারি দিয়া নাভি ছেদ কৈল ॥
পঞ্চ দিনে বালার করাইল পাচটি।
ছয় দিনে ষষ্ঠীপূজা করে পরিপাটি ॥
আট দিনে আট কালাই বিধিমতে কৈল।
নয়১ ঘাটে গঙ্গা পূজি স্নান করাইল ॥
দিনে দিনে বাঢ়ে কন্যা চন্দ্রের সমান২ ।
৩নানা মতে বিধি করে শাস্ত্রের বিধান ॥৩
এক মাসের হৈল৪ বাছোর কন্যাখানি৪ ।
৫নামকরণে নাম থুইল বেহুলা নাচনি ॥৫
৬ছয় মাসে অন্নপ্রাশন কৈল সদাগরে ।৬
চন্দ্রের সমান বাড়ে দেবী পদ্মার বরে ॥
এক দুই তিন চারি পঞ্চ বৎসর হৈল।
চন্দ্রের সমান কন্যা বাঢ়িতে লাগিল।
বাপের দুলালি কন্যা মাএ করে প্রীত।
দেখিয়া বেহুলার রূপ বাছো হরষিত ॥
উজানি নগরে হৈল বেহুলা নাচনি।
কোন বুদ্ধি করে মাতা শঙ্করনন্দিনী
নথাই বেহুলা বিভা হইবে কেমনে।
৭চাম্পাই নগরে পঢ়ে সাধুর নন্দনে। ৭
পোন্দ্র বৎসরে বালা ষোলতে দিল পাও।
বিবাদ কারণে বিভা না দেয়৬ বাপ মাও ॥
গুরুঘরে৮ পঢ়ে বালা শিশু সঙ্গে করি।
লক্ষীন্দর ছলিতে জায়৯ দেবী বিষহরি ॥
১০দেবতী রূপ১০ পদ্মাবতী১১ দূরে তেয়াগিয়া১২।
১৩ব্রাহ্মণীরূপ দেবী১৩ ধারণ ধরিঞা ॥
জেখানে পোঢ়িছে১৪ বালা শিশু সঙ্গে করি।
১৫ব্রাহ্মণীরূপে বুঢ়ি১৫ গেলা বিষহরি ॥

CENTRAL LIBRARY

কটাক্ষে বালার পানে চায় ঘনে ঘনে।
হাস্য পোরিহাস১ করে বানিয়ানন্দনে।
ক্রোধ করি বোলে বুঢ়ি সুনরে নথাই।
আমারে দেখিয়া হাস নোহিব২ ভালাই॥
৩তোর বাপের ধনে৩ বাধিতে পারে সেতু।
বাছিয়া সুন্দরী বিভা না কর কোন হেতু॥
ই বড় থুবরা তুমি প্রাণ কেমনে ধর।
পরম সুন্দরী পাঞা পরিহাস কর॥
বুঢ়ির বচনে বালা মনে অভিমান।
আপন মন্দিরে বালা করিল পয়ান॥
৪কপাট মারিঞা বালা রহে শয়নঘরে।৪
আকাশেত বেলা হৈল দ্বিতীয় প্রহরে॥
রন্ধন করিয়া সোনা চায় পথপানে।
এতক্ষণ পঢ়ি পুত্র না আইল কেনে৫॥
পুত্র পুত্র করি গেলা ব্রাহ্মণের ঠাই।
কোতি৬ গেল পুত্র মোর দুর্লভ নথাই॥
ব্রাহ্মণ কহিল ঘরে গেলা পুত্রখানি।
কপালে মারিয়া ঘাও কান্দে বানিয়ানী॥
তন্ত্রবিভূতি৭ কবি মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ॥

৮খির নবনি বাছা থুঞাছি থরে থরে।
কে খাইবে কারে দিব কৃষ্ণ নাই ঘরে॥ধু॥

পুত্র না দেখিয়া সোনা কান্দিয়া বিকল।
বুকে ঘাও মারে সোনা আউদল৯ চুল॥
১০কোথা গেলা আরে ১০দুর্লভ নথাই।
পোঢ়িতে গিয়াছে বাছা গুরুর জে ঠাই॥
ছয় পুত্র থাঞা মোর একটি তনয়।
তারে না দেখিঞা মোর প্রাণ স্থির নয়॥

CENTRAL LIBRARY

১পুত্র পুত্র বোলি কান্দে বুকে মারে ঘাও।
অচেতন হৈঞা পড়ে মুখে নাহি রাও ॥১
২কান্দিতে কান্দিতে রামা করিল গমন।২
গুরুর পাঠশালে জাঞা দিল দরশন ॥
৩তোমাকেত বোলি গুরু স্থনহে বচন।৩
এথা৪ পঢ়িবারে আইল৪ আমার নন্দন ॥
পাঠশালের খড়ি পুথি পাঠশালে আছে।
৫তোমার পুত্র নথাই বালা৫ এথা নাহি আইসে ॥
৬পঢ়িয়া গিয়াছে বালা আপন মন্দিরে।
এতেক স্থনিল রামা গুরুর গোচরে ॥৬
কান্দিতে কান্দিতে৭ রামা করিল৭ গমন।
ব্রাহ্মণী সোই এর বাড়ি৮ দিল দরশন৮ ॥
৯তন্ত্রবিভূতি কবি মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥৯

১০নথাই নাগিঞা আমি পরাণ হারাব ॥ধু। ১০

১১সোনকা বোলে স্থন তুমি ব্রাহ্মণী১১ সোই।
১২তোমার বাড়িতে নাকি১২ আস্থাছে১৩ নথাই ॥
১৪পাল্যার অন্নব্যঞ্জন মোর পাল্যাতে জে আছে।১৪
১৫তোমার নথাই পুত্র এথা নাহি আইসে ॥১৫
দুই সোই গলাগলি করএ ক্রন্দন।
১৬মালিনী সোএর বাড়ি দিল দরশন ॥১৬
তোমাকেত সোধাই১৭ আমি মালিনী সোই।
১৮এথা নাকি আসিয়াছে১৮ আমার নথাই ॥
পসারের১৯ মাল্য মোর১৯ আছেন২০ পসারে২০০।
তোমার নথাই পুত্র২১ না আইল এথাকারে২১ ॥
২২তিন সোই২২ গলাগলি করএ ক্রন্দন।
কান্দিতে কান্দিতে গেলা তেলিনীভুবন ॥

CENTRAL LIBRARY

১তোমাকেত বোলি আমি তেলিনী সোই ।১
এথা নাকি২ আসিঞাছে দুর্লভ২ নথাই ॥
পসারের তৈল মোর পসারেত আছে ।
৩আজি তোর পুত্র নথাই না আইল কাছে ।।৩
৪চারি সোই গলাগলি করএ ক্রন্দন ।
তাম্বুলি সোএর বাড়ি দিল দরশন ।।৪
তোমাকেত বোলি তাম্বুলিনী সোই ।
৫তোমার বাড়ি আইল মোর দুর্লভ৫ নথাই ॥
তাম্বুলি বোলেন স্থন আমার বচন ।
আজি নাহি দেখিয়াছি তোমার নন্দন ॥
খসিয়া পোড়িছে৬ সোনার পরিধান সাড়ি ।
কান্দিতে কান্দিতে গেলা আপনার বাড়ি ॥
৭উকটিঞা চায় সোনা মন্দির ভিতরে ।৭
কপাট দিঞাচ শুঞা আছেচ শয়নের ঘরে ।।
কপাট ঘুচাহ বাছা দুর্লভ নথাই ।
৯বাহির হও৯ ওরে বাছা তোর১০ মুখ চাই
কে তোরে বোলিল বাছা দারুণ বচন ।
তাকে শাস্তি করি আমি রাখে কোন জন ।
ছয় পুত্র১১ মরণে বাছা১ পাইনু১২ রতন
তোমার নিছনি করো১৩ জত ধন জন ॥
বালা বোলে জননী তোমার সত্য পাই১৪ ।
তবে স্নান করি আমি দুয়ার ঘুচাই ।
সোনকা বোলেন তুমি মোর সর্ব্ব জন ।
সত্য সত্য করি বাছা তোমার বচন ॥
বালা বোলে বিভা দিতে কর অঙ্গীকার ।
তবে সে জননী আমি ঘুচাই দুয়ার ॥
সোনা বোলে১৫ এই কথা না বোলিহ১৫ বাপ ।
বিভা রাত্রে তোমাকে খাইবে কাল সাপ ॥

CENTRAL LIBRARY

দুয়ার ঘুচাঞা১ ২করো স্নান জে২ ভোজন।
দাসী করি দিব তোমাকে নারী৩ শত জন ।।
তবে জদি তোমার বিবাহে৪ থাকে মন।
৫বিভা করাইব বাছা এক শত জন ॥৫
৬স্নান করিয়া বাছা উপহার খায় ।৬
হাতে গুলেল করি পুত্র৭ খেলিবারে জায়৭ ॥
তন্ত্রবিভূতে১৩ কবি মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ।।

স্থনলো মরমি১৪ সোই মরম কথা তোরে কোই ।।ধু।।

১৫সোনকার কথা নথাই না স্থনিল কানে।
বাসর ঘরেতে বালা থাকিল শয়নে ।১৫
১৬নিন্দে অচেতন হৈলা বাসা লক্ষীন্দরে।
তখন দেবী পদ্মা কোন কর্ম্ম করে ।।১৬
পদ্মা বোলে নেতাই পাত্র অবধান কর।
এখন না পূজে মোকে চান্দ সদাগর ॥
অঙ্গীকার কৈল পুত্রেক বিভা নাহি দিব১৭।
অবিবাহ১৮ থাকিলে বালা১৯ নাগে কি করিব১৯ ॥
২০এতেন স্থনিঞা লেতাই দিলেন উত্তর।
কাম পঞ্চবাণ তুমি ডাকহ সত্বর ॥২০
২১এই যুক্তি বোলি কাম বাণে দেহ ডাক ।২১
কোসল্যামুরতি ধরি ছলুক বালাক ।।
প্রভাতে জাউক২২ কন্যা দীঘি সরোবরে ॥
মামী ভাগিনাএ দুহে২৩ হাউক দরশন২৩।
২৪বলে ধরি ভুঞ্জিবেক শৃঙ্গার আলিঙ্গন ।।২৪
স্থনিয়া চাম্পালিপতি গুনিবে প্রমাদ।
বিভা দিবে পুত্রেক সাধিবে তুমি বাদ ॥
স্থনিয়া মনসাদেবী লেতাইর বচন।
কামসোনা স্থন্দরীকে করিল স্মরণ ।।

CENTRAL LIBRARY

স্বর্গে হৈতে কামসোনা নাম্বিল স্বরণে।
প্রণাম করিল জাঞা পদ্মার চরণে।।
১পদ্মা বোলে কামসোনা বাক্য মোর ধর।
কোসল্যামূরতি ধরি ছল লক্ষীন্দর।।১
আজ্ঞা পাঞা কামসোনা গেলো ততক্ষণ।
রচিল পদ্মার বরে জগতজীবন।।

ত্রিপদী

পদ্মার বচন শিরে কোসল্যা মূরতি ধরে
শীঘ্র গেলা বালার বাসরে।
নথাই শুইঞা আছে কামসোনা গেল কাছে
স্বপ্ন কহে নানান২ প্রকারে।।
স্বপ্নেত বালার সঙ্গে কৌতুক করেন৩ রঙ্গে
হৃদয়ে করিল আলিঙ্গন।
দোহে দোহার চন্দ্রমুখ চুম্বনে পরম সুখ
ভুজমূলে করিঞা বন্ধন।।
অভিনব কামরাগ কুচে দিল নখদাগ
অধরে করিল দন্তাঘাত।
রতি করে নাহি হিত দুই জনে হৈল প্রীত
নিজপতি যুবতী সাক্ষাত।।
বোলে কন্যা রূপবতী আজ্ঞা কর নিজপতি
আজি করো৪ গৃহেকে গমন।
প্রভাতে জাইব জলে সরোবরে বটতলে
৫তুমি আমি ৫হবে দরশন।।

CENTRAL LIBRARY

সুন্দরী চলিয়া জায় নথাই চেতন পায়
হৃদএ আকুল বড় মনে ।
তন্ত্রবিভূতি ১ভূনে হইল বালার মনে
রজনী পোহাইল কতক্ষণে ॥

বড় দয়ার নিধি কবে দেখিব নঞান ভরি ॥ ধু ॥২

৩আর কোন কর্ম্ম করে শঙ্করদুহিতা ।
লক্ষীন্দরের মামী কোসল্যা আছে জথা ॥৩
শয্যাসুখে ৪কোসল্যা সুন্দরী নিদ্রা জায়৪ ।
শিয়রে বসিঞা পদ্মা৫ স্বপন দেখায় ৫ ॥
৬উঠ উঠ রূপবতী ৬সরোবরে জাও ৭ ।
সরোবরে স্নান কৈলে আর ৮কত পুণ্য পাও৯ ॥
এত দিন বৈস তুমি চম্পালি নগরে ।
স্নান নাহি কর তুমি দীঘি সরোবরে ॥
আজি জাঞা কর তুমি সরোবরে স্নান ।
স্বামীর সোহাগি হবে ধনপুত্রবান ॥
প্রভাত হইল কন্যা পাইল চেতন ।
১০শাশুড়ী নিকটে ১০কন্যা করে নিবেদন ॥
শাশুড়ীর পাএ কন্যা নমস্কার করে ।
আজ্ঞা কর জাঙ আমি দীঘি সরোবরে ॥
শাশুড়ী বোলে বধূ *মোর বাক্য ধর১১ ।
স্বামী আছে দুরন্ত তোর১২ বড়ই প্রখর১২ ॥
সুনিলে প্রথমে তোর বোধিবে পরাণ ।
তার পাছে আমাকে করিবে অপমান ॥
কোসল্যা বোলে আমাকে স্বামীর নাহি ডর ।
তুমি আজ্ঞা কৈলে মাগো জাঙ সরোবর ॥
শাশুড়ী বোলেন জদি জাইবাকে চাহ১৩ ।
জতেক তোমার সখী সঙ্গে করি লেহ১৪ ॥

*পাঠ—বোধু

CENTRAL LIBRARY

ডাকিঞা আনিল কন্যা সব সখীগণ।
ছয় ঘাটি১ স্নানে কন্যা১ করিল গমন।
২আনন্দ হইঞা জায় ছয় ঘাটি স্নানে।
এথা লক্ষীন্দর বালার আকুল পরাণে ॥২
আকুল হইল বালা সপন দেখিয়া।
সঙ্গের সঙ্গানি সব আনিল ডাকিয়া ॥
হাতে গুলেল বাটুল সঙ্গেত সঙ্গিয়া।
সরোবরে জায় বালা পরম রঙ্গিয়া ॥
কোসল্যা স্নান করে সরোবরের জলে।
সঙ্গীসঙ্গে কুমার চলিল কুতূহলে ॥
স্নান করি উঠে রামা পরম রূপসী।
কাখেত করিয়া নিল সোনার৩ কলসী ॥
সত্বরে গৃহেকে কন্যা করিল গমন।
পথে বানিয়ার সঙ্গে হৈল দরশন ॥
কন্যাকে দেখিয়া বালা আনন্দিত মন।
৪কোসল্যা দেখিয়া বালা কি বোলে বচন ॥৪
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

৫তোরুয়া কদম্বতলে৫ জাইও না।
কলসী ভরিয়া জলে দাঁড়াইও না ॥ ধু ॥

দেখিয়া কোসল্যারূপ বিকল নথাই৬।
সপনে ভাণ্ডিয়া৭ কন্যা আছ এই ঠাই ॥
সপনে করিলে মোরে আলিঙ্গন দান।
পলাইলে সুন্দরী মোর পোড়াইয়া মন ॥
সপনে ভাণ্ডিয়া মোকে গেলা রূপবতী।
৮পথে নাগি পাইলাম৮ পলাইবে কোতি ॥

CENTRAL LIBRARY

কমলনঞানি কন্যা খঞ্জনগমনী ।
গমন উত্তম কন্যার রাজহংস জিনি ॥
কাহার সুন্দরী তুমি দেহ পরিচয় ।
তোর রূপ দেখি কামে দগধে হৃদয় ॥
নামায়া১ কলসী কন্যা দেহ আলিঙ্গন ।
২হাতে ধরি বিদ্যাধরী রাখহ জীবন ॥২
৩কি হৈল কি হৈল গন্ধবানিঞানন্দন ।
নথাই দেখিয়া কন্যা কি বোলে বচন ॥৩
না বোল কুবচন৪ মোকে দুর্লভ নথাই ।
৫কৃষ্ণের কে হয় রাধা শাস্ত্র দেখ চাই ।।৫
থাকুক তোমার শাস্ত্র সুন বিদ্যাধরী ।
তোর রূপ দেখি আমি রহিতে না পারি ॥
পিরিতে সুন্দরী কন্যা দেহ আলিঙ্গন ।
বলে ধরি ভুঞ্জিব রাখিবে কোন জন ॥
এ বোল সুনিয়া কন্যা কি বোলে তাহারে ।
এমন দারুণ কথা না বোল আমারে ॥
না বোলহ ভাগিনা এমত৬ অনাচার ।
বানিঞার কুলে কেনে রাখিবে খাথার৭ ॥
বালা বোলে বিদ্যাধরী না বোলিহ আর ।
মদন আনল দহে কর প্রতিকার ॥
মোকে জদি সুন্দরী না দেহ আলিঙ্গন ।
নাস ভ্রষ্ট করিব রাখিবে কোন জন ॥
কাচুলি চিরিঞা করিব ছারখার ।
বলে ধরি সুন্দরী আজি ভুঞ্জিব শৃঙগার ॥
ছিড়িয়া ফেলিব তোর গজমোতি হার ।
ধরিয়া করিব বল ডর আছে কার ॥
কোসল্যা বোলে গব না কর নথাই ।
কান্দিয়া কহিব তোর মা বাপের ঠাই ॥

CENTRAL LIBRARY

বালা বোলে১ মর মুক্রি১ মদনের তাপে।
আগে প্রাণ রাখ২ পাছে৩ কি করিবে বাপে ॥
কোসল্যারে নিষ্ঠুর বোলিল লক্ষীন্দরে।
তন্ত্রবিভূতি৪ গায় মনসার বরে ॥

৫আজিকার মরম কথা তোরে কোই।
ঘরে গিঞা কি বোলিব মা বাপের ঠাই ॥ ধু ॥৫

না বোল না বোল মোরে বানিঞাদুলাল৬।
অধিক বলিলে বালা নহিবেক৭ ভাল ॥
স্বামী মোর ছোট নহে কাহার অধীন।
রাজদ্বারে সেবা করে রহে৮ রাত্রি দিন ॥
কাহার শকতি জে আমাকে করে বল।
তার কুলে কেহ৯ জে না রহিবে৯ কুশল ॥
সুনিয়া ক্রোধিত গন্ধবানিঞার নন্দন।
১০কাচুলি চিরিঞা করে কুচের মর্দ্দন ॥১০
১১কুচের উপরে বালা দিল নখরেখ।
গিরিমূলে দুতিয়ার চন্দ্র পরতেক ॥১১
অধর চুম্বন করে ধরি ভুজপাশে।
পূর্ণিমার চন্দ্র জেন রাহুতে গরাসে ॥
১২নও ভঙ্গ করিয়া১২ ছিড়িলা গলার হার।
বিবিধ প্রকারে বালা ভুঞ্জিল শৃঙ্গার।
ঘুচিল মদন জ্বালা১৩ তুষ্ট হৈল মন।
স্নান করি ঘরে চলে বানিঞানন্দন ॥
দানীর ঘরণী জায় কান্দিয়া আকুল।
সোনকার আগে জায় আউদচ চুল ॥
সোনকার আগু জাঞা কহে বিবরণ।
১৪সুন ননদিনী তোমার পুত্রের জে গুণ ॥১৪
১৫তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥১৫

CENTRAL LIBRARY

ননদিনী১ শুন তোমার পুত্রের বেভার২ ।
গেন্দু৩ সরোবরের জলে কলসী ভাঙ্গিল বলে
ত্রিভুবনে রাখিল থাথার ॥
কাচুলি চিরিঞা৪ আর ছিড়িল গলার হার
অধর করিলেন মোর ক্ষত ।
মোর সঙ্গে সখীগণ দেখিয়াছে জনে জন
আর আমি কি কহিব কত ॥
আউলাইল৫ মাথার চুল ডুবিল মোর৬ জাতি কুল
৭কলঙ্কি লোকে৭ বোলিবেক৮ ভাল ।
পুছিলে তোমার ভাই কি বোলিব তার ঠাই
না রহে পরাণ৯ গায়ের ছাল ॥
সোনকা বোলেন ওটি ঢেট মুরদার নটী
শিশুকে না বোল তুমি মন্দ ।
গন্ধবানিঞা বালা ঢেট নহে আল্যা ভোলা
আজি মুখে আছে দুগ্ধের গন্ধ ॥
১০কে তোকে১০ করিলে বল করিয়া শিশুর ছল
ভাণ্ডিয়া বেড়াও১১ সভার মন ।
জে হৈল সে হৈল মাও চুপে চাপে ঘরে জাও
দ্বিগুণ পোড়িয়া১২ অভরণ ॥
সন্তোষ করিল তাকে বস্ত্র দিল পড়িবাকে১৩
অনেক সম্পূর্ণ অলঙ্কার ।
তন্ত্রবিভূতে১৪ গায় কোসল্যা ঘরেকে জায়
অদ্যাবধি রহিল থাথার ॥

১৫দেখ জায় ওই জায়১৫ রাধার প্রাণ হরিয়া নঞা জায় ॥ ধু ॥

কোসল্যার হাতে ধরি করিল বিদায় ।
শীঘ্রগতি সোনকা স্বামীর আগে ধায়৮ ॥
স্বামীকে জানায় সোনা বিবরণ কথা ।
শুনিয়া চাম্পালিপতি হেট কৈল মাথা ॥

CENTRAL LIBRARY

সাধু বোলে পুত্র জদি করে অনাচার।
বিভা দিব পুত্রকে করেন১ অঙ্গীকার॥
মেড়ঘর২ বান্ধি তাতে২ রাখিব প্রহরী।
ঘরের ভিতর থুব লেউল মোউরি॥
এই মতে এক রাত্রি জাগিব৩ প্রহরী।
কেমনে৪ সাধিবে বাদ কানী বিষহরি॥
সোনকা বোলেন প্রভু করি নিবেদন।
পদ্মার সহিতে বাদ কর কি কারণ॥
ক্রোধিত হইল চান্দো ই বোল স্থনিয়া।
৫কন্যা বরিবার সজ্জ করেন বানিঞা॥৫
চান্দো বোলে নেঙ্গা পাত্র স্থন এক মনে।
জাইব কন্যার হেতু পুত্রের কারণে॥
শীঘ্র করি৬ লেহ কিছু৬ লোহার কালাই।
চান্দো বোলে সত্বরে চলহ সব ভাই৭॥
৮দ্রব্য সজ্জ করে সাধু৮ এক শত ভারী।
শুভক্ষণে যাত্রা করে৯ চান্দো অধিকারী॥
চাহিয়া বেড়ায় কন্যা নগরে নগরে।
তখনি দেবী পদ্মা কোন কর্ম্ম করে॥
ছাড়িয়া দেবীরূপ মায়া রূপ ধরে।
প্রবেশ করিল পদ্মা উজানি নগরে॥
বাছোর মন্দিরে পদ্মা গেল শীঘ্র করি১০।
বেহুলার বাসরে প্রবেশিলা বিষহরি ১১॥
বালীর শিয়রেতে বসিয়া বিষহরি।
সপন দেখায় লক্ষীন্দররূপ ধরি॥
উঠ উঠ বেহুলা কন্যা স্থনহে বচন।
আজি প্রাণ রাখ মোরে দিঞা আলিঙ্গন॥
শীতল পাটিতে বালী শুঞা নিদ্রা জায়।
সিওরে বসিঞা দেবী সপন দেখায়॥

CENTRAL LIBRARY

১তুমি সাবিত্রী আমি কুমার সত্যবান ।১
তোমার আমায়২ ধামালি না করহ২ আন ।।
উজানিতে স্থনিল তোমার রূপ গুণ ।
দুঃখী লোকে ভুঞ্জাইলে পাবে৩ বড় পুণ্য ।।
তোমা আমায় প্রীতিযোগ্য দেবতায় জানে ।
সাধিবে মনের কার্য্য এড়াবা৪ কেমনে ।।
নিদ্রাতে থাকিঞা রামা৫ দিছেন উত্তর ।
৬কে তুমি আইলে কেনে আমার বাসর ।।৬
নিতি মহাব্রত করি৭ আরাধি পদ্মাবতী ।
আমি অকুমারী ভাণ্ডিতে আইলা কোন জাতি ।।
কেমনে জানিব প্রভু আমার৮ নিজ পতি* ।
৯না হইল বিভা মোর৯ কেমনে দিব রতি ।।
নিদ্রা হৈতে বেহুলা উঠিল বসিঞা ।
সঙ্কুচিত হৈল দেবী বেহুলা দেখিঞা ।।
বেহুলা জাগিল পদ্মা১০ হইল অন্তর ।
তন্ত্রবিভূতে গায় মনসা দেন্ত বর ।।

পঠমঞ্জরী রাগ ।।

বেহুলা বাহির হৈল মাথা করি হেট ।
কপট ছাড়িয়া প্রভু আসি দেহ ভেট ।।
নিজ নারী ছাড়ি জাহ কোথাতে থুইঞা ।
কেমনে জানিমু প্রভু জাইবে১১ ছাড়িঞা ।।
অভাগিনীর প্রাণ মোর না জাও বধিঞা১২ ।
আমি জাব প্রাণনাথ আচল ধরিঞা ।।
বেহুলা সপন দেখি ছল ছল করে আখি
নিজনারী১৩ কোথা জাহ থুঞা১৩ ।
১৪মুঞি জানিত জদি১৪ ১৫না ছাড়িতাঙ১৫ প্রাণপতি
জাইতাঙ১৬ প্রভু পাছু১৬ নাগিঞা ।।

*পাঠ—পোতি (সর্বত্র)

CENTRAL LIBRARY

মনে পাঞা হুতাশ চাহে রামা চারি পাশ
পড়ে রামা১ মূর্চ্ছিত হইয়া ॥
নোকনজ্জায়২ বেহুলা মনে বড় ভয় পাইলা
কান্দে বালী৩ উচ্চ স্বর করি৪ ।
৫দেখি রামা৫ সপন পাইলেন৬ চেতন
সপনে মোকে ভাণ্ডিলেন কেনে ॥
না জানি৭ কোন মায়া বর৭ আইল৮ মোর বাসর ঘর৮
কাল নিন্দে না হৈল চেতন ।
আমারে গেল ছাড়ি প্রাণের বল্লভা৯ এড়ি
পুন না হৈল দরশন ॥
উঠ উঠ সখিগণ দেখিনু আমি সপন
সপনে পাইনু গুণনিধি ।
সুসপন দেখিলাঙ১০ অমৃত পাইঞা ছিলাঙ১১
ভখিতে১২ না দিল কাল বিধি ॥
বেহুলার সখিগণ১৩ পুছে তারা বচন
কিবা তুমি দেখিলে সপন ।
কহে স্বপ্নবিবরণ বিমরিষ হঞা মন
কহিয়া হইল অচেতন ॥
চক্ষে তার১৪ দিঞা নীর১৪ বেহুলাকে করে স্থির১৫
সখী সব করে হায় হায় ।
মনসার চরণবর বন্দি শিব উপর
তন্ত্রবিভূতি পদে গায় ॥

হেদের কোকিলা ধনিরে জাইতে বোলান দিয়া জাও১৬ ॥ধু॥

সপন দেখি বেহুলার স্থির নহে মন ।
১৭বসিঞা পোহাইল নিশি প্রত্যুষ বিহান ॥১৭

CENTRAL LIBRARY

১মুখে জল দিল বালী অন্তরে দুঃখিত।
বিমরিষ হঞা রামা বসিল ভূমিত ॥১
এইরূপে বেহুলা থাকিল নিজ ঘরে।
এথা চান্দো সদাগর কোন কর্ম্ম করে ॥
মণিময় পাগ২ বান্ধা মাথাএ বান্ধিঞা।
৩ধনের ধোকরি নিল বগলে দাবিঞা ॥৩
৪ভাঙ্গা ছাতি নিল বান্ধা কান্ধেত করিঞা ।৪
লোহার অষ্ট কালাই নিল গাঠেত বান্ধিঞা ॥
৫নেঙ্গা পাত্র সঙ্গে করি চলে সদাগর।
দেশ দেশান্তর ভ্রমে নগরে নগর ॥৫
এইরূপে সদাগর বেড়ায় দেশে দেশ।
কোথা নাহি পায় সাধু কন্যার উদ্দেশ ॥
চলে সাধু চন্দ্রপতি উত্তর নগরে।
উত্তরিল গিয়া শঙ্খ বানিয়ার ঘরে ॥
তাহার৬ কন্যার দোষ কি কহিব আর।
অকুমারে কলঙ্ক উঠিল৭ সাত বার ॥
তার ঘর ছাড়ি সাধু করিল গমন।
পূর্ব্ব দিগ৮ জাঞা সাধু দিল দরশন ॥
পূর্ব্ব দিগের জত কন্যা দেখিল চাহিয়া।
দক্ষিণ দিগেতে৯ সাধু মিলিল আসিয়া ॥
১০দক্ষিণ দিগের কন্যা দেখে জনে জন ।১০
পশ্চিম দিগেতে চান্দো করিল গমন ॥
উত্তর দিগেতে আছে উজানি নগর।
সেই স্থানে উপনীত চান্দো সদাগর ॥
আসিঞা বোসিল সাধু ছয় ঘাটির তীরে।
নেঙ্গা বোলিঞা বাক্য বোলেন ধীরে ধীরে ॥
কন্যা উকটিয়া না পাইলাঙ১১ কোন ঠাই।
চল দেখি ইবার ফিরিয়া ঘরে জাই ॥

CENTRAL LIBRARY

১এত বাক্য চান্দো জদি করেন জুগতি।
মনে মনে ভাবেন জে দেবী পদ্মাবতী ॥১
পদ্মা বোলে নেতাই দিদি কি করি উপায়।
কন্যা না পাইঞা সাধু ফির্যা২ ঘরে জায়।
কত দিনে জুড়িবেক এই কন্যাখানি।
৩তবে সে৩ সাধিব বাদ বোলেন ব্রাহ্মণী ॥
৪নেতাই বোলেন দেবী করি নিবেদন।৪
ইহার আছএ যুক্তি সুনহ বচন ॥
বেহুলাকে ছয় ঘাটির স্নানেত পঠাও।
তবে সে চান্দোর সনে দরশন হয় ॥
বেহুলা দেখিঞা সাধু নাহি জাবে ঘরে।
তবে সে হইবে তোমার বাদ বাদান্তরে ॥
নেতাইর বচনে দেবী সন্তোষ হইল।
বেহুলা বালীকে দেবী ছলিবারে গেল ॥
দেবতীর রূপ পদ্মা৫ দূরে তেয়াগিয়া৫।
চলিল ব্রাহ্মণীরূপ ধরণ ধরিয়া ॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ।

৬বেহুলা খেলায় খেলা আপনার মনে।
ব্রাহ্মণীরূপেতে পদ্মা গেল তার স্থানে।৬
৭বাপের ঘরে বাঢ়ো কন্যা ই বার বৎসর।
তুমি হেন সুন্দরী কন্যা তোমার নাহি বর।৭
৮বাপের ঘরেতে থাক এ রূপজোবনী ৮
ছাড় খেলা শিশুমেলা সাহের নন্দিনী ॥
৯এমন বয়সে বিভা হৈল সভাকার।
এমন বয়সে কন্যা বিভা নাহি কার ॥৯
১০তোমার ছোট ছোট হৈল ছাওাল পোওাতি।
তুমি হেন সুন্দরী কন্যা তোমার নাহি পতি ॥১০

CENTRAL LIBRARY

১এমন বয়সে১ বিভা না দেয় মাও বাপে।
নাহি মিলে স্বামী তোর পূর্ব্ব জন্মের পাপে॥
২ই বোল স্থনিয়া বালী মনে বিমরিষ।
মরিব আপনি আজি খাঞা গরল বিষ।২
ছাড়িলেন খেলা কন্যা ভাঙ্গিল পুতলি৩।
৪বৃদ্ধ ব্রাহ্মণীর প্রতি কহেন বেহুলি৪॥
বালী বোলে ঠাকুরাণী কর অবগতি।
কেমনে পাইব আমি৫ নিজ প্রাণপতি৫।
ব্রাহ্মণী বোলেন বালী ছয় ঘাটি জাও।
ছয় ঘাটি৬ স্নান কৈলে৬ স্বামীর নাগি পাও॥
ব্রাহ্মণীর চরণে বালী করিল প্রণাম।
৭ই কথা কহি৭ দেবী গেলা নিজ ধাম॥
তখন৮ বেহুলা বালী কোন কর্ম্ম করে।
৯সত্বরে চলিয়া গেল মায়ের গোচরে।
হাতজোড়ে বোলে বালী মিনতি করিঞা ৯
ছয় ঘাটি জাব আমি স্নানের নাগিঞা।
১০তন্ত্রবিভূতি গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ॥১০

১১মায়ের চরণে বালী নমস্কার করে।১১
১২আজ্ঞা দেহ জাই মাগো দীঘি সরোবরে॥১২
ছয় ঘাটি সিয়ানেতে মহাফল পাই।
তথি কারণে মাতা ছয় ঘাটি জাই॥
১৩ই বোল স্থনিয়া মেনকা চমৎকার হৈল।
বেহুলার তরে কিছু বোলিতে লাগিল ১৩
১৪ছয় ঘাটির স্নানে বাছা তুমি না জাইবে।
ছয় ঘাটি জাইতে বাছা বড় ভয় পাবে। ১৪

CENTRAL LIBRARY

১না জাইহ ঘাটে বাছা মায়ের বোল ধর ।১
২কুআর জল তুলি দেই ঘরে স্নান কর ।।২
সরোবরের পাহার৩ দিয়া রাজঠাট জায় ।
লুটিঞা সকল নিবে৪ কাক না ডরায়৪ ।।
রাজপথ সরোবর৫ দূর আছে তাহে৫ ।
৬নিরন্তর পথ দিয়া হস্তী ঘোড়া বহে ।৬
সরোবরে আছে বাছা চোর বাটআর ৭।
ছয় ঘাটি জাইতে বাছা বড় আছে ডর ।।
চান্দোর বেটা লক্ষীন্দর বড়ই পাগল ।
নারী পথে নাগ পাইলে ধরিয়া করে বল ।।
বেহুলা বোলেন মাগো তাকে নাহি ডর ।
শতেক সখীর মাঝে জাব সরোবর ।।
আমার বাপের ডরে ত্রিভুবন কাপে ।
কেহ কিছু না বলিবে তাহার প্রতাপে ।।
ছয় ঘাটির কথা৮ ঝি কহিঞা দি তোক৮ ।
হস্তীর শুণ্ডের প্রায়৯ তাতে আছে জোক৯ ।।
১০কে কহে ই কথা মাগো কে জায় প্রত্যয় ।১০
হেন অদ্ভুত কথা কহিতে না জুয়ায়১১ ।।
কখন না স্থনি জোক হস্তী শুণ্ডাকার১২ ।
১৩এমত জোক নাহি মাগো মর্ত্ত্যের ভিতর ।।১৩
বেহুলা বোলেন মোর বুদ্ধি আছে ভাল ।
আগে নামাইব জলে জত সখীপাল ।।
সখীকে না ধরে জোকে দেখিব নঞানে১৪ ।
তবে জলে১৫ নামিয়া করিব স্নান দানে১৫ ।।
জোক দেখিয়া আমি আসিব নিজ ঘরে ।
স্থনিয়া মেনকা দেবী হায় হায় করে ।।
মেনকা বোলেন জদি১৬ জাবে সরোবরে
জতেক তোমার সখী১৭ লিবে সঙ্গে করে ।।

CENTRAL LIBRARY

১মেনকার মুখে কন্যা এতেক সুনিয়া।
জতেক সখীগণে আনে ডাক দিয়া। ১
চন্দন ঘসিল কন্যা২ আঙলা ঘসিল২।
সুগন্ধি নারায়ণ তৈল কটরা পুরিল॥
৩উপরে টানিয়া৩ কন্যা বান্ধিলেন খোপা।
নানা পুষ্প দিল তাতে গন্ধরাজ চাপা॥
লক্ষের জাদ পড়ে কন্যা খোপার উপর।
নঞানে কজ্জল পড়ে সিতেত৪ সিন্দুর॥
নাসিকায় পড়ে কন্যা লক্ষের বেসর।
গলাএ পড়িল৫ কন্যা গজমোতি হার॥
অধর সুরঙ্গ জেন৬ দেখি বিম্বু ফুল৬।
খোপার৭ পুষ্পেত উড়ি৭ পড়ে৮ অলিকুল॥
লক্ষে লক্ষে ভ্রমরা আইসে আর জায়।
৯ঘুরিয়া ঘুরিয়া অলি বসি মধু খায়। ৯
হেট কর্ণে পড়ে বালী সুবর্ণের বিরঘোলি১০॥
বাছিয়া পহ্রেন কন্যা ১১সুবর্ণের কোটি১১॥
নানা অলঙ্কার পড়ে বাছিয়া বাছিয়া।
সুবর্ণের তার পড়ে বাহুতে তুলিঞা॥
১১গলাএ পড়েন বালী রত্নময় হার।১১
দুই হাতে১২ পড়ে বালী সুবর্ণের তার১২॥
১৩সোনামুখী শঙ্খ বালী দুই হাতে পড়িয়া।১৩
সুবর্ণ কঙ্কন পড়ে আনন্দিত হঞা॥
হৃদয়ে কাচুলি পড়ে কৃষ্ণের বৃন্দাবন।
কোকিলের ধ্বনি জেন মোউর ফেকম॥
মাণিক্য অঙ্গুরি বালী১৪ অঙ্গুলে পড়িঞা।
সাজেন বেহুলা বালী ছয় ঘাটি নাগিঞা॥
পাএত পাস্থলি১৫ পহ্রে ঝুনঝুন নপুর।
১৬গমন করিতে ১৬বাদ্য বাজএ মধুর॥

CENTRAL LIBRARY

১কাপড় পড়ে কতো ১জার না দেখিএ২ খেয় ৩।
ব্রহ্মা আদি করি জাতে লেখাও সর্ব্ব দৈয় ।
নানা কাপড় পড়ে কন্যা লেত পরিধান ।
কৌতুকে পড়িল৫ জাতে কৃষ্ণের বৃন্দাবন ॥
মুখের তাম্বূল কন্যার নহলী৬ খেলায় ।
নগর আলো করিয়া বেহুলা বালী জায় ॥
মায়ের চরণে বালী হইয়া৭ বিদায় ।
শতেক সখীর মাঝে সরোবরে জায় ॥
নগরের লোক সব বেহুলার দিগে৮ চায় ।
ধন্য ধন্য এই কন্যা ধন্য বাপ৯ মায় ॥
চাপার পাখুড়ি জিনি ১০কন্যার সর্ব্ব গায়১০ ।
প্রফুল্ল কমল জিনি নঞান নাচয় ॥
১১কাঞ্চন কলসী হাতে নেতের ওঢ়নি ।১১
ছয় খাটি সিনানে জায় বেহুলা লাচনি ॥
শতেক সুন্দরী সখী সঙ্গতি করিয়া ।
ছয় ঘাটি সিনানে১২ জায় সুবেশ করিয়া ॥
চলিল সুন্দরী বালী ছয় ঘাটি সিঞানে ।
১৩দেহের মার্জ্জনা১৩ কৈল সুগন্ধি চন্দনে ॥
আগে ধনি পাছে পুন্নি মালতী মালিনী ।
মধ্যখানে বেহুলা জেন সোনার পুতলিনী ॥
হাঁচি জিঠি বাধা পড়ে মাথায় ঠেকে চাল ।
বামে সর্প দেখিলেন দক্ষিণে শ্রিকাল ॥
১৪মাথায় পসার করি তেলিনী চলি জায় ।১৪
শুখান কাঠেতে বসি কাগে কাড়ে রায় ॥
১৫এত অমঙ্গল দেখি বেহুলা বালী জায় ।
সখী সঙ্গে জায় কন্যা কিছু নাহি চায় ॥১৫
ই জয়হাট বিজয়হাট করঞ্জাহাট দিঞা ।
ছয় ঘাটির ঘাটে বেহুলা মিলিল আসিঞা ॥

CENTRAL LIBRARY

তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

১তখনেত পদ্মাবতী কোন কর্ম্ম করে।১
বৃদ্ধ ব্রাহ্মণীরূপে গেলা ধীরে ধীরে ॥
জেই ঘাটে ডাড়াইঞা আছেন সুন্দরী।
মায়া করি সে ঘাটে নামে বিষহরি ॥
২ত্বরায় চলিল বালী সে ঘাট ছাড়িঞা।
সেও ঘাটে আছে দেবী ব্রাহ্মণী হইঞা ॥২
৩টাটি বাটি তাম্বী দেবী ই ঘাট জুড়িয়া।
বেহুলা নাম্বেন ঘাটে ব্রাহ্মণী দেখিয়া ॥৩
চতুর্দ্দিগে ৪শোভা করে তাম্বার নাগবল।
মধ্যস্থানে শোভা করে দেবতা সকল ॥
ধানি সখী ডাক পাড়ে জলেত নাম্বিঞা৫।
আইস ঠাকুরাণী জলক্রীড়া কর সিঞা ॥
কাঞ্চন কলস কন্যা ভূমিত থুইঞা৬।
মায়ারঙ্গ সাড়ি কন্যা সাজন পড়িয়া ॥৭
দক্ষিণ কোন বাহি কন্যা জলে ঝাপ দিল।
মিথা ছল করি দেবী ক্রন্দন জুড়িল ॥
কান্দিতে কান্দিতে দেবী করেন গমন।
মায়াএ৮ কান্দেন পদ্মা হাসে মনে মন ॥
কপটে৯ ব্রাহ্মণীরূপে তপ জপ করে।
সে ঘাট ছাড়িয়া বালী চলিল উত্তরে ॥
ব্রাহ্মণীমূর্ত্তি পদ্মা ধরিল কপটে।
তপ জপ করে বসি১০ সরোবরের ঘাটে ॥
পশ্চিম ঘাটেতে গেলা বাছোর নন্দিনী।
সে ঘাট বসিয়া আছে কপট ব্রাহ্মণী ॥

CENTRAL LIBRARY

দক্ষিণ ঘাটেত বালী গেলা ধীরে ধীরে।
বিধবা ব্রাহ্মণী১ স্নান করে সেই তীরে১ ॥
বালী বোলে ব্রাহ্মণীকে ঠাক্রি ঠাক্রি দেখি।
কেমলে করিব স্নান স্থন সব সখী ॥
সখীগণ বোলে আইস এক দিগ হয়া২।
ব্রাহ্মণী করুক স্নান এক দিগ জাঞা৩ ॥
খসাঞা সভার বস্ত্র রাখে এক স্থলে ৪।
ঝাপাঝাপি করিয়া নাম্বিলা সভে জলে ॥
৫সখীসঙ্গে জলক্রীড়া করে সাধুয়ানী।
ব্রাহ্মণীর অঙ্গে লাগে পায়ের গোড়ালি ॥৫
ব্রাহ্মণী বোলে বেটী ঢেট মুঢ়দারি ৬।
কাহার ঝিয়ারি৭ তুমি কাহার বোহারি ॥
তোমার পায়ের পানি লাগে মোর অঙ্গ।
বিভারাত্রে তোর স্বামীকে খাইবে৮ ভুজঙ্গে ॥
কত বড় ধনি জনি বানিঞার ছুড়ি৯।
বিভার রাত্রেতে তুমি হবে বাসোর বাড়ী১০ ॥
এত স্থনি বেহুলা বোলে ব্রাহ্মণীচরণে।
এমত নিষ্ঠুর মোরে তুমি বোলে কেনে ॥
কত বড় যতি১১ সতী ব্রাহ্মণী তুমি রাই।
কি কারণে আমাকে১২ তুমি শাপিলেন মাই১২ ॥
বেহুলার বচনে দেবী জলে ডুব দিল।
চাটি বাটি তিল কুশ হাতেত তুলিল ॥
দেখ দেখ ওটি বেটী আমার তপভার।
বিভার রাত্রিতে তুমি খাইবে ভাতার ॥
অভিশাপ স্থনি বেহুলার প্রাণে বড় ডর।
১৩হাতজোড়ে বেহুলা বোলে ব্রাহ্মণীগোচর ॥১৩
১৪তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥১৪

CENTRAL LIBRARY

ক্রোধিত বানিয়ানী ব্রাহ্মণীকে বোলে বাণী
স্থনহে বিধবা ঠাকুরাণী।
কিছু তোর নাহি দয়া তোমার কপট মায়া
কিবা তুমি হাড়ি চণ্ডালিনী ॥
আমার সে নাহি জানি তোর অঙ্গে লাগে পানি
বিনি দোষে মোকে[১] দেহ গালি।
কিছু দোষ নাহি মোর ব্রহ্মশাপ লাগি[২] তোর
আমি শিশু সাহের দুলালী ॥
বাণী বোলে ব্রাহ্মণী তবে সত্যপণা জানি
তুমি আমি ডুবি এই জলে।
মিছা করি গণ্ডগোল এখনি বুঝিব তোর
কার ভাগ্য কোন ফল ফলে ॥
বেহুলা ব্রাহ্মণী হোর[৩] দুই জনে হাত জোড়
ডুব দিল সরোবরের পানি।
ব্রাহ্মণী ডুবিল জলে তিল কুশ তাম্র তোলে
শঙ্খ সিন্দুর তোলে বানিয়ানী ॥
বেহুলা বোলেন বাণী স্থন বিধবা ব্রাহ্মণী
কি ডর তোমার অভিশাপে।
নহ তুমি যতি সতী তোমার কপট মতি
নরকে পড়িবে মহাপাপে ॥
তন্ত্রবিভূতি[৪] কবি বন্দ[৫] মনসা দেবী
অস্তিকের তুমি বট মাতা।
অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥

জল ভরিতে সোই কে জাবে যমুনা।
পথে বসিয়া আছে নন্দের নন্দন ॥ধু॥[৬]

CENTRAL LIBRARY

দেবী বেহুলা এত বাক্য বাণে স্বর।
বৃক্ষতলে বসি দেখে চান্দো সদাগর ॥
চান্দো বোলে নেঙ্গা পাত্র স্থন মোর বাণী।
কি কহিব অপরূপ এই কন্যাখানি ॥
চান্দো বোলে আমি এই কন্যাকে বরিব।
অন্য জাতির কন্যা হয় তথাএ কিনিব ॥
ইহার সমান রূপ ত্রিভুবনে নাই।
এই কন্যা বিভা দিব দুর্লভ নথাই ॥
শঙ্খ সিন্দুর তোলে কন্যা জলে দিয়া ডুব।
ইহার১ স্বামীর হবে২ সর্ব্বত্রেত শুভ ॥
২এই মতে যুক্তি করে সাধু চন্দ্রপতি।
মায়া করি বেহুলা চলিল পদ্মাবতী ॥২
পরিচয় না দিল মাতা শঙ্করনন্দনী।
স্নান করি উপরে উঠে বেহুলা বান্যানী ॥
স্নান৩ করিয়া কন্যা৩ উপরে উঠিল।
তিতা৪ বস্ত্র এড়ি শুখান বস্ত্র জে পহ্লিল৫ ॥
কাঞ্চন কলসী কন্যা নইল বাম কাথে৬।
নগরিয়া জত লোক উর্দ্ধমুখে দেখে ॥
ধন্য ধন্য করে লোক৭ বাখানে এ রূপ৭।
৮এতকালে দেখিলাঙ বড় অপরূপ ॥৮
আশি হাট এড়ায় কন্যা চোষটি বাজার।
৯আপনার গৃহে কন্যা হৈল আগুসার ॥৯
সখীসঙ্গে ঘরে চলে সাহের নন্দিনী।
চলিতে না চলে পাও ভুবনমোহিনী ॥
চান্দো বোলে নেঙ্গা পাত্র১০ তথ্য*লেহ১০ ভাই।
জার ঘরে কন্যা চল১১ তার ঘরে জাই ॥
চান্দোর বচনে নেঙ্গা ডাকিয়া সোধায়।
কাহার সুন্দরী কন্যা পথ দিয়া জায় ॥

*পাঠ—তত্য

CENTRAL LIBRARY

এক সখী বোলে কন্যা বাছোর১ ঝিয়ারি।
সুনিয়া সন্তোষ হৈলা চান্দো অধিকারী ॥
সখীসঙ্গে সুন্দরী মন্দির জাঞা পায়।
তন্ত্রবিভূতে২ কবি বিরচিয়া গায় ॥

কি রূপ দেখিনু সোই কি রূপ দেখিনু।
তরুতলে•রূপ দেখি মূর্চ্ছিত হইনু ॥ধু॥

মেনকা বোলেন বাছা সুন মোর বোল।
কাহার সঙ্গেত তুমি কৈলা গণ্ডগোল ॥
কেনে শুখাইল বাছা ই মুখকমল।
কাহার সঙ্গে কৈলা বাছা ই দ্বন্দ্ব কন্দল ॥
৩তোমার শরীর বাছা দেখি আমি কালা।৩
বিনি কান্দনে বাছা ভাঙ্গিঞাছে গলা ॥
সখী সব ক্রীড়া করে জলেত নাম্বিয়া।
তাকে ডাক পাড়ি৪ আমি উপরে থাকিঞা ॥
সেই সে কারণে আমার চঞ্চল হইল চিত্ত।
৫সখীসঙ্গে আইলাম আমি গৃহেতে তুরিত ॥৫
মেনকা বেহুলা হয় বাক্য বাণে স্বর।
হেনকালে দ্বারে আইলা চান্দো সদাগর ॥
৬বাছোর বাড়িতে চান্দ উপনীত হৈল।৬
কন্যা বরিবারে৭ আমি তোমার ঘরে আইল৭ ॥
৮দুয়ারে থাকিয়া ডাকে সাধু আছ ঘর।৮
কে আছো বলিয়া বাছো দিছেন৯ উত্তর ॥
বাহির হইল বাছো আনন্দিত মন।
বসিবারে আনি দিল বিচিত্র আসন ॥
১০তন্ত্রবিভূতি কবি মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥১০

•পাঠ—তোরুতলে

CENTRAL LIBRARY

ত্রিপদী ॥

বাছোর ঘরে চান্দো আইল তবে১ কোন কর্ম্ম কৈল
বসিবারে দিলেন আসন।
বাছো২ করে নিবেদন কেনে তোমার আগমন*
স্থনহে লক্ষের সদাগর ॥
চঞ্চল দেখিএ মন বোল তার কারণ৩
কেনে তুমি আইলা একেশ্বর।
স্থনি বাছোর৪ উত্তর বোলে চান্দো সদাগর
স্থন তুমি কথার স্থসার ॥
মোর পুত্র লক্ষীন্দর কন্যা আছে তোর ঘর
জদি তুমি কর অঙ্গীকার।
স্থন৫ মোর বাক্য৫ তুমি নিবেদন করি আমি
আইলাম কন্যা বরিবার ॥
বোলো বাছো৬ উত্তর কন্যা আছে মোর ঘর
বেহুলা ঝিএ হএত আবাল৭ ॥
বড় পুত্র শঙ্খধর গেল বাণিজ্য করিবার
তার জদি অনুমতি পাই।
স্থন বাক্য বোলি সার অনুমতি পাই তার
৮তবে আমি বেহুলা বিভাই ॥৮
এতো বাক্য চান্দো স্থনি হাসিয়া বোলেন বাণী
স্থন সাধু আমার উত্তর।
৯তোমার পুত্রের গুণ জানে সর্ব্ব লোক জন
তুমি আইলা কন্যা বরিবার ॥৯
হেন পুত্র তোমার না ১০দিব কন্যা১০ বিভাবার১১
হেন বাক্য সহন*না জায়।
১২দেবী বাছোক অধিষ্ঠান১২ সাধু হৈল মন মান
তন্ত্রবিভূতি পদে গায় ॥

*পাঠ—আগোমোন, *পাঠ—সহোন

CENTRAL LIBRARY

ধানসি রাগ ॥

বাছো বোলে ঘাটি নহ জাতি কুলে ধনে।
সর্ব্বথাএ দিব বিভা তোমার নন্দনে ॥
চান্দো বোলে জদি বিভা কৈলা অঙ্গীকার।
পত্রেক তুলসী লেহ প্রত্যয় আমার ॥
ব্রাহ্মণ সজ্জনে চান্দো মহারঙ্গে বসি।
চান্দোর হস্তেত বাছো দিলেন তুলসী ॥
তুলসী পাইঞা চান্দো আনন্দিত মন।
দৈবক ডাকিঞা আনি করে শুভক্ষণ ॥
মনাই দৈবজ্ঞ ডাকি আনে সদাগর।
শুভর্ক্ষণ করি জোটন করেন সত্বর ॥
ডাকিঞা আনিল বান্ধা জত দ্বিজগণ।
শুভক্ষণ পুত্রবধুর করএ জোটন ॥
১আক জোক১ করি মনাই খড়ি কৈল সার।
আশ্বিনী লক্ষত্রে পুত্র জন্মের বিচার ॥
চিত্রা লক্ষত্র কন্যার জন্ম তুলা রাশি।
মঙ্গলবারে উৎপত্তি *পুণ্ডরীক২ জাতি ॥
খড়ি দেখিঞা মনাই নাকে দিল হাত।
বাসরে পুত্রের হবে কাল সর্পাঘাত ॥
খড়ি পুথি দেখি মনাই ভাবে মনে মনে।
হেন ছাড় জোটন আমি জোড়াবও কেমনে ॥
শূন্যপথে থাকি দেবী বোলে ডাক দিঞা।
জেন তেন হৌক বাছা দেহ জোড়াইঞা৪ ॥
উভারিঞা৫ খড়ি করিল সর্পাকার।
নর নারী গোনিয়া জোটন কৈল সার ॥
নখাই বেহুলার পত্র একত্র করিঞা।
চান্দোর অগ্রেত পত্র দিলেন আনিঞা ॥

*পাঠ—উৎপতি

CENTRAL LIBRARY

নগরেত গুয়া চান্দো দেয়ত১ আনিঞা।
তন্ত্রবিভূতি গায় মনসা বন্দিঞা ॥

বরারি রাগ ॥

২শুভ দিনে শুভক্ষণে শুভমঙ্গল দিনে শুভ দিনে জায় ॥ ধু ॥২

চান্দো সাধু নহে তবেও ধনের কাতর।
ছালা ছালা গুয়া আনে সভার ভিতর।
পূর্ব্বকালের গুয়া মহাকুৎসিত *আছিল।
ব্রাহ্মণ সজ্জন গুয়া লুটিতে নাগিল৪ ॥
কেহো ব্রাহ্মণ কেহো ভট্ট কেহো গণক রোঝা৫।
মাথাএ তুলিয়া বান্ধে দারুণ গুয়ার বোঝা ॥
মায়া পাতিল দেবী দূরেত৬ থাকিঞা।
সকল গুয়া গেল সেই৭ পাথর হইঞা ॥
ভোজন করি এক ব্রাহ্মণ মুখশুদ্ধি কৈল।
গোটা দুই গুয়া সেই মুখে ভরাইল ॥
ই গাল উ গাল করি চাবাইতে নারে।
গালে ব্যথা হৈল দন্ত ঝনঝন করে ॥
গুয়া বহড়া পান পিপ্যালের পাত।
ব্রাহ্মণের দন্ত ভাঙ্গে গোটা পাচ সাত ॥
ক্রোধে ব্রাহ্মণ সব গুয়া নিল হাতে।
সভে গুয়া ফেলি মারে চান্দোর মাথাতে ॥
সকল ব্রাহ্মণে গুয়া মারেত ফেলিঞা।
দেবীর বরে লাগে গুয়া বেল সম৮ হঞা ॥
চান্দো বোলে মর কানী তোর৯ হেন কাজ।
এথাতে আসিয়া মোকে দিল বড় নাজ ॥

*পাঠ—মহাকুচ্ছিত

CENTRAL LIBRARY

জোড় হাত করি চান্দো ব্রাহ্মণ তুষিল।
সকল ব্রাহ্মণে১ পুন২ গুয়া বিবর্তিল ॥
চান্দো বোল স্থন বাছো বানিঞা বেহাই।
বধূখান জুড়িলাঙ পরীক্ষা লিতে৩ চাই ॥
জদি সিঝাইতে পারে লোহার কালাই।
তবে বিভা দিব আমি দুর্লভ নথাই ॥
স্থনিয়া বোলিলা বাছো৪ এমতো কি হয়৪।
মনিস্যে সিঝায় লোহা কে করে প্রত্যয় ॥
লোকমুখে স্থনিঞা বেহুলা বানিয়ানী।
আসিঞা বাছোর কাছে বোলে কিছু বাণী ॥
সতী বধূ বোলি চান্দো বোলে ডাক দিঞা।
৫লোহার অষ্ট কালাই মোকে দেহত সিঝাঞা ॥৫
বেহুলা বোলেন৬ শ্বশুর দিলেন আরতি।
ধর্ম্ম রক্ষা কৈলে তবে থাকএ খিয়াতি ॥
৭স্থবর্ণের ঝারি নিল হাতেত করিয়া ॥৭
৮সত্বরে চলিল বালী পদ্মা স্বঙরিয়া ॥৮
তুলসীর জলেত পবিত্র কৈল মন।
অগ্নিপূজা করি কন্যা চড়াইল রন্ধন ॥
একভাবে৯ চিন্তে রামা মনসাচরণ।
১০তুমি মোকে আনিঞাছ মর্ত্যভুবন ॥
শ্বশুরে লোহার কলাই অঙ্গীকার কৈল।
বুঝিলাঙ লোহার কালাই সিঝাইতে নারিল ॥
১১প্রসন্ন হইয়া কালাই দেহত সিঝাঞা ॥১১
আনন্দ১২ হোউক শ্বশুর পঠাহ প্রবোধিঞা ॥
আইস মনসা মা সারথি১৩ হও সিঞা১৩।
শ্বশুর চাহিছে মোকে সত্য১৪ পরখিঞা১৫ ॥
আঙা হাড়ি লোহার কালাই কাচা বিন্ন১৬ জাল।
১৭তোমার স্মরণে কালাই ধরুক উথাল ॥১৭

CENTRAL LIBRARY

১পদ্মা স্বঙরিয়া বালী রন্ধন চঢ়াইল ।১
তিন মুষ্ট২ খড়ি কন্যা টানিয়া আনিল২ ॥
৩আনিয়া রন্ধন করে লোহার কালাই ।
তিন মুষ্ট খড়ি দিয়া রন্ধন চঢ়াই ॥৩
পুরিয়া সমস্ত খড়ি৪ হঞা গেল ছাই ।
তথাপি না সিঝা গেল লোহার কালাই ॥
৫কান্দেন বেহুলা বালা আঝর নঞানে ।
কলঙ্ক রহিল মোর ই তিন ভুবনে ॥৫
স্বর্গে৬ আছিনু মুঞি ইন্দ্রের বিদ্যাধরী ।
পৃথিবীতে মনসা আনিল সত্য করি ॥
পদ্মাএ করিল সত্য দেবতা বিদিত ।
সঙ্কটে করিব রক্ষা জায়া৭ পৃথিবীতে ॥
সঙ্কটেত রক্ষা জদি না করে ব্রাহ্মণী ।
স্ত্রীহত্যা দিব আমি এই৮ নিষ্ঠা *বাণী ॥
৯এতেক সন্ধান জদি বেহুলা করিল ।
স্বর্গেত থাকিঞা দেবী সকলি জানিল ॥৯
মনে জানে মনসা কাতর রূপবতী ।
১০সিঝাব লোহার কালাই রাখিব খিয়াতি ॥১০
দেবতী পদ্মার রূপ দূরেত রাখিয়া ।
শ্বেত মাছিরূপ দেবী ধরণ ধরিয়া ॥
বেহুলার কাছে দেবী মিলিল আসিয়া ।
রন্ধন নিকটে দেবী থাকিল বসিঞা ॥
জদি সিঝা নাহি জায় লোহার কালাই ।
তবে বিভা নাহি হয় দুর্লভ নথাই ॥
জদি ফিরা১১ ঘরে জাবে চান্দো সদাগর ।
তবে না হইবে মোর বাদ বাদান্তর ॥

*পাঠ—নিষ্ঠা

CENTRAL LIBRARY

পদ্মার আদেশে অগ্নি জ্বলিল আপনি।
সিঝিল লোহার কালাই হাসে বানিয়ানী ॥
কালাই সিঝাঞা বালী হরষিত মন।
এক অন্ন রান্ধে আর১ পঞ্চাশ ব্যঞ্জন* ॥
রন্ধন করিয়া কন্যা২ বোলে ডাক দিঞা।
শ্বশুরেক বোলো৩ ভোজন করুক আসিঞা ॥
হাত পাও৪ ধুঞা চান্দো মুখে দিলা পানি।
হরিষে অন্ন পারস করে বেহুলা বান্যানী ॥
চান্দোর আগে লোহার কালাই দিলেন ঢালিঞা৫।
ধন্য ধন্য করে চান্দো গন্ধ বানিঞা ॥
বেহুলার অন্ন চান্দো করিল ভোজন।
এক অন্ন ভুঞ্জে আর পঞ্চাশ ব্যঞ্জন।
ভোজন করিঞা চান্দো আনন্দ হইল।
রূপার ডাবরে চান্দো আচমন কৈল।
বসিলেন সদাগর৬ পালঙ্ক উপরে৬।
কর্পূর তাম্বুল খায় চান্দো সদাগরে।
বিদায় দেহ বেহাই জাব দেশেকে নাগিঞা।
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিঞা ॥

ভাটিআলি রাগ ॥১

কন্যা বরিয়া৮ দেশে চলে সদাগর৮।
দেবী মনসা আইলা সোনকাগোচর ॥
তেজিঞা৯ দেবতীরূপ ব্রাহ্মণীরূপ হঞা১০।
পাঞ্জিপুথি নিল দেবী হাতেত করিঞা ॥
বাসরে বোসিয়া আছে সোনকা বান্যানী১১।
১২ধীরে ধীরে গেলা তথা বৃদ্ধ ব্রাহ্মণী ॥১২

*পাঠ—বেঞ্জন (সর্বত্র)

CENTRAL LIBRARY

১দেবীকে দেখিয়া সোনা বন্দিয়া চরণ।
বসিবারে দিলেন উত্তম সিংহাসন ॥১
২সোনকা বোলে খড়ি দেখহ ব্রাহ্মণী ।২
সদাগর বরিঞা আইসে কেমন কন্যাখানি ॥
দেবী বোলে বোরিল কন্যা অতি কুলক্ষিনী।
ভিটাকপালী কন্যা বিরসবদনী ॥
৩মুঢ়া মুঢ়া কেশ৩ কন্যা বিরলদশনী।
ধোবার পাটের পিট বিষমনঞানী ॥
৪পিঙ্গললোচনী কন্যা দেখিতে কুবেশ।
মধ্য দেহা পুষ্ট নহে নিতম্বের বেশ ॥
একে একে সপ্ত দোষ কন্যার দেহে বৈসে ।৪
নিজ পতি খাবে কন্যা বিভার দিবসে ॥
দেবী সোনকায় এত৫ বাক্য বাণে স্বর।
হেনকালে কন্যা বরি আইলা সদাগর ॥
আপন মন্দিরে চান্দো আসিয়া মিলিল।
চান্দোর দর্শনে দেবী অন্তর্দ্ধান হৈল ॥
সোনকা বোলিঞা ডাকে চান্দো অধিকারী।
অতিক্রোধ হৈঞা বোলে সোনকা সুন্দরী ॥
কি কারণে এত দোষে বরিলা কন্যাখানি।
ছয় বধূ বাড়ী ঘরে না জান কাহিনী ॥
অলক্ষিণী৬ কন্যা বরিলে কি কারণে।
৬অবিভাত থাকিতো সে৭ আমার নন্দনে ॥
আপনে বিভা কর৮ কুবুদ্ধি সদাগর।
ছয় পুত্র মরণে পাইনু৯ বড় ডর ॥
পুত্রশোকেত আমার বড় হৈল দুঃখ।
নাহি বিভা দিব পুত্র দেখিব চান্দ মুখ ॥
মিনতি করিঞা ডাকে চান্দো অধিপতি
তন্ত্রবিভূতে১০ গায়১১ বন্দিঞা পদ্মাবতী ॥

CENTRAL LIBRARY

আইস সোনকা পাশে বৈসহ আসিঞা।
কন্যার রূপ গুণ১ দিব তোমাকে কহিঞা১ ॥
নীল মেঘেতে জেন চন্দ্র শশধর।
জেন২ বেহুলা বালী তেন বালা লক্ষীন্দর ॥
হাঁড়ির মুখেত জেন কুম্ভারে গঢ়ে সারা।
জেন৩ বেহুলা বালী তেন লক্ষীন্দর বালা ॥
এতেক বোলিল চান্দো মধুর বচন৪।
সুনিঞা সোনকা হৈল হরিষ বদন৫ ॥
সুবর্ণের পিঢ়ি নিল হাতে জলঝারি।
নইঞা৬ বাহির হৈল চান্দোর পাটেশ্বরী ॥
আসন পাইয়া চান্দো চাপিয়া বসিল।
ভৃঙ্গারের জলে চান্দো পাও পাখালিল ॥
৭তবেত সোনকা গেলো ব্রাহ্মণী জথায়।
না দেখিয়া ব্রাহ্মণীরে হইলা বিস্ময় ॥৭
না দেখ্যা ব্রাহ্মণী সোনকা মনেত ভাবিয়া।
সত্য কথা হৈলে কেনে জাবে পলাইয়া ॥
সুনহে সোনকা তুমি সাবধান হৈঞা।
বড়ই৮ সুন্দরী৯ আইলাঙ১০ বরিঞা ॥
সুন সুন সোনকা বধুর রূপ গুণ।
সকল১১সুন্দর কন্যা সর্ব্ব সুলক্ষণ ॥
বাহু মৃণাল জেন দেখিতে সুছান্দ১২।
মুখপদ্ম দেখি জেন দুনিয়ার চান্দ১৩ ॥
১৪নঞানকটাক্ষ জেন দেখিতে সুঠান।১৪
নাসা দীঘল জেন১৫ গড়ুর সমান১৫ ॥
১৬চাপার পাখুরি জেন কন্যার সর্ব্ব গাও।১৬
১৭বিশ্বকর্ম্মার নির্ম্মিত জেন সুন্দর হাত পাও ॥১৭
ত্রিভুবনের রূপ দিয়া সৃজিল গোসাঞি।
১৮ত্রিভুবনে রূপের তুলনা দিতে নাই ॥১৮

CENTRAL LIBRARY

বধূর রূপেতে জিনে ই তিন ভুবন ।
হরষিত হৈল সোনকা১ স্থনিয়া বচন২ ॥
চান্দো বোলে আগে নির্মাইব মেড় ঘর ।
পাছে বিভা দিব৩ পুত্র বালা৩ লক্ষীন্দর৪ ॥
বিভার রাত্রেতে বাদ সাধিবে বিষহরি ।
তে কারণে মেড় বান্ধে চান্দো অধিকারী ॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস ।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ।।

৫নেঙ্গা নফরেক চান্দো বোলে ডাক দিয়া ।৫
নগরের কারিগর আনহ ডাক দিয়া ॥
মনের আনন্দে বিভাইব৬ লক্ষীন্দর ।
তাহার কারণে মেড় বান্ধিব সুন্দর ॥
ধর লেহ নেঙ্গা তাম্বুল লেহ খাও৭ ।
মেড়ের কারিগর তুমি আনিয়া জোগাও৮ ॥
৯একে চাহে নেঙ্গা ছুয়জে আজ্ঞা পায় ।
নগরের কারিগর আনিঞা জোগায় ॥৯
করজোড় করি সভে করিলা প্রণতি ।
কোন আজ্ঞা কর ওহে চান্দো অধিপতি* ॥
চান্দো বোলে কারিগর তাম্বুল ধর খাও১০ ।
কানীর মর্দ্দন মেড় নির্ম্মাইঞা দেও১১ ॥
তাম্বুল পাইঞা সভে অন্তরীক্ষে জায় ।
ভাই ভাতিজা সভে আনিঞা জোগায় ॥
প্রথমে নির্মাণ করে পূর্ব্ব দিগ আল ।
উত্তর দক্ষিণ পূর্ব পশ্চিম দেওাল ॥

*পাঠ—অধিপোতি (সর্বত্র)

CENTRAL LIBRARY

নির্ম্মাণ করেন মেড় উচ্চ১ চৈদ্দতাল।
মেড়২ ঘর দেখি২ চান্দো বোল ভালে৩ ভাল ॥
পাথর আনিয়া কর্ম্মী কর্ম্ম করে ভাল।
পাথর কাটিয়া আগে বান্ধিলেন৪ চাল ॥
পাথরের স্তম্ভ গঢ়ে এ চারি দেওাল।
মাঝিয়া পাথরে বান্ধে ঘর কাচ ঢাল ॥
হরষিত হৈল৫ চান্দো মেড় দেখিয়া।
নেঙ্গা লফরেক চান্দো৬বোলে ডাক দিয়া ॥
চান্দো বোলে নেঙ্গা আমার বাক্য ধর।
নগরের কামার ডাকি আনহ সত্বর ॥
একে চাহে নেঙ্গা দুয়জে আজ্ঞা পায়।
নগরের কামার সব৬ আনিয়া জোগায় ॥
চান্দো বোলে কামার ভোগের তাম্বুল খায়।
কানীর দলন মেড়ে লোহার বেঢ়া দেয় ॥
বিশ্বকর্ম্মার নিম্মাণ দেওয়াল নইল গোড়িয়া৭।
সাড়াসি ধরিয়া লোহা নয়া৮ জায় পিটিয়া ॥
ধর্ম্ম স্বঙরিঞা বেঢ়া৯ বৈসাল্য চাপিয়া।
কামার সকলেকে১০ দেবী বোলে ডাক দিয়া ॥
পদ্মা বোলে কামার বচন স্থন সার।
মেড় ঘরে রাখ রন্ধ্র১১ ই স্থতার সঞ্চার ॥
স্থতার সঞ্চার রন্ধ্র১২ রাখ চুরি করি।
সেই পথে বিবাদ১৩ সাধিবে বিষহরি ॥
কামার বোলেন মা চান্দোর রাজ্যে ঘর।
দেখিলে সবংশে কাটে চান্দো সদাগর ॥
দেবী বোলে চান্দো জদি করিবেক বল।
আমাকে স্বঙরিহ১৪ বাছা১৫ হইবে১৬ কুশল ॥
ত্রিভুবনে জানে মোকে বিষাদি ব্রাহ্মণী।
জেই মোকে নাহি মানে তার করোঁ১৭ হানি ॥

CENTRAL LIBRARY

এ বোল বোলিঞা পদ্মা রথে ভর করে।
কর্ম্মকারে থুইল পথ১ সুতার সঞ্চারে ॥
নেঙ্গা লফরে চান্দো বালেন সত্বরে।
তুরিতে আনহ বাছা মনাই চিত্রকরে ॥
চান্দোর বচনে নেঙ্গা করিল গমন।
মনাই চিত্রকরেরে আনিল ততক্ষণ ॥
ডাড়াইল চিত্রকর করিঞা প্রণতি।
কি কর্ম্ম করিব আজ্ঞা কর চন্দ্রপতি ॥
চান্দো বোলে মনাই তাম্বুল ধর খাও২।
লক্ষীন্দরের মেড় চিত্র করি দেও৩ ॥
হেঙ্গুল৪ মারিল মনাই হরিতাল৪ পিসিল।
এক চিত্ত হঞা মেড় লিখিতে লাগিল ॥
প্রথমে লিখিল মনাই অবতার ধর্ম্ম।
ফুলের দেবতা লেখে আর বিশ্বকর্ম্ম ॥
মুসাএ গণেশ লেখে৫ ময়ূরে কার্ত্তিক৫।
৬সপ্ত ঘোড়ায় লেখে দ্বাদশ আদিত্য ॥৬
মগরবাহনে লেখে গঙ্গা ভাগীরথী।
সিংহবাহনে লেখে৭ দেবী ভগবতী৭ ॥
ঐরাবতবাহনে লেখে দেব পুরন্দর।
মহিষবাহনে লেখে যম ভয়ঙ্কর ॥
শশকবাহনে লেখে চন্দ্র শশধর।
ঢেকিবাহনে লেখে নারদ মুনিবর ॥
ছাগলবাহনে লেখে অগ্নি অবতার।
হরিণবাহনে লেখে ঐরাবত৮-কুমার ॥
৯মনে মনে মনাই এই কৈল সার।
বিড়ালবাহনে লেখে ষষ্ঠী অবতার ॥৯
হংসবাহনে লেখে ব্রহ্মা তপোধন।
থাটে পাটে লেখেন১০ সকল১১ দেবগণ ॥

CENTRAL LIBRARY

নানা দেব লেখে মনাই হরিষ বদন।
১তারপর লেখে মনাই জত১ পক্ষগণ ॥
প্রথমে২ গড়ুর বীর লেখে৩ মহাবল।
রাজহংস লেখে জার গমন শীতল ॥
চখয়া চখই লেখে আর সুয়া সারি।
ময়ুর তিতির লেখে আর টিটিহিরি ॥
রাজবালি৪ হংস লেখে আর চন্দ্রচূড়।
ময়না মোহচুম্বি লেখে আর গুড়গুড়া ॥
ভারই পৈক্ষ৫ ঘুঘু লেখে আর লক্ষ্মীপেঁচা।
তাম্র পানিকাউরি৬ লেখে আর কাদাখচা ॥
শঙ্খচিল লেখে আর৭ বক কেউরি৭।
নাটুয়া ময়না লেখে ঘুগিনি গৃধিনী ॥
খঞ্জন খঞ্জনী লেখে হরিআল৮ কবুতর৯।
সারস১০ আদি পক্ষ১১ লেখে মেড়ের ভিতর ॥
হাড়িচাচা পক্ষ১২ লেখে ঝাপে ঝাপে জায়।
সাতভায়া১৩ লেখে১৪ আর সদাই১৪ চেচায়১৫ ॥
নানা জাতি পক্ষ১৫ লেখে উপরে খঞ্জন।
১৬তাহা দিয়া১৬ লেখে মনাই কৃষ্ণের বৃন্দাবন ॥
১৭পুষ্পের বর্ণনা লেখে হঞা এক মন।
জাতি জুতি পুষ্প জত লেখে পুষ্পবন ॥১৭
টগর তুলসী লেখে চাপা নাগেশ্বর।
করবী কমল১৮ লেখে পারলি বিস্তর ॥
কেয়া কেতকী লেখে গন্ধরাজ জুতি।
১৯তাহা দিয়া১৯ লেখে মনাই নবঙ্গ মালতী ॥
ওড় টগর২০ লেখে২০ শতদল কমল।
২১তাহা দিয়া২১ লেখে মনাই পদ্ম উৎপল ॥
বান্ধুলী২২ কমলী লেখে২৩ অষ্টদল কমল২৩।
লারাঙ্গা২৪ কমলা লেখে গিরি খাজুর তাল ॥

CENTRAL LIBRARY

১লাকরি পাকরি১ লেখে কদম্ব তেতুল।
আম্র জাম্র লেখে পলাশ শিমুল ॥
অশোক কিংশুক লেখে বদরি শ্রীফল।
২জম্বির কোলঙ্গ২ লেখে আর অমৃত ফল ॥
আগর চন্দন লেখে আর স্বরল৩।
৪শাল পিয়াল লেখে নবঙ্গ জাতিফল ॥৪
৫তেজপাত আমলকী লেখে সহড়া বহড়া ॥৫
৬আঙলা হরিতকী আর লেখে৬ আমড়া৭ ॥
৮যতনে লিখিল মনাই কত নিব নাম ॥৮
স্বর্গ মর্ত্ত্য পাতাল লেখে অতি অনুপাম ॥
হস্তী অশ্ব লেখে মনাই আর সিংহ সার।
গাড়া৯ মহিষ লেখে১০ উট জে১০ আপার ॥
হরিণ শূকর লেখে আর কৃষ্ণসার।
শ্রিকাল কুকুর লেখে আর জে বিড়াল ॥
অরণ্য বন লেখে মনাই গ্রাম নগর।
দেউল মণ্ডপ লেখে আর লোতন১১ ঘর ॥
বাসর উপরে সজনা১২ আপার।
মরিচ পিপ্যলি১৩ লেখে কি কহিব আর ॥
লাউ কুষ্মাণ্ড১৪ লেখে জতেক আনাজ।
বস্তকা নলিতা১৫ লেখে সরিষা ভৃঙ্গরাজ ॥
ধান্য যব লেখে১৬ সব আর লেখে১৬ তিল।
আদা হরিদ্রা লেখে জতেক আছিল ॥
মেড়েত লেখিঞা মনাই সকল কৈল সার।
মেড়ের উপরে লেখে দশ অবতার ॥
এতেক লেখিয়া মনাই না পুরিল মন।
১৭আর কিছু লেখিবারে করিল যতন ॥১৭
বৈরাটি১৮ নগরের১৯ লেখে কাহ্নাই শ্রীদাম।
২০রাধিকা সহিতে জতো ব্রজাঙ্গনাধাম ॥২০

CENTRAL LIBRARY

দধি নঞা রাধিকা মোথুরাকে জায় ।
কদম্বের তলে কৃষ্ণ১ মুরলী বাজায়১ ॥
প্রয়াগে মাধব লেখে উরুস্তায় জগন্নাথ ।
মন্দারে মধুসূদন কাশীতে বিশ্বনাথ ॥
পর্ব্বতে গোধন লেখে কৃষ্ণ অবতার ।
নন্দ উগ্রসেন লেখে বিশ্ব অবতার ॥
পর্ব্বত গভর লেখে গুহা ঠাই ঠাই ।
একেক গোপের লেখে ষোল শত গাই ॥
উপরে মুকুতা নাম্বে হেটে পাটের থুপি ।
কৃষ্ণের সঙ্গ্যানি লেখে ষোলশো অষ্ট গোপী ॥
২ষোল শত গোপী কৃষ্ণের করে বেশ ।২
গরুড়ে নারায়ণ লেখে বসোয়ায় মহেশ ॥
দক্ষিণে সুভদ্রা৩ লেখে বামেতে বলাই ।
৪যতন করিয়া লেখে৪ লেখাজোখা নাই ।
রতি কামদেব লেখে অনিরুদ্ধ কুমার ।
উষা বালী লেখে তাহার বাসর ঘর ॥
তাহার উপরে লেখে দশ অবতার ।
মীনরূপে কৈল চারি বেদের উদ্ধার ॥
কুর্ম্মরূপে লেখিলেন দেব চক্রপানি ।
তাহার পৃষ্ঠেত মনাই লেখিল ধরণী ॥
বরাহরূপেতে পৃথিবী দন্তেত ধরিল ।
নরসিংহরূপে হিরণ্যকস্যপু৫ বিদারিল ॥
বলি ছলিল ধরি বামনরূপ হঞা ।
পরশুরামরূপে হরি নিখেত্রি করিঞা ॥
শ্রীরামরূপে হরি রাবণ বধিয়া ।
অশোকবন হৈতে সীতা আনিল উদ্ধারিয়া ॥
বোদ্ধরূপ৬ লেখে আর কলি অবতার ।
লিখন করিল মনাই দশ অবতার ॥

CENTRAL LIBRARY

১এতেক লিখিয়া মনাই না পুরিল মন ।১
কলার বাগান লেখে আর আম্রবন ॥
মালির মালঞ্চ লেখে লাপিতের দপ্পনি ।
মাথাতে পশার লেখে নাসের গোয়ালিনী ॥
একে একে নাম লিতে বিলম্ব আপার ।
মেড়ের২ চারি দিগে২ লেখে সকল সংসার ॥
হরষিতে মেড় মনাই করিল নির্ম্মাণ ।
৩সদাগরে জানাইল হৈঞা নম্রমান ॥৩
৪মেড় দেখি সদাগর আনন্দ হইল ।৪
নানা অভরণ অঙ্গে মনাইকে দিল ॥
সাল দোসালা ঘোড়া দোলা আদি জত ।
জতো দ্রব্য দিল সাধু সে লিখিব কত ॥
৫মেড়ের চৌদিগে চান্দো ফিরে হরষিতে ।
কেমনে আসিবে কানী মেড়ের মধ্যেতে ॥
৫তবে সদাগর এই মনে বিচারিল ।৫
৬উজানি নগরে সাধু সংবাদ পঠাইল ॥৬
তন্ত্রবিভূতে গায় মনসার দাস ।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

মেড় নির্ম্মাণ হৈল লোক উজানি পঠাইল
বিবাহের করেন উৎজোগ ।
দৈবজ্ঞ ডাকিয়া আনে করে দিন শুভক্ষণে
দ্রব্য সব করেন সঞ্জোগ ॥
চম্পালির নরনারী সভে সাজে ঘরাঘরি
বাদ্য নিঞা সাজে বাজনিঞা ।
ঘরে ঘরে জত জন ইষ্ট মিত্র বন্ধুগণ
আমন্ত্রণ করেন বানিঞা ॥

CENTRAL LIBRARY

১লক্ষে লক্ষে১ ঘোড়া হাতী সৈন্য সাজে সেনাপতি
প্রবেশিলা চম্পালি নগরে২ ।
আইল জে শশিধর উমাপতি দিবাকর৩
পূর্ব্ব দিগে জাহার নিবাস ॥
কোটি কোটি সেনা সাজে লক্ষ লক্ষ গজরাজে
বাদ্য বাজে হাজার পঞ্চাশ ।
৪দক্ষিণের শঙ্খধর ধনমন্ত ধনেশ্বর৪
আইল জত নাহি লেখাজোখা ॥
দক্ষিণের সাধুগণ আনন্দ হইয়া মন
চম্পালি নগরে দিল দেখা ।
পশ্চিমের আইল কাজি হুসেন শাহ গাজী
বাজনিঞা বিবিধ প্রকার ॥
হাতী ঘোড়া আসোয়ার লেখাজোখা নাহি তার
৫সাহু লোক আইল আপার ।৫
গঙ্গাধর দুর্গাবর৬ ধনপতি সূর্যধর৭
৮উত্তর দিগে৮ জাহার বসতি ॥
চতুরঙ্গ৯ দল সঙ্গে আইল তারা মনরঙ্গে
দেখিয়া আনন্দ চন্দ্রপতি ।
সাজিল ব্রাহ্মণগণ ১০দক্ষিণার আমন্ত্রণ১০
পুথি নঞা সাজে পুরোহিত ॥
নির্ত্তকী১১ নাটুয়া ভাট সাজে ভিক্ষুকের ঠাট
ভাণ্ডি১২ নঞা সাজিল নাপিত ।
বাজনিয়াগণ সাজে নানা জাতি বাদ্য বাজে
দামামা ভেউর১৩ করতাল ॥
জোড়া কাড়া বীণা বাশি দগড় দামামা১৪ কাঁসি
১৫শঙ্খ শিঙ্গা মৃদঙ্গ কাহাল ।১৫
ঢাক ঢোল১৬ জয়ঢোল মহাশব্দে গণ্ডগোল
বেণি পিনাক সে সাহনি১৭ ॥

CENTRAL LIBRARY

৯আর বাজে৯ সপ্তস্বরা স্বর মোহন দোতারা
বাদ্য বাজে এক অক্ষৌহিনী।
১বানিয়ার জাতিগণ আইল সভে জনে জন
দেশে বিদেশে জত আছে ॥১
তন্ত্রবিভূতে২ গায়৩ ৪বন্দিয়া মনসার পায়৪
৫রাহোগণ সাজে তার পাছে ॥৫

৬তবে চান্দো মহারাজ করিল কেমন কাজ
রাহোগণ করে নিমন্ত্রণ ।৬
৭চাম্পালির জত নারী চলে সভে শীঘ্র করি
লখাইর বাড়িতে শুভক্ষণ ॥৭
বালার বিবাহ কাজে রাহো পতিব্রতা সাজে
ব্রাহ্মণী সজ্জনী নানা জাতি।
সাজে সভে সারি সারি সভার হাতে ঘটবারি
কাহার মাথায় চালুন বাতি ॥
সাজে কন্যা কলাবতী কোসল্যা কাঞ্চনী রতি
আর রাহো কেকয়ী৮ কলঙ্কি।
খঞ্জনীনঞ্চানী চলে মঙ্গল করে পদদলে
৯অষ্ট সখী সঙ্গে চলে রঙ্গী ॥৯
সাজে জয়া বিজয়া হীরা জিরা মহামায়া
মাধবী মালতী মনোরমা।
১০রতনীয়ার রত্নমালা১০ সাজে কন্যা জয়মালা
মণিমালা সাজে মেঘমালা ॥
শীতলী পাতলী কলা অসি উর্ব্বশী লীলা
সাজে সভে হঞা হর্ষমনা১১।
সুভদ্রা দ্রোপদী সীতা ১২রূপ যৌবন সমন্বিতা১২
১৩হেটমুণ্ড হঞা চলে নাজে ॥
কৌতুকী উদয়তারা সাজে বিদ্যাধরী পারা১৪
রতি গঙ্গা সাজে তার মাঝে ॥

CENTRAL LIBRARY

সাজে জত কন্যাগণ পহ্নি নানা অভরণ
নানা বর্ণে পট্টি সব সাট্টি।
উলু উলু মঙ্গল ধ্বনি চম্পাই নগরে স্থনি
রাহোগণ আইল চান্দোর বাড়ি॥
১ব্যাস আদি১ মুনি ভার্গব জামদগ্নি
সভে আইলা চান্দোর নিমন্ত্রণে।
তবে চান্দো সদাগরে বাসা দিল ঘরে ঘরে
বসিবারে দিলেন আসনে॥
২আনিয়া জত২ বন্ধুজন করিয়াত শুভক্ষণ
বান্ধিলেক বিচিত্র ছন্দদোলা৩।
৪মুক্তা মণি বান্ধা টানায় উপরে চান্দা৪
চৌদিগে গাথিঞা দিল মালা॥
৫রম্ভা রোপে সারি সারি মধ্যে আরপিল বাঁরি
চতুর্দ্দিগে বসিলা ব্রাহ্মণে।৫
নানা বিধি বেদমতে পূজা করে প্রজাপতে
ভট্ট করে৬ মঙ্গল গায়নে৬॥
৭দিয়া জয় জয়কার পূজা করে গণেশের
নখাইর গন্ধ অধিবাস।৭
জত নারী নিতম্বিনী ৮সভে চলে আপনি৮
সোনকার হৃদএ উল্লাস॥
তবে চান্দো সদাগরে বালার অধিবাস করে
দ্বিজগণে করে বেদধ্বনি।
মহী গন্ধ ধান্য শিলা৯ শত দূর্বা পুষ্পমালা
ফল ঘৃত যব আর দধি॥
স্বস্তিক সিন্দুর হেম রজত দর্পণ ক্ষেম
কজ্জল রোচনা১০ যথাবিধি।
সিদ্ধার্থ চামর শঙ্খ ভুবনে উপমা রঙ্ক
প্রশস্ত প্রদীপ বিভূষিত১১॥

CENTRAL LIBRARY

হরিদ্রা বালাকে দেয় রাহোগণে জয় জয়
দেখি চান্দো হৈলা হরষিত।
১নয়া জায় লক্ষীন্দরে জলধারা দিয়া ঘরে
আনন্দে সকল রাহোগণে ॥১
২তন্ত্রবিভূতে গায় বন্দিঞা মনসার পায়
মনসার বরে পদ ভুনে ॥২

৩কোন কোন জাইতের ঘরে
তিলি মালির ঘরে
লেহ গুয়া করি
দেহ জলের ঝারি ॥ ধু ॥৩

৪জল সাধে সোনকা নারীজন।
জত রাহো সঙ্গে করি ই জল সাধন ॥৪
জল৫ সাধিয়া হৈল৫ সোনকার৬ গমন।
আপন মন্দিরে জাঞা দিল দরশন ॥
তখন দেবতী পদ্মা কোন কর্ম্ম করে।
রাইহোও৭প ধরি গেলা সোনকা গোচরে ॥
চান্দো বোলেন দেখ সোনকা সাধুয়ানী।
রাহোমধ্যে আসি আছে চেঙ্গমুড়ি কানী ॥
এমত৭ স্থনিল পদ্ম চান্দার বচন।
ডরে পলাইয়া দেবী হৈলা অন্তর্দ্ধান।
৮হেমতাল নড়ি নঞা খেদারিয়া জায়।
চান্দোকে দেখিয়া পদ্মা ভয়েতে পলায় ॥৮
তন্ত্রবিভূতে গায় মনসার দাস
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

CENTRAL LIBRARY

বোলে চান্দো দুর্ব্বার স্থন ওহে১ চৌকিদার
২বচনেক পালিহ২ আমার।
চিহ্নার মনিস্য পাই৩ মহলে আসিতে দেই৩
অচিহ্নার৪ নাহি দিয় জাইবার৪।
পঞ্চম দুয়ারে গিঞা তুলাই খাট বিছাঞা
৫হাতে হেমতালের প্রহার ॥৫
দ্বারেত সচেতন৬ করি গেলা চান্দো অধিকারী
কোন পথে আসিবে বিবাদি।
অবে দেবী বিষহরি নিজরূপ পরিহরি
লখাইর দেখিতে আইলা সাদি৭ ॥
অলঙ্কার বিভূষিত হাতে বাটা আনন্দিত
ছায়ামণ্ডপে৮ নামিলা৯ সত্বর।
ছায়ামণ্ডপ১০ গিয়া নখাইক১১ দেখিয়া
হলদি দিল বারির উপর ॥
আনন্দ সানন্দ কৈল নখাইকে হলদি দিল
রাহোসব গায়েন১২ মঙ্গল।
অপ্সরা সদৃশ হয় দেবীর মঙ্গল গায়
অনুমানে সোনকা চিহ্নিল।
দেবীকে দেখিয়া সোনকা আনন্দ হয়া
গন্ধ পুষ্পে দেবীকে পূজিল ॥
জে দ্রব্য থুঞাছিল১৩ সদাগরে হরগৌরী পূজিবারে
সে সজ্জ নৈল থাল ভরিঞা।
নানা বিধি অষ্টদল মোদক চম্পকদল
১৪পূজে সোনা ভকতি করিঞা ॥১৪
বোলে দেবী পদ্মাবতী না জানে চান্দো অধিপতি
আজি আমি খিয়াতি রাখিব।
অষ্ট অলঙ্কার পড়ি আপনার বেশ ধরি
আজি চান্দোর আগে দিয়া জাব ॥

CENTRAL LIBRARY

পথেতে ঞাচল দিঞা ১পঞ্চ থুপি বানাইয়া১
২জায় দেবী চান্দোর আগে দিয়া ॥২
১২দেবীকে দেখিতে পাইল চান্দো সঙ্কুচিত হৈল
কানী আইল মায়া পাতিয়া ॥১
৪হাতে হেমতাল ছিল দেবীর উপরে মাইল
ক্রোধে চান্দো বোলে গঞ্জিঞা ।৪
৫তোর জদি লাগ পাঙ যমের দ্বারে পঠাঙ
মাথা ভাঙ্গো হেমতাল দিঞা ॥৫
দেবীর হাতে বাটা ছিল চান্দোর৬ মাথে ফেলিঙ মাইল
পড়ে চান্দো মূর্চ্ছিত হইয়া ॥
তন্ত্রবিভূতি কবি বন্দো মনসা দেবী
দ্বিজমুনি অস্তিকের মতা ।
অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥

বরারি রাগ ॥

হাতে হেমতাল চান্দো রহিল প্রহর ।
রজনী প্রভাত হৈল উদিত দিবাকর ॥
স্নান সন্ধ্যা করিলেন চান্দো সদাগর ।
৭বিবিধ বিধানে৭ চান্দো আরাধে শঙ্কর ॥
চান্দোর আরাধনে শিব আইলা ততক্ষণ ।
করজোড়ে বোলে শিবের ধরিয়া চরণ ॥
তোমার ঝি হয় কানী বিষহরি ।
মারিব তাহাকে আমি তোমাকে গোচরি ॥
বিষহরি ঝি মোর তুমি পুত্রবর ।
প্রীত করিয়া থাক বিবাদ না কর ॥

CENTRAL LIBRARY

১তার সঙ্গে বিবাদে তোমার নাহি ফল।
পদ্মার স্বহাএ তোমায় সর্ব্বত্র কুশল ॥১
২করজোড়ে বোলে২ চান্দো বিনয়৩ করিয়া।
লক্ষীন্দরের বিভায় আইলে৪ ফেলিব মারিয়া৪ ॥
এবোল বোলিয়া চান্দো পূজা বিসর্জ্জিল।
বসোয়ায় চড়িয়া শিব কৈলাসে আইল৫ ॥
মহেশ পূজিয়া চান্দো হয়া৬ হরষিত।
পিতৃশ্রাদ্ধ করে চান্দো নঞা পুরোহিত ॥
কুশ হস্তে৭ করি চান্দো৭ আচমন কৈল৮।
নান্দিমুখ শ্রাদ্ধ৯ আদি সকলি করিল৯ ॥
পিতৃমাতৃ পূজি চান্দো হরিষ অন্তর১০।
শ্রাদ্ধের দক্ষিণা দিয়া তুষিল দ্বিজবর১১ ॥
গুয়া পান দিয়া চান্দো হৈলা১২ নমস্কার।
আশীর্ব্বাদ দিয়া বোলে বিবিধ১৩ ব্যবহার ॥
বিবাহের কার্য্য কর চান্দো সদাগর।
ভাল শুভক্ষণ হৈল বিবাহ লক্ষীন্দর১৪ ॥
১৫আপন মন্দিরে বিপ্র করিল গমন।১৫
চান্দো বোলে সোনকা তুমি চড়াহ১৬ রন্ধন ॥
সোনকা বান্যানী জায়া রন্ধন করিল।
এক অন্ন পঞ্চাশ ব্যঞ্জন প্রস্তুত করিল ॥
সোনকা জাইঞা চান্দোক কহিতে লাগিল।
রন্ধন সামগ্রী সব প্রস্তুত হইল ॥
কুটুম্ব সজ্জনে চান্দো বোলেন ডাকিঞা।
রন্ধন প্রস্তুত হৈল ভোজন করি গিঞা ॥
১৭ভোজন গুয়া দিল চান্দো আপন জ্ঞাতিকুলে।১৭
লাটুয়া১৮ গায়নে চান্দো প্রবোধে সকলে ॥
১৯সকলে প্রবোধি চান্দো খায় আদা নোন।১৯
২০ জ্ঞাতি কুটুম্ব নঞা করিল ভোজন ॥২০

CENTRAL LIBRARY

১মুখে পান দিয়া চান্দো বসিলা সিংহাসনে ।১
লখাইর বেশ করে ব্রাহ্মণ সজ্জনে ।
বাদ্যকর আসিয়া বাজায় বাদ্যগণ ।
নাটুয়া গায়ন গীত করেন নর্তন ।।
বাদ্যের শব্দে কাপে চাম্পালি নগর ।
ঘোড়া হাতী সৈন্য সেনা সাজিল সত্বর ।।
তন্ত্রবিভূতে গায় মনসার দাস ।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ।।

২লক্ষ্মীন্দরে বসাইঞা হরিদ্রা আমলকী দিঞা
দিব্য কৈল অঙ্গের মার্জন ।।ধু।।২

৩সাজে বালা মহারঙ্গে অলঙ্কার পড়ি অঙ্গে
জোড় পাগুরি শিরে বান্ধে ।৩
৪সোনারূপা ঝলমল জেন সাজে দিবাকর
বিচিত্র মুকুট* শোভে মাথে ।।৪
কস্তুরি চন্দন অঙ্গে নেপিল পরম রঙ্গে
কপালে কেশর ফোটা শোভে ।
নানা পুষ্পে গাথি মালা গলাতে পোরিল৫ বালা
ভ্রমরা ভ্রমএ মধুলোভে ।।
হাতে৫ বালা শোভে৫ তার৬ গলে গজমতি হার
মকর কুণ্ডল কর্ণমূলে ।।
দিব্য *বস্ত্র অভরণ করিলেন পরিধান
৭সুবর্ণের* অঙ্গুলি অঙ্গুলে ।।৭
৮লক্ষ্মীন্দরের বেশ দেখি পালটিতে নারে ঞাখি
নর নারী একদৃষ্টে চায় ।।৮

*পাঠ—মোকুট, *পাঠ – দিব্য, *পাঠ—সোবর্ণের (সবত্র)

CENTRAL LIBRARY

১সভে বোলে হায় হায় এমন পুরুষ তায়
কি দিয়া গঢ়িল বিধাতায় ॥১
২হস্তেত দর্পণ করি সখিগণ সহচরী
শীঘ্র গেলা জননীর ঠাই ।২
৩মায়ের চরণ ধরি বোলএ বিনয় করি
আজ্ঞা কর বিবাহেকে জাই ॥৩
৪স্বর্বিভূতি৪ কবি বন্দ মনসা দেবী
৫সুখ মোক্ষ বরের কারণ ॥৫
৬দুষ্ট দুঃখ সর্প ভয় এ সব করিতে হয়৬
বন্দো দেবী মনসাচরণ ॥

৭মায়ের দুলাল বাছা দুর্লভ লখাই ।
না জাইহ বিবাহে বাছা না হবে ভালাই ॥৭
মনসা না পূজে তোমার পিতা দুরাচার ।
এক কালেচ ছয় ভাই মরিলে তোমার ॥
একে একে ঘরে মোর ছয় বধূ রাড়ী ।
তবো নাহি পূজে সাধু দেবী বিষহরি ॥
লঙ্কাতে মরিল মোর কুলপানি কোঙরে ।
ধনজন চৌদ্দ ডিঙ্গা ডুবালা সাগরে ॥
বর দিয়া তখনি কহিল ধনন্তরি ।
বিভারাত্রে লক্ষীন্দর খাবে৯ বিষহরি ।
তোমার উপরে মনসার অধিকার ।
বিবাহের রাত্রে তোমাকে১০ করিবে সংহার ॥
বিবাহ না কর বাছা মোর প্রাণহানি ।
দাসী করি দিব আমি এক শত বানিয়ানী ॥
বালা বোলে জননী না কর তুমি ভয়।
কপালে লিখন জত খণ্ডন না জায় ॥

CENTRAL LIBRARY

মেড়ের ভিতরে নাহি বায়ের সঞ্চার।
মেড় ঘরে থাকিলে কি ভয় আছে কার॥
সর্ব্বদাএ মাও তুমি না কর বিষাদ।
বিবাহে জাই মাগো দেহ আশীর্ব্বাদ॥
মায়ের চরণে বালা হইল বিদায়।
তন্ত্রবিভূতি১ করি বিরচিঞা গায়॥

চান্দো সাজন সাজে কাঢ়া মান্দোল২ বাজে
কাসি বাজে বীণা করতাল।
দগড় বাজে ঘন কাঠি তোলপাড় করেন৩ মাটি
এক শত ফুকরে কাহাল॥
দোঁসরি মোহরি বাজে নানা বর্ণে পাইক সাজে
ঢাক ঢোল৪ বাজে করতালি৪।
৫কত শত৫ বাজে ঢাক ৬ল ফেরি বাজয়ে বাঁক৬
ঢাকের৭ শব্দে কর্ণে লাগে তালি॥
শঙ্খের শব্দের রোল আশি গোণ্ডা বাজে ঢোল
দামামা বাজে মেঘের গর্জ্জন।
৮কবিলাস বিলাস স্থনিতে বড়ই ত্রাস
রবাব বাজে মধুর সমান॥৮
ঘাঘর আর৯ নপুর স্থনি শব্দ স্থমধুর
নানা বাদ্য বাজএ বিস্তর।
১০ঘণ্টা বাজে ঠনঠনি আর বাজে শঙ্খধ্বনি
সাজন সাজএ সদাগর।১০
দোসরিয়া বড় রঙ্গ ডম্ফ করে গম গম
১১জগঝম্প বাদ্য১১ নাদ পুরে।
১২লখাইর শুভক্ষণ হরষিত সর্ব্ব জন
চান্দো জাবে উজানি নগরে॥১২

CENTRAL LIBRARY

১চলে বালা উজানি নগর।
নাটুয়াতে নৃত্য *করি আর জত বিদ্যাধরী
কটক নিল পঞ্চাশ হাজার ॥ধু॥১

চান্দোর কটক চলে ২মহারঙ্গ কুতূহলে২
বাদ্যের শব্দে নাগে তালি।
৩নাটুয়াতে নৃত্য করে সৈন্য সেনা আসোয়ারে,
আস্ফাল করএ সভে মেলি ॥৩
বন্দুকের ছুড়ছুড়ি পাইকের হুড়াহুড়ি
পথাপথ কেহ নাহি দেখে।
ঢালি খাড়াইতগণ আস্ফালন জনে জন
রায়বাস্তা আগু হৈঞা থাকে ॥
পুষ্পের বাগান জত তাহার লিখিবু কত
আগে পাছে চলে সভে কান্ধে।
হাওই ছুছুন্দরী ভৃঙ্গিচাম্পা পেটারি
সেতাহার আগে আগে বান্ধে ॥
গেন্ধ আর গোতাথোর আতসের নাহিক ওর
স্থানে স্থানে জলে অবিরত।
আতসের শব্দ শুনি হস্তী ঘোড়ার কিনকিনি
বাদ্যের শব্দ আর জতো ॥
সঘনে উঠয়ে কাপ সৈন্য সেনা করে দাপ
স্তুনি সব লোকে চমৎকার।
সাধুর জে মহাদলে জলস্থল ছাঞা চলে
দিগবিদিগ জে আপার ॥
চলে সাধু চন্দ্রপতি নাহি সন্ধ্যা দিবা রাতি
উজানি পাইল কতোক দূরে।
দেখিয়া গঙ্গার রোল সৈন্য করে গণ্ডগোল
কেমনে হইবো সভে পারে ॥

*পাঠ—নির্ত্ত

CENTRAL LIBRARY

১তন্ত্রবিভূতি কবি বন্দ মনসা দেবী
দ্বিজ মুনি অস্তিকের মাতা।
অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥১

ও গো তোর মহিমা না বুঝিতে পারি গো ভবানী মা ॥ধু॥

চলিল চাম্পালিপতি চতুরঙ্গ দলে।
টলমল করে মহী সাগর উথালে ॥
২চন্দ্রপতি বোলে সভে মোর বাক্য ধর।
ভাটির জে লাইয়াগণে আনহ সত্বর ॥২
৩এতেক বচন জদি পাইকগণ পায়।
উজান ভাটির লৌকা আনিঞা জোগায় ॥৩
৪তিলেকে হইল পার জত সৈন্যগণ।
হরসাধু মণ্ডলের দেশে করিল গমন ॥৪
সৈন্য সামন্ত৫ সাজি চলে চান্দো সদাগর।
হরসাধু৬ মণ্ডলের দেশেও হৈল চমৎকার ॥
৭পলায় দেশের লোক সৈন্যের তরাসে।
কেহ বোলে কোন রাজা নিতে আইল দেশে ॥৭
পালাও পালাও বলি হৈল গণ্ডগোল।
স্ত্রী পুরুষ পলাইল হৈঞা উত্তরোল ॥
বৃদ্ধ আবাল৮ পলায় যুবক ছওাল৯।
১০সন্ধ্যা সময়ে পলায়১০ রাজ্যের কোত্তয়াল ॥
পলায় ব্রাহ্মণ১১ নিঞা১২ পাঞ্জি পুথি১২।
১৩রাজ্যভার ছাড়ি পলায় ক্ষেত্রী জাতি ॥১৩
বৈশ্য গোয়াল গলায় পলায়১৪ বনে এড়ি পাল১৪।
১৫কোচ শূদ্র পলায় বনে এড়ি হাল ॥১৫

CENTRAL LIBRARY

ঠাঠারি কাসারি পলায় কামার কুম্ভার।
চারি জাতি পলাইল গড়া পিটা জার ॥
সোনার১ ছুতার পলায় আর সব জাতি।
২পানি তাঁতি পলায় হাতে নঞা কাতি।২
ভাট ভিখারী৩ পলায়৪ পলায় গণক জাতি৪।
৫কোলের ছওাল ছাড়ি* পলায় কাচা পোয়াতি ॥
৬ধোবা জাতি পলায় তেলি আর সুঁড়ি।৬
হাতে নাটি করি৭ পলায়৮ বৎসর শতেক ৮ বুড়ি।
৯কেহ বোলে বুড়ি পলায় কাহার জে ডরে।
কেনে পলাইছ তুমি বসিয়া থাক ঘরে ॥৯
১০বুড়ি বোলে উত্তর দিতে আমার কি নাজ।
এমন বুড়া আছে জে বুড়ীকে পাইলে কাজ ॥১০
১১ডোম পলায় আর পলায় চণ্ডাল হাড়ি।
ঘরে থাকি যুক্তি করে গাভুরা গাভুরি ॥১১
গাভুরানি যুক্তি করে ঘরের ভিতরে।
নিভাতারি ভাতার পাবে মঙ্গলচণ্ডীর বরে ॥
জে পাইকে নিয়া জাবে তার সঙ্গে জাব।
রান্ধিয়া বাড়িয়া ভাত বুকে বসি খাব ॥
১২নগর পলায়া জদি হৈল অবসান।
অবশেষে হরসাধু মণ্ডল পাইল জান ॥১২
দুয়ারে কপাট দিয়া হরসাধু পলায়।
তন্ত্রবিভূতি১৩ কবি বিরচিয়া গায় ॥

১৪রণজই রণজই বাজন বাজে ॥ধু॥১৪

শঙ্করনন্দিনী পদ্মা কোন কর্ম্ম করে।
হরসাধুর কাছে মাতা আইল সত্বরে ॥

*পাঠ—ছারি

CENTRAL LIBRARY

পদ্মা বোলে স্থন বাছা হরসাধু মণ্ডল।
কার ভরে পলাও বাছা হইঞা পাতল ॥
সাবধান হয়া১ স্থন আমার বচন।
ফিরিয়া চান্দোর সঙ্গে কর মহারণ ॥
হাতে জোর দিব তোর২ গায়ে দিব বল।
মারিয়া খেদাও বাছা বানিয়ার দল৩ ॥
৪এই বাক্য স্থনি মণ্ডল আশ্বাস জে পায় ।৪
বার পাইক নইঞা বীর৫ রণমুখে ধায় ॥
৬হাতে কোছে ইটা পাথর জেখানে জে পায়।
চান্দোর জতেক দল মরিয়া খেদায় ॥৬
বার পাইক নইঞা বীর৭ করে মহারণ।
সৈন্যমধ্যে করে বীর ঢেল বরিষণ ॥
৮শূন্যেত থাকিয়া পদ্মা আপনি প্রহারে।
হাজার হাজার পাইক এক বারে পড়ে ॥৮
কাহার মুণ্ডেত৯ নাগে পাথরের ঘায়।
নাক দিয়া রক্ত পড়ে মুখে নাহি রায় ॥
১০ফেলিয়া ফেলিয়া মারে ঢেল ইটাল ।১০
কার মাথা কাটিল১১ কার ফুটিল কপাল ॥
১২পলায় চান্দোর সৈন্য প্রাণে পাঞা ডর ।১২
১৩কত পাইক লুকায়া ফিরি গেল ঘর ॥১৩
কত পাইক স্থকাইল১৪ বন আবঝারে১৪।
১৫কেহ জাঞা সান্ধাইল১৫ সিয়ালের গাঢ়ে ॥
প্রাণের তরাসে পাইক গোহালে১৬ সামায়১৭।
জাবর জুবড় দিয়া ছুয়ার বুজায় ॥
পলাইয়া জায় কেহ বেঁউর বাশের তলে।
১৮দুর্জ্জন ভেঙ্গুরুল তাহাকে করে বল ॥১৮
ভেঙ্গুরুলের কামড়ে শরীরে হৈল তাপ১৯।
চাল থাড়া এড়ি পাইক জলে দিলা ঝাপ ॥

CENTRAL LIBRARY

১ডুবিয়া মস্তক তোলে হইয়া ফাফর।
ছুতা হাঁড়ি তুলিয়া দেয় মাথার উপর ॥১
পলাইল জত সৈন্য প্রাণে পাঞা ডর।
একাই২ রহিল চান্দো আর লক্ষীন্দর ॥
শিরে হাত দিয়া কান্দে চান্দো অধিকারী।
বিবাদ সাধিল দেখি৩ ঢেমনাভাতারি ॥
ঘরের নফর মোর হরসাধু মণ্ডল।
মোর সৈন্য খেদায় পদ্মার পাঞা বল ॥
না দিব পুত্রের বিভা৪ এমনি রাখিব৪।
শতেক৫ বানিয়া ঝি দাসী করি দিব৫ ॥
৬আপনার মনে চান্দো যুক্তি কৈল সার।
এমতি স্থনিল পদ্মা চান্দোর উত্তর ॥৬
পদ্মা বোলে৭ বানিয়া ফিরিয়া৭ ঘরে জায়।
কেমনে সাধিব বাদ৮ না জানি৮ উপায় ॥
ব্রাহ্মণীমূরতি ধরি৯ গেলা চান্দো ঠাঞি।
কি কার্যে বিষাদ কর বানিয়া গোসাঞি ॥
বিবাহে বিবাদ এই সর্ব্ব দেশে হয়।
ইহার কারণে কেনে১০ চিন্ত মহাশয়১০ ॥
হরসাধু মণ্ডল হয় তোমার নফর।
দেহ গুয়া পান প্রসাদ ফিরি জাও১১ ঘর ॥
মহাস্থখে জাও তুমি উজানি নগরে।
স্থখে বিভা দেহ তুমি বালা লক্ষীন্দরে ॥
ব্রাহ্মণীর বচনে চান্দো ছাড়ে অভিমান১২।
১৩হরমণ্ডলেকে ডাকি দিল গুয়া পান ॥
১৪হাতে ধরি তাহাকে দিলেক গুয়া পান।
আনন্দ হইঞা সাধু করিল প্রণাম ॥১৪
না জানিঞা কৈলাম দোষ ক্ষেম চন্দ্রপতি।
অজ্ঞানের অপরাধ না লবে সম্প্রতি ॥

CENTRAL LIBRARY

সৈন্য সেনা হস্তী ঘোড় জেখানে জে ছিল।
আশ্বাস করিঞা হরসাধু আনি দিল ॥
আনন্দে চলিল সাধু উজানি নগরে।
তন্ত্রবিভূতি১ গায় মনসাব বরে ॥

২হরষিতে চন্দ্রপতি আশ্বাসিল সৈন্যপ্রতি
কিছু ভয় নাহিক জে আর ।২
৩ডাকি আন সর্ব্বজন কোথা বাজনিয়াগণ
বাদ্য কর সুখে আপনার ॥৩
উজানি নগর মুখে ৪চল সভে৪ কৌতুকে*
৫আপদ নাহিক কিছু আর ।৫
৬এতেক সুনিয়া সভে জয় জয় কলরবে
একত্র হইল সভে তার ॥৬
৭হরি হরি ধ্বনি করি চলে চান্দো অধিকারী
পয়দল ভরে পৃথ্বী কাপে ।৭
সাগরের উথলে জল ভূমি করে টলমল
সদাগরের সৈন্য সেনার দাপে ॥
হস্তী পৃষ্ঠে চান্দো জায় উজানি দেখিতে পায়
ডাক দিঞা বোলে সদাগর ॥
৮বাজাও বাজনিঞাগণ একত্র হও সর্ব্বজন
উজানি নগরে হউক সাড়া ।৮
আনন্দ কৌতুক মনে বাদ্য বাজে নানা বর্ণে
পাইক সভ আগে হয় খাড়া ॥
চান্দো বোলে নেঙ্গাবর সুন মোর বাক্য ধর
৯তুমি জাহ হয়া আগুয়ান ।৯
বিভা দিতে জাই আমি বার্ত্তা দিতে জাহ তুমি
১০উজানিতে বাছোক দেহ জান ॥ ১০

*পাঠ—কেতুকে

আজ্ঞা১ করে চন্দ্রপতি চলে নেঙ্গা শীঘ্রগতি
ঘোড়াপৃষ্ঠে২ হয়া আসোয়ার২ ।
লক্ষপতিক দিল জান হৈল সাধু আগুয়ান
নথাই আইল বিভা করিবার ॥
৩স্থনি বাছো সদাগর আনন্দিত অন্তর
ইষ্ট মিত্র জ্ঞাতি ডাকি আনে ।৩
স্থানে স্থানে ঘট করি কদলী রোপিল সারি
মঙ্গল করএ রাইহোগণে ॥
নানা মতে বাদ্য রব আনন্দিত পুরী সব
জামাতা দেখিতে সবে সাজে ।
আপনার পয়দল নঞা চলে সদাগর
আগবাঢ়ি জামাতার কাছে ॥
হস্তীপৃষ্ঠে ভর করি সৈন্য সেনা আগে করি
ভ্রাতৃ বন্ধু জ্ঞাতিগণ নঞা ।
গ্রামের বাহির হৈল চান্দোকে দেখিতে পাইল
দুই দলে মিশিমিশি হঞা ॥
বিহাই বিহাই দেখা বড়ই আনন্দ লেখা
মিলামিশি হৈল দুইজনে ।
জামাতা দেখিতে মন স্থির নহে উচাটন
তন্ত্রবিভূতে পদ ভুনে ॥
৪বাছো সদাগর বরিতে জায় লক্ষীন্দর
এক রূপে বিষহরির ডরে ।৪
৫জামাতা দেখিতে মন পুন পুন নিবেদন
কোন জনা বালা লক্ষীন্দরে ॥৫
বাছো বোলে নেঙ্গাভাই জামাতা দেখিতে চাই
৬আমার জামাতা কোন জন ।৬
দেখি জামাতার মুখ মনে মোর হৌক সুখ
৭সত্বরে করাহ দরশন ॥৭

CENTRAL LIBRARY

নেঙ্গা বোলে অঙ্গে জার মণিময় অলঙ্কার
কপালেতে৪ কুমকুমের ফোটা।
বাছো বোলে সর্ব্বজন অলঙ্কারে বিভূষণ
সভার কপালে শোভে ফোটা ॥
আমার জামাতাকে ১অঙ্গুলে দেখাঞা দে১
২ঘুচুক মনের মন খোটা।২
সর্ব্ব জন সমবেশ কিরূপে করি উদ্দেশ
কোন জন হয় চান্দোর বেটা ॥
নেঙ্গা বোলে শিরে জার মাথে পাগ কসিদার
জ্বলে মুখ চন্দ্রের আকার।
তোমার জামাতা হয় কর গিঞা পরিচয়
৩চতুর্দ্দিগে ঘোড়া আসোয়ার ॥৩
বাছো বোলে সভাকার মাথে পাগ কসিদার
কোন জন জামাতা আমার।
আমার জামাতা কে সত্বর দেখাঞা দে
কোন জন চান্দোর কোঙর৪ ॥
নেঙ্গা বোলে সথা৫ সাথে কনক দর্পণ হাতে
চৌদলে দুর্লভ নথাই।
চতুর্দ্দিগে পাইকগ. মাঝে৬ বানিয়ানন্দন
বর জাঞা আপন জামাই৭ ॥
শুনিয়া নেঙ্গার বাণী বানিয়ার শিরোমণি
জামাতা বরিতে সাধু জায়।
পদ্মার পাইয়া বর পদ অতি মনোহর
৮তন্ত্রবিভূতি পদে৮ গায় ॥

বাজায় নারে বাশি রাজায় না।
গোকুলে রাধার প্রাণ কান্দায়৯ না ॥ ধু॰॥১॰

CENTRAL LIBRARY

দেখিয়া আনন্দ হৈলা বাছো সদাগর ।
মনোহর১ নথাইর রূপ১ দেখিতে সুন্দর ॥
দুর্ব্বা ধান্য হাতে করি চৌদলপাশে জায় ।
প্রণাম করিল বালা শ্বশুরের পায় ॥
বদন ধরিয়া বাছো২ লক্ষ চুম্ব খায় ।
জিও জিও আরে বাছা দীর্ঘ পরমাই ৩॥
হাস্য মুখে বোলে সুন সাহ সদাগরে৪ ।
৫ধন্য তোমার মাতা ধরিলে উদরে ॥৫
মোর কন্যা সোহাগিনী হয় দেবের বরে ।
৬নানা মতে পরিচ্ছেদ নমস্কার করে ॥৬
সফল সেবিনু মুক্তি ভোলা মহেশ্বর ।
জেমতি চাহিনু তেমতি পাইনু বর ॥
এ বাদ্য বাজনে তবে৭ বাছো সদাগর ।
জামাতা৮ নইয়া আনে আপনার ঘর৮ ॥
৯চান্দোর সহিতে জত আইল লোকজন ।
বসিবারে দিল বাছো দিব্য সিংহাসন ॥৯
১০জতেক মিলন্যাগণ বৈসে সারি সারি ।
বর নয়া আইল ছায়ামণ্ডপ ভিতরে ॥১০
উজানির জত নারী দেখি লক্ষীন্দরে ।
দেখিয়া বরের রূপ১১ মূর্ছিত হঞা১১ পরে ॥
জিহ্বা১২ কাটে নারীগণ১২ করে হায় হায় ।
কেমনে সৃজন কৈল কোন বিধাতায় ॥
১৩আমার মাও বাপ তারা দুই চক্ষু ধরে ।১৩
কড়ি খাঞা বিভা দিল১৪ কুৎসিত কুবরে১৪ ॥
এক যুবতী বোলে মাও১৫ আমার কপাল পোড়া ।
আমি হেন সুন্দরী আমার স্বামী খোড়া ॥
লাঠি ধরি বৈসে খোড়া লাঠি ধরি উঠে ।
কর্ম কার্যের ক্ষেম ৬ নহে কথায় পাথর ফাটে ॥

CENTRAL LIBRARY

আর যুবতী বোলে সখী আমার কথা সুন।
আমার ঘরে কানা স্বামী চক্ষের আগুন ॥
১আর যুবতী বোলে সখী মোর বড় দুঃখ।
কুবুড়া আমার স্বামী পাতিল হেন মুখ ॥১
সেরে সেরে মাখে তৈল ডোলে ডোলে খৈল।
দুগ্ধ গুড়ে ধুইলে কি অঙ্গের ছাড়ে মৈল ॥
আর যুবতী বোলে মিথ্যা কথা নহে তোর।
মুঞি হেন সুন্দরী নারী কুব্জা ভাতার মোর ॥
কর্ম্ম কার্য্যের ভাজন নহে কথার নাগর বুঢ়া।
উভর হৈঞা শুঞা থাকে জেন খাটের খুরা২ ॥
সকল দিন শুঞা থাকে খাবার বেলা নড়ে।
চিত কর্য্যা শুতাইলে৩ কাত হঞা পড়ে ॥
আর যুবতী বোলে সোই৪ তোমার স্বামী৪ ভাল।
আমার ঘরে গোদা ভাতার সে বড় জঞ্জাল ॥
মুঞি হেন সুন্দরী নারী মোর স্বামী বুঢ়া।
দুই পা এ দুই গোদ জেন ধানের পুড়া ॥
গোদের উপরে ঘেচুল গোটা গোটা বেল।
মুই হেন সুন্দরী নারী কত দিব তেল ॥
আর যুবতী বোলে তোর কথা থাকুক এখন।
আমার কথা কহি কিছু মন দিয়া সুন।
সাগের৫ মধ্যে লটি মচ্ছের মধ্য পুঠি।
লোকের মধ্যে ভাতার মোর জেন মাচার খুটি ॥
হাটে জাঙ বাজারে জাঙ নঞা জাঙ সাথে।
৭হাটু এক পানি হৈলে৭ ডুবে মরে তাতে ॥
৮আপন আপন পতি নিন্দিয়া যুবতী।
বালা লক্ষ্মীন্দরের রূপে হৈল মূর্চ্ছাগতি ॥৮
৯তন্ত্রবিভূতি গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥৯

BENGALI MANUSCRIPT LIBRARY UNIVERSITY OF CALCUTTA

CENTRAL LIBRARY

১ও মোর বানিয়ার পো তুয়া রূপে জিনিল সংসার ॥ধু॥১

২দুই কুলের লোক বিবাহ দেখিতে২ হুড়াহুড়ি।
দেখিয়া বান্ধার রূপ মনকলা খায় বুঢ়ি ॥
এক বুঢ়ি বোলে মোকে বুঢ়ি কৈলে বিধি।
৩নহিলে ছাড়ি আমি এমন রূপের নিধি ॥৩
৪বুকে করি বালা মুক্রি ভূমে৪ না ছোয়াঙ।
চিনি গুড় প্রায় দিবা নিশি খাঙ্ ॥
আর বুঢ়ি বোলে মোর গলিল যৌবন।
তথাচ বালাকে দেখি পোড়ে মোর মন ॥
এমন সুন্দর বালা জদি নাগ পাঙ।
চিনিচাপার কলা দিঞা দুগ্ধে মিশি খাঞ ॥
আর বুঢ়ি বোলে মুই বুঢ়া হৈনু দুঃখে।
কি কহিব সোই মোর দন্ত নাই মুখে ॥
খয়ের খাঞা মোর পাকিল মাথার চুল।
ঞাখির ঠারে বালাকে করি উন্মত বাউল।
আর বুঢ়ি বোলে মুই নথাই জদি পাঙ।
গুয়া হেন কোছে থুঞা মুঠে মুঠে খাঙ ॥
তন্ত্রবিভূতে৫ গায় মনকলা খায় বুঢ়ি।
বাছোর দুয়ারে হৈল বুঢ়ির হুড়াহুড়ি ॥

কালিয়ার কপালে রাই কে দিলে চন্দন চান্দ কে দিলে। ধু॥৬

উজানি নগরে জত সাহ সদাগর।
বিবাহ দেখিতে তারা আইলা সত্বর ॥
হেনকালে দ্বারে৭ বালা হৈল উপনীত।
নৃত্য করে নাটুয়া গায়নে গায় গীত ॥
বেদ পঢ়ে ব্রাহ্মণে মঙ্গল পঢ়ে ভাটে।
নানা বাদ্য বাজন স্বনিয়া প্রাণ ফাটে ॥

CENTRAL LIBRARY

লক্ষ লক্ষ ঘোড়া হাতী ফৌজ আসোয়ার।
হাওই ছুছুন্দরি১ কত ছাড়ে দফাদার।
২চান্দোর জতেক লোক দ্বারে না সামায়।
বাছোর জতেক সৈন্য দুয়ারে রহায় ॥২
জাইতে না পায় পথ বানিয়ার ঠাঠ।
আজ্ঞা করে বানিয়া দুয়ারের মাটি৩ কাট।
আজ্ঞা পাঞা চলিল জতেক সরদার৪।
কাটিয়া ফেলি মাটি৫ বেঢ়িল দুয়ার ॥
বাছোর জে৬ দফাদার যুক্তি ভাল করে।
চরখিতে আগুন দিল সভার ভিতরে ॥
লক্ষে লক্ষে ভুই চাম্পা হাওই ছুছুন্দরি।
সৈন্যর ভিতরে হৈল আগুনের পুরী ॥
ছটছট পটপট স্থনি চারি পাশে।
জতেক চান্দোর সৈন্য পলায় তরাসে।
পাগ পোড়ে দাড়ি৫ পোড়ে৬ পোড়ে জামা জোড়া৭।
৮আসোয়ার ফেলিয়া পলায় তুরকী ঘোড়া ॥৮
৯পলায় চান্দোর সৈন্য হঞা সারি সারি।৯
ঢাল খাড়া ফেলি পলায়১০ পাইক আর ভিখারী১০ ॥
১১নানা জাতি বস্ত পোড়ে আর গুয়া পান।১১
তোবা তোবা করিয়া পলায় মোছলমান।
অগ্নির তরাসে লোক জলেতে প্রবেশে।
মণ্ডপে১২ থাকিয়া বালা লক্ষীন্দর হাসে ॥
বালা বোলে১৩ তোরা সবাই১৩ গাল গুমান কর১৪।
অগ্নি দেখিয়া পাইক সব দিলা নড় ॥
১৫পলায় সকল মোক দেখে সদাগর।
ডাক দিয়া বাছো বান্ধা আনিল সত্বর ॥১৫
১৬সব লোকজন সভে সাধু কৈল অভ্যস্থান।
আদর করিয়া সভাক দিলেন আসন ॥১৬

CENTRAL LIBRARY

১ব্রাহ্মণ নইয়া বাছো করেন বরণ।
তন্ত্রবিভূত গায় মনসার চরণ ॥১

বাছো বরণ করে চান্দোর কোঙরর২
সাহ সাধু বরে কুতূহলে ॥
জামাই৩ আদর করে পাদ্য অর্ঘ্য দিল শিরে
পাছে দিল বস্ত্র অলঙ্কার।
রাহোগণ সঙ্গে করি আইল মেনকা সুন্দরী
মহানন্দে আনন্দ আপার ॥
কাঞ্চনী কেতকী রতি কোসল্যা কমলা সতী
কেকই খঞ্জনী৪ কলাবতী।
কামিনী কুমারী সাজে কনক নপুর বাজে
কুরঙ্গনঞানি মহাসতী।
চন্দ্রমুখী চিত্ররেখা চণ্ডিকা চরণী২ চাপা
৫ধীরে চলে চঞ্চলনঞানি ॥৫
চন্দ্রকলা চারুমুখী দেখিঞা দেবতা সুখী
চান্দের জিনিঞা জার জ্যোতি।
জানকী যতনী পোতি চলে জায় যশোমতী
যমুনা জাহ্নবী দুই সতী ॥
সাবিত্রী জয়ন্তী সাজে সকল সখীর মাঝে
হীরা জীরা মোহিনী মুরতি।
মাধবী মালতী কলা চলে রতি মতিমালা৬
৭চিত্ররেখা সহিত সংহতি ॥৭
রূপসী উর্ব্বশী তারা৮ ৮সাজে কন্যা মনহরা৭
রতি সাজে সখীর সমাজে।
অতেক যুবতীগণ পড়ি নানা আভরণ
৯বর বরিতে সভে সাজে ।৯

CENTRAL LIBRARY

১তন্ত্রবিভূতি কবি বন্দ গো মনসাদেবী
দ্বিজ মুনি অস্তিকের মাতা ।১
২অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥২

৩বালার রূপ দেখিঞা উন্মত্ত সব নারী ।
চক্ষে চক্ষে সখীগণ করে ঠ'রাঠারি ॥৩
নঞানে কটাক্ষ করে মন্দ মন্দ হাসে ।
কোন কোন সুন্দরী খেলায় আশে পাশে ॥
ফিরিঞা ঝাড়িঞা কেহ বান্ধে মাথার চুল ।
কামেতে যুবতীগণ মদনে আকুল ॥
মেনকাসুন্দরী করে বিবিধ বিধান ।
বালার মস্তকে দিল দূর্বা আর ধান ॥
লখাইর চক্ষেতে কাজল দিতে চায় ।
কজ্জল দেখিয়া বালা দূরেতঃ পলায় ॥
বালা বোলে কাজল দেখিয়া উঠে কাপ৫ ।
কাজল দেখিএ জেন পদ্মার কাল সাপ ॥
৬কাল সাপে খাইলো আমার ছয় ভাই ।৬
এই সে কারণে আমি সতত ডরাই ॥
মেনকা বোলেন৭ বাছা না৮ পালাও ডরে৮ ।
বিভার দিনেতে কাজল সর্ব্ব জনে পড়ে ॥
ইহাতে কোন দোষ নাই বালা লক্ষীন্দর ।
৯কজ্জলে উজ্জল হবে তব কলেবর ।।৯
ধরিয়া বালার চক্ষে কাজল পহ্রায় ।
মন্দাকিনী ধারা১০ জেন চক্ষে১০ বয় ॥
বিধিমতে কীর্তি কৈল১১ বালার জে অঙ্গে ।
মেনকা ঘরেতে গেলা সখীগণ সঙ্গে ॥
এথাতে বেহুলা বালী কোন কর্ম্ম করে ।
আনন্দিত হয়া১২ বালী নাস বেশ করে ॥

CENTRAL LIBRARY

দর্পণ ধরিয়া বালী করে দিব্য বেশ।
রচিল বিচিত্র খোপা আচরিঞা কেশ ।
চাকি কটি১ মকর কুণ্ডল কর্ণমূলে।
নাসিকায় বেসর পঢ়ে মুকুতার ফুলে ॥
কপালে সিন্দূর বেড়ি২ চন্দনের বিন্দু।
অরুণ বেঢ়িয়া জেন শত শত ইন্দু॥
বিচিত্র কাঞ্চন কি উপমা দিব তার।
গলাএ প্রবাল শোভে মুকুতার হার ।
বাহাতে৩ কঙ্কন পঢ়ে হার কেয়ুর।
অঙ্গুলে অঙ্গুরি পঢ়ে পায়েতে নপুর ॥
৪আগর চন্দন৪ অঙ্গে করিল নেপন৫ ॥
কাঞ্চন জিনিয়া অঙ্গ গৌর বরণ ॥
মেনকা বোলেন৬ বাছা আরাধ হরগৌরী।
বেহুলা বোলেন আমি পূজিব বিষহরি ॥
সুবর্ণের ঘটবারি তাহা আরোপিল।
শত গোটা নাগ দেবীর চন্দনে লেখিল ।
রুদ্রাক্ষ কমল তাতে গন্ধ পুষ্প দিঞা।
দেবীর বারিতে পুষ্প দিলেন তুলিঞা ॥
সখীসব দেখে তারা নাকে হাতে দিঞা।
কোন সিদ্ধি সাধিলেন পদ্মাকে পুজিঞা ।
পূজা সাঙ্গ কৈল বালী পদ্মা প্রণমিঞা।
মেনকা গৌরীপূজার সজ্জ দিলেন আনিঞা ॥
বেহুলা বোলে গো মাগো সুনগো৭ বেদনী।
গৌরী আরাধিব তার সুনহ কাহিনী ॥
গন্ধ চন্দন আন চাপার কদল।
ঘৃত মধু আন আর শতেন ছাগল।
ফল পুষ্প সাজি আন নৈবিদ্য বিস্তর।
ঘৃতের প্রদীপ আন চন্দন আগর ।

CENTRAL LIBRARY

তৈল হরিদ্রা আন জাতে দেবীর প্রীত।
গুয়া পান আন আর কর্পূর১ সুভাষিত ।
নানা দ্রব্য সাজাঞা আনিল শীঘ্র করি।
নানা উপহারে বালী পূজে হরগৌরী ॥
আরাধনা করে বালী গৌরীর চরণ।
জন্মে জন্মে রহে মাতা তুয়া পদে মন ॥
পূজা সাঙ্গ করি বালী প্রণমে পার্ব্বতী।
চৌদলে চড়িয়া বাহিয়ায় রূপবতী ॥
চৌদল ধরিয়া বাহির করে চারি২ জন।
৫তন্ত্রবিভূতি গায় মনসাচরণ।৩

কেশরীর মধ্য জিনি মনোহর মাঞ্জা খানি
বাহু যুগ জিনিয়া মৃণাল।
জিনিয়া চম্পকবর ক্ষীণ তনু পয়োধর
দুতিয়ার চন্দ্র কে কপাল ॥
তিন ফুল জিনি নাসা কোকিল জিনিয়া ভাষা
৪চামর জিনিয়া জার চুল।৪
ভুরু ভঙ্গিমা কামধনু ৫সুন্দর রতন তনু৫
সুন্দর অধর বিম্ব ফুল ॥
সুন্দর অঙ্গুলিগুলি জেন চাপার কদলী
নখচন্দ্র শশী রাজ ঘটা।
দন্ত দেখি৬ গজমতি ৭হাস্য করে৭ রূপবতী
জেন পড়ে বিজুলির ছটা।
৮উলটি কদলী তরু রাম রম্ভা জিনি উরু৮
কমল জিনিঞা সব তনু।
৯জিনিঞা জে কোকনদ দেখিতে তাহার পদ
বলয়া নপুর অতি শোভে ॥৯

CENTRAL LIBRARY

গলে গজমোতি হার্ কি দিব উপমা তার
নাসাযুগে বেসরের ছটা।
করেতে কঙ্কণ শোভা দেখি মুনি মনলোভা
কপালে সিন্দুরের জে ঘটা ॥
১তন্ত্রবিভূতি কবি বন্দ মনসা দেবী
দ্বিজ মুনি অস্তিকের মাতা।১
অষ্ট নাগের অধিকার জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥

২চৌদলে আইল বালী রূপ মনোহর।
রূপ দেখি সর্ব্ব জন হৈল চমৎকার ॥২
কেহ বোলে আজি ভাই নহে পূর্ণমাসী।
তবে কেনে আকাশে উদিত হৈল শশী ॥
কেহ বোলে৩ এই দেখ৩ ইন্দ্রের বিদ্যাধরী।
দেখিতে আইসে রঙ্গে রথে ভর করি ॥
৪দেখিঞা কন্যার রূপ মূর্চ্ছিত সর্ব্ব জন।
বিদ্যুতের ছটা জেন হয় দরশন ॥৪
৫এই মতে বেহুলা বালী বাহির হইল।
দেখি চান্দো সদাগর চমৎকার হৈল ॥৫
চান্দো বোলে নেঙ্গা৬ পুত্র স্থনহ৬ বচন।
চৌদলে চোঢ়িঞা৭ এই৮ আইসে কোন জন ॥
নেঙ্গা বোলে স্থন বাক্য প্রভু৯ সদাগর।
এই কন্যা বিবাহ করিবে লক্ষীন্দর ॥
বধূকে দেখিঞা চান্দো আনন্দিত মন।
১০তন্ত্রবিভূতে গায় মনসাচরণ।১০

CENTRAL LIBRARY

এক হস্তে পুষ্প মালা ১আর হস্তে চন্দনের খোরা১
২আইসেন পরম সুন্দরী ।২
৩চৌদলে চড়িয়া সম্মুখে রহেন গিঞা৩
সপ্ত প্রদক্ষিণ তবে করি ।
অন্তরে হরষি মতি বেহুলা রূপবতী
বালার পায়ে করে নমস্কার ।
৪গঙ্গাজল হাতে নঞা অমৃত পল্লব দিঞা
ছিটাইল বালার উপর ॥৪
ধরিয়া পুষ্পের মুঠি দুহে করে ছিটা ছিটি
৫মালা গলে তুলি দিল ।৫
৬কপালে চন্দন দিল মহা আনন্দিত হৈল
মঙ্গল উৎসব সভে কৈল ॥৬
৭বাইহো গণের জয়ধ্বনি মঙ্গল শব্দ সুনি
আনন্দ উৎসব মহারঙ্গে ।৭
সেই কালে বিষহরি দিব্য রথে ভর করি
৮আইলেন সর্পগণ সঙ্গে ॥৮
পদ্মা বোলে অহিরাজ কর কিছু হিত কাজ
বালার মস্তকে ধর ছাতি ।
অহিরাজ বোলে আমি সকল সর্পের স্বামী
কেমনে সেবিব নর জাতি ॥
পদ্মা বোলে ফণিধর নর নহে লক্ষীন্দর
রাখ তুমি আমার বচন ।
স্বর্গে হৈতে সত্য করি আনিলাঙ মনুষ্যপুরী
৯চান্দো সঙ্গে বিবাদের৯ কারণ ॥
সুনিয়া পদ্মার কথা অহিরাজ তোলে মাথা
ছত্র ধরে বালার উপরে ।
পাইঞা বিষের তাপ ফিরিঞা দেখিল সাপ
টলিঞা পড়িল লক্ষীন্দরে ॥

CENTRAL LIBRARY

১নথাই টলিঞা পড়ে চান্দো শীঘ্র জাঞা ধরে
কি করিনু আসি বাছোর দেশে ।১
তন্ত্রবিভূতি২ গায় বন্দিয়া মনসার পায়
প্রমাদ পড়িল অবশেষে ।।

কি হৈল কি হৈল বাছা আরে হয় ।। ধু ।।

৩বিবাদিয়া পুত্রকে তুলিয়া৩ নিল কোলে ।
সর্প নহে বালা৪ তুমি কেনে বা টলিলে ।।
দেখি চমকিত হৈলা সকল সমাজ ।
ভাঙ্গিয়া পড়িল জেন আকাশের বাজ ।
চান্দো বোলে উঠ বাছা দুর্ল্লভ নথাই ।
মিছাই দেখিলে সাপ নাহি কোন ঠাই ।।
উজানি আসিয়া মোর মূল হৈল হানি ।
কি বোলিবে৫ সোনকা স্থনিলে হেন বাণী৫ ।।
চান্দোর ক্রন্দনে কান্দে জত সৈন্যগণ ।
৬আনন্দ মঙ্গলে করে সকলে রোদন ।।৬
কান্দে বাছো সদাগর হায় হায় করে ।
মেনকাস্থন্দরী কান্দে ঘরের ভিতরে ।
৭মেনকার কান্দনে কান্দে জত সখীগণ ।৭
দাস দাসীগণ কান্দে নগরিঞাগণ ।।
বালী বোলে পদ্মা মোর কি করিল গতি ।
বিবাহের সময়ে মারিল নিজ পতি ।।
৮বাসি রাত্রি বহি মোর৮ না রহিল শঙ্খ ।
ই তিন ভুবনে মোর রহিল কলঙ্ক ।।
কালিদহে জাঙ মুই সখী সঙ্গে করি ।
একান্ত করিঞা পূজা করো৯ বিষহরি ।।

CENTRAL LIBRARY

তবে১ জিঞায়া না দেয়২ প্রাণের ঈশ্বর২ ।
স্ত্রীহত্যা দিব আমি তাহার উপর ॥
বালী বোলে না কান্দ শ্বশুর সদাগর ।
অপেক্ষা করিয় মোর ই দুই প্রহর ॥
জিইঞা না উঠে জদি তোমার কুমার ।
তবে সে করিহ পাছে দেশের বেভার ॥
ধূপ দীপ পুষ্প বালী নিল উপহার ।
কালীদহে চলে বালী পদ্মা পূজিবার ॥
সখীসঙ্গে বিদ্যাধরী করিলা গমন ।
৩তন্ত্রবিভূতি গায় পদ্মার চরণ ॥৩

ও বানিঞার ঝি৪ কালিদহে পূজে বিষহরি ॥ ধু ॥

উত্তম পবিত্র স্থল স্থলে ঘট ফুল জল
গন্ধ পুষ্পে পূজেন সুন্দরী ॥
দুই স্তন৫ নৈবিদ্য করে জিহ্বা কাটি অর্ঘ্য ধরে
কেশ কাটি চামর ডুলায় ॥
দুই চক্ষু কমলফুল পূজে সাগরের৬ কুল
মাথার খুলি প্রদীপ জ্বালায় ॥
জয় জয় শব্দ করি পূজা করে বিষহরি
রথভরে পদ্মা দেবী জায় ॥
চড়িলেন৭ হেঙ্গুলিঞা রথে ৮আইসে আকাশ পথে৮
রহিলেন কালি বিদ্যমান ॥
পদ্মা বোলো কালীধর৯ কালিদহে তোর ঘর
বালীকে দেখাও বিভীষিকা ॥
পাইয়া সর্পের ডর ফিরিয়া জাউক ঘর
খণ্ডিবেক আমার জঞ্জাল ॥

CENTRAL LIBRARY

জগতগৌরীর[১] বোলে কালিনাগ মাথা তোলে
[২]দেখিঞা বেহুলা পায় ডর ॥২
বেহুলার সখিগণ পলাইল সর্ব্ব জন
বেহুলা রহিলা একেশ্বর ॥
[৩]তন্ত্রবিভূতি কবি বন্দ গো মনসা দেবী
দ্বিজ মুনি অস্তিকের মাতা ।৩
[৪]অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥৪

[৫]শঙ্করনন্দিনী পদ্মা মোরে দয়া কর গো ভবানী মা । ধু । ৫

[৫]নমো নমো নমো মাতা হরের নন্দিনী ।
তোমার চরণ বিনা অন্য নাহি জানি ॥৬
কত মায়া কর দেবী শঙ্করঝিয়ারি ।
তোমার মহিমা মাগো বুঝিতে না পারি ॥
বিবাদে মারিলে মোর প্রাণের ঈশ্বর ।
প্রাণহত্যা দিব আমি[৭] সর্পের কিবা ডর[৭] ॥
[৮]অবশ্য হইব আমি স্বামীর দোসর ।৮
স্ত্রীহত্যা দিব আমি পদ্মার[৯] উপর ॥
কাটারি ধরিল বালী মহাতীক্ষ্ণ ধার ।
গলাএ কাটারি দিঞা চাহে মারিবার ॥
কাটারি দেখিঞা পদ্মা পাইল বড় ভয় ।
কালিদহের কূলে পদ্মা হইল সদয় ॥
ফিরা[১০] চল বেহুলা সুন্দরী নিজ ঘরে ।
স্বামি তোর নাহি মরে দেখহ সত্বরে ॥
মহামন্ত্র পদ্মা দেবী করিল হুঙ্কার ।
উঠিঞা বসিল বালা বানিঞাকুমার ॥

CENTRAL LIBRARY

আনন্দ হৃদয় নাচে উজানি নগর।
বেহুলা পদ্মায় হৈল বাক্য বাণেশ্বর ॥
বেহুলা বোলেন মাগো প্রত্যয় না জাঙ১।
তোমার বচনে মুঞি ঘরেকে না জাঙ২ ॥
সর্গে হৈতে সত্য করি আনিল দেবতী।
বিবাহের দিনে মোর মরিল নিজ পতি ॥
পদ্মা বোলে সত্য সত্য চল তুমি ঘরে।
জিয়াইমু৩ নিশ্চয় বানিঞা লক্ষীন্দরে ॥
বালী বোলে শরীর করিমু খান খান।
কেমতে জাইব মাগো৪ নাহি বলবান৪ ॥
ব্রহ্মমন্ত্রে মনসা মস্তকে দিল নীর।
৫পূর্ব্ব হৈতে সুন্দর হৈল৫ বালীর শরীর ॥
আনন্দে পদ্মার পাএ নমস্কার করি।
উজানি নগরে গেলা পরম৬ সুন্দরী ॥
বেহুলা দেখিঞা সভে ধন্য ধন্য করে।
আনন্দিত সর্ব্ব জন বাছো বান্যার ঘরে ॥
মড়া স্বামী জিঞাইল পরম সুন্দরী।
৭আনন্দিত হৈলা সভে উজানি নগরী ॥৭
৮তন্ত্রবিভূতে গায়৮ মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

মঙ্গলগুজরি রাগ ॥

কি আনন্দ হৈল বাছো বানিঞার ঘরে ॥
৯নৃত্য গীত বাদ্য সব কোলাহল করে৯। ধু ॥

চান্দো বোলে লক্ষপতি কর অবধ ন।
শুভক্ষণে শুভ দিনে কন্যা কর দান ॥

CENTRAL LIBRARY

শীঘ্র উঠে লক্ষপতি বেহাইর বোলে।
পশ্চিম মুখে বৈসে বাছো কন্যা করি কলে১ ॥
ঘটের উপরে বালী দিল করতল।
বেহুলার হস্ত ধরি হস্তে দিল ফল ॥
পুরোহিত মন্ত্র পঢ়ে বিবিধ বিধানে।
শুভক্ষণে২ বানিঞা দুহিতা কৈল২ দানে ॥
জত দ্রব্য দিল সাধু লেখাজোখা নাই।
এক লক্ষ৩ দান করে দুগ্ধবতী৩ গাই ॥
থাল খোরা৪ সাপুড়া দিব্য৪ দিব্য ঝারি।
জত দ্রব্য দিল দান লিখিতে না পারি ॥
দাস দাসী দিল দান৫ কতো লিব৫ নাম।
ভূমিদান দিল সাধু এক শত গ্রাম ॥
বানিয়ার জ্ঞাতি কুটুম্ব আর মিত্র ভাই।
সভাই যৌতুক দিল লেখাজোখা নাই ॥
মেনকা যৌতুক দিল হস্তের কঙ্কণ।
হীরা চুনি৬ মুক্তা সোবর্ণ গঠন ॥
চান্দো বোলে তোমরা কতেক কর দান।
শিবর প্রসাদে আমি বড় ধনবান৭ ॥
মোর ঘরে হীরামণি গড়াগড়ি জায়।
ঘুচাহ জঞ্জাল বাছা ভোকে দুঃখ পায় ॥
মেনকার সঙ্গে আইল জতেক বনিতা।
বরিয়া* নইল ঘরে জামাতা দুহিতা ॥
লখাই বেহুলা প্রবেশিলা বাসরঘরে।
তন্ত্রবিভূতে৮ গায় মনসার বরে।

*পাঠ—বোরিয়া

CENTRAL LIBRARY

বাছোর সুন্দরী রূপে বিদ্যাধরী
জামাতা আদর করে ।
করিল রন্ধন পঞ্চাশ ব্যঞ্জন
১আর অন্ন তার পরে ।।১
ভোজন করিতে বেহুলা সহিতে
বালা বসিলেন২ রঙ্গে ।
পরম উল্লাস করিতে উপহাস
শ্যালকপত্নীর সঙ্গে ।।
আগে দিল আনি শাহের বান্যানী
শাক অন্ন৩ মিঠা ঘৃত৩ ।
করিয়া ভোজন শাহের নন্দন
৪পাইলেন বড় প্রীত ।।৪
তাহার উপরে দিলেন সত্বরে
সুপ৫ শাক বড়ি৫ ভাজা ।
শাশুড়ীর ডরে পরশ মাত্র করে
৬রাখিল থালের কাছে ।।৬
হাতে ঝারি করি শঙ্খ সাধুর নারী
চলিলা পরম রঙ্গে ।
ধারা করি পানি ঢালিলা ব্যান্যানী
দুর্ল্লভ লখাইর অঙ্গে ।।
বঙ্কাইর নারী বোলে হাস্য করি
খাও পরমান্ন পিঠা৭ ।
কাচা সরিষার তৈলে আর মিঠা বেলে
নঞাচ৮ বুকে মারে ছিঠা ।।
৯দধি গুড় দিঞা হরিদ্রা মিসাঞা
মাথার উপরে ঢালে । ৯
৪জতেক বান্যানী শ্যালক ঘরণী
চড় মারে কেহ গালে ।।১০

CENTRAL LIBRARY

১গালে মারে চড় করে ধড়ফড়
সদাগরের বান্ধানী ।১
২তন্ত্রবিভূতি কবি বন্দো মনসা দেবী
প্রণমোহ অস্তিকজননী ॥২

পরিহার৩ করে বালা আরে হয় ॥ ধু ।

মারো মারো লিলজ্জি৪ বোলে লক্ষীন্দর বালা৫ ।
এমন যুবক হৈঞা৬ জান নানান৬ কলা ॥
৭দেখা নাহি সুনা নাহি বৎসর ছয় মাস ।৭
কোন মুখে কাঢ়চ রাও কর উপহাস ॥
অনেক দিবসে স্বামী নাহি তোর ঘরে ।
৯পরম রূপসে ৯ দেখি গাও ফড়ফড় করে ॥
আমার উপরে জদি হঞা থাকে মন ।
বালীর সতীন তোরা হও১০ ছয় জন ॥
তোমাকে দেখিঞা১১ বড় মনে সুখ পাই১১ ।
১২লাক কান চুল কাটি মস্তক মুড়াই ॥১২
পলাঞা সকল বালী গেল বাম পাশে১৩ ।
মুখে কাপড় দিয়া বালী মনে মনে হাসে ॥
ভোজন করিয়া বালা করে১৪ আচমন ।
বাসরে বসিলা বালা বানিঞার নন্দন ॥
মুখশুদ্ধি করে বালা মহারঙ্গ মনে ।
লখাই বোলে জাব আমি আপনা ভুবনে ॥
উঠ বালী বেহুলা ঝারিয়া বান্ধ কেশ ।
আর না রহিব এথা জাব নিজদেশ ॥
বালা বোলে লেঙ্গা জানাও শ্বশুরের পায় ।
বোলে তোমার জামাতা বিদায় হৈতে চায় ॥

CENTRAL LIBRARY

মন্ত্রী কহিল জাঞা বনিয়ার ঠাই।
বিদায় হইতে চাহে তোমার জাঙাই ॥
সুনিয়া বাহির হৈলা বাছো১ সদাগর।
আজি রাত্রি রহ বাছা দুল্ল ভ লক্ষীন্দর।
আজি রাত্রি রহ প্রভাতে জাইহ২ কালি।
প্রভাতে জাইহ বাছা পুরী জে চাম্পালি ।
বালা বোলে শ্বশুর না হও৩ অসন্তোষ।
৪তোমার ঘরে থাকিতে নাহি কিছু দোষ ।৪
বিবাদ করিলা পদ্মা দৃঢ় অঙ্গীকার।
বিবাহের৫ রাত্রে আমাক৫ করিবে সংহার ॥
যতনে বান্ধিল পিতা পাথরের ঘর।
সেই ঘরে থাকিলে সর্পের নাহি ডর ॥
শুভে শুভে রাত্রি জদি জায় আজিকার৬।
ফিরিয়া আসিব আমি এক শত বার ॥
সুনিয়া বালার মুখে নিষ্ঠুর বচন।
আঝর নঞানে সাধু জুড়িলা ক্রন্দন ।
বুকে ঘাও দিয়া কান্দে মেনকাসুন্দরী।
ছয় বধূ কান্দে আর বানিয়ার পুরী ॥
তন্ত্রবিভূতে৭ কবি মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

৮ও ঝি বেহুলা জাবে কি না জাবে শ্বশুরঘরে ।৮
না দেখিয়া মাও বাপ মরিয়া জাবে ডরে ॥ ধু ॥

মানুষ৯ করিনু মুঞি পুষিয়া পালিয়া।
কোছের মাণিক্য মোর কে নয় কাড়িয়া ॥
মেনকা বোলেরে বাছা সুন রূপবতী।
স্বামীর করিহ সেবা একান্ত ভকতি ॥

CENTRAL LIBRARY

করিহ স্বামীর সেবা১ মনোনীত কর্ম্ম।
শাস্ত্রে কহে স্বামী হয় যুবতীর ধর্ম্ম ॥
শ্বশুর শাশুড়ী হয় মহাগুরু জন।
যতনে করিহ সেবা রাখিহ বচন ॥
বাড়ী ছয় জাএর সঙ্গে না করিহ দ্বন্দ্ব।
দাসদাসীক মিছা দোষে না বোলিহ মন্দ ॥
২এইমতে শিখাইল বেহুলার তরে।
তখন চান্দো সদাগর কোন কর্ম্ম করে ॥২
চান্দো বোলে পুত্রবধূ করহ বিদায়।
বিলম্ব না কর রাত্রি পোহাইয়া জায়।
বাপের বচনে বালা উঠিল সত্বরে।
শ্বশুরের পাএ বালা নমস্কার করে ॥
শাশুড়ীকে প্রণাম করিল বালা লক্ষীন্দরে।
ব্রাহ্মণ সকলে৩ তারা আশীর্ব্বাদ করে ॥
চৌদিগে সেনা সব বোলে হরি হরি।
চৌদলে চড়িল বালা দোসর সুন্দরী ॥
চৌদলে চড়িয়া বালা চাম্পালিকে৪ জায়।
উজানির সর্ব্বলোক করে হায় হায় ॥
চৌদলে চড়িয়া বরকন্যা জায় রঙ্গে।
চন্দ্রিমা৫ চকোর জেন জায় এক সঙ্গে ॥
চতুর্দ্দিগে বেড়িয়া চলিল সব ঠাই।
প্রথমে পাইল গিয়া উজানির ঘাট ॥
বালী বোলে প্রাণনাথ কোন নদীখানি।
বালা বোলে এই নদী হয়ত৬ উজানি।
লৌকায় বান্ধিল জত নদীর জল।
তিলেকে হইল পার বানিয়ার দল ॥
বানিয়ার পয়দল৭ নৌকাতে হইল পার।
প্রথমে পাইল গিয়া শঙ্খবাজার ॥

CENTRAL LIBRARY

বেহুলা বোলেন প্রভু রহ এই ঠাই।
ই দ্রব্য কি কার্য্যে ঘোষে১ তোমারে-সোধাই ॥
বালা বোলে শিশুবুদ্ধি প্রাণপ্রিয়া তোর।
এই শাখারি শঙ্খ হাতে আছে তোরে।।
২শঙ্খবাজার নৈল পশ্চাতে করিয়া।
মালিনীবাজারে বালা উত্তরিল গিঞা ॥২
৩মালিনীবাজারে৩ বালী করে জোড় হাত।
ই কোন দ্রব্য বিকায়৪ কহ প্রাণনাথ ॥
বালা বোলে বিদ্যাধরী অবোধ অবলা।
তুমি আমি পড়িয়াছি এই পুষ্পমালা ॥
গোপহাটে জাঞা বোলে বানিঞার ঝি।
পসারে পসারে প্রভু এই দ্রব্য কি ॥
বালা বোলে জ্ঞান তোর নাহি অদ্যাবধি।
সকল কর্ম্মেতে নাগে এই দুগ্ধ দধি ॥
সিন্দূরের হাটে জাঞা চৌদল নামায়।
চরণে ধরিয়া বালী৫ বালাকে সোধায়৫ ।
রাঙ্গা রাঙ্গা কি দ্রব্য কহিবে প্রভু মোর।
বালো বোলে সিন্দুর কপালে আছে তোর ॥
৬এড়ায় একাশি৬ হাট বাউন্ন৭ বাজার।
একে একে সকল নগর হৈল পার ॥
বাড়ির দুয়ারে জাঞা দিল দরশন।
৮তন্ত্রবিভূতে গায় মনসাচরণ ॥৮

বিভা করিঞা পুত্র বধূ আইল ঘরে।
আনন্দে সুন্দরী সোনা সুমঙ্গল করে ॥
মাথাএ চালুল বাতি সখীগণ সঙ্গে।
পুত্র বধূ পরিশিতে জায় মহারঙ্গে ॥
দম্পতি সহিতে৯ বালা করে নমস্কার।
জয় জয় সোনকা করিল সাত বার ॥

CENTRAL LIBRARY

পুত্রবধূর মস্তকে দিলেন দূর্ব্বা ধান।
চতুর্দ্দিগে ছিটাঞা ফেলিল গুয়া পান॥
আগে আগে ঢালি দেয় ভৃঙ্গারের পানি।
পুত্রবধূ নঞা ঘরে জায় বানিয়ানী।
পিঢ়িতে বোসিয়া সোনা পরছএ বধূ।
অঙ্গুলে অঙ্গুরি বধূর মুখে দেয় মধু*।
পাটিতে বসিয়া বরকন্যা খেলে জুয়া।
দুহার বদনে দুই জনে দেয় গুয়া॥
বোলে চম্পালির পতি কিবা মর রঙ্গে।
বিষম বিবাদ মোর মনসার সঙ্গে॥
আজি রাত্রি কুশলে পোহায় জাগরণে।
প্রভাতে করিহ রঙ্গ জত আছে মনে॥
সাধু বোলে সোনকা ঘুচাও ওলামেলা।
পুত্রবধূ ঘরে লেহ শুভক্ষণ বেলা।
স্বামীর বচনে সোনকা চলিল সত্বর।
পুত্রবধূ রাখিল লোহার বাসর ঘর॥
কাচ ঢাল মেড়ের চারি দুয়ার মুন্দিল।
লথাই বেহুলা মেড় ঘরে সমর্পিল।
চারি ঘরের চারি দ্বারে দিলও গড়খাই।
তাহার উপরেও রোপিল লাটাও কুচাই॥
চন্দ্রমল্লিকা গাছ রোপিল থরে থরে।
৬মধ্য দ্বারেও বান্ধিলেন হস্তী গজেন্দরে॥
লেউল থুইল আর মোউর প্রহরী।
চতুর্দ্দিগে রাখিলেন চৌকি সারি সারি।
৭সাত পাটোয়ার৭ পাইক থুইল থরে থরে।
হাতে হেমতাল চান্দো রহিল প্রহরে৮।

*পাঠ—মোধু

CENTRAL LIBRARY

১ধনন্তরির পুত্রেক ডাকি আনে সদাগর।
তুমিত রাখিবা বাছা চারিটা তুয়ার'॥১
এই মত মেড় ঘরে রাখিঞা প্রহরী।
আনন্দিত হৈল তবে চান্দো অধিকারী॥
২তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ॥২

কদম্বতলে কাহ্নাইর বাশি নাম ধরি ডাকে।
কেমনে রহিব ঘরে পড়িলুও বিপাকে॥ ধু॥

বালা বোলে স্থন প্রিয়া সাহের ঝিয়ারি।
তুমি আমি কৌতুকে খেলিব পাশাসারি॥
লজ্জা পরিহর প্রিয়া খেলে৪ দেহ মন৫।
বিভা রাত্রে৬ খেলিবারে হয় দুই জন৭॥
বালী বোলে প্রভু মুঞি নাই খেল খেলা।
হারিলে তোমাকে মুঞি কি দিব অবলা॥
বালা বোলে হারিলে৮ দিব অষ্ট৯ অলঙ্কার।
তুমিত হারিলে দিবে সুরতি শৃঙ্গার।
পাতিয়া পাসার ছক রচিল সারি।
দুইজনা১০ ফেলে দান দুই আর চারি।
৮মদনে আকুল বালা১১ হারে পাশাসারি।
সাতবার জিনিলেক১২ বানিঞার নারী১২॥
কাঢ়াকাটি করিতে পরশা জায় অঙ্গ।
হৃদয়ে উঠিল বালার মদনতরঙ্গ॥
তুলিঞা ফেলায় পাশা মাঙ্গে আলিঙ্গন।
১৩তন্ত্রবিভূতে গায় মনসাচরণ॥১৩

বালা বোলে প্রাণপ্রিয়া১৪ ১৫কোলে আসি বৈস সিয়া১৫
১৬ছাড় খেলা কিসের ধাঙচালি।১৬
দেখিয়া তোমার ঠান ১৭মদনে হানিল প্রণে১৭
১৮প্রাণ রাখ বানিঞার বালী।১৮

CENTRAL LIBRARY

কোন বিধি বিচক্ষণে একান্ত করিয়া মনে
তুয়া রূপ ১নিরমিল বসি।১
২আমি কত জন্মভরি কঠোর তপস্যা করি
তোমা হেন পাইনু রূপসী ॥২
মুখ তোমার মনোহর স্বর্গে জেন শশধর
ডালিম্বের বীজ জিনি দন্ত।
তিল ফুল নাসা জিনি৩ কোকিল জিনিয়া বাণী
৪দেখিয়াত দেবতা৪ মূর্চ্ছিত ॥
ভুরুর ভঙ্গিমা ঠান জেন কামেত কামান
৫স্তন দুই কি দিব বর্ণনে।৫
কটাক্ষ ইঙ্গিত শর হানি কৈল জর জর
৬মৃগরূপী বানিঞার মনে ॥৬
এ দুই সুন্দর চক্ষ জেমন৭ খঞ্জন পক্ষ
৮অধর জিনিয়া বিম্ব ফল '৮
কুটিল কবরী ভার চামর উপমা তার
বাহুযুগ৯ পদ্মের মৃণাল৯ ॥
মধ্যে কেশসমাজ আছেএ অঙ্গের মাঝ
কনক কোটুয়া দুই স্তন।
তাহে কিবা১০ অগ্নি আছে শীত মোহিছে১১ কাছে
দূর হৈতে১২ দেখি পোড়ে১২ মন ॥
ধন্য তোর জন্মদাতা সাফল তোমার মাতা
তোমাকে উদরে দিল স্থান।
১৩তুমি হেন সুন্দরী হইলে আমার নারী
তুমি সে অধিক ভাগ্যবান ॥১৩
সুন সুন প্রাণেশ্বরী এক নিবেদন করি
মদন দাহনে১৪ দুঃখ পাই।
দেহ মোকে মধুদান১৫ ১৬রাখহ আমার প্রাণ১৬
১৭ঘোঙট ঘুচাও১৭ সুখ চাই ॥

CENTRAL LIBRARY

তন্ত্রবিভূতে১ কবি বন্দ মনসা দেবী
সুখ মোক্ষ বরের কারণ।
২দুঃখ দুষ্ট সর্পভয় এ সব করিতে ক্ষয়
বন্দো দেবী মনসার চরণ ॥২

৩বালীর রূপে প্রাণ বিকল করে বাচিব কেমনে। ধ্রু॥৩

নথাইর বচনে বালী না দেয় উত্তর।
ফিরিয়া উত্তর দিল বালা লক্ষীন্দর ॥
আকুল হইয়া৪ বোলে দুল্লভ নথাই।
মুখ তোল সুন্দরী বদন তোর চাই ॥
তোমার যৌবন দেখি প্রাণ নহে স্থির।
জিনিঞা মদন অগ্নি দহিছে শরীর ॥
৫ধন জন যৌবন জে জোয়ারের জল।
নদীকূলের বৃক্ষ না রহে চিরকাল ॥৫
বনমধ্যে হরিণীর জথায় তৃণ ঘাস।
কুসুমের মধ্যেত করহ প্রকাশ ॥
পুরুষ পাগল কামে যুবতী সম্পাস।
তে কারণে সুন্দরী করহ উপহাস।
৬তোমার যৌবন বালী চিরস্থায়ী নহে।
আলিঙ্গন দিয়া প্রাণ রক্ষা কর মোহে ॥৬
তোমার মলিন মুখ দুঃখ লাগে মনে।
প্রাণ রাখ সুন্দরী হে মধুর বচনে ॥
স্বামীর বচনে বালী পরিহাস করে।
তন্ত্রবিভূতে৭ গায় মনসার বরে ॥

শুনিয়া স্বামীর বাণী মনে কন্যা অভিমানী
বাক্য বোলে গদগদ স্বরে।
পণ্ডিত হইয়া নাথ কথা কহ অযথার্থ৭
প্রাণ মোর কাপিছেন ডরে ॥
বিভা রাত্রে প্রাণপতি কেবা জানে৮ রঙ্গরতি
নাহি হয় বৎসর ছয় মাস।

CENTRAL LIBRARY

সুনিলে সকল লোক কি বোল বোলিবে মোক
সংসারে করিবে উপহাস ॥
পণ্ডিত জানিঞা তোক২ ৩বাপ মায়ে৩ দিল মোক৪
মুর্খের সদৃশ কর৫ ধর্ম্ম ।
কে তোমায় সজ্জন* কহে সজ্জনের বুদ্ধি নহে
হাড়ি চণ্ডালের মত৬ কর্ম্ম ॥
আমি অতি শিশুমতি কিবা জানি রঙ্গরনি
ভয়ে মোর প্রাণ নহে স্থির ।
জেমত সেমত বালী৭ ৮বৎসর ছয় মাস পালি৮
তুমি কর শাস্ত্রের বাহির ॥
৯তুমি হও সুপণ্ডিত কেনে কহ অনুচিত
আজি দোষ ক্ষেমহ আমার ।৯
তত্ত্ববিভূতে গায় বন্দিয়া মনসার পায়
সেবকে হইবে বড় দায় ॥১০

১১না বোল সুন্দরী নিষ্ঠুর আরে হয় ।।ধু।।১১

না বোল সুন্দরী এমত নিষ্ঠুর করি
বোল তোর হস্তেত ধরিঞা ।১২
বালা বোলে প্রাণপ্রিয়া কোলে আসি বৈস সিঞা
প্রাণ মোর রাখ রতি দিঞা ॥
সুন সুন সুন্দরী বোলি তুয়া হাত ধরি
না সুন আমার মাথা খায় ॥
মন দিঞা সুন হিত দুর্জ্জন মূর্খ পণ্ডিত
পশুপক্ষ কীট জে পতঙ্গ ।
হানিঞা মদন বান সকলেরহরে প্রাণ
বিষম জে মদন তরঙ্গ ॥

* পাঠ—সর্জন (সর্বত্র)

CENTRAL LIBRARY

কুসুম ধনুঃশর অখিলের পতি হর
ভঙ্গ করে কাতর সুসন্ত।
তপস্যা করিঞা পতি পাইলেন পার্ব্বতী
মনুষ্যের কতেক গিয়ান ॥
আনলপরশিনী কমললোচনী
তরল হইঞা জায় ঘি।
যুবতী পরশনে পুরুষ চঞ্চল মনে
সুন হে বানিঞার ঝি ॥
জখনেত ফুটে ফুল তখনেত অলিকুল
হইলে মকরন্দ পায়।
অভিনব সম্বল করএ ভুবন বল
অরুণ কিরণ সুখ পায় ॥
জগতজীবন কবিত্ব বিচক্ষণ
না বোল অধিক অসন্তোষ ॥

১দয়া করিঞা মোরে রাখো রাঙ্গা পায় গো ভবানী মা ॥ধু॥১

বালা বোলে প্রাণপ্রিয়া প্রাণ রাখো মোর।
মদনে দহিল অঙ্গ রূপ দেখি তোর ॥
জদি নাহি দিবে তুমি সুরতি শৃঙ্গার।
এখনি তেজিব প্রাণ তোমা বিদ্যমান ॥
২বালী বোলে২ প্রাণনাথ না বোল হেন বাণী।
৩পদ্মার বিবাদে হানে মোর প্রাণখানি ॥৩
বালার৪ বচনে বালী কাপিছেন৫ হিয়া।
চন্দ্রিমা৬ কম্পিত জেন রাহুকে দেখিয়া ॥
হরিণী কম্পিত জেন দেখি মহাবাঘ।
হস্তী কম্পিত জেন সিংহে পাইলে লাগ ॥

সঙ্কটে পড়িয়া[১] বালী করে হায় হায় ।
জোড় হাতে বিদ্যাধরী স্বামীকে বুঝায় ॥
বিভা রাত্রে সুরতি বড়ই মন্দ কাজ ।
ত্রিভুবনে কলঙ্ক হইবে মহানাজ[২] ॥
কাঁচা ডালিম্ব খাইতে লাগে[৩] কষা ।
কমলের কলিতে জেন[৪] ভ্রমরে করে বাসা ।
কাঁচা দুগ্ধ পিএ প্রভু পানির সমান ।
আউটিয়া খাইলে জেন মধু করে পান ॥
পাকা ঘায়ে কাটা পাকিঞা সে জায় ।
কাঁচা ঘায়ে কাটা দিলে[৫] বহু দুঃখ পায়[৫] ॥
[৬]শুখাইয়ে পোড়াইঞা জাবৎ দঢ় নয় ।
কাঁচা হাঁড়ি কিনিঞা আনিলে নাকি রয় ॥[৬]
কাঁচা খের[৭] কাটিঞা না ছাএ[৮] কেহ চাল ।
তরলা বাশের ধনু রহে কত কাল ॥
প্রথমে রোপিলে বৃক্ষ তাহে দেয় জল ।
যতন করিলে তার পাছে খায় ফল ॥
ছোটতে যতন নাই অযতন করে ।
কি[৯] ফল ফলিবে বৃক্ষ ডালে মূলে মরে ॥
তুমি বিদগদ প্রভু আমি শিশু নারী ।
তোমার বিক্রম নাকি সহিবারে পারি ॥
হাতে ধরি[১০] প্রাণনাথ পাও[১১] ধরি[১২] তোর ।
আজি রাত্রি ক্ষেমা করি প্রাণ রাখ মোর ॥
তন্ত্রবিভূতে[১৩] কবি মনসার দাস ।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

কালিয়ার কপালে রাই কে দিল চন্দন রে[১৪] ॥ ধু ॥[১৫]

CENTRAL LIBRARY

১সুন সুন১ প্রাণপ্রিয়া সাহের২ ঝিয়ারি।
হানিল মদন শর সহিতে না পারি ॥
৩নারীর যৌবন প্রিয়া স্থির কিছু নহে।
সাফল জীবন তার জার বশ রহে ॥৩
৪এতেক কাতর বাণী কহিলে কামিনী ।৪
সকল উচিত মিথ্যা নহে এক বাণী ॥
৫নারী নারিকেল আর গুয়া পান তাল ।৫
৬কাঁচা খাইতে মিষ্ট৬ পাকিলে নহে ভাল ॥
সাক্ষাতে সুন্দরী তুমি জেন বিম্ব৭ ফল।
ভিতরে কুৎসিত কিবা বাহিরে উজ্জ্বল ॥
৮সেবিত কোমল তনু অতি সুললিত।
কঠিন পাথর দিঞা নির্ম্মাইল চিত।৮
তোমার যৌবন প্রিয়া পানির জে ফোটা।
ভাটাইলে যৌবন৯ তোর রহিবে৯ খোটা ॥
তোমার যৌবন প্রিয়া জোয়ারের পানি।
যৌবন ভাটা হৈলে কি করিবে বানিয়ানী ॥
দেখিয়া তোমার রূপ প্রাণ নহে স্থির।
কাষ্ঠের শরীর হৈলে হইত১০ চৌচির ॥
আজি জদি সুরতি না দেয়১১ বিদ্যাধরী।
লাগিবে পুরুষহত্যা কহ নিষ্ঠা করি ॥
জোড় হাতে বিদ্যাধরি করে১২ পরিহার।
আজি রাত্রি ক্ষেমা কর প্রাণের ঈশ্বর ॥
তেজ প্রভু আজিকার সুরতি অভিলাষ।
আজি রাত্রি ৩ পোহাইলে বঞ্চিহ১৩ সুখবাস ॥
পদ্মার বিবাদে প্রভু প্রাণ কাপে ডরে।
কালচক্র ফিরে তোমার মস্তক উপরে ॥
আজিকার রাত্রি প্রভু শুভে শুভে যায়।
রজনী প্রভাতে রতি দিবত১৪ নিশ্চয় ॥

CENTRAL LIBRARY

আজিকার রাত্রিতে পদ্মাএ সাধে বাদ।
সত্য নষ্ট হৈলে প্রভু হবেক১ প্রমাদ ॥
আমি পত্নী তুমি পতি বিধাতার২ লিখিত।
আজিকার রাত্রি প্রভু ক্ষেমা কর চিত ॥
স্থনিয়া স্থন্দরীর মুখে নিষ্ঠুর বচন।
নিশ্বাস ছাড়িল বালা বানিয়ার৩ নন্দন ॥
শয্যাতে শুইল বালা বালী বাম পাশে।
তন্ত্রবিভূতে৪ গায় মনসার দাসে ॥

বড় ভয় ৫লাগিল মরমে৫ ॥ ধু ॥

কুস্থম শয্যাতে বালা করিল শয়ন।
জাগিয়া স্থন্দরী দেখে নানা কুলক্ষণ ॥
স্বামী জাগায় কন্যা অন্তরে বিকল।
বিপরীত দেখে৬ ৬প্রভু নানা অমঙ্গল ॥
দক্ষিণ নঞান প্রভু কাপে সর্ব্বক্ষণ।
নিরন্তর আকুল বিকল মোর৭ প্রাণ।
ওষ্ঠ মুখ শুখায় অন্তরে বড় ভয়।
থাকিয়া থাকিয়া তনু৮ চমকিত৯ হয় ॥
বিভীষিকা দেখিয়া অন্তরে হয় কাপ।
১০যথা দৃষ্টি করি ১০তথা দেখি কাল সাপ।
বিভা রাত্রে আনন্দে জঞ্জাল বাস১১ মনে।
আপনে চক্ষের পানি পড়ে ১২ক্ষণে ক্ষণে১২ ॥
শয়ন মন্দিরে দেখি শ্মশানের ঘাট।
মজলি১৩ সমান দেখি স্থবর্ণের খাট ॥
নৃত্য গীত বাজন ক্রন্দন স্থনি রোল।
১৪তুমি আমি শুঞা থাকি কিসের গণ্ডগোল ॥১৪

CENTRAL LIBRARY

থাকিয়া থাকিয়া প্রভু দেখি১ অদ্ভুত।
দুয়ারে দাণ্ডাঞা২ আছে কাল যমদূত॥
লোহার ডাঙ চামের দড়ি দূতের সাজন৩।
তোমাকে বান্ধিতে জেন দূতের গমন॥
চক্ষ মুদি প্রাণনাথ চক্ষে নিদ্রা নাই।
সাঞ্জো সাঞ্জো৩ বিধবা দেখি করিলে গোসাই॥
বালা বোলে সুন্দরী না কর তুমি ডর॥
আনন্দে৪ শুইঞা থাক পালঙ্ক উপর॥
বায়ের* সঞ্চার নাই পাথরের ঘর।
মনরঙ্গে থাক কন্যা কাকো নাহি ডর॥
একেত পাথরের ঘর তাহে৫ কাচ চাল।
চারি পাশে বেড়িয়াছে লোহার গঞ্জাল॥
নেউল মউরী আমার শিওরে প্রহরী।
পাইলে সর্পের দেখা করিবে সংহারি॥
দুয়ারে আছয় মোর৮ রোঝা মহাশয়।
ছয় মাসের মরা জিয়ায় জদি নাগ পায়॥
লক্ষে লক্ষে চতুর্দিগে জাগিছে প্রহরী।
কি করিবে আপনে আসিয়া বিষহরি॥
নিরন্তর হেনকালে জাগিছে মোর ৭বাপ।
কোন পথে আসিবে পদ্মার কাল সাপ॥
৮বালার বচনে বালী হয় আনন্দিত।
তন্ত্রবিভূতে গান করিল রচিত॥৮

৯রন্ধন করিবে সুন্দরী লথাই করিবে ভোজন॥ ধু॥৯

বালা বোলে সুন্দরী খুধায় দুঃখ পাঙ।
রান্ধো অন্নব্যঞ্জন সন্তোষ হঞা খাঙ॥

*পাঠ—বাএর

BENGALI MANUSCRIPT LIBRARY UNIVERSITY OF CALCUTTA.

বাসরে ভোজন মুঞি না করিলাঙ ডরে।
লোকে বোলে বিভা রাত্রে কিবা জোগ করে ॥
বেহুলা বোলে এত রাত্রে কোথা পাব সাজ।
কে মতে করিব রন্ধন মেড়ের জে মাঝ।
বালা বোলে নারিকলের তেহরি করিয়া।
অন্ন রান্ধো সুন্দর মঙ্গল চাউল দিয়া ॥
চড়াহ রন্ধন তুমি বেহুলাসুন্দরী।
ক্ষুধাএ দহিছে প্রাণ সহিতে না পারি ॥
বেহুলা বোলেন প্রভু সুন প্রাণনাথ।
রজনী প্রভাত হৈলে রান্ধিয়া দিব ভাত ॥
কোথা পাব দাইল১ চাউল হাঁড়ি২ খের পানি।
মেঘে অন্ধকার রাত্রি নিল্লয় না জানি ॥
বালা বোলে বেহুলা তুমি সুনহে বচন।
কাষ্ঠ খের থাকিতে কেনে না কর রন্ধন ॥
ইন্দ্রবিদ্যাধরী দেখি তোরে বিভা কৈনু৩।
মাও সোনকার হাতে অন্ন না খাইনু৪ ॥
তোমার বাপের ঘরে না কৈল পঞ্চগ্রাসী।
৪দেবী পদ্মার মায়াতে আইনু উপবাসী ॥৪
বালার বচনে বালী৫ চিন্তাযুক্ত হৈল৫।
সঙ্কটেপড়িয়া৬ বালী পদ্মা স্বঙরিল৬ ॥
বালী বোলে অভয়া৭ তরাহো এ দায়৭।
সঙ্কটসময়ে মাগো হইবে সদয় ॥
স্বর্গেত আছিলাঙ৮ আমি ইন্দ্রের বিদ্যাধরী।
পৃথিবীতে সত্য করি আনিলে৯ বিষহরি ॥
সঙ্কটে স্মরণ করে বেহুলাসুন্দরী।
স্মরণে জানিল দেবী শঙ্করঝিয়ারী ॥
অন্নপূর্ণা স্মরণে পার্ব্বতী দিল বর।
নানা দ্রব্য পায় বালী মেড়ের ভিতর ॥

পাঠ — অন্নপুন্না (সর্বত্র)

দ্রব্য পাঞা বিদ্যাধরী চঢ়ায় রন্ধন।
১তন্ত্রবিভূতে গায় মনসাচরণ ॥১

রন্ধন চঢ়ায় বেহুলা আরে হয় ॥ ধু ॥

রন্ধন করে বেহুলা হৈঞা২ মনসুখী।
অন্ন রান্ধে স্বামীর তরে বালী চন্দ্রমুখী ॥
চন্দন চিরিঞা৩ বালী করিলেন খড়ি।
তিন গোটা নারিকল করিল তেহড়ি ॥
মঙ্গলের চাউল আর ভৃঙ্গারের পানি।
চণ্ডিকা স্মরণ করি রান্ধে বানিয়ানী ॥
জে দিগে বাঢ়ায় হাত সাহের নন্দিনী।
অন্নপূর্ণা নানা দ্রব্য জোগায় আপনি ॥
প্রথমে রান্ধিল শাক সুপ বড়িভাজা
হরিদ্রা মাখিয়া রান্ধে কদলীর মাঞা।
ভাজিল পোহানি মৎস্য চিথলের কোল।
শোকুলে৪ সুকুতা রান্ধে মাগুরের ঝোল।
৫খাসি মাংসের ঝোল আর তার করে ভাজা।৫
রান্ধিল চুচড়া মৎস্য দিয়া বাশের গেজা ॥
সুকুতা কুম্ভরা ভাজে তাতে দিয়া সিম।
সড়া মৎস্যে গোন্ধারি৬ বার্ত্তকি দিয়া নিম ॥
কওই মৎস্য রান্ধে৭ আর কবুতরের৭ ছায়৮।
৯রুহি মৎস্যের ঝোল রান্ধে গড়ই পোড়ায় ॥৯
১০বাপের ঘরে থাকিয়া রন্ধন ভাল জানে।
চেঙ্গ মৎস্য পোড়াঞা জাম্বির দিঞা সানে ॥১০
অন্ন ব্যঞ্জন রান্ধে বালী আর ভাজে বড়া।
পশ্চাতে রান্ধিল বালী মৎস্যের চড়চড়া ॥

আম্র দিয়া রান্ধে বালী পুরাণ কাতল।
কুম্ভরা তৈলেত দিয়া রান্ধিল অম্বল ॥
পঞ্চাশ ব্যঞ্জন অন্ন করিল রন্ধন।
১নিদ্রাতে পড়িল বালা বানিয়ানন্দন ॥১
তন্ত্রবিভূতে২ গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

কে মোর৩ চিআইয়াও দিবেরে প্রাণের নিজ পতি ॥ ধু ॥

কান্দে বালী চন্দ্রমুখী করিয়া রন্ধন।
কি মতে চিয়াব বালা বানিয়ানন্দন ॥
মাস চারি ছয় নহে বিবাহের রাতি।
কিমতে চিয়াব প্রভু নিজ প্রাণপতি ॥
রান্ধিনু বাঢ়িনু অন্ন তার কিবা গতি।
কে চিঞায়া দিবে অভাগিনীর নিজ পতি ॥
অন্নব্যঞ্জন রান্ধিঞা সে স্থানে রাখিল।
ভৃঙ্গারের জলে বালী হস্ত পাখালিল ॥
চন্দন ঘসিয়া বালী কটরা ভরায়।
৫চন্দন ছিটাইয়া দিল বানিয়ার গায় ॥৫
সর্ব্বাঙ্গে লেপিল বালার কস্তুরী চন্দন।
চেতন না পায় বালা বানিয়ানন্দন ॥
উঠিয়া ভোজন কর করিনু রন্ধন।
চরণে করিনু আমি এই নিবেদন।
অন্ন জদি না খাও তাম্বুল ধর খাও।
পুষ্পের পালঙ্ক পায়া কত নিদ্রা যাও ॥
এত দুঃখে রান্ধিনু৬ ব্যঞ্জন আর ভাত।
অভাগিনীর কর্ম্মদোষে পড়িলা নিদ্রাত ॥

CENTRAL LIBRARY

চেতন১ না পাইল বালা বালীর জে ডাকে।
অন্ন ব্যঞ্জন সুন্দরী পাতিল ভরি রাখে ॥
হস্ত ধয় সুন্দরী হস্তের মুছে কালি।
পালঙ্কে চড়িল গিয়া বানিয়ার বালী ॥
পুষ্পের পালঙ্কে আর২ স্বামী করি২ কোলে।
নিদ্রাতে পড়িল বালী হইয়া বিভোলে ॥
পুষ্পের পালঙ্কে বালী বালা নিদ্রা যায়।
তন্ত্রবিভূতি৩ কবি বিরচিয়া গায় ॥

ও মোর কালিয়া কাহ্নুরে বাশিতে না দিয়ও সান ॥ ধু ॥

৫নিদ্রাতে পড়িল বালাবালী মেড় ঘরে।
তখন দেবতী পদ্মা কোন কর্ম্ম করে ॥৫
৬পদ্মা বোলে নেতাই দিদি বড়ই প্রমাদ ॥৬
কেমতে বধিব বালা সাধিব বিবাদ ॥
ই তিন ভুবনে মোর দৃঢ় অঙ্গীকার।
বিভা রাত্রে বানিয়ার বধিব কুমার ॥
বাক্য মিথ্যা হৈলে৭ মোর দর্প হবে৮ নাশ।
পুত্র বিভা দিয়া চান্দো বড়ই উল্লাস ॥
মনের ভিতরে নেতাই বড় হইল শোক।
দেবতাকে জিনিলে অধম নরলোক ॥
নেতাই বোলেন পদ্মা মোর বাক্য ধর।
নিন্দালি৯ পঠাই দেহ মেড়ের ভিতর ॥
নিদ্রাতে সমস্ত লোক হবে অচেতন।
মেঘ ডাক দিয়া কর২ ঝড় বরিষণ ॥
তবে১০ ডাকি আন১১ তুমি জত১২ নাগগণ।
এক সর্প মেড়ে পঠাও জাকে লাগে মন ॥
সেই সর্পে বোধিবে জাঞা বালার জীবন।
তোমার চরণে পদ্মা এই নিবেদন ॥

নেতাইর বচনে পদ্মা পাইল উপায়।
তন্ত্রবিভূতি১ কবি বিরচিয়া গায়॥

২মেঘ মেঘ করিয়া২ ডাকেন পদ্মাবতী।
দেবীর স্মরণে মেঘ আইলা শীঘ্রগতি॥
আবর্ত্ত সাম্বর্ত্ত মেঘ দ্রোণ জে পুষ্কর।
চারি মেঘ আইলা শীঘ্র৭ পদ্মা বরাবর ।৩
করজোড় করি মেঘ করেন প্রণতি।
৪কি কর্ম্ম করিব আজ্ঞা৮ কর পদ্মাবতী॥
ধর লেহ মেঘ তাম্বুল ধর খাও।
৫চাম্পাই নগর মধ্যে ঝড় বরিষাও ।৫
পান পাঞা মেঘগণ৬ জায় অন্তরীক্ষে৬।
৭গর্জ্জন করিয়া জায় চাম্পালীর মুখে ।।৭
আচম্বিতে ঢাকিল মেঘ রবির কিরণে।
চাপ চাপ করি মেঘ ঝড় বরিষণে॥
কুম্ভরা সমান পাথর মুষলধারে পানি।
চাম্পালি জুড়িয়া বর্ষে দিবস রজনী॥
চারিদিকে ভূসরাইল৮ চারি গড়খাই।
তাহার তলে লুকাইয়া লাটা কুচাই॥
৯চন্দ্রমল্লিকা গাছ ডুবিল থরে থরে ।৯
১০হাতে হেমতালে পলায় চান্দো সদাগরে ।।১০
১১রক্ষক পলাইল মেড় হৈল শূন্যাকার ১১
হরিষ বদনে পদ্মা১২ নাগে১৩ লাচিবার১৪ ।।
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ।

CENTRAL LIBRARY

নটরাগ ॥১

নিন্দালি মাসী আয় আয় ।
২সকল প্রহরীগণে নিন্দ দিয়া যাও ॥২ ধু ॥

নেতাইর বচনে পদ্মা কোন কর্ম্ম করে ।
রথভরে পদ্মা জায় নিন্দালি গোচরে ॥
৩ডাক দিয়া বোলে মাসী কি কর বসিয়া ৩
৪তোমার নিকটে আইলাঙ উপায় ভাবিয়া ॥৪
আমাকে না মানে আমি শঙ্করঝিয়ারি ।
চান্দোর বিবাদ মাসী সহিবারে না পারি ॥
নিন্দালি বোলেরে৯ বাছা কি কার্য্যে গমন ।
স্মরণ করিলে হয় জত প্রয়োজন ॥
পদ্মা বোলে মাও মাসি ভিন্ন নাহি জানি ।
কে মতে ডাকিব মুঞি৫ আইনু৬ আপনি ॥
চান্দোর সহিতে মোর নিতি হয় দ্বন্দ্ব ।
পুত্র বিভা দিয়া চান্দো বড়ই আনন্দ ॥
দংশিব চান্দোর পুত্র আছে মোর মন ।
তুমি জাঞা পুরীখান কর অচেতন ॥
স্থনিয়া নিন্দালি পদ্মাদেবীর বচন ।
সত্বরে চলিয়া গেলা চাম্পালি ভুবন ॥
চান্দোর পুরীর মাঝে গেল দুষ্ট বুড়ি ।
ঝারিয়া ফেলিল জত নিন্দের ধোকরি ॥
নিদ্রাতে পড়িল চান্দো সোনকাস্থন্দরী ।
দুয়ারে আছিল জত জত লেউল৭ মউরি ।
জতেক প্রহরী আর বেহুলাস্থন্দরী ।
নিদ্রাতে পড়িল সব বানিয়ার পুরী ।
নিদ্রাতে পড়িল সভে হয়া৮ অচেতন ।
নিজ পুরী পদ্মাবতী করিলা গমন ॥

CENTRAL LIBRARY

স্মরণ করিল পদ্মা জত নাগগণ।
১তন্ত্রবিভূতি পদে বিরচিঞা গান ॥১

নাগের সাজন২।

শঙ্করনন্দিনী জগতবন্দিনী
স্মরণ করেন৩ ফণিগণে।
করিয়া অনুরাগ চলিল জত৪ নাগ
সভে পদ্মা দেবী দরশনে ॥
ধরণী না সহে ভার মনুষ্যের৫ আকার
চলিল বাসুকী আদি নাগ।
পদ্মাপদ বন্দে পরম আনন্দে
৬সকল সর্পের৬ সমাজ ॥
পূর্ব্বের মহাভাগ উদয়গিরি নাগ
কুলিশ কর্কট নাগ৭ চলে।
জাহার বিষের তাপে ৮দেবতা গন্ধর্ব্ব৮ কাপে
সুমেরু মন্দারগিরি৯ টলে ॥
১০উত্তরে জাহার ঘর বিষম বিষধর
তক্ষক চলেন মহারঙ্গে।১০
ইঙ্গিলা আর পিঙ্গিলা পদ্মমুখী কমলা
কলিঙ্গা চলএ একরঙ্গে ॥
সর্পের ঈশ্বর কালি বিষধর
পদ্মা দরশনে চলে।
অদ্ভুত কালির সঙ্গে চলিলা পরম রঙ্গে
সম্প্রতি কালিন্দীর জলে ॥
দক্ষিণদেশে ঘর সর্প অজগর
শঙ্খ মহাশঙ্খ লড়ে।
জাহার বিষের তাপে ধরণী ধরএ কাপে১১
আকাশের তারা খসি পড়ে ॥

CENTRAL LIBRARY

হেঙ্গুলে১ হরিতাল চলিল বিষজাল
পাণ্ডু নাগ চলে শীঘ্রগতি।
অরুণ*২ বদন আসে দুই জন
দেখি সুখী হৈলা পদ্মাবতী।
ধর্ম্ম ধর্ম্মাক্ষ চলিলা বিরূপাক্ষ
কাল মহাকাল সোনি৩।
চলিলা নিশাচর পদ্মার বরাবর
আনন্দ শঙ্করনন্দিনী॥
মাথাএ ধরে মণি আর জতেক ফণি
সর্পের পরিবার জত।
পদ্মার স্মরণে চলিলা রঙ্গমনে
আসিয়া করে দণ্ডবত॥
পদ্মার স্মরণে চলিলা৪ বোড়াগণে
প্রথমে চকরিয়া৪ সাপ।
হেলুয়া ঢেলুরা চলিলা বিগতিয়া
জাহার ঘন ঘন লাফ॥
চলিল কুণ্ডলিয়া ৫রঙ্গিনী চলে ধাঞা৫
৬পদ্মা দরশনে৬ সভে৭ জায়।
জাহাকে করে রোষ পিঠ জার চারি ক্রোশ
৮অবশ্য সে কামড় জে খায়॥৮
আর তিন জাতি চলিল শীঘ্রগতি
মাছুয়া৯ কর্কটিয়া কাল।
জাহাকে করেন ঘাও নাহি চলে এক পাও
টলি১০ পড়ে মুখে বহে লাল॥
ঢারাচ১১ নাগ চলে ঢেমনা কুতুহলে
১২জাহার বিষ রহে নেঙ্গে।১২
কোছুয়া ডেমটিয়া চলিল থলতিয়া
১৩বিষ জার১৩ নাহিক প্রকাশ॥

*পাঠ—ওরুন

CENTRAL LIBRARY

বার শির জেই১ ধর চলে জেন গিরিবর
আপনার মনে বীর হাটে।
অঙ্গের ভরেতে২ জার বন৩ হয় চুরমার
ধরণী জে৪ থানে থানে ফাটে ॥
শতেক বাহন৫ নঞা আইল বোয়ালিয়া
সেন্দূরে মণ্ডিত সব অঙ্গ।
দোমুহা চলিছে আর ৬অঙ্গে অস্থি৬ নাহি তার
৭ফেপটিঞা চলে তার সঙ্গে ॥৭
৮আইলা পাহাড়্যা৮ চিত্তি চলিল জে শীঘ্রগতি
আর চলে গহমা খরিস।
গোক্ষুরা৯ লেঙ্গুরা ভাই৯ ১০পাছে জায় সোনগুহি১০
জাঞা১১ পায় পদ্মার সম্পাশ ॥
এতেক সাজিয়া সর্প আইলেন লক্ষ১২ লক্ষ১২
কতেক১৩ লেখা করা জায়১৩।
১৪পদ্মা স্বভরণ করিল নাগগণ
তন্ত্রবিভূতি পদে গায় ॥১৪

১৫কে মোরে সাধিঞা দিবে বাদ বাদান্তর ॥ ধু ॥১৫

কে মোরে সাধিবে বাদ বোলে বিষহরি।
প্রভাত হইলে বাদ সাধিতে না পারি ॥
দৃঢ়১৬ অঙ্গীকার মোর বিদিত ভুবনে।
বিভা রাত্রে বানিয়ার বধিব নন্দনে ॥
বিবাদে বান্ধিল সাধু পাথরের ঘর।
পুত্র বধু থুঞাছে১৭ সাধু১৮ তাহার ভিতর ॥
প্রথমে করিলাঙ১৯ আমি২০ বুধ্যের প্রকার।
২১মেড়েত থুঞাছি পথ২১ সুতার সঞ্চার ॥
কোন সর্পে আমার সাধিয়া দিবে বাদ।
আগে হয়া২২ লেহ বাছা পান প্রসাদ ॥

CENTRAL LIBRARY

১স্থনিয়া চিন্তিত হৈলা জত সর্পগণ।১
২তন্ত্রবিভূতে গায় মনসাচরণ ॥২

আইলেন৩ পাণ্ডু নাগ তাম্বুল দিল তার আগ
তাকে৪ দেবী বোলে ডাক দিয়া।
ধর নাগ লেহ পান রাখহ আমার মান
নথাই বালা দেহত দংশিয়া।
৫পদ্মা বোলে কর্কট নাগ তুমি আইস মোর আগ
শীঘ্রগতি চলহ সত্বর।৫
ধর নাগ খাও৬ পান রাখহ আমার মান
দংশি৭ দেহ বালা লক্ষীন্দর ॥
৮তক্ষক নাগেরে ডাকি বোলে পদ্মা মনদুঃখী
তুমি মোর কর উপকার।৮
তাম্বুল ধর লেও বালাক দংশিঞা দেও
প্রতিজ্ঞা পূরক জে আমার ॥
তারপর অহিরাজে জায় পদ্মা তার কাছে
তুমি মোর প্রাণের অধিক।
উজানিতে মোর সাথে ছিলা তুমি তাহাতে
নিশ্বাসে পড়িল জে ভূমিত ॥
এখন সংকট হৈতে প্রতিজ্ঞা পূরণ জাতে
এই কর্ম্ম কর অহিরাজ।
ধরহ তাম্বুল খাঅ বালাক দংশিঞা দাও
তবে পূরে মনের জে কাজ ॥
৯একে একে নাগগণে পদ্মা পুছে জনে জনে৯
কোন নাগে না কৈল উত্তর।
কর নাগ অঙ্গীকার বাদের হউক উদ্ধার
১০দংশি দেহ বালা লক্ষীন্দর ॥১০

CENTRAL LIBRARY

১স্থনিয়া দেবীর বাণী বোলে নাগ মনে গুনি
আমার হইল বড় অঙ্গ ।১
২স্থনি নাগের উত্তর না হইল বাদান্তর
মনে মনে গুনে পদ্মাবতী ।।২
তন্ত্রবিভূতি কবি বন্দ৩ মনসা দেবী
দ্বিজ মুনি অস্তিকের মাতা ।
অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥

৪মনে আর না লয় শ্যাম বন্ধুয়ার বাদে ।
স্থির নাহি প্রাণ আকুল হঞা কান্দে ।।ধু।।৪

হেট মুণ্ড হঞা রহে২ সর্পের সমাজ ।
মাথাএ পড়িল জেন আকাশের বাজ ।।
বড় বড় সর্প বোলে স্থন দেবী মাও ।
পর্ব্বত সমান গাও বড় বড় পাও ॥
স্থতার সঞ্চার পথ চলিব কেমনে ।
দংশিতে না পারি মাগো সাধুর নন্দনে ॥
ছোট ছোট নাগ বোলে স্থন পদ্মাবতী ।
সাধিতে না পারি বাদ৫ আমার শকতি ।।
বড় বড় সর্প গোলা৪ রাজা হেন মানি৫ ।
৬যশভাগ্যে পায় লোকের৬ পূজা পানি ।।
দেবে দেবে অধিকার৭ বড় নাগ খণ্ড৭ ।
বিবাদের৮ কথা স্থনি হেট করে মুণ্ড৮ ।।
চেঙ্গ বেঙ্গ খাই মহাঅরণ্যে বসতি ।
সাধিতে নারিব৯ বাদ আমার শকতি ।।
৯ঢাড়াচ চেমনা৯ বোলে মিনতি করিয়া ।
আমা সভার বিষ নাই দংশিব কি১০ দিয়া ।।

CENTRAL LIBRARY

বোড়া বোলে বাক্য মোর পদ্মার গোচরে।
১আমরা দংশিলে মড়া ছয় মাসে মরে ॥১
দশে পাচে পক্ষে মৃত্যু হএত তাহার।
ভালো রোঝা২ পাইলে পরে হয়২ প্রতিকার ॥
৩মহা মহা৩ সর্প গণ হইল বিমুখ।
স্থনিয়া ত পদ্মা দেবী মনে ভাবে দুঃখ ॥
বিষাদ ভাবিয়া পদ্মা৪ করএ ক্রন্দন৪।
৫তন্ত্রবিভূতে গায় পদ্মার চরণ ॥৫

৬কান্দে গো মনসা দেবী বিষাদ ভাবিঞা ॥ধ্রু॥৬

৭পদ্মা আঝর নঞানে কান্দে মাথার কেশ নাহি বান্ধে
নঞান বহিয়া পড়ে পানি।৭
কিনা৮ হইল পরমাদ কেমনে সাধিব বাদ
খানিক৯ পরে১০ পোহাবে রজনী ॥
এই মোর সর্পগণ পুষিলাম অকারণ
কেহ মোর না১১ করিল কাজ১১।
১২সমাজ মাঝে বড় শুণ্ড কার্য্যকালে হেট মুণ্ড১২
সংসার ভরিয়া হৈল নাজ ॥
পোহাইয়া গেল১৩ রাতি না হইল বাদের শান্তি
হারিলাঙ১৪ জিনিলে সদাগর১৪।
কান্দেন মনসা মা ১৫চিত্তে নাহি করে১৫ ক্ষেমা
আজি পড়িল অথান্তর ॥
১৬আমার কপালে এই কোথা নাহি পূজা পাই
কান্দে দেবী বিষাদ ভাবিঞা।১৬
স্বর্গেতে আছিলাঙ১৭ সুখে নামিলাম১৮ কর্ম্মের দুঃখে
বিধি পঠাইল কি লিখিঞা ॥

CENTRAL LIBRARY

দেবগণ সুরগণ সভে করে স্তবন
অপমান১ মনুষ্যেতে দেয়১ ।
মিছাই করিলাম দর্প মোর দূত কাল সর্প
অসময়ে কেহ কার২ নয় ।
তিল মাত্রে বিষ জার হস্তী পারে মারিবার
হেন নাগ মিথ্যা কথা কয় ॥
টলিয়া পড়িল বাপ হুঙ্কারি অষ্টকুলা নাগ
৩তাহে আমি করিলাঙ রক্ষা ।৩
দুর্গা সতাই মোকে৪ দিয়াছিল বড়৫ দুঃখে
৬পরে মোর কৈল সম্ভাষণ ॥৬
৭তাহে বাদ সাধি কাজ উদ্ধারিলাঙ দেবরাজ
এবে নাগ মোর হৈল অরি* ।৭
৮নরজাতি চন্দ্রপতি তাহে বাদ কৈল অতি
সেহো বাদে হইছে ধিৎকারি ॥৮
বিষাদে কান্দেন রাই বোলে পাত্র নেতাই
কেনে পদ্মা কর অভিমান ।
জত দেখ দেবী দেবা ৯করএ তোমার৯ সেবা
১০ছোট বড় তোমার সমান ॥১০
১১নেতাই ছিল দয়ার পাত্র হাতে নিল জলমাত্র
নামাইল বদন মুছিঞা ।১১
১২ছোট বড় জত নাগে হেট মাথা কৈল সভে
পড়িল নাগ ভূমি সব নিঞা ॥১২
১৩দেবীর ক্রন্দন স্থনি১৩ আইল কাল নাগিনী
১৪রহে নাগ ই দণ্ড পুরিঞা ।।১৪
বোলে নাগ করে স্তুতি স্থন মাগো পদ্মাবতী
আমি বাদ দিবত১৫ সাধিঞা ।।
কেনে বা হইবে নাঙ এই বড় কোন কাজ
বধিব আমি বানিঞানন্দন১৬ ।
কোন ছাড় কাজের তরে ১৭মর তুমি চিন্তা করে১৭
কেনে মাতা কান্দ অকারণ ॥

*পাঠ—ঐরি

CENTRAL LIBRARY

নাগিনীর স্থনি কথা আনন্দ শিবদুহিতা
জানিলাঙ হৈল বাদ সিদ্ধি।
পান দিয়া পদ্মাবতী সর্পেক দেয় আরতি
প্রসাদ দিলেন জথাবিধি ॥
নাগে কৈল অঙ্গীকার পাত্রে দিল জয়কার
ই দণ্ড পুরিল নাগবল।
পদ্মার চরণবর বন্দি শির উপর
আনন্দিত ব্রাহ্মণী তোতল ॥

ধানসি রাগ ॥

নাগিনী বোলেন পদ্মা কর অবগতি।
সাধিব তোমার বাদ প্রাণের শকতি ॥
সূতাসঞ্চার পথ পাথরে কৈল ঘর।
কোন রূপে প্রবেশিব মেড়ের ভিতর ॥
পদ্মা বোলে নাগিনী তোমাকে দিনু বর।
সূতা হইতে ছোট হৌক কলেবর ॥
পদ্মহস্ত মনসা ফিরায় সাত বার।
নাগিনীর তনু হৈল সূতাসঞ্চার ॥
নাগিনী বোলেন মা স্থন মনসাই।
বিদায় দেহ নাগ জাউক আপনার ঠাই ॥
এত স্থনি নাগগণ করিল বিদায়।
বিদায় পাইয়া নাগ ভিতাভিতি১ জায় ॥
স্থনিয়া নাগের কথা আনন্দিত হয়।
তন্ত্রবিভূতি২ পদে বিরচিয়া গায় ॥

অষ্ট পাত্র সঙ্গে করি বোলে দেবী বিষহরি
সত্বরে জাই চাম্পাই নগরে।
ই কাল নাগিনী নঞা৩ মেড়েত পঠাব গিয়া
আজি বাদে জিনি সদাগরে ॥

CENTRAL LIBRARY

১চান্দো বান্ধে১ পাথর ঘর কাহাক না করে ডর
লোহার দ্বার২ বাহির ভিতরে।
সেইত মেড়েতে জাব লখাই বেহুলা খাব
কি করিবে চান্দো সদাগরে ॥
চান্দো একাকী জুঝে আমাকেত নাহি পূজে
পাএত৩ ঠেলিল মোর পূজা।
স্বঙরিতে দারুণ৪ দুঃখ অধিক পোড়এ বুক
৫নানা মতে দিল মোকে লজ্জা ॥৫
মনসায় আজ্ঞা দিল৬ নেতাই রথ সাজাইল৭
৮হংসরথ সাজতে নাগিল ॥৮
হীরা মণি মাণিক্যে খিচনি করিল রথে
নানা রত্নে রথ সাজাইল ॥
দেখিতে রথের ঠান ৯বিছানা কৈল স্থানে স্থান৯
১০পতাকা উড়এ রথ চূড়ে ।১০
দেখিতে রথের ভিত ১১কনক শোভে বিচিত্র১১
শোভা করে ই শ্বেত চামরে ॥
সুবর্ণের খিচনি মণিময় গাথনি
রত্ন জলে রথের উপর।
চতুর্দ্দিগে পাত্রগণ মাণিকের কিরণ
নেতাই পাত্র ঢুলায় চামর ॥
১২রথে চড়ে বিষহরি পাত্রে জয় জয় করি১২
স্তবন করিয়া গীত গায়।
১৩বিষম বিবাদ করি সাজে দেবী বিষহরি
লখাই বধিতে দেবী জায় ।১৩
১৪নেতাই করে শঙ্খধ্বনি আনন্দিত পদ্মমুনি
বাদ্য বাজে ব্যালিস বাজন ।১৪
কেহো নাচে কেহো গায় মনসা চাম্পালি১৫ জায়
চমকিত১৬ ই তিন ভুবন ॥

CENTRAL LIBRARY

নাগিনীকে রথে করি আনন্দে জায় বিষহরি
হস্তেত করিয়া নাগবর ১*।
২এড়ায় ময়না নগর পায় নথাইর বাসর
জেথানে আছেন লক্ষীন্দর ॥২
জতেক জে সেনাভাগ রহিল দেবীর আগ
৩লেতাইকে করি নিল রথে ।৩
নাগ রাখে ভাগে ভাগে এক নাগ রাখে আগে
উত্তরিল মেড়ের দুয়ারে ॥
মেড়ের জে উপরে যোজনেক অন্তরে
৪শূন্যপথে মনসা রহিল ।৪
৫হেন কি দৈবের গতি অদ্ভুত জুগতি
বাদান্তরে লখাই বধিল ।৫
বোলে জয় ব্রাহ্মণী শুন কাল নাগিনী
পালন করহ অঙ্গীকার ।
মেড়ের ভিতরে জাহ ৬লখাই বালাকে খাহ৬
বাদের তুমি করহ উদ্ধার ॥
নাগিনী বোলেন দেবী ছোট হৈতে তোমা সেবি
আজি করো৭ তোমা৮ উপকার ।
৯মেড়ের ভিতরে জাব লখাইকে খাইব
কি করিবে চান্দ সদাগর ।৯
১০মনসাচরণ বর বন্দি শির উপর
তন্ত্রবিভূতে পদ গায় ॥১০

১১নথাই বধিলরে পদ্মার বিবাদে নথাই বধিল রে ॥ ধু ।১১

১২আইলা হরিষে দেবী জিনিতে সদগর ।
নথাই দংশিঞা জে সাধিব বাদান্তর ॥১২
১৩ই কাল নাগিনী নিল১৩ হস্তেত করিয়া ।
সুতার সঞ্চার পথে দিলেন ছাড়িয়া১৪ ।

CENTRAL LIBRARY

ঠেলাঠেলি করিয়া দুয়ারে দিল পাও।
লোহার ধারে১ নাগিনীর২ চাছা জায় গাও২ ॥
মেড়ের ভিতরে জাঞা স্তম্ভেত রহিল।
নথাই বেহুলা গিয়া৩ সম্মুখে দেখিল ॥
ক্ষয় জারে ক্ষয় জারে চান্দো সদাগর।
৪হেন পুত্র বধূ থাকিতে করে বাদান্তর ॥৪
স্তম্ভ বাহি নাগিনী ভূমেতে নাম্বিল৫।
নাকের নিশ্বাসে চারি প্রদীপ নিভাইল ॥
নাগিনী সান্তাইল জদি মেড়ের ভিতর।
দেবগণ বোলে মৈল বালা লক্ষীন্দর ॥
কুদিন নাগিল সাধু পাড়ে কাল নিন্দ।
অন্ধকার রাত্রে জেন চোরে দিল সিন্দ ॥
পুষ্পের পালঙ্কে শুঞা৬ বালা নিদ্রা জায়।
দেখিয়া নাগিনী শোকে করে হায় হায় ॥
নাগিনী বোলে কর্ম্ম করিনু দারুণ।
বালার রূপ দেখি মোর জলিছে আগুন ॥
শত চক্ষ হয় জদি দেখি রূপখানি।
কেমত দংশিব বালাক৭ আমি দুচারিণী ॥
মুখ জেন চন্দ্রমা৮ খঞ্জন দুই চক্ষ।
বাহু জেন মৃণাল নাসিকা শুক পক্ষ ॥
গন্ধর্ব্ব সমান রূপ দেখি নাগে দয়া।
কেমত দংশিব বালাক৯ নিদারুণ হয়া১০ ॥
বালা সম্বোধিয়া বাক্য বোলেন নাগিনী।
মেড়ের ভিতরে তখন বেড়াএ আপনি ॥
মেড়ে বেড়াইতে আবর্তন দুগ্ধ পাইল।
মুখ চুভরিয়া১১ দুগ্ধ খাইতে লাগিল ॥
দুগ্ধ খায়া১২ নাগিনীর সর্ব্বাঙ্গ ফুলিল।
১৩অন্তরীক্ষে থাকি দেবী গুণিতে নাগিল ॥১৩

CENTRAL LIBRARY

১তন্ত্রবিভূতি কবি১ মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

২কান্দেরে কাল নাগিনী বালার রূপ নিরখিঞা ॥ ধু ॥২

নাগিনী বোলেরে বাছা বানিঞানন্দনে।
দেখিয়া তোমার রূপ ধরিতে না পারি বুক
আখি দুটি ভরিল ক্রন্দনে ॥
পিতা তোর সদাগরে বিষম বিবাদ করে
প্রাণে নাহি মারে পদ্মা তোক।
দোষ নাহি এক রতি বিনি দোষে পদ্মাবতী
হৈল তোর জীবের গাহাক ॥
নাগিনী বোলেন বাণী অনুমানে৩ অনুমানি
৪বড় নিদারুণ৪ পদ্মাবতী৫।
কোন অঙ্গে হীন নহে কেমতে দংশিতে কহে
কাম জিনি বালার মূরতি ॥
পদ্মার ক্রন্দন সুনি মুঞি মহাদুচারিণী
সত্যে বন্দি হৈনু৬ তার সঙ্গে।
সর্ব্বাঙ্গ সুন্দর তোর দেখি প্রাণ পোড়ে মোর
ঘাও চঢ়াব কোন অঙ্গে ॥
উঠ হে বানিয়ার ঝি নিদ্রাসুখে কর কি
উঠিয়া স্বামীকে রক্ষা কর।
পদ্মাবতী সাধে বাদ হৈল বড় পরমাদ
মরিবে তোমার প্রাণেশ্বর ॥
জেমত৭ সুন্দর ঠান সেমত পালঙ্কখান
পদ্মাক চান্দো৮ না দেয় ফুলপানি।
ধন পুত্র হৈল হানি না পুজহ ব্রাহ্মণী
কোপে জলে শঙ্করনন্দিনী ॥

CENTRAL LIBRARY

দেব সনে বাদ করে . কিবা সে১ বোলিব তারে
২নিবংশ করিল এই বার ।২
জদি মনে ক্রোধ থাকে জে করে সে করে তাকে
বিবাদে বধিবে কুমার ॥
উঠ উঠ বিদ্যাধর উঠিয়া চেতন কর
মুই বাছা পরের অধীন ।
এতেক শবদে মোর না হয় চেতন তোর
সর্ব্বথা তোর নাগিল কুদিন ॥
তন্ত্রবিভূতি৩ কবি বন্দো৪ মনসা দেবী
সুখ মোক্ষ* বরের কারণ ।
দুঃখ দুষ্ট সর্পভয় এ সব করিতে ক্ষয়
বন্দো দেবী পদ্মার চরণ ॥

রথভরে মনসা ডাকিয়া বোলে বাণী ।
কার মুখ চাহ বাছা ই কাল নাগিনী ॥
জতেক কহিল মিছা হয় সব বোল ।
এতক্ষণ না সুনিলাঙ ক্রন্দনের রোল ।
বালাকে দংশিতে জদি মনে বাস দুঃখ ।
কেমতে সর্পের আগে দেখাইবে মুখ ॥
মনসার বচনে নাগিনী কোপ করে ।
পালঙ্কে বসিল বালার সিওর উপরে ॥
প্রথম প্রহরে বালা নিদ্রা গেলা ভোলে ।
শুঞাছে৫ সুন্দরী কন্যা স্বামী নঞা৬ কোলে ॥
৭সিতান হৈতে নাগিনী পৈথানে চলি জায় ।৭
উলটি পুলটি বালার রূপ লেহালয়৮ ॥

*পাঠ—মক্ষ

CENTRAL LIBRARY

কান্দেন নাগিনী বসিয়া বালার সিওরে।
১কোন থানে দংশিব বালার সুন্দর শরীরে ॥১
২কেশেতে দংশিব বালার হাড়িয়া চামর ।২
মাথাতে দংশিব বালার ঝুনা৩ নারিকল ॥
কপালে দংশিব বালার দুতিয়ার চান্দ।
ভুজেতে দংশিব বালার মৃণাল জেন পঙ্ক ॥
নাসিকা দংশিব বালার গরুড়* সমান।
যুগিনী সদৃশ বালার শোভে দুই কান ॥
মুখেতে দংশিব বালার কমলের ফুল।
চক্ষেতে দংশিব বালার লক্ষত্রযুগল ॥
বুকেত দংশিব বালার আগিনা চিয়ার।
পৃষ্ঠেত দংশিব বালার ধবল আকার ॥
বাহাতে৪ দংশিব বালার পঙ্কজ৫ মৃণাল।
পাঞ্জরে দংশিব বালার অশোকের ডাল ॥
কাকালে দংশিব বালার জিনিয়া কেশরী।
দুই উরে দংশিব বালার আম্র কদলী ॥
পায়েতে দংশিব বালার রতন দিয়রি৬।
আঙ্গুলে দংশিব বালার চাপার পাথুরী ॥
না দংশিব লক্ষীন্দর জাব বাহুরিয়া।
জত মন্দ বোলে দেবী থাকিব সহিয়া৭ ॥
নংাইর রূপ কহি গিয়া দেবীর চরণে।
৮নথাই বদলে প্রাণ দিবত আপনে৮ ॥
সুনিরে নাগিনী কিবা বোলিস আমারে।
জত দুঃখ দিল চান্দো৯ সুঝাইব তোরে৯ ॥
১০বেঙ্গ খাও বেটী১০ বোলাইস১১ সতী১২ যতি*১৩।
ছাএ ডিম্বে মারিব১৪ আজি পলাইবে কতি১৪ ॥

*পাঠ—গোরুড়, *পাঠ—যোতি,

CENTRAL LIBRARY

বেঙ্গ খাইতে অপরাধ নাহিক আমার।
বিধাতা সৃজিল বেঙ্গ সর্পের আহার॥
জখনে আইলাও আমি মেড়ের ভিতরে১।
আপনে মরিব ছাও ডিম্বে কিবা করে২॥
৩রাত্রিতে পতঙ্গ মরে প্রদীপ দেখিয়া।৩
৪তেন মতে মৃত্যু চিহ্ন৪ মেড়েত আসিয়া॥
কোনখানে দংশিব বালার দংশিবার৫ যোগ্য নহে।
কেমতে দংশিব বালার সুন্দর হেন৬ দেহে॥
তোমার সনে করে বাদ চান্দো সদাগর।
কোন দোষে দংশিব আমি বালা লক্ষীন্দর॥
লর্থাই দংশিলে৭ মনে সোনকাসুন্দরী৭।
৮স্ত্রীবধ দিবে কালি বেহুলাসুন্দরী॥৮
তিন জনার বধ মাতা গোছিতে৯ না পারি।
চান্দোর অপরাধে মাতা কেনে লক্ষীন্দর মারি॥
তিন জনার বধ মাতা কর অঙ্গীকার।
তবেত দংশিতে পারি চান্দোর কুমার॥
সর্পের গোচরে দেবী করে অঙ্গীকার।
ইহার জত বধ নাগে আমার উপর॥
মনসার বচনে নাগিনা কোপে জলে।
১০ফিরিয়া বসিল নাগিনী বালার পদতলে॥১০
পদতলে বসিয়া নেঙ্গের মারে বাড়ি।
১১চেতন না পাইল বালা না পাইল সাড়ি।১১
তখনে নাগিনী সর্প কান্দিতে নাগিল।
বালার রূপ দেখি সর্প মূরছিত পৈল॥
এমন সুন্দর দেহ কোথা হানি ঘায়।
কোন দোষে দংশি আমি কি করি উপায়॥
এতেক ভাবিয়া নাগিনী বোসিয়া রহিল।
এমত সুন্দর বালা দংশিতে নারিল॥

CENTRAL LIBRARY

জে করে সে করে মোকে পদ্মা বিষহরি।
তথাপি বালাকে আমি দংশিতে না পারি ॥
এই সে কারণে জদি মোর প্রাণ জায়।
তবো ত বালাকে আমি না দংশি নিশ্চয় ॥
এতক স্থনিয়া পদ্মা কান্দিতে লাগিল।
তন্ত্রবিভূতে কবি বন্দিয়া গাইল ॥

কান্দে দেবী আঝর নঞানে ॥ ধু ॥

হায় হায় কি করিল চান্দো সঙ্গে বাদ কৈল
বৃথা সে প্রতিজ্ঞা হৈল মোর।
না জানিয়া নিজ বল পরদলে মোর বল
সকলি বিফল হৈল মোর ॥
পূর্ব্বে না জানিলাঙ আমি মোর সর্প মোরে হানি
মোর দর্প করিবেক চূর।
আগে জদি জানিতাম তবে কেনে আসিতাম
চান্দো বাদে চাম্পালিয়া পুর ॥
ধিক ধিক আমায় মনিস্যে কৈল পরাজয়
বৃথা *হৈলাম দেবের দুহিতা।
মনুষ্যে দেবতা জিনে কলঙ্ক হৈল ত্রিভুবনে
আর প্রাণ ধরি আমি বৃথা ॥
এত বোলি কান্দে দেবী প্রতিজ্ঞা বিফল ভাবি
চক্ষেতে বহিয়া পড়ে পানি।
নেতাই বোলে পদ্মাবতী কেনে কান্দিছ অতি
কি কারণে চিন্তা কর তুমি ॥
সিদ্ধি* হইবেক কাজ পূরিবে মনের সাধ
বিষাদ ভাবহ অকারণ।
মন্ত্রণাতে সিদ্ধি হব ইহার উপর ভাব
নাগিনী তবে করিবে দংশন ॥

*পাঠ—ব্রেথা (সর্বত্র), *পাঠ—সিদ্ধি (সর্বত্র)

CENTRAL LIBRARY

স্থনিয়া নেতাইর বাণী বোলে পদ্মা তখনি
কি উপায় কহ দেখি মোরে।
তবে বোলে নেতাই স্থন পদ্মা মোর ঠাই
ক্ষুদ্র পতঙ্গ এক কর ॥
তাকে দিয়া জীব দান কর এই সন্ধান
কিছু বিষ দেহত তাহারে।
স্থতার সঞ্চার পথে পঠাইয়া দেহ তাকে
কামড়াউক বালার শরীরে ॥
সেইত কামড় খাঞা উলটি পড়িবে জাঞা
লক্ষীন্দর নাগিনী উপরে।
তবে কাল নাগিনী অতিশয় ক্রোধ মানি
দংশন করিবে লক্ষীন্দরে ॥
এত বাক্য স্থনিঞা পদ্মা আনন্দিত হৈঞা
কর্ণদেশের মলা হাতে নিল।
মশকপ্রমাণ অঙ্গ নির্ম্মাইল পতঙ্গ
হাতে ধরি জীব দান দিল ॥
মনসা কহেন বাণী স্থন ওরে পতঙ্গিনী
আজি হৈতে মোশা নাম তোর।
স্থতার সঞ্চার পথে জাহো তুমি মেড়মধ্যে
জথা আছে বালা লক্ষীন্দর ॥
কামড়াহ তার অঙ্গে উলটিবে পালঙ্কে
তবে কার্য সিদ্ধি হবে মোর।
মোশা বোলে মনসাই বিষ নাই মোর ঠাই
কি করিবে আমার কার্মত ॥
এত স্থনি বিষহরি আলাদ সর্পেকে ধরি
তার ঠাই কিছু বিষ লেয়।
সেই বিষ তারে দিলে আনন্দিতে মোশা চলে
জথা বালা শুঞা নিদ্রা জায় ॥

CENTRAL LIBRARY

তন্ত্রবিভূতে গায় বন্দিয়া মনসাপায়
সেবকে হইবে বর দাতা ॥

বদন ভরিয়া বোল শ্রীরাম নাম
তরিবে শমনের দায় ॥ ধু ॥

মেড়ের মধ্যেত মোশা জায় ধীরে ধীরে ।
সুতার সঞ্চার পথে চলিল সত্বরে ॥
বালা বালী শুঞা আছে পালঙ্ক উপরে ।
তথা জাঞা উত্তরিলা মোশা বীরবরে ॥
বালার অঙ্গেতে জাঞা কামড় হানিল ।
নিদ্রার আবেশে বালা ছটফট করিল ॥
হাত পাঙ আছাড়ে বানিয়ার কোঙর ।
পাশ মোড়া দিয়া১ পড়ে নাগিনীর উপর১ ॥
নাগিনীর মস্তকে নাগিল পদতলে ।
২ক্রোধিত হইয়া তবে নাগিনী জে বোলে ॥২
বোলে কাল নাগিনী বানিয়া নীচ জাতি ।
বিনি দোষে আমার মস্তকে মারে নাথি ।
সাক্ষী হও ধর্ম্মাধর্ম্ম জত দেবগণ ।
মোর দোষ নাহি বালা না পায় চেতন ॥
চন্দ্র সূর্য্য বায়ু বরুণ তোমরা হও সাক্ষী ।
৩বিনি দোষে চান্দোর পুত্র মাথে মারে নাথি ॥৩
৪চন্দ্র সূর্য্য বায়ু বরুণ সাক্ষী জে করিয়া ।
বালার কনেষ্ঠ অঙ্গুল ধরিল চাপিয়া ॥৪
হিত বুঝাইতে নাথি মারে মোর শিরে ।
কনিষ্ঠ অঙ্গুলে বালার ধরিল কামড়ে ॥
উলটি পালটি নাগ বিষ এড়ি দিল ।
বিষ এড়ি নাগিনীর বল ক্ষীণ হৈল ॥

CENTRAL LIBRARY

১চলিতে না পারে নাগ দুর্বল হইঞা।
পালঙ্কের পাটিতে নাগ থাকিল লুকাঞা।১
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ॥

নাগিনী করিল ঘাও কাঢ়ে বালা কাল রাও
রথ পরে২ নাচেন ব্রাহ্মণী।
পুরিল মনে সাধ সাধিল বিষম বাদ
সংসারে পাইব ফুলপানি॥
মনসা বোলেন বাণী সুন কাল নাগিনী
বাহিরাও সত্বর গমনে।
সাধিলে বিষম বাদ লেহ আসি আশীর্ব্বাদ
জাহ তুমি আপন ভুবনে॥
ধন্য তোমার জন্মদাতা সাফল তোমার মাতা
জার গর্ভে৩ হৈল তোমার জন্ম।
৪সর্পগণের অহঙ্কার৪ সব হৈল ছারখার
৫সাধিলি দারুণ মহাকর্ম্ম॥৫
সুনিয়া দেবীর বাণী বোলে কাল নাগিনী
ছাড় তুমি আমার জে আশ।
বোলে করজোড় করি ঘরে জাহ বিষহরি
বাচিলে জাইব তব পাশ॥
ভাগ্যে জদি থাকে মোর চরণ দেখিব তোর
এই আশীর্বাদ কর মোরে।
আমি না চলিতে পারি এই নিবেদন করি
নিজ কথা কহিএ তোমারে॥
৬মনুষ্য পরশ ভারি সুতাপথে চলিতে নারি৬
রহিলাঙ৭ বালার শয্যাতে।
প্রভাতে আসি হাড়িনী তুলিবেক৮ শয্যাখানি
ভাগ্যে থাকি বাচিব তাহাতে॥

CENTRAL LIBRARY

আশা ছাড় দেবী মাও নিজ ঘরে চলি জাও
১স্থনি বিষাদিত পদ্মা দেবী১ ।
তন্ত্রবিভূতে কবি বন্দগো২ মনসা দেবী
বিরচিল দ্বিজ মহামতি ॥

৩বিষম বিষের জ্বালায় ধরণী লোটায় ॥ ধু ।৩

বিষম বিষের ঘায় বানিয়া চেতন পায়
উঠে বালা গোনিয়া৪ প্রমাদ ।
উঠ উঠ প্রাণেশ্বরী ডাকে বালা নাম ধরি
পদ্মাবতী সাধিলে বিবাদ ॥
দেবতা জাহার বৈরী কি করিবে প্রহরী
মিছাই প্রহরী সব জাগে ।
দেবতা মনুষ্যে কথা রক্ষা নাই সর্ব্বথা
খাইল পদ্মার কাল নাগে ॥
শরীরে আনল দহে প্রাণ মোর ভাগ্যে রহে
বিষম বিষের মহাতাপে ।
উঠ প্রাণেশ্বরী হে উঠিয়া সুমতি দে
জানাহ আমার মাও বাপে ॥
শরীরে বন্ধন ছুটে ৫থাকে থাকে৫ বিষ উঠে
অঙ্গ মোর হইল অবশ ।
আজি বিভা কৈল তোক৬ বিধাতা বঞ্চিত মোক৭
৮না ভুঞ্জিলাঙ৮ ৯যৌবন রূপস৯ ॥
জানাহ রোঝা ধনন্তরি আছে কোন কর্ম্ম করি
১০রোঝা কোন দিবসের তরে ।১০
বিষে তনু হৈল কালা সহিতে না পারি জ্বালা
ওসধ আনি কর প্রতিকার ॥

CENTRAL LIBRARY

উঠ উঠ বানিয়ানী দেখো তোর রূপখানি
১আজি প্রাণ না রহিবে মোর ।১
চামরে করহ বাও শীতল হউক গাও
বদন দেখিয়া মর২ তোর ॥
তন্ত্রবিভূতি৩ কবি বন্দো মনসা দেবী
দ্বিজ মুনি অস্তিকের মাতা ।
অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥

৪উঠ উঠ কত নিদ্রা জাও বালী সুন্দরী ।
বিষ জ্বালায় প্রাণ বাহিরাএ ॥ ধু ॥৪

৫ওহে প্রাণেশ্বরী উঠিয়া সুমতি না দেও কেঁনে ।৫
বিষম বিষের তাপে প্রাণ মোর ডরে কাপে
কাল নিন্দে পড়িনু কি খেনে ॥
উঠিয়া সুন্দরী জাও ডাকি আন বাপ মাও
আসিয়া করুক প্রতিকার ।
জতেক সঙ্গের সখি ডাকিয়া আন গা দেখি
আজি প্রাণ না রহে আমার ॥
মুখে নাহি স্বরে বোল দুই চক্ষ হৈল ঘোর
প্রাণ আছে কাষ্ঠগত সার ।
৬এত ডাকো প্রাণেশ্বরী না উঠে চেতন করি৬
তুমি আমি দেখা নাহি আর ।
৭চিআও চিআও বানীয়ানী সাহের নন্দিনী
বাসর মোর নাগে অন্ধকার ।৭
কনেষ্ঠ অঙ্গুলিতে কিসে কামড়াইল তাতে
পোড়ে জেন আগুণ্যা৮ চিতার ॥

CENTRAL LIBRARY

১অঙ্গুলি পোড়এ দাহে ঘর্ম্ম হএ সর্ব্ব গায়ে
চিনচিন বিষ হাটি জায় ।১
২নথাইর দেখি রূপে৩ বিষ উঠে অধিকে
আনছান করে সর্ব্ব গায়৪ ॥
সুন তুমি প্রাণেশ্বরী বেহুলা সুন্দরী
কাল নিন্দে না হৈলা চেতন ।
বেহুলার রূপ দেখি ঝড়ে জল দুই আখি
মেড়ে বালা করএ ক্রন্দন ॥
উঠ উঠ প্রাণেশ্বরী অন্ধকার নাগে পুরী
দেখিতে না পাইলাঙ বাপমাও ।
পিতা করে বাদান্তর তবে৫ মরে লক্ষীন্দর
বাপার বাদে মোর প্রাণ জায় ॥
৬কান্দে বানিয়ার পো চক্ষ বাহি পড়ে লোহ
৬না দেখিনু সোনকা জননী ।৬
মায়ের হৃদয়ে তাপ সুখে রাজ্য করে বাপ
বাপের বাদে হারাঙ পরাণি ॥
বসিলে সোয়াস্ত নাই বড় ব্যথা মনে পাই
প্রদীপ নিভাইল বাসরঘরে ।
কাল সর্পের ঘাএ পোড়ে মোর সর্ব্ব গাএ
সর্ব্বাঙ্গ পুড়িল বিষজ্বালে ॥
কাল নিদ্রা হৈল তোক উত্তর না দেও মোক
৭তোর আমি না কৈল৭ প্রতিকার ।
জাবৎ শরীরে প্রাণ ৮দেহ প্রিয়ে সম্বিধান৮
উঠি মুখ চাহত আমার ॥
কাতর হইছে মন অঙ্গুলি করে ঝনঝন
সর্ব্ব অঙ্গ বিষেত হানিল ।
প্রাণ আনছান করে তবে৯ লক্ষীন্দর মরে
বত্তিস নাড়ী পুরিয়া উঠিল ॥

CENTRAL LIBRARY

রজনী প্রভাত হবে তুমি বাপঘরে জাবে
এইত হইল১ তোমার মন।
কিবা দেখো মাও বাপ পশ্চাতে পাইবা তাপ
স্বামী২ বিনে সব অকারণ৩ ॥
পদ্মার চরণবর বন্দি শির উপর
৪বিভূতি গায় মনসা বন্দিয়া ॥৪

গায়ে হস্ত দিয়া বালা বেহুলা চিআয়৫।
৬চেতন না পাও কেনে রহিলা নিদ্রায় ॥৬
৭অনেক যতন কৈল চেতন না হৈল।৭
৮পালঙ্কে বসিয়া বালা কান্দিতে লাগিল ॥৮
উঠ উঠ প্রিয়ে তুমি ত্রৈলোক্যসুন্দরী।
বিষের জালায় প্রাণ ধরিতে না পারি ॥
কোলেত করিঞা লেহ বেহুলাসুন্দরী।
আজি পরাণ মোর ভাগ্যে পুণ্যে তরি ॥
ঘরখানি বান্ধিলে বাপ না ছাইলে খেড়ে।
দেবতা সহিতে বাদ কি করিবে মেড়ে ॥
৯উঠ হে প্রাণের প্রিয়া করহে যতন।
বিষের জালায় অঙ্গুলি মোর করে ঝনঝন ॥৯
প্রদীপ জালাহ মোর১০ নাগিছে আন্ধার১০।
শীঘ্র করি জানাহ তোমার শ্বশুরশাশুড়ী ॥
তোমার বাপের ঘরে না কৈনু পঞ্চগ্রাসী।
দেবী পদ্মার১১ মায়ায় রহিনু১১ উপবাসী ॥
কান্দেন লখাই কন্যার এ১২ রূপ দেখিয়া।
এ রূপ যৌবন কাকে জাব সমর্পিঞা ॥
১৩চন্দ্রের সমান মুখ না দিলে উত্তর।
হাতে কড়ি দিয়া বিধি কাঢ়্যা নিলে মোর ॥১৩

CENTRAL LIBRARY

গড়ুর সমান নাসা খঞ্জন নঞান।
চাচর চামর কেশ ভুরু জে কামান ॥
অধর দুকুল তোর বান্ধুলির ফুল।
হৃদের কাচুলি তোর এক লক্ষ মূল ॥
নাসার বেসর তোর কঙ্কণ কেয়ুর।
হৃদে সতেস্বরি হার শোভএ প্রচুর ॥
দুই উরু শোভে জেন আম্র কদলী।
১দন্তের ছটায়১ জেন পড়িছে বিজুলি ॥
২এই সব রূপ তোমার অতি মনোহারী।
দেখিলাঙ না ভুঞ্জিলাঙ বিধি হৈল অরি• ॥২
হায় বিধি কে ভুঞ্জিবে এ রূপ যৌবন।
আমারে বঞ্চিত কৈল অমূল্য রতন ॥
মরণ কালেতে এক বাক্য কহ মোরে।
চেতন হইঞা বালী ধরহ আমারে ॥
বিষাদ ভাবিঞা কান্দে গন্ধর্ব্বের রাজে।
হংসেত চড়িঞা বিষহরি দেবী নাচে ॥
এতেক কহিল বালী না হৈল চেতন।
মনসা বন্দিয়া গায় জগতজীবন ॥

উদরধারিণী মা মরণ কালে দেখা না হইল তোরে ॥ ধু ॥

আইসো মা সোনকা শীঘ্র করি দেহো দেখা
বিষে প্রাণ বাহিয়ায় মোর।
দারুণ বিষের ঘায় প্রাণ মোর বাহিরায়
মরণ কালে দেখা নইল তোর ॥

•পাঠ—ঐরি (সর্বত্র)

CENTRAL LIBRARY

গর্ভেতে ধরিলা বৃথা এ সময় না কহ কথা
কোথা রইলে নিদারুণ হৈঞা।
আসি প্রাণ রাখ মোর দুগ্ধ পান করি তোর
জন্মের মত তোমাকে দেখিঞা ॥
লালন পালন কৈলে এ সময়ে জে পুষিলে
সেই ঋণ না বুঝিলাম তোর।
বাপ হৈল দুরাচার পদ্মাসঙ্গে বাদান্তর
অকারণে প্রাণ জায় মোর ॥
আইসো বেদনী মা ধরিয়ে তোর পা
মোর অপরাধ কর ক্ষেমা।
অঙ্গুলির ঝনঝনি মুখে না নিঃস্বরে বাণী
আর কি দেখিতে পাবে আমা ॥
কপালেতে জাহা করে কেহো না খণ্ডাতে পারে
অকারণে সব পরিবার।
এত বোলি লক্ষীন্দর কান্দে করি উচ্চস্বর
তথাপি চেতন কেহো নয় ॥
হাটু হৈতে বিষ উঠে তাহে মোর প্রাণ ফাটে
কোথা রইলে ভাই বন্ধুগণ।
আসি করহ যতন দেহে প্রাণ জতক্ষণ
ক্ষেণমাত্র না রহে জীবন ॥
বিষ উঠে কমরে প্রাণ ছটফট করে
মুখেতে বহিঞা পড়ে লাল।
মুখে না নিঃস্বরে রাও আস গো বেদনী মাও
পেটে বিষ ধরিল উথাল ॥
বুকেতে উঠিল বিষ চক্ষু ঘোর দশদিশ
ক্রমে ক্রমে ইন্দ্রিয় অবশ।
কণ্ঠা আসি বিষ ঘেরে মুখে বাক্য নাহি সরে
বিষে জীর্ণ হইল অবশ ॥

CENTRAL LIBRARY

মুখে উঠে গরল দুই চক্ষ হৈল ঘোল
বিষ তবে উঠিল মস্তকে।
টলিয়া পড়িল বালা হাত পাও করি মেলা
উলটিয়া বেহুলার বুকে॥
তন্ত্রবিভূতে গায় বন্দিয়া মনসাপায়
দ্বিজ মুনি অস্তিকের মাতা।
জরৎকার মুনির নারী বন্দো পদ্মা বিষহরি
সেবকে হইবে বরদাতা॥

১টলিয়া পড়িল বালা বানিয়ানন্দন।
রথভরি পদ্মা দেবী জুড়িলা নাচন॥১
২প্রাণ তেয়াগিল জবে বানিয়ার পুত।
বালার জীব নৈতে আইলা জত যমদূত॥২
৩মড়াতে ঘেরিল গিয়া জত দূতগণ।
বোলে মোরা নঞা জাব ইহার জীবন॥৩
পদ্মা বোলে স্থন দূত৪ বচন আমার৪।
ইহার উপরে নাহি৫ যম অধিকার৫॥
বিবাদের মড়া মোর যম কি নাও জানে।
হেন মড়া নৈঞা জাও মোর৭ বিদ্যমানে॥
দূত বোলে মনসা৮ তোমার কিবা৮ ডর।
যম রাজার অধিকার মৃত্যুর৯ উপর॥
সর্পে ব্যাঘ্রে সিংহে ডুবিয়া মরে বলে।
দেবদূতে ভূতে মারে পড়ে১০ রণস্থলে॥
সভাকেত১১ নঞা জাই যম বিদ্যমান।
কর্ম্মরূপে বিচারিঞা যম দেয় স্থান॥
সংসারের মৃতক১২ জত যম তার পতি।
মড়া কি রাখিতে পার তোমার শকতি॥

CENTRAL LIBRARY

পদ্মা বোলে দুষ্ট দূত গর্ব্ব নাহি কর।
তোর যমরাজা মোর ঘরের নফর ॥
হরের নন্দিনী আমি দেবী পদ্মাবতী।
মোর মৃতক নইতে পারে কাহার শকতি ॥
বোল জাঞা যমেত কতেক আছে দূত।
১সাজিয়া আসুক আগে মরদের পূত ॥১
কাঢ়িয়া২ নইল পদ্মা বানিয়ার জিউ।
সাপুড়া ভরিয়া রাখে শঙ্করের ঝিউ ॥
আপনি মন্দিরে দেবী করিলা গমন।
৩যমদূত ফিরি গেল যম বিদ্যমান ॥৩
কান্দিয়া কহিছে দূত যম দণ্ডধরে।
সম্মুখে রহিয়া বাক্য বোলে ধীরে ধীরে ॥
দূত বোলে যম রাজা কর অবধান।
মিছাই তোমার বোলে পাই অপমান ॥
জাহার উপরে তোমার অধিকার নাই।
কি কারণে আমা সভা পঠাহ গোসাঞি ॥
মৃতক৪ নইয়া আসি বানিয়ার পূতখানি ॥
কাঢ়িয়া লইল পথে শঙ্করনন্দিনী ॥
তোমাকেত গালি পাড়ে বোলে দুরাক্ষর।
বোলে যম রাজা মোর ঘরের নফর ॥
আর কহে যমেক কহিয় যমদূত।
সাজিয়া আসুক দেখি মরদের পুত ॥
সুনিঞা ক্রোধিত যম সাজ সাজ বোলে।
তন্ত্রবিভূতে৫ গায় মনসার বরে ॥

CENTRAL LIBRARY

দীর্ঘছন্দ১ ॥

স্থনিয়া দূতের বাণী ক্রোধ করে দণ্ডপাণি
সাজ সাজ২ আজ্ঞা করে দূতে২ ।
মনসার অহঙ্কার করো৩ মুঞি ছারখার
তবে আমি সন্ধ্যা দেবীর পুত ॥
আজ্ঞা করে যমরাজ যমের কিঙ্কর সাজ
নড়ি দড়ি লোহার মুষল৪ ।
মহাদূত ভয়ঙ্কর জেন তাল তরুবর
বিভীষিকা দেখিতে ভয়ঙ্কর৫ ॥
সাজিল বেতাল৬ তাল সাজে কাল মহাকাল
কালিয়া কাজল দুই ভাই ।
নেঙ্গা চেঙ্গা বেঢ়াভাঙ্গা সাজে পিপিরিয়া ঠেঙ্গা
সাজে দূত৬ আনন্দিত হয়া৭ ॥
চলে দূত দণ্ডসার হস্তী হেন দণ্ড জার
মূলাদন্ত তাহার সোদর৮ ।
বিজুরি সঞ্চার নড়ে চলিতে বিজুরি পড়ে
অঙ্গরাঙ্গ চলে জলধর ॥
শ্মশান মশান বুঢ়া ভেড়ামুহা৯ দুই খুড়া১০
চেলমুহা ভাই দুইজন ।
আন্ধারসুতা আচাভূয়া ১১চকোরধান্দা বিজিমুহা১১
বিড়ালচক্ষ্যা দুইটি নন্দন ॥
লোহাজঙ্গ তালভঙ্গ পর্ব্বত জিনিঞা অঙ্গ
ইটক বিটক দুই চর ।
যমদূত মূর্ত্তি ধরে দেখি নাগে বড় ডরে
চলে সভে করিতে সমর ॥
সাজুয়া সাজুতী১২ সাজে ১৩মেঘডম্বুরু সমান গাজে১৩
চারিজন যমের নফর ॥

CENTRAL LIBRARY

সভে হৈল রঙ্গ মন করিছেন সাজন
সেনা সাজে হএ বহুতর ॥
হএা১ সভে আগুসার লেখাজোখা নাহি তার
অনেক সাজিল ছোট দূত।
এক এক জন সঙ্গে লক্ষ লক্ষে সাজে রঙ্গে
ঘোর রূপ শরীর অদ্ভুত ॥
মহিষ উপরে যম সাজে মহাপরাক্রম
সাজিয়া চলিল ক্রোধ মনে।
শঙ্করনন্দিনী ঘরে আপনে সাজন করে
বিরচিল জগতজীবনে ॥

ইরণজই রণজই২ বাজন বাজে৩ ॥ ধু ॥

শঙ্করনন্দিনী সাজে যম জিনিবারে।
সাজ সাজ করি মাতা বোলে বারে বারে ॥
পদ্মা বোলে অষ্ট নাগ সাজ মোর পুত।
সাজিয়া আইল যম নএাও যমদূত ॥
আশী কোটি নাগগণে সাজে জনে জন।
যুদ্ধেত জাইব আমি যম রাজা সন ॥
বৃথা নাম ধর মুক্তি বিবাদি ব্রাহ্মণী।
বুঝিব যমের আজি কেমন মর্দ্দানি ॥
পদ্মার আজ্ঞাএ নাগ সাজে স্থানে স্থানে।
সাজিল তক্ষক নাগ সবার প্রধানে ॥
তিন কোটি নাগ সনে সাজিল গম্ভীর৪৫।
পর্ব্বত জিনিয়া জায় প্রচণ্ড শরীর ॥
তক্ষকের নিশ্বাসে পর্ব্বত হয় ছাই।
সাজিল উদয়গিরি তক্ষকের ভাই ॥
অরুণ কিরণ দূত পর্ব্বত আকার।
আশী হাজার হস্তী জার দিবসে আহার ॥

৪পাঠ—গোস্তির

CENTRAL LIBRARY

নয় কোটি সর্পগণে সাজিল অদ্ভুত।
এক নাগে খাইবে সমস্ত যমদূত ॥
কুলিশ কর্কট আর দুই সহোদর।
দশ কোটি সর্প সনে সাজিল সত্বর ॥
পদ্মা মহাপদ্মা আর সাজে দুই জন।
পঞ্চকোটি সর্প সঙ্গে করিল সাজন ॥
সাজিল যমুনা পদ্মা দুই সর্পবতী।
পঞ্চাশ কোটি সর্প সাজে সাজে শীঘ্রগতি ॥
তিন কোটি সৈন্য কালির সাজিল সত্বর।
কৃষ্ণপদ১ চিহ্ন জার মস্তক উপর ॥
তিমিঙ্গিলা২ নামে মৎস্য শতেক যোজন।
তাহাকে গিলিতে পারে আছে হেন জন ॥
তাহাকে গিলিতে পারে আছের বআলি।
আছের বআলি গিলে হেন সর্প কালি ॥
৩হেন কালির নাগ সাজে নঞা নিজগণ।
শতকোটি সেনা সঙ্গে করিল সাজন ॥৩
লক্ষ নাগ সাজিল দক্ষিণদেশে ঘর।
সাত কোটি সেনা জার সঙ্গের দোসর ॥
ব্যালিস কোটি নাগের রাজা করিল গমন।
৪দেখি দেবী পদ্মাবতী আনন্দিত মন।'৪
বড় ক্রোধ হৈল মাতা যম সাজ স্থনি।
নাগ অভরণ করে শঙ্করনন্দিনী ॥
কালি নাগ হইল মাথার কেশভার।
আগিনা চিআর হৈল সিতেত সিন্দুর* ॥
শঙ্খিনী নাগ দেবী ই শঙ্খ পড়িল।
অহিরাজ নাগ দেবীক ই ছত্র ধরিল ॥

*পাঠ—সেন্দুর (সর্বত্র)

CENTRAL LIBRARY

আলাদ গহমা নিল হস্তেত করিয়া।
রথে চঢ়ে পদ্মা দেবী জয় জয় দিয়া ॥
১তন্ত্রবিভূতে গায়১ মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

হংসরথে ভর করি সাজিলেন বিষহরি
বিবাদে বান্ধিয়া নাগবানা।
সর্পগণ নয়া সঙ্গে জুঝিব পরম রঙ্গে
২বুঝি আমি২ যমের মর্দানি৩ ॥
ক্রোধে কাপে কলেবর ওষ্ঠ কাপে থরে থর
দুই চক্ষ অরুণ বরণ।
মহা মহা সর্প চলে করিবাকে৪ মহাসংহারে৪
ত্রাসিত হইল দেবগণ ॥
সর্পের ভূষণ বস্ত্র সর্পের জতেক অস্ত্র
সর্পেত বেষ্টিত রথখান।
মহাঘোর৫ বেশ ধরি সাজিলেন বিষহরি
যুদ্ধমুখে করিলা পয়ান৬ ॥
৭মনসা ক্রোধিত মন৭ দেখিলেন দেবগণ৮
নারদেকে বোলে তুমি জাও।
শঙ্করনন্দিনী সনে ই যুদ্ধ করে কি কারণে
তুমি জায়া যমেকে বুঝাও ॥
দেবতার আজ্ঞা পাঞা শীঘ্র মুনি গেল ধাঞা
হরিহর দেব বিদ্যমান।
তন্ত্রবিভূতি৬ পদ রচিলেন বিদগদ
আজ্ঞা পাঞা মনসাপুরাণ ॥

৯মুনি বোলে কোথা জাহ স্থন ধর্ম্মরাজ।৯
কি কারণে আজি সাজিয়াছে এতেক সমাজ ॥

CENTRAL LIBRARY

যম বোলে মহামুনি কর অবধান।
শঙ্করনন্দিনী দেবী করে অপমান ॥
ছাড়িলেন দেহ চান্দো বানিয়ার পুত।
তাহাকে ধরিতে গেল মোর যমদূত ॥
কাঢ়িয়া নইল জীব মোকে১ বোলে মন্দ।
তে কারণে পদ্মার সঙ্গে বড় হইল দ্বন্দ্ব ॥
চান্দোএ পদ্মাএ বাদ ত্রিভুবনে জানি।
বিবাদে মারিল পদ্মা তার পুত্রখানি।
ইহার কারণে তুমি না কর জঞ্জাল।
শঙ্কর স্থনিলে পাছে নহিবেক ভাল ॥
মুনির বচন স্থনি ফিরে দণ্ডধর।
নারদ চলিয়া গেল পদ্মার গোচরে ॥
মনসার সাক্ষাতে চলিয়া গেলা মুনি।
কি কারণে সাজিয়াছ শঙ্করনন্দিনী ॥
তোমার সাজনে পলাইল দণ্ডধর।
আপনে চলিয়া জাহ হেঙ্গুলি বাসর ॥
মুনির বচনে পদ্মা নিবর্ত্তিঞা জায়।
তন্ত্রবিভূতে২ কবি বিরচিয়া গায় ॥

নাগগণ বিদায় করিলা বিষহরি।
শিবের সাক্ষাতে গেলা যম অধিকারী ॥
কান্দিয়া শিবের আগে কহে ধর্ম্মরাজ।
যম অধিকারে প্রভু নাহি মোর কাজ ॥
স্থানে স্থানে জায় জীব জেবা জন জার।
কিছু গুটি জীব নঞা মোর অধিকার ॥
৩বিষ্ণু ভক্ত জত৩ লোক বৈকুণ্ঠেত জায়।
তোমার৪ জত লোক৪ কৈলাসপুরী পায় ॥

CENTRAL LIBRARY

গঙ্গা গঙ্গা বলি জেই প্রাণ ত্যাগ করে।
সেইজন চলিয়া জায় বৈকুণ্ঠনগরে ॥
জত কিছু পাপী জীব ৫অধিকার করি।
তাহার উপরে দণ্ড ধরে বিষহরি ॥
অধিকারে কার্য৬ নাই কহিল বচন।
৭তোমার চরণে প্রভু এই নিবেদন ॥৭
পদ্মা পদ্মা করি শিব করে স্বড়রণ।
ময়না নগরে দেবীর নড়িল আসন ॥
৮স্মরণ করিল পিতা পদ্মা জানে মনে ।৮,
হংসরথে চড়ি আইল ৯শিবের ভুবনে৯ ॥
শিব বোলে স্থন বাছা বচন আমার।
জীবের উপরে কেন কর অধিকার ॥
পদ্মা বোলে স্থন বাপু ত্রিদশগোসাঞি।
মিথ্যা কথা কহে যম মোর দোষ নাই ॥
চান্দোর সহিতে বাদ জানে ত্রিভুবনে।
কিছু জ্ঞাত১০ আছে বাপু তোমার চরণে ।।
বিবাদে মারিনু১১ মুঞি তার পুত্রখানি।
মধ্যপথে যমদূত১২ করে টানাটানি ॥
পাছে মুঞি চাহিঞা নইনু১৩ জীবখানি।
ক্রোধ করি তোমাকে জানাই নৃপমণি ॥
শিব বোলে বাক্য স্থন আমার ঝিয়ারি।
যম রাজা নহে কি আমার আজ্ঞাকারী ॥
যম রাজা ঠাই জীব কর সমর্পণ।
জখন চাহিবে জোগাইবে১৪ ততক্ষণ১৫ ॥
কিসের কারণে তুমি হও মনদুঃখী।
১৬জীব থাকুক যমস্থানে যম হউক সুখী ॥ ১৬
বাপের বচন রাখে শঙ্করঝিয়ারি১৭।
১৮বানিয়ার জীব আনি দিল শীঘ্র করি ১৮ ॥

CENTRAL LIBRARY

পদ্মা বোলে যম তুমি জীব নঞা জাও।
জখন স্মরণ১ করি জোগাইতে চাও ॥
জীব পাঞা যমরাজ নিজ ঘরে জায়।
২আনন্দে মনসা দেবী দুন্দুভি বাজায় ॥
বেহুলা চেতন পাইল মেড়ের ভিতরে।২
তন্ত্রবিভূতে৩ গায় মনসার বরে ॥

রাম বোলিতে প্রাণ জাবেরে ভাই
৩হরি বোলিতে৩ প্রাণ জায় ॥ ধু ॥ ৪

নিদ্রা তেজি বিদ্যাধরী পাইল চেতন।
প্রাণ তেজিল বালা বানিয়ার নন্দন ॥
স্বামীর শরীরে৫ বালী হাত দিয়া চায়।
দেখিতে সুন্দর তনু পাথরের প্রায় ॥
প্রদীপ নিভাঞা মেড়ে অন্ধকার হঞাছে৬।
৭নিন্দের ঘুমারে৭ বালী চক্ষ কচলাইছে ॥
মেড়ের ভিতরে প্রদীপ পাইল হাতারিয়া।
অগ্নি জ্বালিল বালী৮ দ্রুতগতি হয়া৮ ॥
নেতের বসন চিরি সলিতা করিঞা৯।
রত্নের প্রদীপে ঘৃত দিলেক ঢালিঞা ॥
প্রদীপ জ্বালিয়া বালী বদন নেহালে।
নিশ্চয় জানিল বালী বালক খাইল কালে ॥
হায় হায় করি বালী গালে মারে চড়।
ভূমিতে পড়িয়া বালী করে ধড়ফড় ॥
স্বামীর চরণ ধরি কান্দে বানিয়ানী।
১০মুকুতার ধারা জেন১০ চক্ষে পড়ে পানি ॥
আকুল হৃদয় বালী কান্দে উচ্চস্বরে।
১১তন্ত্রবিভূতে গায় মনসার বরে ॥১১

CENTRAL LIBRARY

বেহুলার করুণা ॥১

মনসা নাগিলরে বেহুলার বাদে ॥ ধু ॥২

কে মোর মারিল স্বামী মোহনমূরতি৩।
অন্ধকার হৈল জেন পুরী চাম্পাবতী ।
কাষ্ঠের সদৃশ হৈল সুকোমল অঙ্গ।
কাল হইয়া গেল বানিয়ার সর্ব্বাঙ্গ ॥
কাকো কিছু না বোলিল এমন বয়সে।
বিনি অপরাধে বুহিত ডুবে কর্ম্মদোষে ॥
কার মুঞি কাঢ়িয়া নইনু ঘরবাড়ি।
কিবা দোষে বিভা রাত্রে হৈলাঙ৪ বিষম রাড়ী ॥
কার মুঞি কাঢ়িয়া নইনু মুখের গ্রাস।
সে মুখে পাড়িল গালি হইনু নৈরাশ ॥
উচল নহে কপাল বদন নহে ঘোর।
চিরলদন্ত খড়মপাও কিছু নহে মোর ॥
গজস্কন্ধ৫ নহে মোর দীঘল নহে কেশ।
বিধবা লক্ষণ মোর এক নাহি লেশ ॥
কে মোর করিল চুরি আচলের সোনা।
চিহ্নিয়া ধরিব কারে চোর কোন জনা ॥
নাথ অনাথ হৈনু বানিয়াদুলাল।
সোনার সমান তনু মুখে বহে লাল ॥
করিলে মিনতি প্রভু না দিনু৬ সুরতি।
এই দোষে ছাড়ি গেল অভাগিনীর পতি ॥
গাও তোল সুরতি দেও মনে হউক সুখ।
উঠিয়া সুরতি লেহ৭ হৃদয় ভরুক ॥
ক্ষেমা কর প্রভু মুই কৈনু জত দোষ।
৮অভাগিনী অবলাকে নাহি কর রোষ ॥৮

CENTRAL LIBRARY

নাহি বোলে বানিয়া বেহুলা বালী কান্দে।
ঘটে প্রাণ থাকিলে কি উত্তর না দে॥
কুলক্ষিণী কুলটিনী ১ কুলে নহো হীন।
কি দোষে ছাড়িলে প্রাণ বিভারাত্রি দিন॥
সংসারে স্থনিলে প্রভু কি বলিবে মোরে।
আজি বিভা করিয়া ছাড়িলে অভাগীরে॥
তন্ত্রবিভূতে২ গায়৩ মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ॥

চরণ ধরিয়া কান্দে ৪নথাই উত্তর না দে৪
কান্দে বালী পাঞা মহাশোক।
হায় হায় প্রাণপতি কি হবে আমার গতি
অনাথ করিয়া গেলা মোক॥
তুমি বিনে প্রাণেশ্বর মাও বাপ সভে পর
বন্ধু বান্ধব জত আছে।
সভাই পাড়িবে গালি বোলিয়া বিষম বাড়ি
বসিতে না দিবে কেহ কাছে॥
অনেক জনম ভরি কঠোর তপস্যা করি
পাইনু স্থন্দর গুণনিধি।
আজি সে বিভার রাত্রি হারাইলাঙ৫ প্রাণপতি
নিদয়া নিষ্ঠুর ই৬ হৈল বিধি৬॥
৭না করিলাঙ কারো দোষ বিধি কেনে কৈল রোষ
কাঢ়্যা নিল মোর প্রাণধন।৭
স্থন ওরে বিধাতায় কি বোলিব তোমায়
অবলা বধিলে অকারণ॥

CENTRAL LIBRARY

১কাঢ়্যা নিল প্রাণনাথ জাইব তাহার সাথ
নারীবধ হব তোর পরে ।১
অগ্নিকুণ্ড সাজাইঞা মরিব তাহে পুড়িঞা
নারীবধ নাগিবে তোমারে ॥
নহে কোন দোষ পাপী নহে কোন অভিশাপী
আছি একা এ কাচের ঘরে ।
দুষ্ট বাটোয়ার ২কারো নহি পরদার২
কে মোর মারিল প্রাণেশ্বরে ॥
তন্ত্রবিভূতি৩ কবি বন্দো মনসা দেবী
দ্বিজ মুনি অস্তিকের মাতা ।
অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥

পাহারি রাগ ॥

৪হায় হায় কি ৫ইল প্রভু আরে হয় ॥ ধু ॥৪

৫কে মোর৫ মারিল সে আমার নিজ পতি ।
স্বামী অভাবে মোর কি হবে গতি ॥
বায়ের সঞ্চার নাহি মেড়ের ভিতর ।
কেমতে৬ প্রবেশিল চোর৭ ঘরের ভিতর ॥
প্রদীপ জ্বালিয়া বালী চায় চারি পাশে ।
খাটে পাটে৮ কাহার জে৮ নাহিক প্রকাশে ।
মাথে হাত দিয়া কান্দে বেহুলাসুন্দরী ।
কাহাকে না দেখি মাও৯ কে করিল চুরি ॥
ঢালিল ঝাড়ির পানি১০ বালিশের তুলা ।
লেহালি১১ পানের বাটা দেখিল বেহুলা ॥

CENTRAL LIBRARY

একে একে সাত বার[১] উকটিঞা ফিরে[১]।
জীবজন্তু কাহার না পাইল প্রকারে।
বালী বোলে মন্দিরে না দেখো[১২] কোন জন।
কেমতে মরিল গন্ধবানিয়া নন্দন।
ডাকিনী যোগিনী মোক[১৩] বোলিবেক লোক।
মুক্তি সে খানু[১৪] লোকে বোলিবেক মোক॥
মেলিয়া পাটির মোড়া চায় বানিয়ানী।
ভূমিতে পড়িল পদ্মার দুষ্ট নাগিনী॥
নাগিনী দেখিয়া বালী ছাড়এ নিশ্বাস।
এই সর্পে করিলেন[৫] স্বামীর বিনাশ॥
সর্প দেখি বালী কান্দে শিরে দিয়া হাত।
এই নাগে খাইল দুঃখিনীর প্রাণনাথ॥
কি দোষ করিনু আমি সাপিনী কুমতি।
বিভার রাত্রে মারিলি আমার নিজ[৬] পতি॥
মোর স্বামী মারিয়া কুশলে জাবে ঘর।
অবশ্য কবির তোরে[৭] স্বামীর দোসর॥
হায় হায় বিষহরি দিল মনস্তাপ।
বিবাদ সাধিতে বাঢ়াইল মহাপাপ[৮]॥
সত্য করি আনিয়া করিলে এত গতি।
কি জানিয়া জন্ম তোকে দিল পশুপতি॥
কোথা গেলে পাইব প্রাণের গুণনিধি।
পূর্ব্ব জন্মের পাপে বিড়ম্বিল আমায়[৮] বিধি॥
কান্দে বালী সুন্দরী করেন ধড়ফড়।
উচ্চ স্বরে কান্দে বালী গালে মারে চড়॥
মরিল প্রাণের নাথ তাতে নাহি ডর।
আমি ত হইব প্রাণপতির দোসর॥

[৮]পাঠ—মোহাপাপ

CENTRAL LIBRARY

সংসার ভরিয়া মোর রহিল খিয়াতি।
স্বামীকে খাইলে বালী বিবাহের রাতি॥
শ্বশুরের বিবাদে মরিল গুণমণি।
ত্রিভুবনে বোলিবক বালি কুলক্ষিণী॥
বালী বোলে তবে মুঞি১ বেহুলাসুন্দরী।
মড়া স্বামী নঞা জাঙ শঙ্করের পুরী॥
সভাতে পদ্মার সঙ্গে করিমু২ কন্দল।
জিয়াইব স্বামী আর ভাসুর ছয় জন॥
ফিরিয়া আইব৩ আমি পুরী চম্পাবতী।
ত্রিভুবনে বোলিবেক বেহুলা মহাসতী॥
সাপিনী মারিয়া কেনে হইব পাপিনী।
সাপুড়াতে৪ বন্দি করে৫ পদ্মার নাগিনী॥
আমান করিবে পদ্মা দেবের সমাজে।
সাপিনী দেখিলে৬ পদ্মা পাইবে বড় নাজে॥
৫গুয়ার সাপুড়া৭ বালী হস্ত দিঞা টানে।
নাগিনীর৮ মুণ্ড ধরে মহাঅভিমানে৮॥
৯সাপুড়ার মধ্যেত নাগিনী বন্দি করে।৯
তন্ত্রবিভূতে.০ গায় মনসার বরে॥

১১সর্পের সাপুড়া বামা কোলেত করিয়া।১১
রজনী পোহায় রামা মড়া স্বামী নয়া॥
কেন হেন কৈলে মা পঠাঞা কালদূত।
কেনে বা দংশিলে মাতা একনির১২ পুত॥
১৩তোমার প্রপঞ্চ মাতা বুঝিতে না পারি।
মোরে এত দুঃখ কেনে দেও বিষহরি॥১৩
বাপ বাছো সদাগর মেনকা মোর মায়১৪।
১৫ব্রাহ্মণীরূপে দেবী বিবাহ• জোড়ায়॥১৬

•পাঠ—বিভাহ

CENTRAL LIBRARY

১আমাকে বিভা দিলে মাতা মায়া পাতিয়া ।১
২রাত্রেতে পঠাইলে মোকে চাম্পাই নাগিঞা ॥২
৩নির্ম্মাণ মেড়েতে মোকে থুইল আনিঞা ।৩
আর পথে নাগিনীরে দিলেন পঠাঞা৪ ॥
৫নাগিনী পঠাঞা বালার বধিলা জীবন ।
আর না রাখিব প্রাণ বাচি অকারণ ॥৫
কালি প্রভাতে লোকে কি বোল বোলিবে ।
হায়রে দারুণ বিধি কি গতি হইবে ॥
৬লোকেতে বোলিবে মন্দ বহু কুৎসা করি ।
কালি বিভা হৈল বালীর আইজ হৈলো রাড়ী ॥৬
এত কহি বেহুলা বুকেত মারে ঘাও ।
মরা স্বামী কোলে করি করে হায় হায় ॥
৭উচ্চ স্বর৭ করি কান্দে বেহুলাসুন্দরী ।
তন্ত্রবিভূতে গায় বন্দি বিষহরি ॥

নিদয়া নিষ্ঠুর হঞা গেলা৮ প্রভু ছাড়িঞা
উঠ মুখ দেখত৯ তুলিঞা ।
১০হাহাকার ক্রন্দন১০ করি কান্দে বেহুলাসুন্দরী.
বিষ উঠে কাল কেশ বাঞা ॥
বেহুলা অক্ষেমা১১ করি চান্দোকে পাড়এ গালি
মাথে হাত স্বঙরে বিষহরি ।
দেবী সঙ্গে বাদ কৈলে১২ ছয় পুত্র হারাইলে
প্রভুকে মারিলে১৩ বিষহরি১৪ ॥
স্বামী ছাড়িল দেহ শঙ্খ সিন্দুর লেহ
আর লেহ গলার গুড়িয়া ।
দুতিয়ার চন্দ্র হেন উদয় হঞা অস্ত গেল
১৫জাব প্রভুর পাছুত নাগিঞা ॥১৫

CENTRAL LIBRARY

কঙ্কণ কেয়ূর হার মিছা সব অলঙ্কার
স্বামী বিনে সব অকারণ।
বীজ রুপিলাম খেতে অঙ্কুর হইল তাতে
হেন সমে করিল দাহন ॥
না ভুঞ্জিলাম ছয় মাস বিধি কৈল নৈরাশ
তুমি বিধি বড় নিদারুণ।
জত মনের ছিল সাধ। সকলি হইল বাদ
স্বামী বিনে সব অকারণ ॥
তাহে পদ্মা বৈরী হৈল প্রাণপতি কাড়ি নিল
এমন সোনার কান্তি দেহা।
দুইজন দুই স্থানে জন্ম দিল কি কারণে
পরে দোঁহে করিল মিলন ॥
দোঁহে করি সম্মিলন কাড়ি নিল হেন ধন
ধন্য বিধি তোর ব্যবহার।
১একে আমি অবলা না জানিএ দুঃখ জ্বালা
কিবা গতি হইবে আমার ॥১
স্বামীহীন জেই নারী বৃথা তার ধন কড়ি
বৃথা তার মাতা পিতা ভাই।
কি করিব কোথা জাব কোথা গেলে স্বামী পাব
স্বামী বিনে আর কেউ নাই ॥
জাইব বাপের বাড়ী হইয়া বিষম রাড়ী
সব সুখ হইবে নৈরাশ।
কুড়াঞ্জা বনের শাক এক সৈন্ধা করি পাক
কেমনে করিব সে আহার ॥
একাদশী ব্রত তাহে বিধবার ধর্ম্ম রহে
না করিলে অধর্ম্ম সঞ্চার।
হায় বিধি এই করিলে কাচা বাশে ঘুন দিলে
কাড়ি নিল প্রাণনাথ মোর ॥

CENTRAL LIBRARY

দুর্বাক্য বোলিবে মোকে গালি দিবে সব মোকে
এ দুঃখ বোলিব কার কাছে।
শুনিঞা ত বাপমাএ তারা না কাচিবে রাও
স্বামী বিনে এই দুঃখ আছে ॥
হায়রে প্রাণের নাথ কোথা গেল পাব সাত
তুমি মোর পরাণের পরাণ।
হায় প্রভু এই করিলে অভাগিনী ছাড়ি গেলে
দোসর করহ প্রাণ ॥
১সাত তাল নিরমাণ মেড়ঘর অনুমান
রক্ষক র'চিল সারি সারি ।১
পাকিলাম২ হাইখানি বৈসাইতে না পাইলাচ৩ আমি৪
বিবাদে নাগিল বিষহরি ।
৫কৈল কবি চন্দ্রপতি মনসাচরণ গতি
বিভূতিকে পদ্মা পরসন্ন ।৫
সোনকা চেতন পাইল ঘরে হৈতে বাহিরাইল
বেহুলার শুনিল ক্রন্দন ॥

৬সোনকা সপন দেখি করে হাহাকার ॥ ধু ॥৬

বেহুলা রোদন৭ করে রজনী পোহায়।
৭চেতন পাইঞা সোনা৭ স্বামীকে জাগায় ॥
উঠ উঠ প্রাণনাথ রাত্রি হৈল শেষ।
সত্বরে করহ পুত্র বধুর উদ্দেশ ।।
৮কুমঙ্গল দেখি প্রভু প্রাণ নহে স্থির ।৮
আপনে৯ ক্রন্দন উঠে চক্ষে বহে নীর ॥
দক্ষিণ চক্ষ স্পন্দন করএ নিরবধি।
না জানি কি অভাগিনীর বাম হৈল বিধি ॥
সদা উচাটন প্রাণ নহে স্থির বান্ধে।
চিত্তেত অস্থির হৈঞা প্রাণ সদা কান্দে ॥

CENTRAL LIBRARY

উঠ উঠ প্রাণনাথ বিলম্ব না কর।
পুত্র বধূ দেখি গিঞা মেড়ের ভিতর ॥
মেড়ের ভিতর১ কিবা হইল না জানি১।
বিবাদ সাধিল বুঝি২ বিষহরি কানী ॥
চান্দো বোলে সোনকা নিদ্রাতে কেন তোল।
এমন নিষ্ঠুর বাক্য কি কারণে বোল ॥
পাথরের ঘর দ্বার লেউল মউরি।
চতুর্দ্দিগে৩ লক্ষ লক্ষ৩ জাগিছে প্রহরী ॥
বায়ের সঞ্চার নাই৪ কার আছে শক্তি৪।
কোন পথে বিবাদ সাধিবে পদ্মাবতী ॥
বুঢ়ি পাগল তোর কিছু নাহি জ্ঞান।
পুত্র বধূ ক্রীড়া করে তাতে দেহ মন ॥
৫সোনকা বোলেন প্রাণ ধড়ফড় করে।
নিশ্চয় জানিলাঙ পদ্মা দুঃখ দিল মোরে ॥৫
৬ভৃঙ্গার করিয়া হাতে করিল গমনে।৬
মেড়ের দুয়ারে৭ জাঞা কর্ণ পাতি শুনে ॥
মায়ের প্রাণেতে নাকি প্রত্যয় হয়।
৮মেড়ের ভিতরে সোনা ক্রন্দন শুনয় ॥৯
প্রভু প্রভু করিঞা বেহুলা কাঢ়ে রাও।
ক্রন্দন শুনিয়া সোনা বুকে মারে ঘাও ॥
১০তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥১০
দুয়ার ঘুচাও বধূ দুয়ার ঘুচাও।
খাইলে সুন্দর বালা কার মুখ চাও ॥
অতি কুলক্ষিণীর বেটী ই অষ্টকপালী।
মারিলে সুন্দর বালা নিরাসি বিড়ালী ॥
১১দন্ত তোর চিরল দীঘল মাতার চুল।১১
কুলক্ষিণী ডুবাইলে বানিয়ার কুল ॥

CENTRAL LIBRARY

না হইল বিভা তোর বৎসর ছয় মাস।
শয্যাতে সুন্দর বালা করিলি গরাস॥
বালী বোলে শাশুড়ী না দেহ অপযশ।
কাটা ঘায়ে কত দেহ জান্তিরের১ রস॥
এখন মরিল স্বামী মোর কুলক্ষণে।
আর ছয় পুত্র তোমার মরিল কেমনে।
দেবতামনুষ্যে হৈল নিরন্তর বাদ।
কুশলে থাকিবে নাকিন৩ মনে কর সাধ*॥
মুক্তি নাহি মারো৪ ৫তোমার পুত্র লক্ষীন্দর৫।
৬অকারণে দোষ দেহ আমার উপর॥
সাক্ষাতে আসিয়া তুমি দেখহ আপনি।৬
সাপুড়ার মধ্যে আছে৭ পদ্মার নাগিনী॥
উঠিয়া সুন্দর বালী দুয়ার ঘুচায়।
আকুল হইয়া সোনা মেড়েতে সামায়॥
মরিল *সুন্দর বালা৭ মুখে বহে লাল৮।
দেখিয়া সোনকা তবে ধাকুড়ে কপাল।
পুত্র কোলে করি কান্দে মুখে মুখ দিঞা।
দুই হাতে ধাকুড়ে বুক চূর্ণ করে হিয়া॥
বিনি বাতাসে মোর নিভাইল বাতি।
অন্ধকার হৈল বাছা পুরী চাম্পাবতী॥
ছয় পুত্র বিবাদে মারিল বিষহরি।
তোমা পুত্র পাইলাম কঠোর তপ করি॥
কে মোর কাড়িঞা নৈল ঞাচলের নিধি।
পূর্ব্ব জন্মের৯ পাপে মোরে১০ বিড়ম্বিল বিধি॥
বিভা করিবারে১১ মানা করিলাঙ তোমাক১২।
১৩অহঙ্কারে না স্থনিলা গুরুজনার ডাক॥১৩
হাতে হাতে ফলিল জে জননীর বোল।
শূন্য হৈল ঘরবাড়ী শূন্য হৈল কোল১৪॥

*পাঠ—সাদ. *পাঠ—মোরিল (সর্বত্র)

CENTRAL LIBRARY

পড়িল সাগরে মোর ঞাচলের সোনা।
কে দিবে তুলিঞা সোনা আছে কোন জনা ॥
বানিয়া হুলালরে উত্তর না দেয়১ কেনে।
প্রাণ ফাটিছে বাছা তোমার বিহনে ॥
সোনকা২ বোলে প্রাণপুত্র না পাইব আর।
অন্ধকার দেখ৩ মুই সকল সংসার ॥
একতির পুত্র আর কেহ নাই।
দেখি পাসরিব দুঃখ দুর্ল্লভ লখাই ॥
মর মর পদ্মা তোর হউক বিনাশ।
অনন্ত কালে নরকে হউক তোর বাস ॥
কি দোষ করিনু তোর কি করিনু হানি।
কি দোষে মারিলে মোর সুন্দর পুত্রখানি ॥
বালার সিওরে সোনা বসিল চাপিঞা।
লখাইর ৪মুখে লাল জাইছে বোহিয়া৮ ॥
কান্দে সোনা বানিঞানী বিষাদ ভাবিঞা।
আর না রাখিব তনু পুত্র না দেখিঞা ॥
ভাঙিঞা ভাণ্ডারের ধন ৫আনিল ভাণ্ডারী৫।
৬নির্ম্মাইল কাচের মেড় নানা রত্নপুরী ॥৬
৭অন্যের ধন সম্পদ চোরে করে চুরি।
মোর পুত্র চুরি করিলেন বিষহরি ॥৭
৮আপনি মহেশ মোকে হইলা সুপ্রসন্ন।
মহেশের বরে পুত্র হইল উৎপন্ন ॥৮
পুত্র বিভা দিয়া মোর পুরিল অভিলাষ৯।
বিবুধিঞা১০ স্বামীর বাদে হৈন সর্বনাশ ॥
আর সব বধূ আনি মাস ছয় মাস।
এ বধূ এক রাত্রে ১১কৈল পুত্রের বিনাশ১১ ॥
১২পদ্মার চরণে বিভূতি পদে গায় ।১২
সেবকের তরে মা হইবে বড় দায় ॥

CENTRAL LIBRARY

মহারাগ ॥৮

২মরি হায় রে বিধি দুঃখ লিখিলে আমার ॥ ধু ।।২

নগর বসাইলাম মানিক পাবার আশে ।
পাঞা মাণিক হারাইলাম আপনার দোষে ॥
কান্দেন সোনকা বান্যানী করি হাহাকার ।
গড়াগড়ি জায় সোনা করি ধড়ফড় ॥
কে মোর কাটিঞা নৈলে আঙ্কলের নড়ি ।
তোমার বিহনে বাছা জাব কার বাড়ী ।
শূন্য হৈল ঘরবাড়ী শূন্য হৈল পুরী ।
কে খাইবে ধন কড়ি বিধি হৈল অরি ॥
বড় সাধে বেহুলাকে আনিলাঙ বরিঞা ।
বিধি নিদারুণ বালাক নইলে কটিঞা ॥
সর্ব্ব সুলক্ষণী বালী বানিঞার ঝিউ ।
তবে কেনে লক্ষ্মীন্দর হারাইল জিউ ॥
খঞ্জননঞানী বালী৩ কন্দর্পসম গায় ।
এত সুলক্ষণে কেনে মোর পুত্র খায় ॥
দশন বিরল নহে কেশ নহে অতি ।
এত লক্ষণে বালী৪ খাইল নিজপতি৫ ॥
৬বেহুলা বোলেন মাও কি কবিবে রূপে ।
দেবতামনুস্যে বাদ খাইল পদ্মার সাপে ।।৬
তৈল ঘৃত থাকিতে প্রদীপ নিভাইল ।
শ্বশুরের কারণে প্রাণনাথ হারাইল ॥
৭এমত সুনিএ নাই৭ বড় অসম্ভব ।
মনুষ্য হইয়া করে দেবসঙ্গে বাদ ॥
পদ্মার সহিতে বাদ বড় নাগে ধান্দা৮ ।
জে নাগ খাইল তাক৯ খুইঞাছি বান্দ্যা৯ ॥

CENTRAL LIBRARY

১ই আম্র কদলী বৃক্ষ দেহত কাটিঞা ।১
সঙ্গেত২ জাইব আমি জলেত ভাসিঞা ॥
দেবীর চরণ ধরি করিব মিনতি ।
তবেত জিঞাব আমি প্রাণধন৩ পতি ॥
প্রভুকে কোলেত করি৪ জাব দেবপুরী৪ ।
জিয়াঞা দিবেন স্বামী জয় বিষহরি ॥
পুত্রবধূর বিলাপে৫ কান্দে সোনকাসুন্দরী ।
ক্রন্দন সুনিঞা আইল চান্দো অধিকারী ॥
৬হায় হায় করে সাধু চাম্পালী অধিকারী ।৬
পুত্র পুত্র বলি কান্দে উচ্চ স্বর করি ॥
পুত্র শোকে বিবাদিঞা কান্দে উচ্চ স্বরে ।
তন্ত্রবিভূতে গায় মনসার বরে ॥

পুত্রের মরণে চান্দো কান্দে উচ্চ রায় ।
কপালে মারিঞা ঘাও করে হায় হায় ॥
কোছের৭ মাণিক্য কে করিল৮ চুরি ।
অন্ধকার হৈল দেখি চাম্পাবতী পুরী ॥
প্রদীপ নিভাঞা জেন অন্ধকার ঘর ।
চন্দ্রমা অভাবে জেন রাত্রি ভয়ঙ্কর ॥
বিবাহের রাত্রে হৈল পুত্রের মরণ ।
জানিঞা পুত্রের বিভা দিনু অকারণ ॥
সোনকাএ দিলেক বাধা না করিনু কানে ।
৯হেলাএ করিনু নষ্ট অমূল্য রতনে ॥৯
এতেক উপায় কৈলাঙ পুত্রের লাগিঞা ।
এমন সুলক্ষিণী কন্যা আনিনু বরিঞা ॥
শরীরেত কোন দোষ নাহি বেহুলার ।
তবে কেনে মোর পুত্র হইল সংহার ॥

CENTRAL LIBRARY

অপুত্রক হৈলাম আনি পুত্র নাহি আর।
পুত্রের বিহনে মোর সব অন্ধকার ॥
কানীর সহিতে বাদ সর্ব্ব লোকে জানে।
সেই বাদে মোর পুত্র বধিলে পরাণে ॥
বিবাদে মারিলু পুত্র ত্রিভুবনে জানে।
বৃদ্ধকালে মরণ নাই জিঞ্চ১ অকারণে ॥
২এ বৃদ্ধ বয়সে দুঃখ দিলে মোরে কানী।২
তার জদি লাগ পাই বোধিএ পরাণি ॥
হায় হায় করে চান্দো দেবীকে দেয় গালি।
ইহার উচিত শাস্তি দিব তোরে কানী ॥
কেনে মোর পুত্রখানি করিলি সংহার।
ইহার উচিত তোর করিব প্রতিকার ॥
ধনা ধনা করি চান্দো শোকে ডাক পাড়ে।
নিজের আলিসে৩ ধনা রাও নাহে কাড়ে ॥
কতক্ষণে উঠে ধনা গাও মোড়া দিঞা।
কেনে ডাক পাড় পিতা ৪বিহান করিঞা৪ ॥
চান্দো বোলে রোঝা শীঘ্র আন ডাক দিঞা।
লক্ষীন্দর পুত্র মোর পড়িল টলিঞা ॥
লড় পাড়ি জায় ধনা নাহি বান্ধে কেশ।
রোঝার বাড়িতে ধনা করিলে প্রবেশ ॥
মিতা রোঝা বোলিঞা ধনাই ডাক পাড়ে।
ঘরেতে থাকিয়া রোঝা রাও নাহি কাড়ে ॥
ধনাকে আছিল শিব শঙ্করের বর।
কপাট ঘুচাঞা ধনা সাজাইল ৫ঘর ॥
ধোকড়ি খোসলায়৬ ধনা ধরিল চাপিঞা।
ঘরে হইতে বাহির করে ৭পাক লারা৭ দিঞা ॥
৮এরো এরো বলিয়া ৮মিতা রোঝা ৯কাঢে রাও৯।
১০এই ধোকড়ে তোমার মিতিনী শুয়া রয় ॥১০

CENTRAL LIBRARY

এড়িল ধোকড়ি ধনাই নাজ পাইঞা।
রোঝার স্ত্রী পলাইল ই বস্ত্র ছাড়িঞা১ ॥
খানিক এখানে মিতা থাকহ বোসিয়া।
২জাবৎ ওসধ আমি না আসি নইঞা ॥২
সাল্য বিসাল্য কর্ণি আনি যত্ন করিঞা।
চন্দ্রমল্লিকা৩ নিল শিরেতে বান্ধিঞা ॥
৪ওসধ নইল রোঝা অতি যত্ন করি।
ধনা সনে জায় রোঝা চান্দো বরাবরি ॥৪
ঘরে হৈতে বাহিরাইতে মাথে৫ ঠেকে চাল।
বামে সর্প দেখিলেন দক্ষিণে ত্রিকাল ॥
যাত্রা করিঞা রোঝা জায় তরাতরি।
হংসেত থাকিঞা দেখে জয় বিষহরি ॥
আমার বিবাদ রোঝা জান ভালে ভাল।
এই বাদে খাইব তোর দুইটি ছাওাল ॥
নথাই জিঙাইতে ৬রোঝা জায়ত সত্বর।
৭ধনা জায় আগেতে৭ চান্দোর বরাবর ॥
হংসেত থাকিঞা বোলে ব্রাহ্মণী তোতল।
রোঝার নন্দন তুমি স্থন মোর বোল ॥
তোর বাপ ছিল৮ সেই৯ বড় ধন্বন্তরি।
তাহাকে মারিলাঙ১ আমি শিবের কুমারী ॥
আপনি১০ মরিতে জদি সাধ আছে মনে।
তবেত জিয়াবে তুমি চান্দোর নন্দনে ॥
হাঁচি জিঠি বাধা পড়ে দেখ অমঙ্গল।
ডাক দিঞা বোলে মাতা ব্রাহ্মণী তোতল ॥
৮আমায় বোল স্থন তুমি ৮রোঝা ধন্বন্তরি।
আমাকেত বোলে পদ্মা বাদের ঈশ্বরী ॥
রোঝা বোলে চান্দোর রাজ্যেতে মোর ঘর।
সবংশে গাড়িতে পারে চান্দো সদাগর ॥

CENTRAL LIBRARY

১পদ্মা বোলে তোকে জদি চান্দো করে বল ।১
আমাকে ২স্মরিহ দুঃখ খণ্ডিবে সকল২ ॥
দেবীর বচনে ওসধ ফেলে পাক দিঞা ।
মিছা ছেচা জড়ি বুটি নিলেক বান্ধিঞা ॥
আগে ধনা পাছে ধনন্তরি রায়বার ।
ধনন্তরি জায় চান্দোর পুত্র জিঙাবার ॥
মেড়েতে সান্তায় রোঝা ছাড়িঞা হুতাশ ।
টলিয়া পৈড়াছে বালা নাহিক নিশ্বাস ।
মস্তকের কেশ বালী দুই হস্তেত ধরিঞা৩ ॥
রোঝার দুই পাও বেহুলা ধরিল চাপিঞা ।
জিয়াইঞা দেও রোঝা মোর প্রাণনাথ ॥
তোমার প্রসাদে মোর রহুক৪ আইহত৫ ॥
রোঝা বোলে অলক্ষিণী আনিলে বিভাঞা৬ ।
আসিতে আমার পাও ফেলিল বান্ধিঞা ॥
আমি জিঙাইতে নারি বালা লক্ষীন্দর ।
এমন অলক্ষিণী কন্যা আইল চন্দোর ঘর ॥
৭ছল করি রোঝা ফিরি জায়ত চলিঞা ।৭
রোঝাকে বসায় বালী মিনতি করিঞা ॥
৮দন্তে তৃণ ধরি বোলে বেহুলাসুন্দরী ।৮
তন্ত্রবিভূতে গায় বন্দিয়া বিষহরি ॥

সিন্ধু রাগ ॥

৯দুই হস্ত জোড় করি৯ বেহুলা সুন্দরী
বোলে রোঝার চরণ ধরিঞা ।
রাখ শঙ্খ সিন্দুর আর চাম্পালিয়া পুর
প্রাণনাথ ১০দেহত জিয়াঞা১০ ॥

CENTRAL LIBRARY

প্রভুকে জিঞাতে পার১ মাণিক অঙ্গুরি ধর
বাপদেশে২ তোরে লঞা জামু৩ ।
বাপের চরণ ধরি ৪কহিব মিনতি করি৪
৫অর্দ্ধ গৃহবাস৫ তোরে দিমু৬ ।
আমার বচনে জদি প্রত্যয় না হয় তুমি
শ্বশুরের দেশ৭ বান্ধা দেও
মোর৮ অলঙ্কার জত অমূল্য আছএ কত
৯এ সব তোমার আগে থও ॥৯
আর জত আছে ধন নাহি মোর প্রয়োজন
সকল ছাড়িঞা দিব তোরে ।
সুখ ভোগ তেয়াগিঞা এক বস্ত্রধারী হঞা
উদর পুরিব ভিক্ষা কৈরে ।
নগর নগর ফিরি আনিব ভিক্ষা করি
অর্দ্ধভাগ করি তোরে দিব ।
তোমার গৃহেতে জাঞা তোর স্ত্রীর দাসী হঞা
দাসীকর্মে জীবন গোঙাব ॥
১০আমার মিনতি নেও প্রাণনাথের প্রাণ দেও
তবে রহে আমার জীবন ।১০
না দিবা ওসধ তুমি প্রাণহত্যা দিব আমি
বৃথা বাচি কোন প্রয়োজন ॥
সুনি বেহুলার বাণী রোঝা মনে মনে গুনি
ওসধের সুনহ নিল্লয় ।
সুন এক অদ্ভুত নাগিবে ব্যাঘ্রের দুধ১১
কপিলার শুদ্ধ গোময় ॥
ক্ষীরোদ সমুদ্রের পানি সেই জদি দেহ আনি
১২এই দ্রব্য নাগিবে ওসধে ।১২
মাণিকের আনি পাট১৩ শ্বেত শিরলেতে বাট১৪
বাটিবেক আলগছ হাতে ॥

CENTRAL LIBRARY

এ তিন ওসধ নঞা এ সম্ভোগ করিঞা
বালাকে১ খাওয়ায় শীঘ্র করি১ ।
ওসধ দিল২ তুলিঞা৩ ফেলে বালী আছাড়িঞা
এ ওসধ হৈল মোর বৈরী ॥
কান্দে সাহের নন্দিনী ওসধের নাম স্থনি
কান্দে রামা বুকে মারে ঘাও ।
মনসাচরণ বর বন্দি শির উপর
না জিইল বালা লক্ষীন্দর ॥

ভাটিআলি রাগ । ৪

৫ এ হেন রতন বাতি কেনে নিভাইলে ।
• বিধি কি দুঃখ দিলে ॥ ধু ॥৫

সোনকা দেখিল বালা প্রাণে না বাচিল ।
হাহাকার করি সোনা ভূমেত পড়িল ॥
দুই হাতে ধরি বালাক কোলেত করিল ।
শত শত চুম্ব বালার বদনেতে দিল ।
এমন স্থন্দর পুত্র কোথা ছাড়ি যাও ।
আমারে ছাড়িঞা জাও বুকে দিঞা ঘাও ॥
কে মোরে জিয়াঞা দিবে দুগ্ধ ভ৬ লখাই ।
লখাই সদৃশ পুত্র পাব কোন ঠাঞি ॥
লখাইর সিঅরে কান্দে লখাইর মাও ।
লখাইর গায়ের বিষ মোর গাএ জায় ।
এক নহে দুই নহে ই সপ্ত কোঙর ।
কতনা৭ হৃদয়ে দিব ই শিলা পাথর ॥
মস্তক মুড়াঞা কানে পোহিব কুণ্ডল ।
৮কি কারণে জিব আমি জীবন নিষ্ফল ॥৮

CENTRAL LIBRARY

পুত্রশোকে মুক্তি জাব দেশ দেশান্তর।
চিত্তের আনন্দে রাজ্য১ করুন সদাগর॥
পুত্রশোকে সোনকা কান্দে মাথে দিঞা হাত।
সোনকার ক্রন্দনে খসে কাঁচা বৃক্ষের পাত॥
সাতপুত্র মৈল সম্বরিব কত শোক।
সোনকার ক্রন্দন স্থনে চান্দোর সর্ব্ব২লোক॥
লোটাঞা লোটাঞা কান্দে সোনকা সাধুয়ানী।
শ্রাবণের ধারা জেন চৈক্ষে পড়ে পানি॥
বেহুলা বোলে শাশুড়ি স্থনহ উত্তর।
পদ্মা মানায়া জিঞাব প্রাণের ঈশ্বর॥
আম্র কদলী কাটি দেহো মঞ্চুস সাজাঞা।
প্রাণনাথ সঙ্গে দেহ গঙ্গাতে ভাসাঞা॥
ছোট হইতে সেবিঞাছি দেবী পদ্মাবতী।
ছয়মাসে জিঞাঙা আনিমু নিজ পতি॥
হুতাশ লাগে সোনকাক বধূর বচন স্থনিঞা।
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিঞা॥

কান্দে বানিঞার নারী হা পুত্র লথাই করি
ক্ষিতি তলে গড়াগড়ি৩।
রূপগুণে অদ্ভুত মৈল মোর সাত পুত
৪কিনা বিধি লিখিলে কপালে॥৪
কে দিবে মোরে পুত্রদান ৫ধন জন জাউক প্রাণ৫
এমত আছএ কোন জন।
জেবা পারে জিঞাবারে দাসী হঞা থাকি তারে
জাবৎ শরীরে থাকে প্রাণ॥
দশ নখ কপালে হানি কান্দে সোনা সাধুয়ানী
হা পুত্র দারুণ রাও কাচে।
শোকে অগ্নিতাপিত দেহে তিতিল চক্ষের লোহে
অতি শোকে গৃহবাস ছাড়ে॥

CENTRAL LIBRARY

কান্দেন লখাইর মা ক্রোধে জলে চান্দোর গা
১সর্ব্বলোক হায় হায় করে।১
না দেখি নঞানে না স্থনি শ্রবণে
দেবতা মনিস্তে বাদান্তরে২ ॥
কুবুদ্ধিয়া৩ সাধু মরে দেবী সনে বাদ করে
জার বাদে মৈল সপ্ত কোঙর।
মুঞি৪ কি ৫জানিমু হরি৫ মোর স্বামী মোকে বৈরী
তার বাদে মরে লক্ষীন্দর ॥
শঙ্করঝিয়ারি দেবী ত্রিভুবনে তাকে সেবি
তার পূজা ঠেলিল জে পাএ।
দেবী পদ্মার অনুরাগে সাত পুত্র দংশিল নাগে
৬আর শোক৬ কত সহে গায় ॥
দেখি নখাইর মুখ পাশরিল সব দুঃখ
ছয় পুত্রের ই শোকসন্তাপ।
আমার কর্ম্মের ফলে সাত পুত্র দংশিল কালে
কতেক হৃদয়ে সহে তাপ ॥
ছাড়িঞা দীঘল রাও কান্দে নখাইর মাও
লেহালএ৭ পুত্রের বদন।
পুত্রশোকে তনু শেষ আউলাইল মাথার কেশ
না সম্বরে গায়ের বসন ॥
চাম্পাই নগরী শিশু বৃদ্ধ আদি করি
আকুল৮ হইল জনে জনে।
ভাবিঞা নখাইর শোক কান্দে তথা সর্ব্বলোক
আর কান্দে ছয় কুড়ি মিলন ॥
ক্রন্দনের উঠে রোল বোলা বোলি গণ্ডগোল
কান্দে সভে ধরণী পরিঞা।
পদ্মার চরণবর বন্দি শির উপর
কান্দে সোনা বিষাদ ভাবিঞা ॥

CENTRAL LIBRARY

১বেহুলা করে উত্তর ডাকি দেহো মালাকার
জেই জন কারিগর হয় ।১
মঞ্জুস বনাইঞা দেহ মোরে ভাসাইঞা
জাবো আমি বিলম্ব না সয় ॥
২এতেক কহেন বালী ডাকে রামেশ্বর মালী২
চাম্পাই নগরে জার ঘর ।
আম্র কদলী কাটিঞা মঞ্জুস নির্ম্মাইঞা
বাহের৩ কঙ্কণ লেহ মোর ॥
বেহুলার স্থনি বাণী হস্তজোড়ে বোলে মালী
স্থন তুমি ৪চান্দোর বোহারি৪ ।
আম্র কদলী দেখিঞা সকল আইলাঙঃ চাহিঞা
দেখি আইনু চান্দোর গুয়াবাড়ি ।
মাথাতে বসন দিঞা৬ গেলা বেহুলা চলিঞা৭
জেখানে আছেন সদাগর ।
লজ্জা পরিহরি বেহুলা স্থন্দরী
শ্বশুরকে জানায়৮ উত্তর ॥
৯ না চাহ মুঞি৯ ধন জন মাণিক্য রতন
আম্র কদলী১০ ১১আমি চাই১১ ।
তাহার মঞ্জুস করিঞা১২ ১৩ প্রাণনাথ সঙ্গে১৩ নঞা
গঙ্গা ভাসাঞা নঞা জাই১৪ ॥
বোলে চান্দো সদাগর স্থন মালী রামেশ্বর
জাহ বাছা বাগান ভিতরে ।
জেবা তোর নয় চিত্তে মঞ্জুস নির্ম্মাইতে
আন আম্র কদলী সত্বরে ॥
চান্দোর আজ্ঞা পাইঞা রামেশ্বর গেল ধাঞা
সান্তাইল১৫ বাগান ভিতরে ।
১৬কদলী আম্র ভারে ভার আনিল কাটিয়া আর
মঞ্জুস নির্ম্মায় রামেশ্বরে ॥১৬

CENTRAL LIBRARY

মঞ্জুসের নাহি পায় ওড় মনে ভাবে কারিগর
চান্দো বান্ধা করিবে দুর্গতি।
এত ভাবি রামেশ্বর জোড় করি দুই কর
চান্দোর আগে করেন মিনতি ॥
নাহি দেখি নাহি স্থনি কেমত মঞ্জুসখানি
কোন মতে করিব রচন।
অপরাধ নাই মোর স্থন চান্দো সদাগর
এই ত আমার নিবেদন ॥
১স্থনিঞা এতেক বাণী চান্দো মনে মনে গুনি১
২বোলে চান্দো ভাবিঞা উত্তর।২
বিশ্বকর্ম্মা আনাইঞা মঞ্জুস নির্ম্মাইঞা
ভাসাইঞা দিব লক্ষীন্দর ॥
মনসাচরণ বর বন্দি শির উপর
বিভূতি গায় মনসা বন্দিঞা।
বিশ্বকর্ম্মা হুঙ্কারিল তুরিতে বিশাই আইল
নানা বর্ণের বসন পোরিঞা৩ ॥

বেহার রাগ ॥

৪বিশ্বকর্ম্মা বোলি চান্দো জখন ডাকিল।৪
ভল্লুকে চড়িয়া বিশাই তখনে আইল ॥
ধর লেহ বিশাই তাম্বুল ধর খাও৫।
বিচিত্র মঞ্জুস মোরে নির্ম্মাইঞা দেও৬ ॥
৭মঞ্জুস নির্ম্মাইঞা দেহ কর্ম্মক বিশাই।৭
গঙ্গাতে ভাসাঞা দিব দুর্লভ লখাই ॥
আম্র কদলীতলে না সঞ্চরে পানি।
গজ দন্তের বার৮ নাগে স্ফটিকের* থুনি ॥

*পাঠ—স্ফটিকের

CENTRAL LIBRARY

স্থবর্ণের পাইর দিল১ স্থবর্ণ চোচাল১ ।
২চৌদিগে বেঢ়িঞা দিল স্থবর্ণের জাল ॥২
মঞ্জুস উপরে দিল স্থবর্ণ কলস ।
নেতের পতাকা উড়ে দেখিতে রূপস৩ ।
বেলন৪ পাটের থোপা নানা মূর্ত্তিমান ।
৫মণিমাণিক্য কত করএ শোভন ॥৫
হীরা মুক্তা৬ ঝারা নাগে দেখিতে স্থশোভন ।
স্থানে স্থানে শোভা করে মাণিক্য রতন ।
তন্ত্রবিভূতে গায় মনসার দাস ।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

চিত্র করে থরে থর ভিতরে করিল ঘর
কত নাগে হেঙ্গুল হরিতাল ।
৭কত জাতি চিত্র করে হরষিত অন্তরে৭
মঞ্জুস নির্ম্মাণ করে ভাল ॥
লেখিলেক৮ স্থর নর গন্ধর্ব বিদ্যাধর
পাতালের দুরন্ত অস্থর ।
৯জত আছে৯ চরাচর পৃথিবী আর সাগর
আর লেখে অমরাবতী পুর ॥
লেখিল নদনদী১০ জত গহন পর্ব্বত কত
জলজন্তু মৎস্য জত আছে ।
কালিন্দীর জলধির১১ লেখিলেন যদুবীর
কেলি করে কদম্বের গাছে ॥
জতেক গোপিনীগণ রাধা সঙ্গে নারায়ণ
১২বোসি আছে১২ কদম্বের তলে ।
দেব আদি১৩ অস্থর হইঞা দিগাস্থর
১৫স্থানে স্থানে সকল লেখিলে ॥১৪
রঘুর নন্দন শ্রীরাম লক্ষ্মণ
ভরত রাজা শত্রুঘন ।

CENTRAL LIBRARY

লেখিল লক্ষ্মীসীতা জনক জার পিতা
আর লেখে অযোধ্যা* ভুবন ॥
লেখিল দশশির রাক্ষস মহবীর
আর লেখে রাণী মঞ্জদরি ।
মায়ামৃগী মারিতে ধাইল রঘনাথে
রাবণে সীতা কৈল চুরি ॥
বেড়াইতে বনে বন সুগ্রীব সনে দরশন
বানর সনে করিল মিত্রতা ।
সাগর করিল বন্ধ কাটিলেন দশকন্ধ
উদ্ধার করিল লক্ষ্মীসীতা ॥
গোবিন্দের অবতার মহিমা তার আপার
বানর দুরন্ত অসুর ।
১নানা মতে অনুমান১ করিল নির্ম্মাণ
লেখিলেন২ চাম্পাবতীপুর ॥
লেখিলেক মেড়ঘর দুর্ল্লভ লক্ষ্মীন্দর
বিবাদ সাধিল ব্রাহ্মণী ।
মৃত্যু৩ কলে করি বেহুলা সুন্দরী
ভাসিলেন সাগরের পানি ॥
মঞ্জুস হইল ওড় লেখিলেন হংসজোড়
উড়ি পড়ে সাগরের জলে ।
পদ্মার চরণবর বন্দি শির উপর
তন্ত্রবিভূতে পদে বোলে ।

পালঙ্ক উপরে কন্যা মঞ্জুস ভিতরে ।
জাহার উপরে জাবে বালা লক্ষ্মীন্দরে ।
সোনার খাটেত কৈল কত বা বিছান৪ ।
৫আগে পাছেতে গির্দ্দা থুইল স্থানে স্থান ॥৫

*পাঠ — অজধ্যা

CENTRAL LIBRARY

সরস পান গুয়া থুইল ই সজ্জ করিঞা।
বালার সিওরে থুই১ সাপুড়া ভরিঞা১ ॥
২খাদ্য দ্রব্য নানা জাতি রাখিল সুন্দর।২
রত্নের প্রদীপ জ্বালি থুইল থরে থর ॥
৩সুবর্ণের ঝারা থুইল মঞ্জুস উপরি।৩
নানা জাতি বস্ত্র থুইল বেহুলাসুন্দরী৪ ॥
গন্ধ চন্দন নিল সিন্দুর কজ্জল।
ভৃঙ্গার পুরিঞা থুইল সুভাসিত জল ॥
নাসের পেটারি থুইল আর পাশা সারি।
আসিতে প্রভুর সঙ্গে খেলিবে সুন্দরী ॥
সাপের সাপুড়া থুইল মঞ্জুস ভিতরে।
সেই সর্পে দংশিলেন বালা লক্ষীন্দরে ॥
খোই দধি নিল কন্যা সর্পের আহার।
যত্ন করি নিল কন্যা চুন আর খার ॥
আনন্দিত হৈল তবে বেহুলাসুন্দরী।
মড়া স্বামী নঞা৫ জাবে দেবতার পুরী ॥
কড়া টেকের তৈলে কন্যা প্রদীপ জ্বালিঞা।
কেশ৫ ছিড়িল বালী৬ ই সত্য করিঞা৭ ॥
জাবৎ না আসি আমি স্বামী জিঞাইঞা।
তাবৎ জ্বলিহ৮ তুমি৯ আমার নাগিঞা৯ ॥
সুবর্ণের ঝারি বাটি ডাবর পিতল।
সকল থাকহ তোরা মৃত্তিকার তল ॥
সতীর বচন কভু১০ না জায় খণ্ডন১০।
১১সকল ধন রত্ন মণি মাটিতে লুকান ॥১১
শুইবার খাট পালঙ্কে অভিশাপ দিঞা।
তাহাকে বোলেন কন্যা সত্য মানাইঞা ॥
জত দিন না আসি আমি স্বামী জিঞাইঞা।
তত দিন থাক তুমি টুইতে নাগিঞা ॥

CENTRAL LIBRARY

সতীর বচন কভু খণ্ডন না জায়।
সাত তাল উপরে পালঙ্ক জাঞা রয়॥
অন্নব্যঞ্জনে বোলে সত্য মানাইঞা।
ছয় মাস থাক তুমি পাল্যাতে তপ্ত হঞা॥
জখন আসিব প্রাণনাথ জিঞাইঞা।
তখনেত দিব প্রভুক ই অন্ন বাঢ়িঞা॥
শাপ অভিশাপ বালী সভাকারে দিল।
মেড়ের ভিতর হৈতে বাহির হৈল॥
মেড়ে হৈতে বাহির হৈঞা সাত পাক দিল।
কেশ ছিড়িঞা১ কন্যা সত্য মানাইল॥
জাবৎ না আসি আমি স্বামীকে জিঞাইঞা২।
তাবৎ থাকিবা তুমি কপাট নাগিঞা॥
৩আমার কাচ চাল আগিনা কে জাবে চুকটিঞা।৩
লাটা৪ কুচাই হউক আগিনা বেঢ়িঞা॥
সতীর বচন কভু খণ্ডন না জায়।
৫দেউল মণ্ডপে লাটা কুচাই হয়॥৫
অষ্ট নিশান কন্যা শাশুড়ীকে দিল।
নেত চিরিঞা কন্যা গাঠি বান্ধিল॥
৬নিশান দিঞা কন্যা আনন্দিত হইল।৬
সর্পের সাপুড়া বালী হস্তে করি নিল॥
৭প্রতীত পাইবে শাশুড়ী এতেক দেখিঞা।
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিঞা॥৭

ধনা নফরেকে৮ চান্দো বোলে ডাক দিঞা।
৯জাতিগণে সমাচার দেহ ত জাইঞা॥৯
ধনা জাঞা জাতিগণে কহে সমাচার।
রাত্রিতে মরিল চান্দোর পুত্র লক্ষীন্দর॥

CENTRAL LIBRARY

বেহুলা সহিতে জাবে গঙ্গাতে ভাসিঞা ।
সকল জ্ঞাতিগণ মিলি দেহ ত ফেলিঞা ॥
জ্ঞাতিগণ বোলে মোরা কি কারণে জাব ।
বিবাদের মরা মোরা কেউ না বোহিব ॥
ছয় পুত্র দিল সাধু গঙ্গাতে ভাসাঞা ।
১তেন মত এই পুত্র দেহ ত ফেলিঞা ॥১
জদি জ্ঞাতিগণে চাহে চান্দো সদাগর ।
কত ধন দিবে আমা সভা বরাবর ॥
তবে ত বোহিএ আমরা বালা লক্ষীন্দর ।
নহে বা আপনে ভাসাউক২ চান্দো সদাগর ॥
জ্ঞাতির মুখেত ধনা এতেক স্থনিল ।
সত্বরে আসিঞা ধনা চান্দোকে কহিল৩ ॥
চান্দো বোলে মুক্তি নহ ধনের৪ কাতর ।
শত শত টাকা দেহ একক৫ জ্ঞাতিবর৬ ॥
একে চাহে ধনা দুয়জে আজ্ঞা পায় ।
শত শত টাকা দিঞা৭ জ্ঞাতিগণে৮ আনয়৯ ।
সকল জ্ঞাতির মধ্যে দুঃখী এক ছিল ।
অবজ্ঞা১০ করিঞা তারে১১ কিছুই না দিল ॥
সাধু বোলে বোসিঞা কি কর১২ এই ঠাই ।
পুত্র বধূ নঞা চল জলেতে ভাসাই ॥
জে জন মরিল তার কিবা কর দয়া ।
বাহির কর পুত্র বধূ নিদারুণ হঞা ॥
পালঙ্ক উপরে বাহির করে লক্ষীন্দরে ।
বেহুলা বাহির করে চৌদল উপরে ॥
চৌদলে চড়িঞা বালী মৃত্যুপথে জায় ।
১৩চাম্পাই নগরের লোক১৩ করে হায় হায় ।
শিশু বৃদ্ধ যুবক আইসে ধাইঞা ।
মোরিতে বেহুলা জায় চল দেখি জাঞা ॥

CENTRAL LIBRARY

বুকে ঘাও দিঞা কেহ করে হায় হায় ।
মড়ার সঙ্গেতে জিয়ন্ত কেনে জায় ॥
চৌদল উপরে চঢ়ে বেহুলাসুন্দরী ।
দেখিবারে আইল জত নগরিঞা নারী ॥
এক দিগে কন্ধ১ দিল চান্দো সদাগর ।
আর দিগে কন্ধ২ দিল জ্ঞাতি সকল ॥
খোই কড়ি নিল কন্যা কোছাতে করিয়া ।
মুঠে মুঠে৩ ছিটায় কন্যা বালাকে নিছিঞা ॥
ক্ষেণে নাচে বেহুলা ক্ষেণে গীত গায় ।
ক্ষেণে ক্ষেণে মড়া স্বামীক তাম্বুল জোগায় ॥
ঘুঙ্গুরির৪ ঘাটে জাঞা হৈল উপনীত ।
তন্ত্রবিভূতে৫ কবি বিরচিল৫ গীত ।

চল কালিন্দীতীরে গোবিন্দ দেখি গিঞা ।
কদম্বতলে কাহ্নাই আছেন রহিঞা ॥ ধু ॥

নামিঞা৬ বসিল কন্যা ঘুঙ্গুরির ঘাটে ।
নাপিত আনিঞা বালী দশ নখ কাটে ।
সিতেতে৭ সিন্দুর বালী করে পরিধান ।
হস্তেত করিঞা নিল কনক দর্পণ ॥
দর্পণ ধরিঞা বালী বোলেন৮ বচন ।
নিশ্চয় পাইব স্বামী স্থন সর্ব্বজন ॥
জলে নামি সুন্দরী জলে দিল ডুব ।
জলের ভিতরে কন্যা দেখে নানা৯ শুভ ॥
১০বালী বোলে প্রাণনাথ নাহি কিছু ভয় ।১০
অবশ্য পাইব স্বামী কহিনু১১ নিশ্চয় ॥
উত্তম বসন বালী পঢ়ে১২ আর বার ।
জোড় হাতে শ্বশুরেক করে নমস্কার ॥

CENTRAL LIBRARY

শ্বশুরশাশুড়ীর পাএ নমস্কার করে।
তন্ত্রবিভূতে১ গাঁয় মনসার বরে ॥

আলগ পথে মনসা ডাকিঞা বোলে বাণী।
এখন বিবাদি২ চান্দো পূজহ ব্রাহ্মণী ॥
ব্রাহ্মণীর পদে৩ তুমি দেহ ফুলজল।
ধন পুত্র বধূ তুমি পাইবে সকল ॥
হারাধন সর্ব্বস্ব তোর বাহুরিবে ঘরে।
মড়া পুত্র পাইবে দুল্ল ভ লক্ষীন্দরে ॥
চান্দো বোলে পদ্মা তুমি৪ বড় দুচারিনি।
দুঃখের উপরে দুঃখ দিস বেঙ্গথাকি কানী ॥
পুত্রের কিবা কাজ কিম্বা আপনে মরিব।
তথাপি পদ্মার নামে পূজা না করিব ॥
চান্দো বোলে না কান্দিহ নগরিঞা লোক।
৫মোর পুত্র মৈল তোরা কেনে৫ কর শোক ॥
চান্দো বোলে জ্ঞাতিগণ স্থন মোর ভাই।
ঘুঙ্গুরির জলে পুত্র বধূকে ভাসাই ॥
হস্ত জোড় করি বালী করে নিবেদন।
তোমাকেত বলি স্থন একটি বচন ॥
জাও৬ শ্বশুর বাপ ফিরিঞা৭ ঘরে জাও।
শ্বশুড়ী নইঞা ঘরে জাও৮ ছয় জাও ॥
আপনার সাধ্য নাহি৯ কপালের লেখা।
ভাগ্যে থাকে১০ তোমা সনে ফিরিঞা১০ হবে দেখা ॥
আর ছয় পুত্রের শোক সহিলা•জেমতে।
ইহ পুত্র বধূর শোক সহিবে তেমতে ॥
জন্মিলে মরণ সভার আছে একবার।
আগে পাছে মরণ আছে এড়ান নাহি কার ॥

•পাঠ—সোহিলা

CENTRAL LIBRARY

ছয় জাও তোমরা ফিরিঞা জাও ঘরে।
সন্তোষিহ শাশুড়ী কান্দিয়া নাহি মরে ॥
ঘরে জাও জ্ঞাতিগণ তোমরা সর্ব্বজনে।
বিদায় হইলাঙ১ তোমা সভার চরণে ॥
মন দিঞা স্থনহ তুমি শ্বশুর সদাগর।
অনাথ না হয় জেন চাম্পালি নগর ॥
এত২ বোলি বেহুলা ধর্ম্মেকে স্তুতি করে।
লাফ দিঞা চড়ে বালী মঞ্চুস উপরে ॥
তন্ত্রবিভূতে৩ গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

৪ও মোর দয়াল কেবা আছে।
না ভজিলাম হরিপদ জনম জাইছে ॥ ধু ॥৪

কান্দে চান্দো বানিঞা পাইঞা পুত্রশোক।
চান্দোর ক্রন্দনে কান্দে নগরিঞা লোক ॥
বেহুলা বোলেন তোমরা কান্দ কি কারণে।
আমাকে ভাসাহ সভে নিদারুণ মনে ॥
তোমা সভার কান্দনে৫ মোর উপজিছে দয়া।
সত্বরে ভাসাহ সভে নিদারুণ হঞা ॥
চান্দো বোলে জ্ঞাতিগণ স্থন মোর ভাই।
সত্বর করিঞা পুত্র বধুকে ভাসাই ॥
স্নান করিঞা কন্যাক পহ্নাইল বসন।
সর্ব্বাঙ্গে নাগাইল বালাক কস্তুরী চন্দন ॥
বিচিত্র বিছানা আছে মঞ্চুস উপরে।
তাহার৬ উপরে শোওায়৭ বালা৮ লক্ষীন্দরে ॥
কাখেত করিঞা বালী৯ সাপের সাপুড়া।
১০সিওরে বান্ধিল বালী বার্ত্তাজে কুখুড়া ॥১০

CENTRAL LIBRARY

স্থবর্ণ কাটারি বালী হাতে করি ধরে।
চাপিঞা বসিল বালী১ স্বামীর সিওরে১ ॥
সকল২ জ্ঞাতিগণ মেলি৩ মারিলেক ঠেলা।
খরস্রোত পড়ি গেলা বেহুলার ভেলা ॥
মস্তক ধাকুড়ে চান্দো করে হায় হায়।
ছয় বধূ সনে সোনা ধরণী লোটায় ॥
সকল চাম্পালি লোক ঘাটে থাকি চায়।
৪ভাসিঞা সুন্দরীর ভেলা কত দূরে জায় ॥৪
মঞ্জুসে বোলেন তবে বেহুলাসুন্দরী।
জদি মুঞি সতী হঙ বোলি দৃঢ় করি ॥
উজান বাহিঞা ভেলা চলহ সত্বর।
কৈলাস পুরীতে জথা ভোলা মহেশ্বর ॥
এতেক স্থনিঞা তবে সতীর বচন।
উজান বাহিঞা ভেলা চলিল তখন ॥
গঙ্গার উজান ধারে ভেলা চলি জায়।
সকল চাম্পালীর লোক করে হায় হায় ॥
ধন্য তোমার মাতাপিতা ধন্য তুমি সতী।
তোমার বচনে ভেলা চলে উজান গতি ॥
৫বুঝিনু অবশ্য তুমি জিঞাবে লখাই ।৫
এত বোলি সর্ব্বজন এক দৃষ্টে চাই ॥
ভাসিতে ভাসিতে ভেলা গেল কত দূর।
৬দেখিতে না পায় সভে কান্দয়ে প্রচুর ॥
দেখিতে না পায় ভেলা জায় কতদূর।
ফিরিঞা সকল লোক গেল নিজ পুর ॥৬
৭ভাঙড়িতে পড়ি মঞ্জুস পাকে দিয়া জায়।
মগরবাহনে গঙ্গা দেওানে বসি চায় ॥৭
পুত্র বধূ ভাসাঞা চান্দো৮ জায় নিজ ঘরে৮।
তন্ত্রবিভূতে গায় মনসার বরে ॥

CENTRAL LIBRARY

১ভাসাইঞা বধূপুত্র ধরণ না জায় চিত্ত
শোকে সাধু কান্দে উচ্চ স্বরে ।১
বঞ্চিল দারুণ বিধি সাগরে ভাসালাঙ নিধি
কেমতে থাকিব২ নিজ ঘরে২ ॥
ধিক মোর ধন জন প্রাণ ধর অকারণ
অকারণে গৃহকে৩ বসতি ।
৪একে একে সাত জন মরে মোর পুত্রগণ
অন্তকালে কিবা হবে গতি ॥৪
শূন্য হৈল মোর পুরী দিবসে আন্ধার করি
গেল কোথা প্রাণের নথাই ।
কে করিবে গৃহবাস আর কি জীবনের আশ
নথাইর সঙ্গে প্রাণ জাই ॥
আমার কপালে জাহা খণ্ডন না জায় তাহা
জানিঞা স্থনিঞা বিভা দিল ।
হারাইলাঙ গুণমণি বিবাদ সাধিলে কানী
মোর দোষে সর্ব্বনাশ হৈল ॥
বানিঞার বিলাপ স্থনি সব জ্ঞাতি৫ মনে গুনি৫
কান্দে জত৬ ইষ্ট মিত্রগণ৬ ।
৭কেহ মুছে মুখ গাও কেহ মুছে হাত পাও৭
৮নঞা জায়৮ চাম্পালি ভুবন ॥
জায় সাধু নিজ ঘরে ৯নিজ ঘরে শোক করে৯
১০জ্ঞাতিগণ জায় ঘরাঘরি ।১০
১১তন্ত্রবিভূতে গায় বন্দিঞা মনসাপায়
ঘাটে কান্দে সোনকাস্থন্দরী ॥১১

১২সোনকা বিলাপ করে আর না জাইব ঘরে
প্রাণ দিব ঘুঙ্গুরির জলে ।১২

CENTRAL LIBRARY

মায়ের পরাণে এত সম্বরণ*হয় কত
মরিব সে খাইঞা গরলে ॥
ছয় বধূ তারে ধরি নঞা জায় নিজ পুরী
দেখি চান্দো উঠিঞা বসিল ।
১সোনকাএ প্রবোধ করে বোলে চান্দো সদাগরে
এবে মোর আপদ ঘুচিল ॥১
মৈল পুত্র লক্ষীন্দর আর কাকো নাহি ডর
এখন কি করিবেক কানী ।
দেখো নির্ধনের ঘরে চোরে কিবা চুরি করে
ফিরা জাবে দেখিঞা আপনি ॥
ডাল গেল পাত গেল গাছ নাড়া মুড়া হৈল
কি বাদ সাধিবে বিষহরি ।
এখন হইল স্থির চান্দো হৈল মহাবীর
এখন কানী বেড়াউক ঘুরিফিরি ॥
জদি তার নাগি পাঙ লখাইর সঙ্গে পঠাঙ
তবে সে মনের দুঃখ জায় ।
তন্ত্রবিভূতে গায় বন্দিঞা মনসাপায়
সেবকে হইবে বড় দায় ॥

২বালী ভাসিল রে ও আরে ও হোও ।
উজান বাহিঞা বালী ভাসিল রে ॥ ধু ॥২

৩সোনকা প্রবোধে চান্দো বোলেন বচন ।
পুত্রের কারণে শোক কর অকারণ ॥৩
ভাল হৈল মৈল পুত্র বালা লক্ষীন্দর ।
নিধনিয়ার ঘরে চোরের নাহি ডর ॥

*পাঠ—সম্বোরণ

CENTRAL LIBRARY

ডাল গেল পাত গেল মূল হৈল সার।
কানী বেড়ায় ডালে ডালে চান্দো মহাবীর॥
মোর ভাগ্যে হৈল পুত্র বালা লক্ষীন্দর।
কানীর সঙ্গে গেল মোর বাদ বাদান্তর॥
এইরূপে থাকে চান্দো আপনার ঘরে।
স্রোতে ভাসি জায় বালী ভেলার উপরে॥
থমকে থমকে ভেলা১ ভাসি জায় জলে।
হালিতে দুলিতে ভেলা ধার মধ্যে চলে॥
২বেহুলা বোলেন মোর মনে রহিল দুঃখ।
দেখিতে না পাইনু পেটপুড়ি মায়ের মুখ॥২
কতক দূরে এড়াইল ঘুঙ্গুটির পানি।
ভেলা জাঞা উত্তরিল জথা মাধাই মুনি॥
৩মাধাই ঋষির ঘাটে হৈল উপনীত।
তপ ভঙ্গ করি মুনি হৈল সচকিত॥৩
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ॥

৪মাধাই ঋষি তপ করে জলেতে বসিঞা।৪
সেখানে বেহুলার ভেলা উত্তরিল জাঞা॥
ভেলার হিল্লোলে মুনির তপ ভঙ্গ হৈল।
চক্ষু মেলি চাহি মুনি কহিতে লাগিল॥
কাহার বোহারি তুমি কাহার নন্দিনী।
মরুস উপরে কেনে ভাস একাকিনী।
মড়া কোলে করি কেনে একা ভাসি জাও।
মিথ্যা না কহিও তুমি সত্য কহত নিশ্চয়॥
জদি তুমি মিথ্যা বাক্য কহিবে আমারে।
শাপ দিঞা ভস্মরাশি করিব তোমারে॥

CENTRAL LIBRARY

এতেক স্থনিঞা বালী জোড়হাতে কয়
ক্ষেমা কর অপরাধ মুনি মহাশয় ॥
বাপ বাছা সদাগর উজানিতে ঘর।
তাহার নন্দিনী আমি স্থন মুনিবর ॥
চাম্পালির অধিকারী চান্দো সদাগর।
তার পুত্র মোর স্বামী নাম লক্ষীন্দর ॥
বিভা রাত্রে পদ্মা দেবী মারিলে স্বামীরে।
ছয় ভাস্থর মারে মোরে বিবাদের তরে ॥
স্বামী কোলে নঞা আমি ভাসিনু জে জলে
দেখ প্রভু মড়া স্বামী আছে মোর কোলে ॥
এই নিবেদন মুনি করো তোমার পায়।
স্বামীকে জিঞাইতে আমি দেবপুরী জাই ॥
জদি না জিঞাইঞা দেয় দেবী পদ্মাবতী।
স্ত্রীহত্যা দিব আমি গলে মারি কাতি ॥
আজ্ঞা কর মুনি গোসাঞি পুরে মনস্কাম।
তোমার চরণে মোর সহস্র প্রণাম ॥
মুনি বোলে অবশ্য সাধিবা নিজ কাজ।
বর দিলাম জাহ তুমি দেবের সমাজ ॥
এতেক স্থনিঞা বালী চলে তথা হৈতে।
বেহুলার মঞ্জুস পড়িল খরস্রোতে ॥
হেন কালে পদ্মা দেবী কোন কর্ম্ম করে।
মনেতে ভাবিঞা শ্বেত কাগামূর্ত্তি ধরে ॥
বেহুলার মঞ্জুস পরে উপনীত হৈল।
থা থা শব্দ করি দেবী ডাকিতে লাগিল ॥
মঞ্জুসের বাহির হৈঞা বেহুলাস্থন্দরী।
কাগেরে কহেন কিছু জোড় হাত করি ॥
তন্ত্রবিভূতি কবি মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

CENTRAL LIBRARY

ওরে কাগা বোলগা জাঞারে মায়।
তোমার সাধের বেহুলা হৈল স্বামীহারা
মঞ্জুসে ভাসিয়া জায় ॥ ধু ॥

বেহুলা বোলেরে কাগা স্থন মোর বাণী।
আমার সংবাদ নঞা জাহত উজানি॥
আমার কপালে বিধি দিলে এত দুঃখ।
দেখিতে না পাইলাঙ পেটপুড়ি মায়ের মুখ॥
এত বোলি কান্দে বালী বিনাঞা বিনাঞা।
নিশ্চিন্তে রহিলি মাগো আমাকে ভাসাঞা॥
এই কথা বৈল কাগা মায়ের আগেতে।
সাধের বেহুলা তোমার ভাসিছে জলেতে॥
মড়া স্বামী কোলে নঞা জলে ভাসি জায়।
বুঝাঞা বলিহ কাগা পেটপুড়ি মায়॥
অভাগিনী বেহুলাকে উদরে ধরিল।
চক্ষে দেখি বিবাদিঞার ঘরে বিভা দিল॥
বিভা রাত্রে স্বামী খাইল পদ্মার নাগিনী।
অভাগিনীর কর্ম্মদোষে হারাইনু গুণমণি।
মাণিক্য অঙ্গুরী লেহ হাতের নিশানি।
মায়ের আগে দিও কাগা বলি এই বাণী॥
আমার শপতি নাগের উজানিতে জাও।
মেনকা মায়েকে জাঞা সংবাদ জানাও॥
কাগা বোলে স্থন তুমি বেহুলাস্থন্দরী।
উজানি নগর আমি জাইতে না পারি॥
ডিম্ব হৈতে ফুটে ছাও তিন দিন হৈল।
চক্ষু নাই পাখা নাই তোমাকে কহিল॥
আহার জোগাবে আর কেহ মোর নাই।
এই সে কারণে আমি জাইতে না পাই।

CENTRAL LIBRARY

বেহুলা বোলেন কাগা স্থনহ বচন।
দেবী পদ্মাবতী তুমি কর স্বভরণ॥
অবশ্য জোগাবে আহার দেবী বিষহরি।
আমাকে আনিলে পদ্মা সত্যে বন্দি করি॥
অবশ্য আমার বাক্য করিবে পালন।
নিশ্চয় জোগাবে আহার কহিলাঙ বচন॥
এতেক স্থনিঞা কাগ স্বীকার করিল।
জাইব উজানি আমি তোমাকে কহিল॥
তবেত বেহুলা বালী অঙ্গুরী নইঞা॥
কাগের আগেতে অঙ্গুরী দিল সমর্পিঞা॥
মিনতি করিঞা বালী কাগেরে প্রবোধে।
আমার সংবাদ নইঞা জানাহ তুরিতে॥
মাণিক্য অঙ্গুরী কাগ ঠোটে করি নিল।
অন্তরীক্ষ হৈঞা কাগ উড়ান ধরিল॥
উজানি নগরে বাছো বানিঞার ঘর।
মেনকা বসিঞা আছে মন্দির ভিতর॥
তথাতে জাইঞা কাগ কাঢ়ে দারুণ রাও।
কাগের শব্দে বাহির হৈল বেহুলার মাও।
কাগমুখে দারুণ বাণী স্থনি বানিঞানী।
হৃদয় কম্পিত হৈঞা চক্ষে পড়ে পানি॥
মেনকা বোলেরে কাগ কোথা হৈতে আলি।
কেমন আছএ আমার বেহুলা জে বালী॥
এতেক স্থনিঞা কাগ অঙ্গুরী ফেলিল।
মাণিক্য অঙ্গুরী মেনকা হাতে করি নিল॥
১অঙ্গুরী দেখিঞা মেনকা কান্দে উচ্চ রায়।
তন্ত্রবিভুতি কবি বিরচিঞা গায়॥১

CENTRAL LIBRARY

১চিহ্নিঞা সেই অঙ্গুরী কান্দে মেনকাসুন্দরী
কাগেরে পুছেন আর বার ।১
কহ কাগ সমাচার কেমনে বালী আমার
কুশলে আছএ লক্ষীন্দর ॥
কোথা হৈতে তুমি আইলে কেনে বা অঙ্গুরী দিলে
বিবরিঞা কহ সমাচার ।
তোরে মোর দিব্য লাগে সত্য কহ মোর আগে
শোকে প্রাণ ফাটিছে আমার ॥
২এ অঙ্গুরী কৈলাঙ দান সকলের বিদ্যমান
সে অঙ্গুরী আইল কেনে ঘর ।২
তুমি পাইলে কার ঠাই এই সে তোরে সোধাই
সত্য করি কহ সমাচার ॥
মেনকার কাকুতি স্থনি তখন বোলএ বাণী
বোলে কাগ নিষ্ঠুর বচন ।
বেহুলা কুমারী তোর পঠাইঞা দিলে মোক
অঙ্গুরী দিল হাতের নিশান ॥
বেহুলা তোমার ঝি তার কথা কব কি
লক্ষীন্দর জামাতা তোমার ।
তার পিতা সদাগরে দেবী সঙ্গে বাদ করে
তে কারণে মৈল লক্ষীন্দর ॥
বিভা রাত্রে বাসহরে পদ্মার সাপে খাইল তারে
প্রাণে মৈল বানিঞাকুমার ।
তোর বেহুলাসুন্দরী মড়া স্বামী কোলে করি
ভাসি জায় জলের মাঝার ॥
মঞ্জুসে ভাসিঞা গেল মোর সঙ্গে দেখা হৈল
পঠাইল এই সমাচার ।
চিহ্ন লেহ অঙ্গুরী মেনকা জে সুন্দরী
আমি জাই ঘর আপনার ॥

CENTRAL LIBRARY

তন্ত্রবিভূতে গায় বন্দিঞা মনসার পায়
দ্বিজ মুনি অস্তিকের মাতা।
জরৎকার মুনির নারী বন্দো মাতা বিষহরি
সেবকে হইবে বরদাতা ॥

১কাগমুখে স্থনি বার্ত্তা মেনকাস্থন্দরী।
হাহাকার করি কান্দে উচ্চ স্বর করি ॥১
২ক্রন্দনে ভরিল বাছো বানিয়ার পুরী।২
মস্তক উপরে মেনকা আছাড়এ হাঁড়ি ॥
বুক ধাকুড়ে মেনকা৩ হায় হায় করে৩।
৪মহাদুঃখে গালি পাড়ে সাহ সদাগরে ॥৪
দুই চক্ষু নাই বুঢ়া তোমার কপালে।
কি দেখিঞা৫ বিভা দিলে সাপখাউকার ঘরে৫ ॥
মেনকা রোদন৬ করে কন্যাবার্ত্তা স্থনি।
ধরিতে না পারে প্রাণ উদরধরণী ॥
গর্ভেত ধরিনু বাছা পাঞা বড় দুঃখ।
আর না দেখিব বাছা তোমার চান্দ মুখ ॥
৭ছোট কথা৭ নহে বাছা দুরন্ত সাগর।
কেমতে ভাসিবে বাছা হৈঞা একেশ্বর ॥
স্থস্থ মৎস্য ঘড়িয়াল জলমধ্যে চরে।
৮দুগ্ধের দুলালী প্রাণ ছাড়িবেক ডরে ॥৮
কেমনে ভাসিবে বাছা হৈঞা একাকিনী।
দারুণ সাগরজলে হারাবে পরাণি ॥
গঙ্গার তরঙ্গ মাঝে ভেলা ভাসি জাবে।
মধ্য ধারে পড়ি বাছা পরাণ হারাবে ॥
কিম্বা লাইয়া কাণ্ডারী দেখিতে জদি পায়।
বলাৎকর করি ধরি নঞা জাবে তায় ॥
বেহুলার রূপ দেখি ঘরে নঞা জাবে।
বানিঞার কুলে বড় খিয়াতি রহিবে ॥

CENTRAL LIBRARY

হায়রে সোনার বাছা আর না দেখিল।
অভাগিনীর কর্ম্মদোষে তোরে হারাইল ॥
এতেক বিচ্ছেদ করি গড়াগোড়ি করে।
মেনকার রোদনে বৃক্ষের পাতা ঝরে ॥
বেহুলার ছয় ভাউজ কান্দিঞা ব্যাকুল।
কেশ বাস আউলাইয়া কান্দে নাহি বান্ধে চুল ॥
সাধের ননদী মোর অবলা বেহুলা।
কেমনে ভাসিঞা জায় হইঞা একেলা।
মো সভাকে আর কেবা করিবে পরিহাস।
স্নানে দানে খাইতে কে করিবে তলাস ॥
হায়রে প্রাণ ননদিনী না দেখিব তোরে।
না দেখিঞা ফাটে বুক আমা সভাকারে ॥
১এইমতে ছয় বধূ বিনাইঞা কান্দে।
শিরে করাঘাত হানে কেশ নাহি বান্ধে।১
ক্রন্দনের রোল স্থনি বাছো সদাগর।
বাহির দেওান হৈতে আইল সত্বর ॥
কি হৈল কি হৈল বোলি বাছো বোলে বাণী।
মেনকা বোলে বেহুলাকে খাইলি আপনি ॥
পদ্মার নাগে খাইলেক বালা লক্ষীন্দর।
মড়া নঞা ভাসে বালী ভেলার উপর ॥
কাগমুখে বার্ত্তা দিল বেহুলাসুন্দরী।
নিশান পঠাঞা দিল হাতের অঙ্গুরী ॥
এতেক স্থনিঞা কান্দে বাছো সদাগর।
পাথর তুলিঞা মারে মাথার উপর ॥
হায়রে প্রাণের বেহুলা কোথা গেলে পাব।
এ বৃদ্ধবয়সে আর তোরে কি দেখিব ॥

CENTRAL LIBRARY

আপনার মাথা খাঞা কেনে দিহ বিহা।
কেনে না মরিঞা গেল চান্দো বিবাদিয়া ॥
আপনি মরিতাম তাহে সেই হৈত ভালো।
সাগরে ভাসিঞা মোর বেহুলা কোথা গেল ॥
উচ্চ স্বরে কান্দে বাছো ধরণী লোটায়।
স্থনিঞা উজানীর লোক দৌড়াদৌড়ি জায় ॥
বাছোর কান্দনে কান্দে নগরিঞা লোক।
বেহুলা ভাসিঞা জায় দিঞা মহাশোক ॥
বানিঞার ভাই বন্ধু একত্র হইঞা।
ক্রন্দন নিবারে সভে আশ্বাস করিঞা ॥
১বাছো বোলে আসাই বাসাই দুই ভাই।
তোমরা চলিঞা জাহ নগর চাম্পাই ॥১
তথাতে না পাও জদি প্রাণের বেহুলা।
তথা জাইবে জথা ভাসি জায় ভেলা ॥
আমার শপতি দিঞা আনিবা তাহারে।
অনেক কহিয়া বাছা ফিরাইবা তারে ॥
২এত বোলি আসাই বাসাই বিদায় করিল।
পুত্রেরে বিদায় করি কান্দিতে লাগিল ॥২
৩আসাই বাসাই দোঁহেঁ৩ করিল গমন।
চাম্পাই নগরে আসি দিল দরশন ॥
চান্দোর ঘরে স্থনিলেন ক্রন্দনের রোল।
এবে সত্য জানিলাঙ কাগের জত বোল ॥
৪কান্দিছেন দুই ভাই ছাড়িঞা নিশ্বাস।
তন্ত্রবিভূতে গায় মনসার দাস ॥৪

৫দারুণ বিধিরে, আরে বিধি।
বিধি কি দুঃখ লিখিলিরে ॥ ধু ॥৫

CENTRAL LIBRARY

কান্দে চাম্পাই নগরী শিশু বৃদ্ধ আদি করি
কান্দো সোনা বুকে ঘাও দিঞা।
১কান্দে জত পুরজন ভ্রাতৃমিত্র বন্ধুগণ
আসাই বাসাই দেখিল ডাড়াঞা ॥১
তথা হৈতে দুই ভাই ঘুঙ্গুটির ঘাটে জাই
না দেখিল বেহুলা লক্ষীন্দর।
কূলে জাঞা দুই ভাই সকল লোকেক সোধাই
ভেলা ভাসি গেল কত দূর ॥
বোলে নগরিঞা লোকে আগে জাহ নাগি পাবে
বেহুলা জাইবে দেবপুরে।
দুই ভাই বেড়ায় কুলে বেহুলার মঞ্জুস চলে২
৩বোহিনী বোলিঞা ডাক পাড়ে ॥৩
জথা বেহুলার ভেলা দুই ভাই তথা গেলা
কান্দিছেন বোহিনী বোলিঞা।
ঘুঙ্গুরি ঘাটের৪ জলে খানিক বিলম্ব করে
বোলে দোহে মিনতি করিঞা ॥
কাগমুখে বার্ত্তা পাঞা আমারে দিল পঠাইঞা
বেহুলা আনহ যত্ন করিঞা।
বেহুলার লাগ পাইলে না ছাড়িঞা দিবে জলে
লথাই দেহ গঙ্গাতে ভাসাঞা ॥
৫এই কহি বাপ মায়ে পঠাঞা দিল আমারে
তোমা জাবো সঙ্গেত নইঞা ॥৫
চন্দন কাষ্ঠ দশ ভারে বালাকে করি নমস্কারে
পাছে জলে ৬দিবত ভাসাঞা৬॥
৭তুমি চল ঘরে মোর কিছু দুঃখ নাহি তোর
সুখে থাক তীর্থ প্রজোটিঞা।৭
সুবর্ণ কলস ধর সপ্ত প্রদক্ষিণ কর
লাও ধরি লেউক নিছিঞা ॥

CENTRAL LIBRARY

১ঘরেতে বসিঞা১ রহ ধন দিব জত চাহ
শঙ্খ সিন্দুর ত্যাগ দিঞা।
সুখে থাক ঘরে বসি ছয় বধূ হবে দাসী
২বঞ্চ সুখে ঠাকুরাণী হৈঞা ॥২
আসাই বাসাই জত কয় বেহুলার মনে নাহি লয়
জাহ দাদা ই ক্ষেমা করিঞা।
আতব চাউল নব৩ হাঁড়ি লোকেতে বোলিবে রাড়ী
মায়েতে মরিবে কান্দিঞা ॥
নবীন হাঁড়ি কোথা পাব বনের শাক কুঢ়াইব
ইহাতে আমার নাহি আশ।
বাপ মাও জাকে দিল ৪তাকে নঞা হেন৪ হৈল
এই৫ নৈঞা আমার প্রবাস ॥
৬এখন না জাব ঘরে কহিও মায়ের তরে
বাপেকে কহিও বুঝাইঞা।৬
জদি জিয়াঙ প্রাণেশ্বর তবেত আসিব ঘর
নহে প্রাণ ছাড়িব না গিঞা ॥
৭জাহ দাদা নিজালয় এ সব কহিবে মায়
জাবৎ না জিয়াঙ প্রাণেশ্বর।৭
না জাইব তোর পুরী কহিল নিশ্চয় করি
স্থন দাদা আমার উত্তর ॥
তোমার জে নারীগণ বলিবেক কুবচন
দিন কত আদর করিঞা।
জাবৎ তাবৎ ভাল পশ্চাতে হইবে কাল
৮তুমি কত থাকিবে দেখিঞা ॥৮
নানা অলঙ্কার পড়ি লাস স্থবেশ করি
৯রহিবে মোর সম্মুখে বসিঞা।৯
কত কাল জাবে ভাল পশ্চাতে দ্বন্দ্ব কন্দল
বাহির করিবে হাতেত ধরিঞা ॥

CENTRAL LIBRARY

কুৎসা বচন করি কহিবে তোমার নারী
বাহিরাব প্রভু স্বঙরিঞা।
এ সব জানিএ ভাল শুইতে পাব ঢেকিশাল
কত খাব গোহালি নিকাঞা ॥
১বিষ্ণুমায়া ব্যাপিত সংসার অনিত্য
কত কাল থাকিব বসিঞা।১
পদ্মার চরণবর বন্দি শির উপর
বিভূতি গাইল মনসা*বন্দিঞা ॥

২দাদা কহিয় কালিনী মায়ের ঠাঞি।২
অন্ন পানি ত্যাগিঞা হাড় মাংস কোলে নঞা
বেহুলা জায় জিঞাইতে লক্ষীন্দর ॥ ধু ॥

৩জে জন৩ আমার বাপ কিবা সে বলিব তাক
ধনলোভে হইল পাগল।
আশ্বিন মাসেতে জেন অষ্টমী পর্ব্ব হয়েন
লোকে জেন বেচিল ছাগল ॥
৪জে জন আমার মাও না বুঝে কার্য্যের ভাও
মাঙ্গি অন্ন খাইবেক ঘরে।৪
দুই চক্ষু খাইল আমাকেত বিভা দিল
দেখিঞা জে বিবাদিঞার ঘরে ॥
৫দুটি ভাই তোমরা কিছু না কহিলে তোরা
সে সময়ে হৈল সভে অন্ধ।৫
বিবাহের রাত্রে নঞা আমাকে৬ লুকাঞা থুঞা
৭কি কহিব দৈবের নির্ব্বন্ধ ॥৭
পাশপড়িশ৮ লোকে কিছু না বোলিল মোকে
তৈল সিন্দুর গুয়ার আশে।

*পাঠ—মোনসা

CENTRAL LIBRARY

দেবী সঙ্গে বাদ কৈল ই ছয় ভাসুর মৈল
১সমথে দেখ প্রাণনাথ ভাসে। ১
না ভাবিহ দুই ভাই আমি দেবপুরে জাই
আমি জাই প্রাণপতি আশে।
পদ্মার চরণবর বন্দি শির উপর
বিভূতি গাইল মনসার দাসে ॥

দুই ভাএরে বেহুলা প্রবোধ করিঞা২।
৩ভাসিঞা চলিল কন্যা ভেলাতে চড়িঞা ॥৩
৪এতক্ষণ বহিনী মোর নিকটে আছিল।
খরস্রোতে পড়ি কত দূরে গেল ॥৪
৫জলমধ্যে ভাসে কন্যা ভেলার উপরে ।৫
কান্দিতে কান্দিতে দুহে গেল নিজপুরে ॥
থমকে থমকে ভেলা ভাসি৫ জায় জলে৬।
৭হালিয়া ডুলিয়া ভেলা ধারমধ্যে চলে ॥৭
ঘুন্দুরি৮ বাহিঞা ভেলা৯ চলে ভাগীরথী৯।
মায়া করি আইলা তথা দেবী পদ্মাবতী ॥
১০সেইখানে মায়া করে শঙ্করনন্দনী ।১০
১১গঙ্গাতীরে হৈলা দেবী ঘাটের পাটনী ॥১১
মধ্যপথে থাকিঞা পাটনী পাড়ে ডাক।
কাহার সুন্দরী ভেলা এই থানে রাখ ॥
গঙ্গাপুত্র আমরা গঙ্গা আমার ধন।
গঙ্গার প্রসাদে খাই নাই১২ উপার্জন ॥
কন্যা বোলে পাটনীহে কর অবধান।
মড়া ফেলাইতে তুমি পাও কত দান ॥
পাটনী বোলে লয় জদি দরিদ্রের মড়ি১৩।
একখানি বস্ত্র পাই ছয় বুড়ি কড়ি ॥
পরম সুন্দরী তুমি মড়া নঞা জাও।
পঞ্চাশ কাহন কড়ি মোরে দিঞা জাও।

CENTRAL LIBRARY

বালী বোলে জেবা জন মরিবাকে জায়।
তার সঙ্গে ধন কড়ি হয় কি উপায়॥
চাম্পালি নগরে মোর শ্বশুরের ঘর।
উজানি নগরে বাপ বাছো সদাগর॥
মোর নাম নঞা তুমি জাহ তার স্থানে।
জতেক চাহিবে তুমি পাবে তত দানে॥
পাটনী বোলেন কন্যা রহ এই ঠাঞি।
জাইতে না দিব দান জাবৎ না পাই॥
ভাঙ্গিব মঞ্জুস তোর কদলীর ভুর।
বলে ধরি লিব দান গর্ব হবে দূর॥
বালী বোলে গর্ব্ব তুমি না কর পাটনী।
সঙ্কটে রাখিবে মোকে১ শঙ্করনন্দিনী॥
একাই২ দেখিঞা৩ মোকে দেখাও বড়৪ ডর।
হেরঃ দেখ কাটারি আছে আমার দোসর॥
ভাল চাহ পাটনী ফিরিঞা জাহ ঘর।
নহে বা স্ত্রীহত্যা দিব তোমার উপর॥
নিষ্ঠুর বচনে পদ্মা প্রাণে৬ পাইল ভয়৬।
বেহুলা মরিলে মোর পূজা নাহি হয়॥
এতেক জানিঞা দেবী করিল গমন।
পাটনীর বাঁক বিরচিল জগতজীবন॥

৭কান্দএ বেহুলা বালী মনসা ভাবিঞা।
ভেলার উপরে বালী জাইছে ভাসিঞা॥ ধু॥৭

ভাসিঞা সুন্দরীর ভেলা জায় বাঁকে বাঁকে।
ঘাটে রহি ব্রাহ্মণী মেনকারূপে ডাকে॥
কূলেত চাপাও ভেলা দুগ্ধের দুলালী।
ছাড়িঞা না জাহ বাছা কোল করি খালি॥

CENTRAL LIBRARY

এত দুঃখে পুষিনু নিষ্ঠুর তোর প্রাণ।
মৃত্যুপথে জাও তুমি না দিঞা বোলান ॥
নিদারুণ জানিনু বানিঞা নিষ্ঠুর জাতি।
১পুত্রেকে ভাসাঞা জলে না দিল সুমতি ॥১
ফিরিঞা আইস২ বাছা বড় পাবা৩ দুঃখ।
ভাগ্যে পুণ্যে নাগ পাইলাঙ দেখি চান্দ মুখ ॥
মৃত্যুপথে ভাসিঞা পাইবে কোন ফল।
বিষম সাগরের জলে ভেলা হবে তল ॥
সুসুমৎস্য ঘড়িয়াল স্থানে স্থানে চরে।
ইহারে দেখিঞা প্রাণ ছাড়িবেক ডরে।
গয়া প্রাগ৪ বানারসি৫ এই গঙ্গাজল৫।
স্বামীকে ভাসাঞা বাছা মোর ঘরে চল।
বালী বোলে মেনকা৬ আমার হও মাও৬।
৭স্ত্রী পুরুষে জাহার দেখিতে না পায় পাও ॥৭
ভাসি আইনু কত বাঁক নির্ণয় না জানি।
এত দূরে কেমতে৮ বা আইল জননী৮ ॥
৯বেহুলা বোলেন৯ জদি তুমি হও মাও।
ছয় বধূ নাম তুমি কহিবাকে চাও।
১০মনসা না পারে তার নাম জে বোলিতে ।১০
১১মনে মনে হাসে বালী মহা আনন্দিতে ॥১১
মনসা না পারে বলিতে ছয় বধূর নাম।
তখনেত পদ্মাবতী হৈল অন্তর্দ্ধান ॥
বালী বোলে কত মায়া কর পদ্মাবতী১২।
আমাকে ছলিতে১৩ পারে কাহার শকতি১৩ ॥
সে ঘাট ছাড়িঞা পদ্মা আর ঘাটে জায়।
তন্ত্রবিভূতে কবি বিরচিঞা গায় ॥

CENTRAL LIBRARY

১ভাসিঞা সুন্দরীর ভেলা কত দূরে জায় ।১
বাঘিনীরূপেতে পদ্মা ভয় দরশায় ॥
বাঘিনী ফিরায় নেঞ্জ মাথার উপরে ।
২আস্ফাল করিয়া ব্যাঘ্র মহাশব্দ করে ॥২
দুই চক্ষু পাকাইঞা ঘন মারে লাফ ।
দেখিঞা কন্যার মনে উপজিল কাপ ॥
বালী বোলে কত মায়া কর পদ্মাবতী ।
আমাকে করিঞা দয়া নাঞি৩ এক রতি ॥
বালী বোলে পদ্মা তুমি স্বামী৪ লিবা কাড়ি৪ ।
৫স্ত্রীহত্যা দিব আমি গলে কাতি মারি ॥৫
৬এতেক সুনিঞা দেবী মনেতে ভাবিল ।
বনমধ্যে প্রবেশিঞা অন্তর্দ্ধান হৈল ॥৬
বেহুলা বোলেন তুমি দেবী বিষহরি ।
কত কত মায়া দেখাও শঙ্করঝিয়ারি ॥
৭ভেলার উপরে বালী চাপিঞা বসিল ।৭
লক্ষত্র সঞ্চারে জেন মঞ্জুস চলিল ॥
ভাসিঞা সুন্দরীর ভেলা কত দূরে জায় ।
গোয়ালিনীরূপে পদ্মা৮ সেই ঘাটে জায়৮ ॥
বিষহরি চলে গোয়ালিনীরূপ ধরি ।
মাথে দধির পসার৯ জায় ধীরি ধীরি ॥
মায়া করি১০ ডাক পাড়ে দেবী বিষহরি ।
কিনারে১১ চাপাও ভেলা পরম সুন্দরী ॥
কাহার সুন্দরী কন্যা১২ কোথা তোর ঘর ।
মড়া সঙ্গে ভাস কেনে প্রাণে নাহি ডর ॥
দেখিঞা তোমাকে দয়া উপজিছে মোর ।
দধি খাঞা জাহ কড়ি নাহি লিব তোর ॥
১৩দধি দুগ্ধ নাহি খাব বোলে বিদ্যাধরী ।১৩
বুঝিলাঙ১৪ তোমার মায়া দেবী বিষহরি ॥

CENTRAL LIBRARY

১এত বাক্য স্থনি পদ্মা অন্তরীক্ষ হয়।
বেহুলার মঞ্চুস-জলে ভাসিঞাত জায় ॥১
২ভাসিঞা চলিল কন্যা বাক দুই চারি।
রাজকন্যারূপ ধরি ডাকে বিষহরি ॥২
শতেক স্থন্দরী রঙ্গে স্নান করে জলে।
ভাসিঞা স্থন্দরীর ভেলা সেই পথে চলে ॥
কন্যা বোলে স্থন্দরী কাথরে চাপাও ভুর।
কার কন্যা বিদ্যাধরী জাবে কতো দূর ॥
মড়ার কারণে প্রাণ ছাড় কি কারণ।
মোর ঘরে চল কন্যা জদি হয় মন ॥
তুমি আমি সখী৩ করি রহিব ৩দুই জন।
নানা অভরণ দিব মাণিক্য রতন ॥
স্বামী চাহ স্বামী দিব জদি থাকে৪ চিত্ত।
দিব্য বাড়ি ঘর দিব স্থবর্ণ নির্ম্মিত ॥
বালী বোলে স্বামী ছাড়িলাম একজন।
ঢেমনা ভাতার দিতে৫ আছে তব মন৫ ॥
৬বুঝিনু বুঝিনু৬ মাও কত কর মায়া৭।
অনাথিনী দেখিঞা থানিক নাহি দয়া ॥
তোমার প্রসাদে মাও কিছু নাহি ভয়।
সঙ্কটসমএ মাগো হইবে সদয় ॥
৮ভাসিঞা স্থন্দরীর৮ ভেলা কত দূরে জায়।
তন্ত্রবিভূতি৯ কবি বিরচিঞা গায় ॥

১০দ্বার আগে দিঞা জায় স্থন্দর কাহ্নাই।
বোলান না দিঞা মোকে ॥ ধু ॥১০

১১মঞ্চুসে থাকিঞা বেহুলা জোর তালি দিল।
লক্ষত্র সঞ্চারে জেন মঞ্চুস চলিল ॥১১

CENTRAL LIBRARY

ভাসিল সুন্দরীর ভেলা বাঁক দশ পানি।
তথা বসি দান সাধে নারায়ণ দানী ॥
মঞ্জুস দেখিয়া দানী হরিষ অন্তরে।
কাহার মঞ্জুস ভাসে জলের উপর ॥

ঘাটে বসি দানীরায় সদাগর রহি চায়
মঞ্জুস দেখে সাধুর নন্দন ॥
মঞ্জুস দেখি সদাগর আনন্দিত অন্তর
লেহালএ কন্যার বদন।
মুক্তা চামর দোলে রত্নের প্রদীপ জলে
শোভা করে মাণিক্য রতন ॥
ডাকি বোলে সদাগর সুন সব১ গাবর
আমার বচন সভে ধর।
মঞ্জুস ঘাটে নাগাও কন্যাকে২ ধরিঞা দেহ২
৩তবে জিএ নারায়ণ সদাগর ॥২
সুনিঞা সাধুর বোল হৈলা গাবর উত্তরোল
বুহিত চাপায় গঙ্গার কুলে।
দেখিঞা কন্যার রূপ ধরণ না জায় বুক
মিনতি করিঞা সাধু বোলে ॥
কিবা কন্যা মায়াবী৪ ৫কিবা কন্যা মানবী
কিবা কন্যা ইন্দ্রবিদ্যাধরী।
নাহি বুঝি মাও বাপ কিবা কন্যা পাইলে তাপ
৬কেনে ভাসো মড়া কোলে করি ॥৬
কোন দেশে ঘর তোর বোল কন্যা সত্বর
বাপ মাও শ্বশুর তোমার।
মড়া কোলে কেবা আছে বোলহ আমার কাছে
দেখি প্রাণ দগধে আমার ॥

CENTRAL LIBRARY

তোর রূপ দেখিএল ধরিতে না পারি হিয়া
চল্লো তুমি আমার নগর।
জলে মড়া ফেলি দেও আমার বচন লেও
ভেলা হৈতে নামহ সত্বর ॥
তবে বেহুলাসুন্দরী মনসা স্মরণ করি
ধর্ম্মে সাক্ষী দিলেন উত্তর।
সুন সাহ সদাগর অনিচের ব্যবহার
কেনে কহ বচন কদুত্তর ॥
উজানিতে বাপ১ ঘর বাপ বাছো সদাগর
মাও মোর মেনকা বান্ধানি।
২মোর ছয় ভাই জ্ঞানী২ আমি কন্যা অভাগিনী
নাম মোর বেহুলাসুন্দরী ॥
শ্বশুর চান্দো সদাগর সোনকা শাশুড়ী মোর
চাম্পাই নগরেতে বসতি৩।
৪ই ছয় ভাসুর মৈল ছয় জাও রাড়ি হৈল
এই লক্ষীন্দর মোর পতি ॥৪
৫দেবতার সনে বাদ হৈল বড় পরমাদ
লক্ষীন্দরে বধিল ব্রাহ্মণী।৫
৬সোনার মঞ্জুস করি৬ জাব জথা বিবহরি
আনিব জিয়াঞা নিজ স্বামী ॥
সুনিঞা গর্ব্বিত*কথা সাধু কৈল হেট মাথা
তুমি মোর ভাগিনা বোহারি।
৭না জানিঞা কৈলাঙ পাপ ক্ষেমা কর অপরাধ
তুমি সেই পতিব্রতা নারী ॥৭
৮সুন মাও মোর বাণী কেনে ভাস একাকিনী
সুখে থাক ঘরে গিঞা মোর।৮

*পাঠ—গোর্ব্বিত

CENTRAL LIBRARY

১বাহুড়িঞা চল ঘর স্থন তুমি উত্তর
জলেতে ভাসাও লক্ষীন্দর ॥১
বেহুলা বোলে উত্তর স্থনহ মামাশ্বশুর
পিতামাতা সব অকারণ।
স্বামী সে আমার গতি সর্ব্বস্বের ধন পতি
স্বামী বিনে বৃথাই জীবন॥
২বাপমাও জারে দিল তারে নঞা হেন হৈল২
সেই নঞা আমার প্রবাস।
তুমি জাহ নিজ ঘরে ৩বোলি হাত জোড় করে৩
তোমার ঘরে৪ কি পুরিবে আশ৪ ॥
শ্বশুরশাশুড়ী স্থানে কৈলাঙ সত্য বচনে
৫স্বামীকে আনিব জিঞাইঞা।৫
৬আমি দেবপুরী জাব ছয় ভাস্থর জিঞাইব
তবে সে আসিব বাহুড়িঞা ॥৬
স্থনি কান্দে দানীবর৭ আর কান্দে গাবর
৮কান্দিঞা ব্যাকুল সভে হৈল।৮
চান্দো স্থবুদ্ধি ছিল ৯কেনে বা কুবুদ্ধি হৈল৯
১০পুত্র বধূ গঙ্গাতে ভাসাইল ॥১০
সকল বুহিত নঞা এক পাশে রহে গিঞা
১১রহে সাধু অধোমুখ হৈঞা।১১
তন্ত্রবিভূতি পদ গাইল সে বিদগদ
পদ্মা দেবীক মস্তকে বন্দিঞা ॥

১২এ মা নিদান কালে তোমা বিনে গতি নাই আর ॥ ধু ॥১২

চলিল স্থন্দরী কন্যা মঞ্চুস মেলিঞা১৩।
লাএ১৪ হৈতে নারায়ণ সাধু চাহেন রহিঞা ॥
মঞ্চুসে থাকিঞা১৫ বালী১৬ জোর তালি দিল১৬।
১৭লক্ষত্র সঞ্চারে জেন মঞ্চুস চলিল ॥১৭

স্বামী নঞা বেহুলা জে জলমধ্যে১ ভাসে ।
দুকুল আমোদ*কৈল লক্ষীন্দরের বাসে ॥
বাঁকে বাঁকে বালী মঞ্চুস জায়ত ভাসিঞা ।
গোদার ঘাটেতে মঞ্চুস মিলিল আসিঞা ॥
ভাল বিনোদিয়া*গোদা ভাল রসনিঞা২ ।
ত্রিবেণীতে মৎস্য মারে আনন্দে বসিঞা ॥
হালিস নগরেতে গোদার বাড়ী ঘর ।
ত্রিভুবনে জানে গোদা বিনোদ*নাগর ॥
কাহার যোগ্যতা জে গোদাকে বোলে বুঢ়া ।
দুই পায়ে দুই জেন ধানের পুড়া ॥
সত্বর গমনে গোদা৩ চলিতে না পারে৩ ।
অন্ধলা হস্তী জেন চলে ধীরে ধীরে ॥
দুই সাঞ্জে দুই সের ভাঙ্গের গুড়া ভক্ষ ।
আকাশের তারা জেন দুই গোটা চক্ষ ॥
গোদার মূর্ত্তি দেখি কাল যমদূত ।
তরাসে পলায় ব্যাঘ্র গন্ধ পাঞা ভূত ॥
গোদার গৃহিণী দুই অতি সুলক্ষিণী ।
এক জনা জন্মের খোড়া আর এক জনা কানী ॥
যোগ্য যোগ্য জন্মিঞাছে দুই খানি পুত্র ।
এক জনা হনুমান আর জনা ভূত ॥
ঘরমধ্যে প্রধান গোদার মাও বুঢ়ি৪ ।
দেখিতে না পায়৫ বুঢ়ি বেড়ায়৫ হামাকুড়ি ॥
গোদার ঘরের মধ্যে আছেন৬ সর্ব্বস্ব ।
ভাঙ্গা এক ভাণ্ডারে সুকুতা তোলা দশ ॥
৭ভাঙ্গা ঘরেতে৭ কেহ নাহি চঢ়ে ডরে ।
৮বাতাসেতে ভাঙ্গা ঘর ঢুলাঢুলি করে ॥৮

*পাঠ—আমদ, *পাঠ—বিনদিয়া, *পাঠ—বিনদ

গোদার ঘরের বস্ত্র ছেওটি একখানি ।
খুড়ি পড়ি হাটে জায় উদাম থাকে কানী ॥
খুড়ি আইসে হাটে হৈতে কানী ফির্যা১ পহ্রে ।
উধার করিতে জায় পাশপড়শীর ঘরে ॥
২গোদার ঘরে এই রঙ্গ গোদার এই ঠাট ।২
মড়াপোড়া৩ বিছানা৪ মড়াপোড়া খাট ॥
মাছ মারে বেচে তবে হয় ভাত ঘরে ।
জে দিন না পায় মৎস্য নিরাহার করে ॥
জে দিন না করে হাট কানী আর খুড়ি ।
৫মাগ্যের ছেওটি করে ঢালুয়া পাগুড়ি ॥৫
চঢ়াঞা৬ ধুতুরা ভাঙ্গ বান্ধে৭ টেঢ়া৮ পাগ ।
তানা রিরি করিঞা চেচায় নানা রাগ ॥
৯ছয় কুড়ি ছিপ তার ছালা খানেক সূতা ।
৯ছর পোন বোনসি তার নয় পোন ফাতা ॥৯
ঝুলি হেন১০ গোটা দশ১০ খলই নঞা ফিরে ।
মহাসুখে মাছ মারে ত্রিবেণীর তীরে১১ ॥
মৎস্য মারিঞা গোদার জাবার হৈল বেলা ।
হেন কালে দেখিল গোদা সুন্দরীর ভেলা ॥
মঞ্জুস১২ দেখিঞা গোদা করে হায় হায় ।
ইহার ভিতরে কিবা ধন কড়ি জায় ॥
ভাসিঞা আইল ভেলা ঘাটের বরাবরি১৩ ।
১৪ঝরখাতে দূরে হৈতে দেখিল সুন্দরী ॥১৪
দুই হাতে তুলিঞা জে গোদা গায় গীত ।
দেখিঞা সুন্দরী গোদা বড় আনন্দিত ॥
কন্যাকে পুছেন গোদা ঘাটেত বোসিঞা ।
তন্ত্রবিভূতি১৫ গায়১৬ পদ বিরচিঞা১৭ ॥

১রহিঞা বোলান দে পরম সুন্দরী হে১
ডাকে২ গোদা ঘাটের উপর।
কোথাকার সুন্দরী কেনে ভাস একেশ্বরী
কেনে তোর প্রাণে নাহি ডর ॥
বালী বোলে মাছ মার কেনে বাপু ডাক পাড়
আমি নারী ভাসি অভাগিনী।
পূর্ব্বের জন্মের পাপে স্বামী মোর খাইল সাপে
মড়া সঙ্গে ভাসি একাকিনী
গোদা বোলে রূপবতী মড়া নঞা জাবে কতি
কে তোর করিবে প্রতিকার।
মড়ার কারণে প্রাণ৩ ৪হারাবে কি কারণ৪
কোন দেশে এমন৫ বেভার ॥
ইষ্ট মিত্র বাপ ভাই ৬রহিবার নাহি৬ ঠাঞি
৭তবে কন্যা করহ উপায়।৭
মৃতক ফেলাঞা জলে উঠ কন্যা কুতূহলে
৮আমার মন্দিরে চল জাই ॥৮
মৃত্যুআশা পরিহর আইস কন্যা মোর ঘর
কি কারণে ভাস একাকিনী।
খাইবে পড়িবে সুখে কেনে মর এত দুঃখে
ঘরে মোর হইবে গৃহিণী ॥
৯আমি হেন নিজ পতি৯ পাইবেক১০ রূপবতী
ত্রিভুবনে জানে মোরে রঙ্গি।
১১আমার বচন ধর চল কন্যা মোর ঘর১১
দুয়ারে বান্ধিয়া দিব টঙ্গি১২।
বচন না ধরিবে মোর মঞ্চুস ভাঙ্গিব তোর
লাথাঞা১৩ ভাঙ্গিব তোর ভুর।
মৃতক ফেলাঞা জলে ধরিঞা নইব বলে
পালাঞা জাইবে কত দুর ॥

CENTRAL LIBRARY

বালী বোলে গোদা১ স্থন পাইনু তোমার গুণ
ঘরে তোর আছে কত জন।
কয় পুত্র কয় স্ত্রী সর্ব্বস্ব আছএ কি
২ঘর তোর আছএ কেমন ॥২
গোদা বোলে বিদ্যাধরী আছে মোর দুই নারী
বড় জনা ঘরের গৃহিণী।
৩ধামনা বসন্তের৩ বেলা চক্ষে বাহিরাইল৪ ঢেলা
নাম তার স্থলক্ষিণী কানী ॥
ছোট জনা আছে আর কিনাবেচা কার্য্য তার
মুক্তি ভালবাসি ছোট জনা।
ছোটতে হইল ঘাও খোড়া হইল দুই পাও
৫খুড়ি বোলি ডাকে সর্ব্ব জনা ॥৫
গেল জেই কাল পোষ দুই জনা কাল খোস
অধ্যাবধি নাহি শুকায় ঘাও।
আমার অর্জন ভার কিছু দুঃখ নাহি তার
ঝিনাই দিঞা চুলকায় গাও ॥
বৃদ্ধ মাও আছে আর ভরসা নাহিক তার
আর আছএ আমার পুত্র।
পাশপড়শির কাম বাছিঞা থুইল নাম
৬হনুমান আর জনা ভূত ॥৬
স্থনিঞা গোদার বাণী হাসে বেহুলা বান্যানী
হাসে বালী ভুরার উপরে।
তন্ত্রবিভূতি৭ গায় বন্দিঞা মনসার পায়
বিরচিল মনসার বরে।

৮রঙ্গ রসনিঞা গোদা রঙ্গে গায় গীত ॥ধু।৮

CENTRAL LIBRARY

আমার ঘরে চল কন্যা খাবার নাহি দুঃখ।
ভাঙ্গা বস ভরি থুঞাছি১ খুদ আর মলুখ॥
আমার২ ঘরের কন্যা২ কি কহিব গুণ।
এক জনা বিনে নাহি আটে দুই জন॥
সিহটার৩ কোড়া ঘরে দুরবার ছান্দ৪।
৫শুতিঞা দেখিবে কন্যা স্বরগের চান্দ ।৫
আমার ঘরে আইস কন্যা কাপড়ে নাহি দুঃখ।
মাচা ভরি থুইঞাছি মৎস্যের সুকুট॥
চল চল সুন্দরী আমার বাসর ঘর।
রঙ্গনি হইঞা থাক৬ আমার বাসর৬॥
জত মৎস্য মারিব তার লেখা নাহি লিব।
মৎস্য বেচি কড়ি আনি তোমার হাতে দিব।
মাঘ পৌষের*শীতে সুখে থাকিবে শুতিঞা।
একখানি গোদে তোক থুইব ঢাকিঞা॥
চারি মাস বরিষা কন্যা জলেকে না জাবে।
গোদের জল খাবে গোদের জলেতে রান্ধিবে॥
দুই নারী দিব তোমার দাসী জে করিঞা।
জখন জে চাহিবেন পাইবে বোসিঞা॥
দুই পুত্র করি দিব তোমার নফর।
চল চল সুন্দরীহে আমার নিজ ঘর॥
সুনিঞা গোদার বাণী বেহুলা ভয় পায়।
তন্ত্রবিভূতে৭ কবি বিরচিঞা গায়।

বালী বোলে ঠেকিলাঙ৮ মুঞি দুর্জ্জনের ঠাঞি৮।
পদ্মা না রাখিলে মোর প্রতিকার নাই॥
বিপাকে ঠেকিনু মুঞি উপায় নাই আর।
৯সেই বুদ্ধি করি জাতে হয় প্রতিকার॥৯

*পাঠ—পোসের

CENTRAL LIBRARY

বেহুলা বোলেন গোদা স্থন এক মনে।
ভাসিনু[১] মড়ার সঙ্গে পরের বচনে॥
মড়া নাকি[২] জিএ আর কে করে প্রত্যয়।
অবশ্য তোমার ঘরে করিব আলয়॥
[৩]তুমি হেন স্বামী আমার বড় রূপবতী।[৩]
তুমি আমি এক স্থানে করিব বসতি॥
এক বাক্য বোলি গোদা এই বড় ডর।
কেমনে করিব দুই সতীনের ঘর॥
আমার বচনে তুমি শীঘ্রগতি* জায়।
স্ত্রীপুত্র জত আছে মারিঞা খেদায়॥
ঘরেতে অগ্নি দিঞা আইস মোর ঠাই।
তুমি আমি দুই জনে এক দেশে জাই॥
গোদা বোলে এই খানে থাক বিদ্যাধরী।
[৪]জাবৎ করিএ আমি তোমার মনহারি॥[৪]
ফিরিঞা চলিল গোদা আপনার বাড়ি।
বাড়ি দিঞা ভাঙ্গিলেন জত ভাতের হাঁড়ি॥
দুই নারীকে গোদা[৩] মারে লাঠি দোহাতিয়া[৫]।
দুইটি পুত্রকে মারি দিল খেদাইঞা॥
পুত্রকে[৬] খেদায় আর কিলায়[৬] কানী আর খুড়ি।
ছেছরিঞা[৭] বাহির করে আপন মাও বুঢ়ি॥
ঘরদ্বার পোড়াঞা করিল ছারখার।
কন্যার উদ্দেশে গোদা গেল আর বার॥
আসিতে জাইতে হৈল প্রহরেক বেলা।
বাঁক দশ ভাসি গেল সুন্দরীর ভেলা॥
[৮]কন্যা না দেখিঞা[৮] গোদা পায় বড় তাপ।
কন্যার উদ্দিশে[৯] গোদা জলে দিল ঝাপ॥
[১০]মহা হাবিলাসে[১০] গোদা সাতারিঞা জায়।
একেক[১১] ঠেলাতে গোদাতে দশ হাত জায়॥

পাঠ—শিগ্রগোতি (সর্বত্র)

CENTRAL LIBRARY

১ভাসিতে ডুবিতে গোদা গেল বহু দূর ।১
২নিকটে দেখিল২ গোদা সুন্দরীর ভুর ॥
গোদা বোলে সুন্দরী৩ পলাঞা জাবে কোথা৩ ।
৪আমিহ তোমাকে আজি ধরিব সর্বথা ।৪
গোদাকে দেখিঞা বালী পাইল তরাস ।
তন্ত্রবিভূতে৫ গায় মনসার দাস ॥

৬ও মা দেবী গো নিষ্ঠুর না হৈয় গো ॥ ধু ॥৬

৭বালী বোলে বিষহরি এ ভব সাগরে পড়ি
রক্ষ্যা কর এবার আসিঞা ।৭
৮এ ভয়৮ সাগরে ভাসি৯ আমি তোমার দাসের দাসী
১০সঙ্কটে উদ্ধার কর সিঞা ॥১০
দুর্জনে গর্জন করে প্রাণ মোর কাপে ডরে ।
তুমি দেবী অগতির গতি* ।
ইষ্ট মিত্র বাপ ভাই ত্রিভুবনে কেহ নাই
আজি রক্ষা কর পদ্মাবতী ॥
১১গোদা জদি ধরে বলে কাটারি মারিব গলে
হৈত্যা দিব তোমার উপর ।১১
১২প্রাণের নাহিক ভয় উচ্চ স্বরে বালী কয়
সঙ্কটেতে করহ উদ্ধার ॥১২
কন্যার কাকুতি স্থনি বোলে দেবী ব্রাহ্মণী
ভেলার নিকটে পদ্মা জায় ।
মনসার পাঞা বর পদ অতি মনোহর
১৩তন্ত্রবিভূতি পদে১৩ গায় ॥

*পাঠ—অগোতির গোতি

CENTRAL LIBRARY

১কি কর করুণামই নিশ্চিন্তে বসিঞা।
অধমে ডাকিছে মা পার কর সিঞা ॥ ধু ॥১

নাম্বিলা মনসা মা২ সতীর বচনে।
কুম্ভীর৩ মূর্ত্তি ধরিঞা নাম্বিলা৩ ততক্ষণে ॥
মঞ্জুস ধরিতে গোদা মনে করে আশ।
মধ্যপথে কুম্ভীরিণী করিল গরাস ॥
বাপ বাপ করে গোদা প্রাণের তরাসে।
ভেলার উপরে কন্যা মনে মনে হাসে ॥
৪ক্ষণে ক্ষণে ভাসে গোদা ক্ষণেক তলায় ।৪
ঢোকে ঢোকে পিএ পানি চক্ষ উলটায় ॥
গোদা বোলে কন্যা মাও তুমি বড় সতী।
না জানিঞা হৈল মোর এতেক দুর্গতি ॥
কৃপা কর সতী মাও মোকে দেহ বর।
সঙ্কটসমএ মোর প্রাণ রক্ষা কর ॥
আমাকে বর দিঞা মাও জাওত আপনে।
চিহ্নিতে না পারি আমি৫ বড়ই অজ্ঞানে৫ ॥
না জানিঞা বোলিনু৬ মা কটুত্তর৭ বাণী।
ক্ষেমহ আমার দোষ সুন ঠাকুরাণী।
বালী বোলে পদ্মাবতী মিনতি আমার।
৮দুর্জন গোদার তুমি কর প্রতিকার।৮
এতেক সুনিঞা পদ্মা ছাড়িলেক গ্রাস।
জলেতে ভাসিছে গোদা ছাড়িঞা নিশ্বাস ॥
ততক্ষণে বেহুলা গোদাকে শাপ দিল।
একগুণ ছিল গোদ চারি গুণ হৈল।
সতীর বচন কভু না জায় খণ্ডন।
গোদার গাএ কোহা জর আইল৯ তখন।

CENTRAL LIBRARY

কোহা জ্বর হৈল১ গোদাক মুখে নাহি রাও।
২ঠাই হইতে গোদা নড়াতে নারে পাও ॥২
৩চলিল সুন্দরী কন্যা মঞ্জুস মেলিঞা ৩
৪পাছে ডাক পাড়ে গোদা মাও মাও বোলিঞা ॥৪
মোরে রক্ষা করি মাতা জাহোতো চলিঞা ॥
বালী বোলে গোদা তুমি বড় বিনোদিঞা।
ছএ মাস থাক বাছা ই খানে পরিঞা ॥
৫আসিবার বেলে জাব তোকে বর দিঞা ।৫
এত বোলি চলে বালী মঞ্জুস মেলিল৬ ॥
উজান বাহিঞা৭ বালীর মঞ্জুস চলিল।
৮মঞ্জুসে মাইল বালী চরণের ঘাও ।৮
৯লক্ষত্র সঞ্চারে ভেলা চলে জেন বাও ॥৯
বেহুলাসুন্দরীর ভেলা জলমধ্যে ভাসে।
১০দিবা অবসান হৈল রাত্রির প্রকাশে ।১০
১১নিশি হইল রাত্রি ঘোর অন্ধকার ।১১
দেখিঞা সুন্দরী মনে মহাচমৎকার১২ ॥
সুসু ঘড়িয়াল মৎস্য মগর১৩ কুম্ভীর।
লাফালাফি দেখিঞা বেহুলা নহে স্থির ॥
গঙ্গার দুকুল পারে অতি ঘোর বন।
নানা জাতি পশু পৈক্ষ করএ গর্জন ॥
গাড়া মহিষ ব্যাঘ্র মহাশব্দ করে।
ভয় পাঞা সুন্দরী স্বামীকে চাপি ধরে ॥
জেইখানে ধরে কন্যা সেইখান খসে১৪।
১৫কচ্ছব কুম্ভীর উঠে মড়া মাংসের বাসে১৫ ॥
১৬ভেলার উপরে সভে চতুর্দ্দিগে ধায়।
কান্দিঞা ব্যাকুল কন্যা না দেখি উপায় ॥১৬
কান্দিঞা স্বভরে কন্যা দেবী পদ্মাবতী।
১৭অসময় কালে১৭ তুমি হইবে সারথি ॥

CENTRAL LIBRARY

১সেবকবৎসলা দেবী মায়া সম্বরিল ।১
অরণ্যের ব্যাঘ্র ভল্লুক অরণ্যেত গেল ॥
২তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিঞা ।২
অস্থিমালার ঘাটে৩ বালী উত্তরিল গিঞা৩ ॥

৪বিধি জন্মায়া দুঃখ লেখিলে কপালে ॥ ধ্রু ॥৪

কান্দেন সুন্দরী কন্যা স্বামীকে দেখিঞা ।
আঝর নঞানে কান্দে৫ বিষাদিত হৈঞা৫ ।
মৃত৬ সঙ্গে আসো মুঞি সাগরের জলে ।
টলমল করে ভেলা জলের হিল্লোলে ॥
চক্ষ মেল প্রাণনাথ বোল প্রিয় বাণী ।
নঞান ভরিঞা দেখো চন্দ্রমুখখানি ॥
তুমি৭ অভাবে প্রভু আমার৮ কিবা গতি ।
ফিরিঞা না জাব৯ প্রভু পুরী চম্পাবতী ॥
কেশ খসিল বালার হাড়িঞা চামর ।
মস্তক খসিল বালার ঝুনা নারিকল ॥
কান্দেন সুন্দরী স্বামী কোলেত করিঞা ।
১০পরলে পরলে১০ অস্থি জাইছে খসিঞা ॥
কপাল খসিল বালার দুতিয়ার চান্দ ।
দুই ভুরু খসে বালার কামের কামান ॥
নাসিকা খসিল বালার গড়ুরসমান ।
যুগিনিসমান বালার খসিল দুই কান ॥
মুখখানি খসে বালার কমলের ফুল ।
১১বত্তিস দন্ত খসে বালার গুঞ্জরে ভ্রমর ॥১১
বুক খসিল বালার আগিনা চিঞারি ।
পৃষ্ঠ•খসিল বালার গাম্বারের পিঢি ॥

•পাঠ—পিষ্ঠ

CENTRAL LIBRARY

পাঞ্জর খসিল বালার অশোকের ডাল।
দুই বাহু খসে বালার পদ্মের মৃণাল ॥
কাকালি খসিল বালার জিনিঞা কেশরী।
দুই উরু খসে জেন আম্রের কদলী ॥
দুই পাও খসে বালার সুন্দর গুড়গুড়ি।
অঙ্গুলি খসিল জেন চম্পার পাখুড়ি ॥
মনরথ তনুখানি গলি গলি জায়।
একলা ভাসিব জলে কেমন উপায়।
১বালার অস্থি ধয় কন্যা কান্দিঞা কান্দিঞা।১
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিঞা ॥

বালার অস্থি ধয় বালী করিঞা বিলাপে।
সড়া২ রক্তমাংস বালী নিজ অঙ্গে লেপে।
রক্তমাংস থুইল বালী ভৃঙ্গার ভরিঞা।
নখাইর অস্থির নিল গলাএ বান্ধিঞা।
৩ওষ্ঠ কর্ণ খসে বালার মাথার৩ সব কেশ।
চক্ষ খসিল বালার৪ নাহি কোন লেশ ॥
হস্ত পাও খসিল খসিল মাথার খুলি।
কটি উরু খসিল জে বিংশতি অঙ্গুলি ॥
দুই হাটু চাকা বালার জলেত পড়িল।
৫হাহাকার করি কন্যা বুকে ঘাও দিল ॥৫
উজান বাকে রাঘব বআলি জাইছিল৬।
আহার বলিয়া বালার অস্থি• গিলিল ॥
৭বালী বোলে জলে আছে৭ জলজন্তুগণ।
৮আহার বোলি এই অস্থি করিবে ভক্ষণ ॥৮
৯তবে কি হবে গতি আমার কপালে।৯
কেমতে জিঞাব প্রভুক অস্থি না পাইলে ॥

•পাঠ—অস্তি (সর্বত্র)

CENTRAL LIBRARY

এতেক ভাবিঞা বেহুলা করএ রোদন।
অস্থির নাগিঞা শাপ দেয় ততক্ষণ ॥
জদি কেউ অস্থি ইহা করিবে আহারে।
জীর্ণ না জাউক১ অস্থি থাকুক২ উদরে ॥
৩এই দৃঢ় বাক্য সুন জলজন্তুগণ।৩
৪জখন চাহিব অস্থি দিবা ততক্ষণ ॥৪
৫আর জত অস্থি ছিল একত্র করিল।৫
ভেলার উপর রাখি কান্দিতে লাগিল ॥
বিলাপ করিঞা বালী কান্দে উচ্চ স্বরে।
অতি যত্ন করি অস্থি রাখে থরে থরে ॥
জেখানে বালার অস্থি জলেতে পড়িল।
অস্থিমালার ঘাট বালী নাম জে রাখিল ॥
তথা হৈতে বালীর মঞ্জুস ভাসি জায়।
ভাবেন মনসা দেবী করি কি উপায় ॥
এইরূপে ঝুরে বালী ভেলার উপরে।
শঙ্করঝিয়ারী দেবী কোন কর্ম্ম করে ॥
হংসের উপরে দেবী করে আরোহণ।
অন্তরীক্ষে গেলা দেবী লঙ্কার৬ পাটন ॥
৭কৌতুকে চলিলা দেবী ব্রাহ্মণীরূপ ধরি।৭
জেখানে আছেন৮ শঙ্খধর অধিকারী ॥
৯নিশিতে পালঙ্কে শুঞা আছে৯ শঙ্খধর।
চাপিঞা বোসিলা দেবী১০ সিয়র উপর১০।
সিঅরে বোসিঞা দেবী১১ ব্রাহ্মণী তোতল১১।
কি কর১২ শুইঞা তুমি সাধু শঙ্খধর১২ ॥
দেশ ছাড়ি আইলা তুমিই বার বৎসর।
নিশ্চিন্তে বসিঞা আছ সুন সদাগর ॥
কুলের দেবতী তোমার গন্ধেশ্বরী আমি।
দেশে রৈল মাতা পিতা না জানিলা১৩ তুমি ॥

CENTRAL LIBRARY

১তোমার নাগিঞা১ পিতা তেজিল পরাণি ।
স্বামী সঙ্গে সতী গেলা২ তোমার জননী২ ॥
৩সর্ব্বস্ব হরিঞা লইল রাজা পরচণ্ড ।৩
ধন জন রাজ্য তোর কৈল নণ্ড ভণ্ড ॥
পাচ ভাই পলাইলা৪ নইঞা পরাণি৪ ।
৫ বন্দি হইল জে সাত ভাইএর গৃহিনী ॥৫
নিজ দেশে চল সাধু মোর বোল স্থন ।
ধিক থাকুক তোমার বাণিজ্য উপার্জন ॥
স্বপ্ন দেখি চিঞাইল৬ শঙ্খ সদাগর ।
৭অন্তরীক্ষ হৈল৭ দেবী ব্রাহ্মণী তোতল ।
কুস্বপ্ন দেখিঞা সাধু উঠিলা তুরিতে ।
৮মাথে হাত দিঞা শঙ্খাই লাগিলা কান্দিতে ॥৮
কেনে বা আইলাম আমি বাপমাও ছাড়ি ।
কোথা রইল ভাই বন্ধু কোন ঘর বাড়ী ॥
প্রভাত হইল রাত্রি উঠে দিবাকর ।
পাত্র মিত্র গাবরগণে ডাকেন সত্বর ॥
জত দ্রব্য আছে সব নৌকাকে চড়াও ।
শীঘ্র জাব দেশে আমি বিলম্ব না সয় ॥
নানা ভরা দিঞা লাএ করিল গমন ।
লৌকাএ চড়িঞা জায় আপন ভুবন ॥
বুহিত উজাঞা আইসে শঙ্খ সদাগর ।
দূর হৈতে দেখি বালী পাইল বড় ডর ॥
কাহার বুহিত আইসে কোন সদাগর ।
আঝর নঞানে কান্দে ভেলার উপর ॥
সাধুর গাবরগণ বোলে হরি হরি ।
তন্ত্রবিভূতে গার কম্পিত সুন্দরী ॥

CENTRAL LIBRARY

শঙ্খাইর খণ্ড ॥১

২কি হৈল কি হৈল২ কান্দে বালী৩ ভেলার উপরে৩।
৪দুর্জ্জনে বিপত্য মোকে মিলিল৪ অতঃপরে৫ ॥
সড়িঞা পোচিঞা গেলা অভাগিনীর পতি।
পড়িনু দুষ্টের হাতে নষ্ট হৈল সতী ॥
৬ডিঙ্গা উজাঞা৬ আইসে কোন মহাজন।
৭কি জানি কি গতি হয়৭ না জানি কারণ ॥
মামা শ্বশুর*হয় নারায়ণ দানী।
তথাতে করিলে রক্ষা শঙ্করনন্দিনী ॥
৮গোদা দুর্জনের হাতে৮ করিলে উদ্ধার।
সঙ্কটে পড়িলাম মা৯ কর প্রতিকার ॥
সুজন হইলে মোরে করিবে ভকতি।
দুর্জন হইলে মোর কিবা হবে গতি ॥
১০সুবর্ণ না ছাড়ে চোর পাষণ্ড মিলনে ॥১০
মিনতি করিলে না কি ব্যাঘ্র ছাড়ে বনে ॥
১১পরনারী পাইঞা কিরূপে ছাড়ে সুখে।১১
বিপাকে পড়িনু মুঞি১২ দুষ্ট জনার মুখে১৩ ॥
১৪পদ্মা না রাখিলে মোর প্রতিকার নাই।১৪
এই গঙ্গাজলে১৫ আজি জে১৫ করে গোসাঞি ॥
তন্ত্রবিভূতি১৬ কবি মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

আকাশ উপরে হৈল প্রহরেক বেলা।
১৭সাধু আইসে উজাইয়া ভাসিঞা১৭ জায় ভেলা ॥
মঞ্চুসের কীর্ত্তি জেন দীপ্ত দিবাকর।
দূর হৈতে দৃষ্ট করে শঙ্খ সদাগর ॥

*পাঠ—সোয়ুর (সর্বত্র)

CENTRAL LIBRARY

সাধু বোলে মঞ্জুস দেখিএ অনুপাম।
কোন জনা করিয়াছে মঞ্জুসের কাম॥
এত দিন আমরা বেড়াই দেশে দেশে।
এমন মঞ্জুস না দেখি আপন বয়সে॥
ধন্য তার জননী ধন্য তার বাপ।
জার কর্ম্ম দেখিঞা চক্ষের পলায় পাপ॥
সিকাটেকের রঙ্গ নাগে আনা টেকের সোলা।
ইহার কর্ম্মের মূল্য সোনা লক্ষ তোলা॥
জাহার মঞ্জুসের কর্ম্ম এমন সুন্দর।
কিবা নিধি আছে এই মঞ্জুস ভিতর॥
তিলেকে ভাসিয়া ভেলা আইল সত্বরে।
জালা দিয়া কন্যাকে দেখিল সদাগরে॥
সন্ধ্যাকালের রক্তিমা মেঘে করে ঘটা।
তাহার উপরে জেন বিজুরির ছটা॥
সাধু বোলে দুলাই বচন মোর ধর।
চতুর্দ্দিগে ডিঙ্গা দিয়া মঞ্জুস বন্দি কর॥
আজ্ঞা করি দুলাই সাধুর আজ্ঞা ধরে।
চতুর্দ্দিগে ডিঙ্গা দিয়া ভেলা বন্দি করে॥
টলমল করে ভেলা জলের হিল্লোলে*।
ভয় পায়া সুন্দরী স্বামীকে চাপি ধরে॥
তরাসে সুন্দরী কন্যা ধড়ফড় করে।
তন্ত্রবিভূতে১ গায় মনসার বরে॥

২বাশি বাজাও নারে বাশি বাজাও না।
গোকুলে রাধার প্রাণ আর কান্দাও না॥ধু॥২

দেখিঞা কন্যার রূপ বানিঞা আকুল।
ওলি৩ জেন বিকল দেখিঞা পদ্মফুল॥

*পাঠ—হিল্ললে

CENTRAL LIBRARY

সাধু বোলে বিদ্যাধরী কোথা তোর ঘর।
কেনে ভাসো বিদ্যাধরী জলের উপর ॥
দেবকন্যা হও১ কিবা হও২ নরনারী।
পরিচয় দেহ কন্যা চিহ্নিতে না পারি ॥
মুখ তোর চন্দ্রিমা নাসিকা তিলফুল।
৩ওষ্ঠ বিম্বফল তোর চামর জেন চুল ॥৩
৪মৃগীনিন্দিত তোমার৪ দুই চক্ষু৫ ভাল।
৬অতি দীপ্ত বালী বাহু পদ্মের মৃণাল ॥৬
তোমার সমান রূপ ত্রিভুবনে নাই।
কোনখানে জন্ম দিল বিধাতা গোসাঞি ॥
জলের উপরে কন্যা ভাসে কোন দোষে।
তন্ত্রবিভূতে৭ গায় মনসার দাসে ॥

বেহুলার করুণা ॥

ভেলা পরশিয় নাহে৮ ॥ধু ॥

৯সুন সাধু মোর বাণী আমি কন্যা অভাগিনী
কিবা পরিচয়*চাহ মোর ।৯
নহি আমি সুরনারী নহি আমি বিদ্যাধরী
নরকুলে১০ উৎপত্তি*আমার১০ ॥
১১একেতো অবলা আমি দুঃখ শোক নাহি জানি
একে দুঃখ বিড়ম্বিল আসি ।১১
১২পূর্ব্ব জন্মের পাপে স্বামী খাইল কাল সাপে
মড়া নঞা জলমধ্যে ভাসি ॥১২
স্বামী সে পরম ধন স্বামী মোর জীবন
স্বামী হয় গয়া গঙ্গা কাশী।
কে আছে এমন জন জিঞাইবে স্বামীধন
তার আমি হব দাসের দাসী ॥

*পাঠ—পোরিচয়,*পাঠ—উৎপতি

CENTRAL LIBRARY

ঘুচাহ লৌকার রেলা টলমল করে ভেলা
স্বামী মোর ১পড়ে নাকি১ জলে।
স্বামী পড়িবেক২ জদি কি হবে আমার গতি
তনুত্যাগী হব এই স্থলে।
লৌকা সব কর দূর ভাসাহ অভাগিনী ভুর
ভাসি আমি জলের উপরে।
ভুর টলমল করে কন্যা কাপে থরথরে
৩ভয় পাঞা দেখি সদাগরে ॥৩
৪তবে শঙ্খাই অধিকারী দুই হস্ত জোড় করি
কহে সাধু মিনতি করিঞা ।৪
দেখি তোর যৌবন ধৈর্য্য নাহি হয় মন
প্রাণ রক্ষা করত আসিঞা ॥
৫প্রাণ রাখ৫ বিদ্যাধরী ৬বালী তোর হাতে ধরি৬
৭মিনতি করিঞা বোলি বোল ।৭
তোর রূপ দেখিঞা স্থির নহে মোর হিয়া
৮রূপ দেখি পড়ি গেলাঙ ভোল ॥৮
৯তনু জলে৯ মদনে আকুল হৈল১০ কামবাণে
মূর্চ্ছিত১১ হৈলাম তোমরে১১ দেখিঞা।
১২মরমে মরমে১২ মোহ হৈল কামবাণে
বোলে সাধু মিনতি করিঞা ॥
কি কারণে বিদ্যাধরী জলে ভাস একেশ্বরী
মর কেনে মৃত্যু পতি১৩ আশে।
দুর্জন করিবে বলে মড়া ফেলাইবে জলে
জাতি কুল করিবে বিনাশে ॥
আমি শঙ্খ সদাগর দেববরে ধনেশ্বর
রূপেগুণে জাতিকুলে ভাল।
আমার বচন ধর মৃত্যুআশা পরিহর
সুখে বঞ্চএ যৌবনকাল ॥

আমি হেন উপপতি১ পাইবেন রূপবতী
কলিকালে সত্য আছে কার।
২দুর্জনে করিঞা বল নঞা জাবে কোন স্থল
দুর্গতি সে করিঞা তোমার ২
আমার বচন ধর চল কন্যা মোর ঘর
ঘরে মোর হবে ঠাকুরাণী।
শতে শতে বিদ্যাধরী হবে তোর আজ্ঞাকারী
৩হুকুমে পাইবে পানপানি ॥৩
আছে মোর দাসীগণ সুবর্ণের অভরণ
নিরন্তর বদলায় সাড়ি।
তুমি হেন রূপবতী ৪আর না জিইবে পতি৪
ফির কন্যা চল মোর বাড়ী ॥
সড়া গন্ধ পরিহর কস্তুরি চন্দন পহ৫
বস্ত্র পহ ৬আপনার সুখে।
শয্যাতে গড়াঞা৭ গাও কর্পূর তাম্বুল খাও
কেনে কন্যা মর এত দুঃখে।
সাধু এত বাক্য বোলে বিদ্যাধরী কোপে জ্বলে
দুঃখ মনে করিছে উত্তর।
তন্ত্রবিভূতি৮ পদ রচিল সে বিদগদ
মনসাদেবীর পাঞা বর ॥

কন্যা বোলে সাধু তুমি বড় দুরাচারী।
উন্মত্ত হইলা দেখি পাঞা পরনারী ॥
সুজনের বুদ্ধি নহে দুর্জনের মন।
না৯ জানিঞা বিধি৯ তোরে দিল এত ধন ॥
১০রূপেগুণে বল১০ কর মোর বিদ্যমান।
মোর স্বামীর নহ তুমি নফরসমান ॥

CENTRAL LIBRARY

কুলের গর্ব কর তুমি কুল নাহি চিহ্ন।
জে লোক কুলীন হয় বুদ্ধি নহে হীন॥
পরনারী পরধন জেবা জন হরে।
মহাঘোর নরকে ফেলায়১ সেই নরে॥
একে পরনারী আমি২ আরে মহাসতী২।
মোকে পরশিতে চাহ কেমন সুমতি॥
মৃত্যু সঙ্গে ভাসো মুঞি মৃতক৩ সমান।
মোকে পরশিতে চাহ কেমন গিয়ান॥
সুবুদ্ধি সুজন জদি হয় ধনেশ্বর।
পতিব্রতা নারী স্থানে৪ মাঙ্গিয়া লেহ বর॥
কুমতি হইঞা জদি কর উপহাস।
মহাপাপে ডুবিঞা হইবে৫ সর্ব্বনাশ॥
ফিরিঞা উত্তর করে শঙ্খ সদাগরে।
তন্ত্রবিভূতি৬ গায় মনসার বরে॥

ও সুন্দরী হে না বোল নিষ্ঠুর কিছু আর॥ ধু॥

৭কেনে কন্যা বোল মন্দ মোরে।৭
সড়া পচা৮ লার চার৮ বিনি দোষে গালি পাড়
না বুঝিঞা করো অহঙ্কারে॥
সহা না জায় তোর মন্দ কথা।
৯জদি তুমি হও সতী কেনে মরে তোমার পতি৯
কেনে রাড়ী হৈলা পতিব্রতা॥
সতীর স্বামী নাকি মরে।
কিবা তুমি কৈলে পাপ না জানি কি হৈল তাপ
নাজে ভাসো জলের উপরে॥
নারী হৈঞা সত্য আছে কার।
অহল্যা কহএ সতী গুরুপত্নী সুরপতি
কপটে করিলে অনাচার॥

CENTRAL LIBRARY

দ্রোপদীর ই পঞ্চ ভাতার।
আর সতী মন্দোদরি . দেওর নঞা ঘর করি
ত্রিভুবনে রহিল খাথার ॥
সীতা সতী হরিলে রাবণে।
তারা বানরী সতী সুগ্রীব হইল পতি
সর্ব্বলোক জানে ত্রিভুবনে ॥
কলিকালে তুমি এক সতী।
জদি তুমি১ দিবে বর ২শয্যার হও দোসর২
৩মোর নারী হও৩ রূপবতী ॥
কন্যা জদি তুমি কর অহঙ্কার।
মৃতক৪ ফেলাঞা জলে লৌকাতে তুলিব বলে
মহাসুখে ভুঞ্জিব শৃঙ্গার ॥
সুনিঞা সুন্দরী কম্পমান।
তন্ত্রবিভূতি৫ গায় বন্দিঞা মনসাপায়
বাক্য বোলে পরম সন্ধান ॥

সাধু না বোলিহ না করিহ পাপ ॥ ধু ॥

ভয় পাঞা সুন্দরী কান্দে হাহাকার করি
এ সমএ কে আছে আমার।
সুন সাধু মহাশয় আমারে না জুয়ায়
তোমার পদে করি নমস্কার ॥
পাড়ে৬ বড় মনস্তাপ৬ ৭তুমি মোর হও বাপ৭
আমাকে দেখিঞা নাহি দয়া।
মুঞি অভাগিনী হঞা মরা কোলেতে করিঞা
ভাসো মুঞি৮ স্বামীকে নইঞা৮ ॥
সড়া পচা তনু মোর কিবা হবে সুখ তোর
৯না করিহ মহাপাপ ঘোর ॥৯

CENTRAL LIBRARY

জদি হর মোকে বলে ঝাপ দিব এই জলে
১নারীহত্যা দিব এই স্থানে ।১
জে জন হয় জ্ঞানবান পরস্ত্রীকে মা সমান
হেন করি সদাই দেখিবে ।
করি পরিহার তোকে আজি ক্ষমা কর মোকে
সর্ব্বলোকে যশ গাইবে ॥
২স্থন সাধু সদাগর প্রাণ কাপে থরথর
কিছু দয়া নাহি হয় তোকে ।২
ইষ্টমিত্র বাপভাই ৩এথা মোর৩ কেহ নাই
৪তোর পুণ্যে৪ ছাড়ি দেহ মোকে ॥
ছাড় মোকে ধনেশ্বর৫ প্রাণ কাপে৬ থরেথর৬
আমি হেন দাসী আছে তোর ঘরে ।
বাক্য না করিহ হেলা ভাসাহ আমার ভেলা
ঘরে চলি জাহত সত্বরে ॥
তোমার আছে রূপবতী তার সঙ্গে কর রতি
অভাগী ভাসাহ এই জলে ।
ভেলা টলমল করে কন্যা কাপএ ভরে
৭দ্বিজসুত গায় মনসার বরে ॥৭

৮সাধু বোলে বিদ্যাধরী কিসের মিনতি ।৮
ধরিঞা করিব বল ভুঞ্জি সুরতি ॥
কন্যা বোলে ত্রিভুবনে মোর কেহ নাই ।
পড়িনু৯ তোমার হাতে জে করে গোসাঞি ॥
১০এতেক চিন্তিঞা কন্যা কয় সদাগরে ।
সতীধর্ম্ম রক্ষা*আজি করহ আমারে ॥১০
তুমি আজি মাতা মোর তুমি মোর পিতা ।
তোমার শরণ নইলাম পালিহ দুহিতা ॥

*পাঠ—রক্ষ্যা (সর্বত্র)

CENTRAL LIBRARY

শরণ নইলে ব্যাঘ্র না করে আহার।
তোমার শরণ নৈলাম কর প্রতিকার॥
সাধু বোলে বারো বৎসর করিলাঙ১ প্রবাস।
সুন্দরী দেখিঞা২ মোর বড় হাবিলাস৩॥
দেখিঞা তোমার রূপ স্থির নহে মন।
হৃদয়ে হানিল মোর দারুণ মদন।
নিষ্ঠুর না হও কন্যা না বোলিহ পিতা।
রতি দিয়া প্রাণ রক্ষা কর সুচরিতা॥
বালী বোলে জাতি কুল না রহিল আর।
পদ্মা না রাখিলে কে করে প্রতিকার॥
রক্ষা কর মাতা মোকে অস্তিকজননী।
সঙ্কটে পড়িয়া ডাকো অনাথ দুঃখিনী॥
স্বর্গেত আছিনু মুঞি ইন্দ্রের বিদ্যাধরী।
পৃথিবীতে সত্য করি আনিল বিষহরি॥
সত্য করি বোলিলে সঙ্কটে উদ্ধারিব।
দুর্জ্জনের হাতে মাগো কেমনে তরিব॥
সঙ্কটে পড়িঞা মাতা করিনু স্মরণ।
৪এই দুর্জ্জনের হাতে৪ কর বিমোচন॥
৫নহিলে মাতা হৈত্যা দিব তোমার উপরে।
এইতো সঙ্কটে মাগো কেবা রক্ষা করে॥৫
এতেক বেহুলা বালী করিল স্মরণ।
শঙ্করনন্দিনী পদ্মা জানিল তখন॥
পদ্মা বোলে আনল বচন মোর ধর।
তুমি জাঞা বেহুলার সত্য রক্ষা কর॥
তুমি জাঞা রহ গিঞা৬ ভুয়ার৭ চারি পাশে৭।
কন্যাকে রাখিবা তুমি পরম৮ সাহাসে॥
বেহুলা জোগাঞা অগ্নি রহে৯ চারি পাশে।
চলে সদাগর কন্যা ধরিবার আশে॥

CENTRAL LIBRARY

হাত বাঢ়াইতে অগ্নি১ উঠিল জ্বলিয়া১ ।
সর্ব্বাঙ্গ দগধে সাধুর দারুণ অগ্নি হৈঞা ॥
হাত পোড়ে পাও পোড়ে পোড়ে সর্ব্ব গাও ।
দাড়ি মোচ পুড়িল স্বঙরে বাপমাও ॥
সহিতে না পারে সাধু অগ্নির প্রতাপ ।
লৌকা২ হৈতে উঠি২ সাধু জলে দিল ঝাপ ॥
জলে অগ্নি নিভাইল পুড়িল বসন ।
টানিঞা তুলিল সব৩ গাবরিয়াগণ ॥
সাধু বোলে বিদ্যাধরী তুমি বড় সতী ।
তোমার অভিশাপে মোর এতেক দুর্গতি ॥
সাধু বোলে সতী মাতা ক্ষেমা কর দোষ ।
বর দেহ সতী মাতা করঅ সন্তোষ ॥
বেহুলা বোলেন মুই তবে দেঙ বর ।
জদি তুমি মোকে ছাড়ি জাহ নিজ ঘর ॥
সাধু বোলে পরিচয় দেহ বিদ্যাধরী ।
কাহার তনয়া তুমি কাহার বোহারি ॥
জলের উপরে সাধু পরিচয় করে ।
তন্ত্রবিভূতি গায় মনসার বরে ॥

দেহ পরিচয় কন্যা বোলে সদাগর ।
জলমধ্যে কি কারণ ভাসো একেশ্বর ॥
মহিমা জানিহু৪ মুঞি পতিব্রতা সতী ।
কি কারণে মোরিল তোমার নিজপতি ॥
কি কারণে ভাসো তুমি জলের উপরে ।
জিঞাইবে স্বামী তুমি জাঞা ৫কোন পুরে৫ ॥
মোর আগে কহ৬ তুমি জত৬ বিবরণ ।
জলের উপরে তুমি ভাসো কি কারণ ॥
৭বেহুলা বোলেন কিবা কহ সদাগর ।
আমার কপালে দুঃখ দিলেক সত্বর ॥৭

CENTRAL LIBRARY

তুমি ডিঙ্গা বাহি১ জাহ২ ৩মোকে ছাড়ি দেও৩।
৪জনমদুখিনী মোকে কি কথা সোধাও ॥৪
বাপের পরাণি আমি মাএর দুলালী।
অভাগিনী জলে ভাসি ই অষ্টকপালী ॥
উজানির লক্ষপতি মোর জন্মদাতা।
পতিব্রতা সতী মেনকা মোর মাতা ॥
স্বামী সোহাগিনী মা সুখে বঞ্চে ঘরে।
ছয় পুত্র মহাবীর মহেশের বরে ॥
ছয় পুত্রের পশ্চাতে জন্মিনু অভাগিনী।
দেবতা অধিক করি পুসিল জননী ॥
শঙ্খ আদি ছয় ভাই৫ মহাগুণবান।
অভাগীকে দয়া করে প্রাণের সমান ॥
চাম্পালি নগরে সাধু চান্দো সদাগর।
পদ্মার সহিত বাদ করে নিরন্তর ॥
বিবাদে মারিল পদ্মা ছয় পুত্র তার।
তথাপি না পূজে চান্দো মহাদুরাচার ॥
জত পুত্র হয় তার তত পুত্র মরে৬।
জানিঞা বিভা দিল সাপখাউকার ঘরে ॥
বিবাদিয়ার পুত্র দুর্ল্লভ৭ লক্ষীন্দর।
মদন জিনিঞা তনু সর্ব্বাঙ্গসুন্দর ॥
রূপেগুণে ভুলিঞা বিভা দিল মাওবাপে।
বিভার রাত্রে বালাকে খাইল কাল সাপে ॥
স্বামী সঙ্গে অভাগিনী জলে ভাসি জাও৮।
শঙ্করনন্দিনী পদ্মা জথা৯ নাগ পাও৯ ॥
১০জদি জিয়াঞা না দেয় প্রাণের ঈশ্বর ।১০
স্ত্রীহত্যা দিব আমি পদ্মার১১ উপর ॥
এক দুঃখ দারুণ রোহিল মোর মনে।
দেখা না হইল মোর বড় দাদা সনে ॥

CENTRAL LIBRARY

বাণিজ্যেতে গেল দাদা হৈল চিরদিন১ ।
দেখা না হইল দাদার দয়ার২ বোহিন ॥
স্থনিঞা শঙ্খাইর চক্ষের পড়ে জল ।
ফিরিঞা সোধায় কথা অন্তরে বিকল ॥
সাধু বোলে কি নাম তোমার ছয় ভাই ।
ছয় ভাউজের কথা তোমারে সোধাই ॥
বালী বোলে শঙ্খাই বেঙ্কাই বিদ্যাধর ।
সাধু মোধু স্থদর্শন ছয় সহোদর ॥
মোধুবতী সাবিত্রী আর সত্যভামা* ।
রতনি পতনি ছয় বধু অনুপামা ।
প্রথম পুত্র হৈল বাপের শঙ্খ সদাগর ।
তাকে বিভা দিল পিতা ধনপতির ঘর ॥
দান দেখিঞা বাপু বড় ক্রোধিত হৈল ।
পর বৎসরেতে দাদার আর বিভা দিল ॥
নানা দান বিস্তর পাইল স্থবর্ণের ঝারি ।
দাদার দুএ নারী হৈল ইন্দ্রবিদ্যাধরী ॥
বেঙ্কাই সাধু মোধু আর পাচ সহোদর ।
তা সভাকে দিল বিভা বিদর্ভ নগর ॥
বাণিজ্যেকে বড় দাদা করিল গমন ।
তারে আশীর্ব্বাদ দিল মাতা দূর্ব্বা আর ধান ॥
৩লঙ্কার বাণিজ্যে পুত্র করিল গমন ।
বধু ছয়মাস গর্ভ করান স্মরণ ।।৩
৪ঈষৎ হাসিয়া দাদা কহিল উত্তর ।৪
বাছিঞা থুইবে নাম৫ তাহার সুন্দর৫ ॥
৬ই বোল বোলিঞা গেল লঙ্কার বেপারে ।৬
আজি কালি করি হৈলা ই বার বৎসরে ॥

*পাঠ—সত্যবামা

CENTRAL LIBRARY

আমার এসব কথা দাদা নাহি জানে।
১তে কারণে দহে প্রাণ দাদার কারণে ॥১
ই কথা সুনিঞা সাধু করে ধড়ফড়।
ক হৈল কি হৈল বলি গালে মারে চড় ॥
সাধু বোলে তুমি মোর২ সাধের বোহিনি২।
নিদয়া নিষ্ঠুর হৈঞা৩ ভাসো একাকিনী৩ ॥
পরিচয় পাঞা সাধু করিছে ক্রন্দন।
৪তন্ত্রবিভূতি গায় মনসাচরণ ॥৪

শঙ্খাইর করুণা ॥

৫কান্দে সাধু শঙ্খাই পাঞা মনস্তাপ* ।৫
না জানিয়া অধমে করিনু মহাপাপ ॥
মদগর্বে দুরন্ত করিনু দুষ্ট ভাও।
এবে সে বুঝিনু মোর বুকে দিলা ঘাও ॥
বাপ বড় দুর্জন৬ জানিনু এত দিনে।
জার দোষে জলে ভাসে দয়ার বোহিনে ॥
একে একে মরে জার পুত্র ছয়জন।
হেন জনার ঘর কন্যা দেয় কি কারণ ॥
কি দণ্ড নাগিলা কিবা মহাদুঃখে মরে।
চক্ষু খাঞা বিভা দিল সাপখাউকার৭ ঘরে ॥
একলা ভাসিছে ছয়ভাএর বোহিনি৮।
শূন্য হৈল ঘরদ্বার কোল হৈল খালি ॥
অনাথিনী হঞা৯ ভাসে জলের উপর।
কেমতে ধরিবে প্রাণ ভাই সহোদর ॥

*পাঠ— মোনস্তাপ

CENTRAL LIBRARY

কি কার্যে আনিলাঙ সাঢ়ি১ পঢ়িবেক কে।
কে আর বোলিবে দাদা সাঢ়িখান দে ॥
ভাই হঞা আমা সভায় প্রাণ ফাটি জায়।
কেমতে সহিবে প্রাণে পেটপুরি মায় ॥
মরিবে জননী সে পাইঞা২ মহাদুঃখ।
ঘরে জাঞা না দেখিব জননীর মুখ ॥
এবার বাহুর৩ বোহিন বাহুর৪ এবার।
মোরিল তোমার পতি না পাইবা আর ॥
মড়া নাকি জিএ আর কহে কোন জন।
দুর্গম সাগরের জলে ভাসিবে কেমন ॥
শ্বশুরের ঘরে সভে৫ পাড়িবেক গালি৫।
আমা সভার ঘরে চল মায়ের দুলালী ॥
সমস্ত গাবর কান্দে আর কান্দে ভাই।
এমত নিষ্ঠুর তোমার চক্ষে পানি নাই ॥
স্বামীকে ভাসাঞা৬ ৭দেহ গঙ্গার জে নীরে৭।
নিদয়া না হও৮ বোহিন চল মোর ঘরে ॥
তন্ত্রবিভূতি৯ কবি মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

১০না জাব না জাব দাদা না জাইব আর।১০
স্বামী অভাবে দাদা কেহ নহে কার ॥
স্বামী অভাবে দাদা রহে জেবা জন।
১১ধিক থাকুক তার জন্ম বিফল জীবন ॥১১
সোনারূপা পঢ়াবে দাদা দেখিতে বড় সুখ।
খণ্ডাইতে নারিবে দাদা শাককুঢ়া১২ দুঃখ ॥
১৩ দিনে দশবার দাদা আমার আহার।১৩
কেমনে করিব দাদা হবিষ্য আহার ॥

CENTRAL LIBRARY

১মাওবাপ সঙ্গে নঞা করায় ভোজন ।১
আমি না খাইলে তারা না করে গ্রহণ ॥
ছয় ভাউজের সঙ্গে ছয়বার বসি ।
কেমনে করিব দাদা নিষ্ঠুর একাদশী ॥
২লয়া লয়া২ সভাকার হইব দুলালী ।
পশ্চাতে ছয় ভাউজ দিবে গালাগালি ॥
মিছা দোষে মারিবেক বাঢ়ুনের বাড়ি ।
সদাই পাড়িবে গালি বিষম রাড়ী৩ ॥
দুষ্ট খাট হউক স্বামী৪ তবো ওই ঘর৪* ।
৫প্রাণসম দয়া করি ভাই হয় পর ॥৫
অজ্জিয়া আনিবে দাদা দেশ দেশান্তরে ।
রাখিবে তোমার নারী৬ আপনার ঘরে ॥
মুখ চাঞা থাকিব৭ পাইব বড় নাজ ।
মন্দছন্দ বোলি দিবে৮ কড়া টেকের সাজ
দেখিয়া তোমার স্ত্রী মোকে দিবে গালি ।
৯সকল খাউক তোমার৯ বোহিন দুলালী ॥
তোমা সভার আগে দাদা বোলিবেক মন্দ১০ ।
১১পিছে হৈলে নিরন্তর করিবেক দ্বন্দ্ব ॥১১
নিরন্তর কান্দিঞা কহিবে স্বামীর পায় ।
দ্বিগুণ পুড়িবে মনে পেটপুরি মায় ॥
ছাড় দয়ামায়া দাদা জাহ নিজ ঘরে ।
১২ভাসাই দুঃখিনীর ভেলা১২ জলের উপরে ॥
তন্ত্রবিভূতি১৩ গায় মনসার দাস ।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

*পাঠ—মর

CENTRAL LIBRARY

দীর্ঘ ছন্দ ॥

বোহিনীর বচন স্থনি কান্দে সাধু মনে গুনি
কাণ্ডারিঞা করে হায় হায় ।
১পুসিনু পালিনু জাকে বাক্য মোর নাহি রাখে১
নিদয়া নিষ্ঠুর হঞা২ জায় ॥
জননী বোলিবে মোকে বেহুলা ভেটিল তোকে
কি কহিব মায়ের সম্মুখে ।
তোমা ছাড়িঞ জাইব মাএ আসি সোধাইব
তখন মোরিবে৩ মাও শোকে ॥
৪মাও কান্দিবে উচ্চ রায় স্থনি কান্দিবেক ছয় ভায়৪
বোহিনি নিষ্ঠুর হঞা জায় ।
বুকেতে শেল দিঞা মোর বাক্য না স্থনিঞা
৫বেহুলা ভাসিঞা চলি জায় ॥৫
বসি ডিঙ্গা মধুকরে শঙ্খাই করুণা করে
কান্দে জত গাবরিয়াগণ ।
পদ্মার পাইঞা বর পদ অতি মনোহর*
৬তন্ত্রবিভূতি পদে গান ॥৬

দাদা মাকে বোলরে ।
গেল বালী মঞ্চুসে ভাসিঞারে ॥ধু ॥

৭বালী বোলে স্থন দাদা জে কর্ম করিও ।৭
অভাগিনীর মাএ জাঞা সম্বাদ কহিও ॥
তোমার বেহুলা বালী গেলা স্বামীর আশে ।
প্রাণে জদি বাঁচে সে আসিব ছয় মাসে ॥
বুঝাঞা কহিও দাদা নাহি কান্দে মায় ।
আমার কপালে বিধি লেখিলে ইহায় ॥

*পাঠ—মনহর ।

CENTRAL LIBRARY

বেহুলা বোলেন দাদা জাহ নিজ ঘরে।
এই কর্ম্ম করো জাতে মাও নাহি মরে॥
আমার কপালে বিধি এ দুঃখ লেখিলে।
অভাগিনী বেহুলাকে ভাসাও সকালে॥
সাধু বোলে১ বোহিনি তুমি না করিলে১ দয়া।
নিশ্চয় জানিনু তোমার নিদারুণ হিয়া॥
পিতা সোধাইবে তারে কি বোলিব বাণী।
কেমতে ভাণ্ডিব আমি উদরধরণী২॥
৩বেহুলা বোলেরে দাদা জাহ নিজ ঘরে।
এই কার্য কর জাতে মাও নাহি মরে॥৩
শঙ্খাই বোলেন জাবে নিদয়া নিষ্ঠুর।
একলা ভাসিঞা তুমি জাবে কত দূর॥
সুসু ঘড়িআল মহাসাগরেতে বৈসে।
৪সে সকল দেখি প্রাণ ছাড়িবেক ত্রাসে॥৪
ধাউর নীচ জাতি ৫তারা ফিরে সর্ব্বক্ষণে।
তা সভার হাতে জাতি রহিবে কেমনে॥
বালী বোলে দাদা তাকে ভয় নাহি করি।
সঙ্কটে রাখিবে মোকে৬ জয় বিষহরি৬॥
কি করিতে পারে দুষ্ট দুর্জ্জনের বাপে।
কি দুঃখ পাইলে তুমি আনলের তাপে॥
নিশ্চয় করিঞা দাদা রহিয় ছয় মাস।
সাত মাস হইলে ছাড়িহ মোর আশ॥
সতীর বচন কভু না করিহ আন।
মাণিক্য অঙ্গুরি লেহ আমার নিশান॥
জে দিন৭ হারাবে এই মাণিক্য অঙ্গুরি।
তবে সে জানিহ মৈল বেহুলাসুন্দরী॥
বোহিনের মুখে সুনি নিষ্ঠুর বচন।
আঝর নঞানে সাধু জুড়িল ক্রন্দন॥

CENTRAL LIBRARY

কেমতে খণ্ডিবে পাপ করে মনস্তাপ।
১না জানিয়া অধমে করিনু মহাপাপ ॥১
ভাই হৈঞা বহিনীকে কুবাক্য কহিল।
এই পাপে কত কাল নরক ভুঞ্জিব ॥
সংসার ভরিঞা মোর কলঙ্ক হইবো।
এ পাপ পরাণ মুক্তি আর না রাখিবো ॥
এত বোলি বিনাইঞা কান্দে সদাগর।
বেহুলা বোলেন দাদা না ভাব অন্তর ॥
অজ্ঞানে করিলে পাপ দোষ নাহি তার।
জ্ঞানী হৈঞা পাপ কৈলে প্রাশ্চিত তাহার ॥
২সাধু বোলে অজ্ঞানে নাড়িলে অগ্নি দহে।২
অজ্ঞানে খাইলে বিষ প্রাণ নাকি৩ রহে ॥
অবশ্য ভুঞ্জিব মুক্তি এই মহাপাপ।
অগ্নিতে পুড়িব কিম্বা জলে দিব ঝাপ ॥৪
বেহুলা বোলেন দাদা না করিহ৮ তাপ।
৫তুমি কি না জান দাদা কার কত পাপ ॥৫
৬কায়িক বাচিক পাপ আর মানসিক।৬
৭কহি জে৭ কায়িক পাপ সভার অধিক ॥
মানসিক৮ করে পাপ পাপী নহে গৃহী জন।৮
সে পাপে পাতকী৯ হয় যতিসতীগণ৯ ॥
বাচিক১০ পাপের মধ্যে করিহ১১ বিচার।
সে পাপে পাতকী হয় জ্ঞান আছে আর ॥
অজ্ঞানে করিলে পাপ নাহি কোন দোষ।
প্রায়শ্চিত্ত করহ১২ কেনে কর অসন্তোষ ॥
১৩উচ্চে দেহ সরোবর নীচে দেহ আলি।
ব্রাহ্মণকে গাবি দেহ উত্তম দুধালি ॥১৩
দরিদ্রেকে অন্ন দেহ তৃষ্ণার্থীকে পানি।
বস্ত্রদান দেহত বিবস্ত্র জন জানি ॥

CENTRAL LIBRARY

১গোধেনু কাঞ্চন আদি করো নানা দান।
ইহাতে হইবে মুক্তি কহিলাঙ বিধান ॥১
এত বোলি বেহুলা সাধুকে প্রবোধিঞা।
মঞ্জুস উপরে বালী বসিল চাপিঞা ॥
তন্ত্রবিভূতে২ গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

৩সাধু বোলে বোহিনী নিষ্ঠুর এমন।৩
বিলম্ব করিঞা আর নাহি প্রয়োজন ॥
৪ডিঙ্গা বাহো ডিঙ্গা বাহো গাবরিয়াগণ।৪
৫ভাসাহ বালীর ভেলা করিএ গমন ॥৫
ভাসাহ অভাগীর ভেলা বোলেন৬ বচন।
আঝর নঞানে সাধু জুড়িলা ক্রন্দন ॥
হরি হরি বোলিঞা ঠেলিঞা দিল ভুর।
দেখিতে দেখিতে মঞ্জুস গেল কত দূর ॥
জাবৎ দেখিল মঞ্জুস শঙ্খ সদাগর।
তাবৎ আছিল সাধু ডিঙ্গার উপর ॥
দেখিতে না পায় ভেলা গেল কত দূর।
কান্দিঞা৭ চলিল তবে৭ শঙ্খ সদাগর ॥
৮আঝর নঞানে সাধু জুড়িলা ক্রন্দন।৮
সাধু বোলে ডিঙ্গা বাহ গাবরিয়াগণ৯ ॥
সত্বর করিয়া চল নিজ ঘরে জাই।
১০কিরূপে আছএ মাওবাপ আর ভাই ॥১০
রাত্রি দিন বাহে ডিঙ্গা লাএর গাবর।
সপ্ত১১ দিনে পাইল গিঞা উজানি নগর ॥
লোকমুখে স্থনিঞা মেনকা আইল ধাঞা।
আনিবেক পুত্র মোর বেহুলা ফিরাঞা ॥
মায়ের চরণে সাধু কৈল নমস্কার।
মেনকা বোলেন কথা বেহুলা আমার ॥

CENTRAL LIBRARY

সাধু বোলে দেখা হৈল জলের উপর।
ফিরিঞা না আইল আমি বোলিল বিস্তর ॥
তবে যদি ধরিয়া আনিতে চাহি বলে।
ঝাপ দিতে চায় গঙ্গাসাগরের জলে ॥
হস্তের অঙ্গুরি মোকে দিয়াছে নিশান।
কহিঞাছে বেহুলার জীবন পরাণ ॥
জেই দিনে হারাইবে মাণিক্য অঙ্গুরি।
১তবে সে জানিহ মাতা মরিল*সুন্দরী ॥১
বালীর অপেক্ষা করি থাক ছয় মাস।
সাত মাস হৈলে ছাড়িহ অভাগিনীর আশ ॥
কহিলেন বেহুলা মোকে এই সব কথা।
জিঞাঞা২ আনিবে স্বামী কহে পতিব্রতা ॥
এই কথা বোলি বালী সাগরে ভাসিল।
৩অনেক কহিলাঙ তবো৩ পুন না আইল ॥
তন্ত্রবিভূতি কবি মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

মেনকার করুণা ॥

মেনকা বোলেন বাপ পাইনু বড় মনস্তাপ
৪আইলে তুমি বেহুলা ছাড়িঞা ॥৪
অমূল্য নিধি মোরে ভাসাইঞা সাগরে
কিবা নিধি আনিঞাছ বাপ৫ ॥
পানিতে৬ ফেলাব ধন ৭সমস্ত জে৭ অকারণ
চিরিঞা ফেলাব তোর লাও।
মাণিক্য জে ধন মোরে ভাসাইঞা সাগরে
ই ধনে না জুড়ায় মোর গাও ॥

*পাঠ—মোরিল (সর্বত্র)

CENTRAL LIBRARY

১বাপের দুলালী মায়ের আগোলি
ভাই সদাই প্রিয় বোলে ।১০
২কি মোর রূপের বালী ভাসে দুগ্ধের দুলালী
নানা বিঘ্ন সাগরের জলে ॥২
৩সুসু মৎস্য ঘড়িআল জলমধ্যে পালে পাল
উঠিবে মৃতক খাবার আশে ।৩
৪দেখি বড় বিপরীত হইবেক চমকিত
প্রাণ ছাড়িবেক তরাসে ॥৪
গেল মহানিধি আর না পাইব পুনর্বার
আমার মরণ৫ অবশেষে ।
চক্ষের পড়ে পানি জেন করে মন্দাকিনী
দুই হস্তে ধাকুড়ে কপাল ॥
৬তন্ত্রবিভূতি পদ রচিল সে বিদগদ৬
প্রণমহো৭ মনসার পায়৭ ।
৮অস্তিকজননী নাগের ভগিনী
সেবক হইবে বড় দায় ॥৮

রাম বোলরে ভাই হরি বোল
ভবসিন্ধু হইবেন৯ পার ॥ ধু ॥

মেনকা করুণা করে১০ পড়িঞা ধরণী১০ ।
১১বেহুলা ভাসিঞা জায় সাগরের পানি১১ ॥
জুআরুর ঘাটে বালী মিলিল আসিঞা ।
স্নান করে বালী মঞ্জুসে বসিঞা ॥
পবিত্র বালুকা পাঞা কৈল রম্য স্থান ।
মঞ্জুসে বসিঞা বালী কৈল স্নানদান ॥
১২ভিজা বস্ত্র ছাড়ি পড়ে১৩ পট্ট বস্ত্রখানি ।
১৪মঞ্জুসে বসিঞা কেশ শুখান আপুনি ॥১৪

CENTRAL LIBRARY

জুআতে হারিঞা জুআরু ই মাগ ছণ্ডাল ।
কলসী বান্ধিঞা গলে মরিবার গেল ॥
তা দেখিঞা বিষ্ঠাধরী জুআরুকে বোলে ।
কি কারণে মর তুমি কলসী বান্ধি গলে ॥
জুআরু বোলের কন্যা স্থন মোর বোলে ।
স্ত্রী ধন জন হারিনু জুআর খেলে ॥
বালী বোলে জুআরু তোমাকে দিলাঙ১ বর ।
আর না মোরিহ বাছা ফিরিঞা জাহ ঘর ॥
জার স্থান হারিলে খেলহ তার সনে ।
খেলাতে জিতিবে২ তুমি আপন ধনজনে ॥
বেহুলার বোলে৩ জুআরু ঘরেকে চলিল ।
আর বার জুআ তেহো খেলিত লাগিল ॥
৪জুআতে জুআরু পাইল ই মাগ ছণ্ডাল ।৪
আপনার মনে৫ জুআরু যুক্তি করে ভাল৫ ॥
কন্যা আনিঞা রাখিব আপন ভুবনে ।
কন্যা কোলে থুঞা জুআ খেলিব৬ রাত্রি দিনে ॥
নদীতীরে৭ জুআরু তরে ৮জায় লড়৯ দিঞা ।
অস্তেবেস্তে বোলে জুআরু কন্যাকে দেখিঞা ॥
১০আমার কোলেতে বৈস স্থন কন্যা রাই ।
আমি বর তুমি কন্যা মিলাইল গোসাঞি ॥১০
জুআরুর১১ মুখেত স্থনিঞা১১ ঘৃণাবাণী ।
অস্তেবেস্তে শিরে নেত দিল বানিঞানী ॥
লঘু জন হইঞা১২ বোলেন অনুত্তর১২ ।
কান্দিঞা স্বশুরে বালী ব্রাহ্মণী তোতল ॥
দেবীর বরেতে১৩ কন্যার বুদ্ধি উপজিল ।
মুখফান্দন বিষ্ঠা বেহুলার মনে আইল১৪ ॥
মুখফান্দন মন্ত্র বালী জুআরুকে দিঞা ।
নড়িল বেহুলা বালী মঞ্চুস মেলিঞা ॥

CENTRAL LIBRARY

গঙ্গার কূল বাহিঞা জুআরু সেও জায় ।
মুখে রাও ১না বাঢ়ায়১ চপটা২ চড়ায় ॥
৩কান্দএ জুআরু তবে বালীকে দেখিঞা ।
হায় বিধি দিঞা নিধি নিলেক কাঢ়িঞা ॥৩
আচম্বিতে আসিঞা মিলিল মহানিধি ।
৪মোর কর্মদোষে ভুঞ্জিতে না দেয় বিধি ॥৪
কান্দিতে কান্দিতে জুআরু কিনারেতে জায় ।
দেখিঞা বেহুলার মনে দয়া উপজয় ॥
না কান্দ জুআরু তুমি ঘর চলি জাও ।
হাতের কঙ্কণ মোর এই তুমি লেও ॥
ঘরে গিঞা এই কঙ্কণ রাখিহ যতনে ।
খেলাতে জিনিবে তুমি অমূল্য রতনে ॥
এত বোলি সুবর্ণ কঙ্কণ জলে ফেলি দিল ।
কঙ্কণ নইঞা জুআরু ঘরেকে চলিল ॥
ঘরেতে জাইঞা জুআরুর মুখে বাক্য হৈল ।
তথা হৈতে বেহুলা মঞ্জুস বাহি দিল ॥
দানীর ঘাটেত তবে৫ মেলিল আসিঞা ।
তন্ত্রবিভূতে গায় মনসা বন্দিঞা ॥

ভাটিয়ালি রাগ ॥

৬উপরে থাকিঞা দানী দেখয়ে মঞ্জুসখানি
চিত্র বিচিত্র নিরমান ।৬
কিবা দেখি অকস্মাৎ মঞ্জুস উপরে ভাত
৭দেবের দুর্লভ অনুপাম ॥৭
৮দেখিঞা হরিষ মন জায় দানী ততক্ষণ
ডাক দিঞা বোলে তবে দানী ।৮
৯মঞ্জুস কাহার হয় দান দিঞা মোরে জাও
নহে এথা রাখো ভেলাখানি ।৯

BENGALI MANUSCRIPTS LIBRARY UNIVERSITY OF

১ভাটি বা উজান বাহা জে জন জায় চলিঞা
তার দানে মুক্তি অধিকারী ।১
২মঞ্জুস চাপাও কূলে আসিঞাত দাসী বোলে
লোকা দিঞা পথ তার ঘেরি ।।২
৩বেহুলা বোলেন দানী কোথা নাহি এমন স্থনি
মড়া মাংসের কোথা মহাদানী ।৩
জত দান চাহ তুমি তত দান দিব আমি
লেয়টীয়া বাহ লাওখানি ।।
৪দেখি কন্যার রূপখানি মূরুছিঞা পড়ে দানী
বোলে কন্যা প্রাণ রাখ মোর ।৪
তোর রূপ দেখিঞা ধরিতে না পারি হিয়া
তুমি আইসো লৌকার উপর ।।
স্থনিঞা দানীর কথা কন্যা করে৫ হেট মাথা
ঠেকিলাঙ দুর্জ্জনের হাতে ।
পদ্ম না রাখিলে জাতি৬ কি হবে আমার গতি
৭একা আমি কেহ নাই সাথে ।।৭
পদ্মাকে স্মরণ করি বাক্য বোলে সুন্দরী
স্থন দানী আমার উত্তর ।
মরা স্বামী নঞা কোলে ভাসি মুক্তি গঙ্গাজলে
ইহার দান না হয় সত্বর ।।
স্থনিঞা কন্যার বোল হয় দানী উত্তরোল
৮মড়া নঞা জাহ একেশ্বরী ৮
ধরিব তোমার হাতে চঢ়াইব লৌকাতে
নৈঞা জাবো আপনার পুরী ।।
দানীর স্থনিঞা কথা অন্তরে মরমে ব্যথা*
কান্দে বালী পদ্মা স্বঙরিঞা ।

*পাঠ—বেথা

CENTRAL LIBRARY

১তুমি না রাখিলে জাতি কি হবে আমার গতি
দানী আইসে সঙ্গতি নাগিঞা ।১
২মনসাচরণ বর বন্দি শির উপর
বিভূতি গায় মনসা বন্দিঞা ।।২

৩লৌকায় চড়িঞা দানী চলে প্রতিআশে ।৩
দেখিঞা সুন্দরী বড় কম্পিত তরাসে ।।
স্মরণে নাম্বিলা৪ পদ্মা করিঞা সন্ধান ।
লৌকাতে চড়িঞা দানী চক্ষে৫ হৈল কান ।।
মা বোলিঞা ভাবে দানী গোনিঞা৬ প্রমাদ ।
চক্ষদান দেহ মাতা কর আশীর্ব্বাদ ।।
বালী বোলে দানী তোকে দিলাঙ এই বর ।
চক্ষদান পাবে দানী জাহ ঘাটের উপর ।।
ঘাটেত উঠিঞা দানী চক্ষদান পায় ।
রাত্রিদিবা ভাসি ভেলা সাগরেতে৭জায় ।।
বেহুলা ভাসিঞা জায় দিবসরজনী ।
ভাসিতে ভাসিতে পাইল ত্রিবিনির পানি ।।
ভাসিঞা সুন্দরীর ভেলা সাগরের জলে ।
টলমল করে ভেলা জলের হিল্লোলে ।।
সুসু ঘড়িয়াল মৎস্য ফিরে পালে পালে ।
ভাসি জায় সুন্দরীর ভেলা ত্রিবিনির জলে ।।
দেখিঞা সুন্দরী বড় ভয় পাইল মনে ।
৮ভাসিঞা আইনু আমি৮ জিঞাব কেমনে ।।
বালী বোলে ভাসিঞা আইনু এত দিন ।
না দেখিএ প্রাণনাথ জিঙাবার৯ চিহ্ন ।।
দুষ্ট খাট১০ অনেক এড়াইলাম১০ জে দুর্জ্জন ।
পদ্মার সহিত মোর নাহি দরশন ।।

CENTRAL LIBRARY

স্বর্গেতে আছিনু মুঞি ইন্দ্রের বিদ্যাধরী ।
পৃথিবীতে মনসা আনিল১ সত্য করি ॥
জতেক কহিল পদ্মা সব মিছা কথা ।
তথা ইতে আনি কৈল এ পঞ্চ আবস্তা ॥
গঙ্গা গয়া বানারসী ত্রিবেণীসাগর ।
স্ত্রীহত্যা দিব আমি পদ্মার উপর ।
ঘাটেত উঠিঞা বালী২ মহাক্রোধ মনে২ ।
৩ঘাটেত বসিঞা কান্দে আঝর নঞানে ॥৩
আনল জ্বালিল বালী কাষ্ঠ৪ খড়ি দিঞা৪ ।
স্নান করি উঠে বালী মরিতে পুড়িঞা ॥
ব্রাহ্মণীমূরতি পদ্মা নামিল৫ তখন ।
কাহার সুন্দরী তুমি মর কি কারণ ॥
বালী বোলে পদ্মার উদ্দেশে৬ আমি জাই ।
এত দিন ভাসি জলে নাগ নাহি পাই ॥
ছয়৭ মাস ভাসিঞা আইনু এত দূর ।
নাগ৮ নাহি পাই৯ আমি দেবতার পুর ॥
ব্রাহ্মণী বোলেন বালী মর কি কারণে ।
এক দণ্ড১০ গেলে পাবে দেবতাভুবনে ॥
খানিক ভাসিঞা জাও ত্রিবিনির পানি ।
ভাটি ঘাটে কাপড় ধর নেতাই ধুবিনি ॥
ধুবিনির সঙ্গে জাহ দেবতাভুবনে ।
প্রাণহত্যা কর তুমি কিসের কারণে ॥
বালী বোলে তিন ধার ত্রিবিনির পানি ।
কোন পথে জাব আমি নিশ্চয় না জানি ॥
ব্রাহ্মণী বোলে বাছা পূর্ব্ব দিগে জাও ।
সেই পথে গেলে নেতাইর নাগ পাও ॥
ব্রাহ্মণীর চরণে বালী কৈল নমস্কার ।
ভেলার উপরে বালী চঢ়ে আর বার ।

CENTRAL LIBRARY

ভাসিল সুন্দরীর ভেলা মহাশব্দে চলে।
থমকে থমকে চলে জলের হিল্লোলে* ।
ত্রিবিনি ছাড়িঞা কন্যা১ গেলা ভাটি ঘাটে।
নেতাই কাপড় ধয় সুবর্ণের পাটে ।
ধনাইনন্দন বসি কান্দে উচ্চ রায়।
তিলে তিলে স্তন পিএ কাপড় বোঙা নাহি জায়২ ॥
পুত্রকে মারিঞা নেতাই রাখে সেই ঘাটে।
আনন্দে কাপড় ধয় সুবর্ণের পাটে ॥
পাখালিঞা তোলে নেতাই দেবের বসন।
পুত্র জিঞাইঞা৩ তবে পিয়াইল স্তন ॥
বালী বোলে মারিঞা জিঞায় আর বার।
এই সে জিঞাইল৪ দিবে স্বামী জে আমার ।
উপরে উঠিল বালী পরম আনন্দে।
জোড় হাতে নেতাইর চরণ জে বন্দে ॥
পদ্মার বিহনে মোকে কেবা দিবে বর।
নেতাই স্বহায় করি জিঙাবোঃ প্রাণেশ্বর ॥
সাত পাচ বেহুলা জে মনেতে ভাবিঞা।
মাসী মাসী বোলি চরণ ধরিল চাপিঞা ॥
নেতাই বোলে দেখি তোরে মনুষ্যমুরতি*।
কেমতে আইলি বালী সুন্দরী মহাসতী ॥
নেতাই বোলেন বাছা৬ দেখিএ বিমন৬।
কহত সকল কথা জত বিবরণ ।
বেহুলা বোলেন মাসী স্থন সাবধানে।
শোকে বিমরিষ তনু* পোড়ে রাত্রিদিনে ॥
৭দেবীর নাগে দংশিল মোর নিজপতি।৭
বিভার রাত্রে বাদ সাধে পদ্মাবতী ॥

*পাঠ—হিল্ললে *পাঠ—মুরুতি, *পাঠ—তোনু

CENTRAL LIBRARY

জিয়াইঞা দেহ মাতা আমার নিজপতি
১তোমার চরণে মাতা করিয়ে মিনতি ॥১
বেহুলা বোলেন মাসী স্থন তত্ত্ববাণী।
বন্দি২ করি রাখিঞাছি পদ্মার২ নাগিনী।
ভাসিঞা আইলাঙ৩ আমি সাগরের পানি।
মায়া৪ না করিহ মাও স্থন৪ ঠাকুরাণী।।
৫পুত্রকে মারিঞা তুমি দিলে প্রাণদান।৫
ত্রিভুবনে কেহ নহে তোমার সমান ॥
তুমি জিয়াইঞা দেহ আমার প্রাণেশ্বর।
তোমার সহিতে আমি জাব দেবপুর ॥
৬নেতাই বোলেন বালী কর অবধান।
কেমতে জাইবে তুমি দেব বিদ্যমান।৬
৭অবধান কর২ তুমি স্থন বিদ্যাধরী।
বিবাদের মড়া আমি জিয়াইতে নারি ॥
নেতাই বোলেন বেটী সিদ্ধ হৈল৮ কাজ।
তোমাকে নইঞা জাব দেবের সমাজ ॥
অবশ্য নইঞা জাব শিব বরাবর।
শিব জিঞাইঞা দিবে তোমার প্রাণেশ্বর ॥
জোড়হাত করিঞা বেহুলা বোলে বাণী।
স্বর্গেত আছিলাঙ আমি ইন্দ্রের নাচনি ॥
৯নৃত্য জানি বিদ্যাধরী৯ পরমস্থন্দর।
নর্ত্তকি বোলিঞা লেহ শিব বরাবর ॥
নেতাই বোলে বিদ্যাধরী প্রত্যয় না জাই।
নৃত্য কর বিদ্যাধরী দেখি এই ঠাঞি ॥
এতেক স্থনিঞা বালী নেতাইর বচন।
নৃত্য করিতে কন্যা১০ করএ সাজন১০ ॥
নাসের পেটারি কন্যা দেখে উভারিঞা।
১১কাচুলি পন্ধিল ১১কন্যা বাছিঞা বাছিঞা ॥

CENTRAL LIBRARY

১বিচিত্র পাটের শোভে বিচিত্র বসন।
মুক্তা প্রবাল শোভে মাণিক্য রতন ॥১
২নেতাইর আগে২ বালী নৃত্য করে ভাল।
মুখে গীত গায় বালী হাতে বাজায় তাল ॥
নাকে বাশি বাজায় কন্যা মুখে গায় গীত।
নৃত্য দেখি নেতাইর আনন্দিত৩ চিত ॥
নেতাই বোলে বিদ্যাধরী নৃত্য ক্ষেমা কর।
তোমার কথা কহিব আমি শিবের গোচর ॥
তোমাকে নইঞা জাব শিবের পুরীত।
তন্ত্রবিভূতে৪ গায় মধুর সঙ্গীত ॥

৫বাশি বাজাইও নারে বাশি বাজাইও না।
গোকুলে রাধার প্রাণ আর কান্দাইও না ॥ধু॥৫

নেতাই বোলে কন্যা তুমি রহ এই ঠাঞি।
সত্বরে তোমার বার্ত্তা শিবেকে জানাই ॥
মস্তকে করিঞা নিল কাপড়ের মুটি৬।
নেতাই চলিঞা গেল ঘাটে রইল নটী ॥
প্রণাম করিল জাঞা শিবের চরণে।
শিব বোলে বিলম্ব হইল কি কারণে ॥
৭একথা বলিতে গোসাঞি মনে ভয় করি।৭
ঘাটে আসিঞাছে এক নৃত্তকি সুন্দরী ॥
পরমসুন্দরী কন্যা অতি বিচক্ষণ।
তাহাকে দেখিতে মোর হৈল এতক্ষণ ॥
শিব বোলে নটীকে জাঞা আন।
আসিঞা করুক নৃত্য৮মোর বিদ্যমান ॥

৮পাঠ—নিত্ত

CENTRAL LIBRARY

নেতাই জাইঞা বোলে স্থন বানিয়ানী।
তোমাকে তলপ করে দেব শূলপাণি॥
১দেবের সমাজে তোমাকে তলপ জে করে।১
তন্ত্রবিভূতে২ গায় মনসার বরে॥

আমি সে তোমার সঙ্গে জাইব পরম রঙ্গে
কে মোর রাখিবে সড়া ভূর।
করিঞা দারুণ আশ ভাসি আমি ছয় মাস
ভূরখানি হাতপাও মোর॥
৩তোমার দেশের ভাও বুঝিতে না পারি মাও
মোকে নঞা জাহ দেবপুরে।৩
৪মনসার বাক্য ধরি নিদারুণ কর্ম্ম করি
পাছে মোর ভেলা চুরি করে॥৪
কহিতে সঙ্কোচ নাগে সর্ত্ত কর মোর আগে
তবে নঞা দেবপুরে জাও।
নহে দেবী বিষহরি মোর সঙ্গে বাদ করি
নঞা জাবে মোর ভূর লাও।
নেতাই বোলেন বাণী সত্য সত্য বানিয়ানী
চিন্তা নাহি তোমার৫ ভূর লাও৫॥
৬এতেক বচন স্থনি বেহুলা জে বানিয়ানী
সাপের সাপুড়া কাঁথে নিল।৬
৭নাসের পেটারি হাতে হাড়ের বুকনি মাথে
নেতাইর সঙ্গেতে চলিল॥৭
জায় কন্যা কত দূর জাঞা পাইল দেবপুর
শিবের সাক্ষাৎ৮ জাঞা পায়।
পদ্মার পাইঞা বর পদ অতি মনোহর*
৯তন্ত্রবিভূতি পদে৯ গায়॥

*পাঠ—মনহর (সর্ব্বত্র)

CENTRAL LIBRARY

১গোপাল গোবিন্দ হরি দেখিব নঞান ভরি ॥ধু॥১

ধবল খাটে বসিঞাছে ত্রিজগতনাথ।
প্রণাম করিল কন্যা করি জোড়হাত ॥
কুলের সুন্দরী হৈঞা২ তেজে ভয় লাজ।
একে একে প্রণমিল দেবতা৩-সমাজ ॥
সুবর্ণসদৃশ রূপ জ্বলে চন্দ্রমুখী।
দেখিঞা কন্যার রূপ মহাদেব সুখী ॥
ভুবনমোহন কন্যা জেন বিদ্যাধরী।
কেমতে আইলে বালী দেবতার পুরী ॥
মুখ তোর৯ শশী জেন৪ বাহু জে মৃণাল।
সিংহ জিনি মধ্যদেশ চৌরস কপাল ॥
দেখিঞা কন্যার রূপ বোলে ত্রিলোচন।
পদ্মার আদেশে গায় জগতজীবন ॥

বার্ত্তা পুছে ত্রিজগতের৫ পতি।
ঘর তোর কত দূর আগমন দেবপুর
কেমতে আইলে দেবপুর ॥ধু॥

শ্বশুর শাশুড়ী মাতা কেবা তোর জন্মদাতা
কেবা তোর প্রাণের ঈশ্বর।
তেজিঞা কুলের নাজ না জানি বা কোন কাজ
আসিঞাছ দেবের নগর ॥
বালী বোলে জোড়হাতে সুন ত্রিজগতনাথে
চাম্পাই নগরে মোর বাড়ি।
শ্বশুর চান্দো সদাগর তোমার সেবকবর
তার কুলে হঞাছিঙ বাড়ী॥

CENTRAL LIBRARY

উজানি নগরে ঘর বাপ বাছো সদাগর
স্বামী সুন্দর লক্ষীন্দর ।
শ্বশুর করে প্রমাদ ব্রাহ্মণীর সঙ্গে বাদ
বিভা রাত্রে মারে প্রাণেশ্বর ॥
ভাসিঞা কলার ভুরে আসিঞাছি দেবপুরে
তুমি শিব অগতির গতি ।
তুমি সংসারের সার কর মোর প্রতিকার
জিয়াইঞা দেহ প্রাণপতি ॥
বোলে শিব শূলপাণি নৃত্য জান বানিয়ানী
নৃত্য কর সভার সাক্ষাতে ।
আমার ঝি ব্রাহ্মণী ডাকিঞা সোধাই বাণী
কি দোষে মারিলে তোমার নাথে ॥
তন্ত্রবিভূতি গায় বন্দিঞা মনসাপায়
কৃপা কর প্রভু শিবরাম ॥

নৃত্য করিবেন বালী বেহুলাসুন্দরী
হাতেত করিঞা নিল নাসের পেটারী ।
নাস১ বেহুলা বালী বেশ করে ছন্দে ॥
পিঠের পাছে আনিঞা টানিঞা২ খোপা বান্ধে ॥
বালী বোলে কেমতে নাচিব একেশ্বরী ।
ডাকিঞা আনহ গোসাঞি ইন্দ্রের বিদ্যাধরী ॥
বিদ্যাধরী করি শিব করিল স্মরণ
স্মরণে আইল সভে শিবের ভুবন ॥
শিব বোলে তোমরা নাচহ গাও গীত ।
বেহুলা করুক নৃত্য সভার বিদিত ॥
বেহুলার কাছে জত বিদ্যাধরী জায় ।
কথায় কথায় তার পরিচয় পায় ॥

CENTRAL LIBRARY

গলাগোলি১ করিঞা জতেক বিদ্যাধরী।
বেহুলা২ বোলে আন সখি নাসের পেটারি ॥
পেটারি আনিঞা বালী ঘুচায় ঢাকুনি।
হাতেত করিঞা নিল সুবর্ণ দাপনি৩ ॥
কাকোই৪ আনিঞা বালী আচরিল৫ চুল।
বান্ধিল টালুও৬ খোপা ভিড়িঞা কুন্তল ॥
কর্ণেত কুণ্ডল পড়ে করে ঝলমল ॥
মুকুতার হার পড়ে নাসায় বেসর।
দুই হাতে পড়ে তার বাহুতে বাহুটি।
হাতের অঙ্গুলে পড়ে জরুআ আঙ্গুটী ॥
গলায় প্রবাল মালা মুকুতার হার।
সোমেরুর শৃঙ্গ জেন শোভে শশধর* ॥
হিয়াএ কাচুলি পহে অতি বিচক্ষণ।
চরণে নপুর পড়ে করে ঝনঝন ॥
মেঘডম্বুর শাড়ি আনি পড়ে বিনোদিনী*।
উপর অঙ্গেতে পড়ে কুসুম ওঢনি ॥
শিবের সাক্ষাতে জাঞা নমস্কার করে।
শিবের আদেশ হৈল নৃত্য করিবারে ॥
নৃত্য করে বিদ্যাধরী মৃদঙ্গ বাজায়।
বেহুলাসুন্দরী নাচে দেবের সভায় ॥
পদ্মার আদেশে গীত পাইল সপনে।
বিরচিঞা গায় কবি জগতজীবনে ॥

বেহুলার নৃত্য ॥

নৃত্য করে বেহুলা নাচেন কুতূহলে।
অঙ্গের ভঙ্গিমা করি নাচে বেহুলাসুন্দরী
থমকে থমকে বালী চলে ॥

*পাঠ—সসোধর, *পাঠ—বিনদিনি

CENTRAL LIBRARY

১জেন মউরে ফেকম ধরে ।১
মুখে গীত গায় হাতে তাল বাজায়
২কনকলতা জেন হালে ॥২
বালী নৃত্য করে বিপরীত ।
শূন্যে ধরে পাক জেন কুম্ভারের চাক
সম্মুখে বিমুখে আলগ চিত ॥
বালী মন্দমন্দ মুখে হাসে ।
বিকট দশনঘটা জেন বিজুলির৩ ছটা
৪সঞ্চার জেন৪ শূন্য আকাশে ॥
বালী হংসগমনী রূপবতী ।
নৃত্য করে নির্ম্মল শূন্যে চলে চঞ্চল
খঞ্জন জিনিঞা শীঘ্রগতি ॥
চায় বালী কটাক্ষ নঞানে ।
চরণে নপুর অতি৫ সুমধুর
মোহিল৬ সকল দেবগণে ॥
উচ্চ স্বরে আলাপিঞা বোলে ।
জেমন৭ মদনবাণ দেবগণে কম্পমান
কোকিল৮ শব্দে রাও কাঢে৯ ॥
একদৃষ্টে বালী নেহালে ।
জতেক দেবতাগণ মুর্চ্ছিত সে জনে জন
শঙ্কর পড়িঞা১০ গেল ভোলে ॥১১
তন্ত্রবিভূতি কবি বন্দো মনসা দেবী
দ্বিজমুনি অস্তিকের মাতা ।
অষ্ট নাগের অধিকারী জরৎকার মুনির নারী
সেবকে হইবে বরদাতা ॥

দেবগণে বোলে বালী নৃত্য ক্ষেমা কর ।
তোর নৃত্যে মোহ গেল ভোলা মহেশ্বর ॥

CENTRAL LIBRARY

দেবীর বচনে বালী নৃত্য সম্বরিল* ।
জোড় হাত করিঞা সম্মুখে ডাড়াইল ॥
বালী বোলে দেবগণ কার মুখ চাও ।*
অভাগিনীর হেতু মহাদেবকে বুঝাও ॥
উচিত বোলিতে তোমরা কেনে কর ভয় ।
ঈশ্বরের হেন কর্ম্ম যোগ্য নাহি হয় ॥
সভামধ্যে আছিলা নারদ মহামুনি ।
সভা হৈতে উঠে মুনি কেহ নাহি জানি ॥
নারদ বোলেন আজি খিয়াতি রাখিব ।
শিবদুর্গাএ আজি কন্দল নাগাব ॥
১চলিল নারদ মুনি দোকাঠি বাজাঞা ।১
তন্ত্রবিভূতে২ গায় মনসা বন্দিঞা ॥

৩চলে নারদ মুনি কন্দলের গুরু ।।ধু।।৩

কন্দলের ছালা মুনি কান্ধেত নইঞা৪ ।
দুর্গার সাক্ষাতে মুনি৫ উত্তরিল গিঞা৫ ॥
৬মুনি বোলে দুর্গা মামী কর অবধান ।৬
এক নটী আসিঞাছে দেব বিদ্যমান ॥
তার রূপ দেখিঞা পাগল মহেশ্বর ।
তোমা ছাড়িঞা জাইবে দেশান্তর ॥
তোমাকে ছাড়িবে আর ছাড়িবেক গঙ্গা ।
নটীকে রাখিবে মামা করি অর্দ্ধঅঙ্গা ॥
জদি রাখিতে চাহ দেব ত্রিলোচন ।
দেবের সভাতে৭ তুমি করহ গমন ॥
স্থনিঞা ক্রোধিত হৈল কার্ত্তিকের৮ মাও ।
সিংহেতে আসন করি মহিষেত*পাও ॥

*পাঠ—মোহিসেতে *পাঠ—সম্বোরিল

CENTRAL LIBRARY

কোলে করি নিল দেবী কার্ত্তিক গণপতি।
মহাক্রোধে চলে দেবী রাক্ষসমূরতি ॥
নারদের বাক্যে চলে মহাক্রোধ হঞা।
শিবের সাক্ষাতে দেবী উত্তরিল গিঞা ॥
পার্ব্বতী দেখিঞা শিবের চমকিত১ মন।
নটীকন্যা সম্বোধিঞা বোলিছে২ বচন ॥
খানিক সুন্দরী কন্যা চুপ হঞা থাক।
জাবৎ সন্তোষ করি ক্রোধিত দুর্গাক ॥
লুকাঞা রহিল নটী পালঙ্কের তলে।
সভাতে আসিঞা দুর্গা অগ্নি হেন জ্বলে ॥
দেবী বোলে বুঢ়া তোর মুখে নাহি নাজ।
বৃদ্ধকালে পরদার কর মন্দ কাজ ॥
হীরা কুচনীর ঘরে চেঙ্গ বেঙ্গ খাও।
এখন নটীকে নঞা ঘর করিতে চাও ॥
নটী নঞা থাক তুমি কর ঘরবাড়ি।
আমা সভার ঘরে গেলে পোড়াইব দাড়ি ॥
সভার ভিতরে শিব পাইল বড় নাজ।
মনে মনে ভাবে শিব নারদের কাজ ॥
জখন নারদ গেল সভা হৈতে উঠি।
কন্দল নাগায় নারদ বাজাঞা দোকাঠি ॥
তন্ত্রবিভূতি৩ কবি মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

পরাণ বধিলেরে৪ সিংহার বাদেরে৫ ॥
জোগিঞা জীবন বধিলে সিংহার সানে৬ ॥

দেবী বোলে দেবগণ সুন মোর বাণী।
কহি আমি আপনার দুঃখের কাহিনী ॥

CENTRAL LIBRARY

তোমরা বোলিবে দেবী বড়ই প্রচণ্ড।
কার ঘরে আছে বুঢ়া১ এমন কুভাণ্ড॥
২সকল দেবতা আছে হেন নহে কার।২
এমন নিরবধি করে করে অনাচার॥
মাথাএ ধরএ গঙ্গা ত্রিজগতপতি।
কি কহিব তা সভার জতেক দুর্গতি॥
প্রভাতে উঠিঞা জায় কুচনীর ঘরে।
সন্ধ্যাকালে আইসে ঘরে মহাভয়ঙ্করে॥
কেহ কিছু বোলিলে বনের ব্যাঘ্র গর্জ্জে।
আপনে চঢ়াঞা খোলা ভাঙ্গ ধুতুরা ভাজে॥
সের দশ ভক্ষণ করে ভাঙ্গের জে গুড়া।
তাহা খাঞা সুঞা থাকে মহাদুষ্ট বুঢ়া॥
কার ঘরে মাগিঞা চাহিঞা কিছু পাই।
সন্ধ্যাকালে শাক কচু রন্ধন চঢ়াই॥
পাতিলে৩ জখন অন্ন টগবগ৪ ফুঠে।
ভাত হৈল বৈলা বুঢ়া৫ পাত নৈঞা বৈসে৫॥
ভাঙ্গের খিয়ালে বুঢ়া সব৬ অন্ন খায়।
সোনার কার্ত্তিক গণাই অন্নেকে লালায়॥
গঙ্গাদুর্গাকে মরে ভাতকাপড়ে দুঃখে।
আর গঙ্গা৭ করিতে চায় বুঢ়া কোন মুখে॥
সুনিঞা গৌরীর৮ কথা হাসে দেবগণ।
৯উগ্র মূর্ত্তি দেখি কেহ না কহে বচন॥৯
শিব বোলে নটী নহে সাহের ঝিয়ারি।
স্বামী উহার মারিঞাছে মনসাকুমারী॥
ভাসিঞা আইল কন্যা সাগরের জলে।
বিবাদের মড়া মোকে জিঞাইতে বোলে॥
দেবী বোলে বানিয়ানী জদি নটী হও।
নির্ভয়ে আসিঞা মোকে দেহক১০ পরিচয়॥

CENTRAL LIBRARY

শিব বোলে দুর্গা তুমি বোল সত্য বাণী।
তবে সে তোমার সঙ্গে মিলে নটীখানি ॥
দেবী বোলে সত্য সত্য না করিব দ্বন্দ্ব।
নটীর সঙ্গে বাদ করি তোমার সত্যে বন্ধ* ॥
সুনিঞা আইল কন্যা দেবীর সাক্ষাতে।
১জোড়হাত করিঞা কন্যা করে প্রণিপাতে ॥১
অষ্টাঙ্গ প্রণাম হৈঞা স্তুতিবাক্য বোলে।
দুর্গার সাক্ষাতে বালী কান্দিএ বিকলে ॥
ছয় মাস জলেতে ভাসিঞা আইলাঙ এথা।
স্বামী জিঞাইঞা মাতা দেহত সর্ব্বথা ॥
বিবাদে মারিল পদ্মা মোর নিজপতি।
তথির কারণে আইলাঙ দেবের বসতি ॥
২দেখিঞা আনন্দ হৈল পার্ব্বতীর চিত।
দেবী বোলে বেহুলা করহ নৃত্য গীত ॥২
৩দেবীর বাক্যে বেহুলা নাচিতে লাগিল।
বালীর নৃত্য দেখি দেবী আনন্দিত হৈল ॥৩
বেহুলা দেখিঞা দেবীর হাস্যবদন।
কাকুতি করিঞা দেবীর ধরিলা৪ চরণ ॥
প্রদক্ষিণ করি কন্যা করিছে স্তবন।
মোর দুঃখ সুন মোগো করি নিবেদন ॥
ছোট৫ হইতে আমি সেবিলাঙ৬ পার্ব্বতী।
তে কারণে বাসরে হারানু৭ প্রাণপতি ॥
৮বাণের ঘরেতে তোমাক করিনু ভকতি।৮
৯তথাতে মিলাঞা মাগো দিলে প্রাণপতি ॥৯
পদ্মার নাগে মোর মারিল প্রাণেশ্বর।
প্রভুকে কোলে করি ভাসি জলের উপর ॥

*পাঠ—বন্দ

CENTRAL LIBRARY

জগতজননী মাও তুমিত পার্ব্বতী ।
তোমা বিদ্যমানে মাতা এতেক দুর্গতি ॥
বেহুলার কাকুতি স্থনি মার দয়া উপজিল ।
জিবেক তোমার স্বামী১ আমি বর দিল১ ॥
পার্ব্বতী বোলেন প্রভু অগতির গতি ।
জিঞাইয়া দেহ প্রভু ইহার প্রাণপতি ॥
পার্ব্বতী বোলেন প্রভু২ তুমি কৃপাবান২ ।
পদ্মাকে বুঝাঞা৩ ইহার স্বামী দেহ দান ॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস ।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

কান্দেন৪ বেহুলা বালী৪ শঙ্করের আগে ।
কি কহিব কথা প্রভু কহিতে দুঃখ লাগে ॥
তোমার ঝি পদ্মাবতী নিদারুণ হিয়া ।
বিভার রাত্রিতে স্বামী মারিল৫ সর্প দিঞা ॥
স্বর্গেতে আছিনু মুঞি ইন্দ্রের বিদ্যাধরী ।
পৃথিবীতে সত্য করি আনিল বিষহরি ॥
সত্যে বন্দী হইল পাষণ্ডি পদ্মাবতী ।
আনিঞা করিল মোর এ৬ পঞ্চ দুর্গতি ॥
মাস চারি ছয় নহে বিবাহের বাসরে ।
স্ত্রী হঞা মনসা পুরুষ হত্যা করে ॥
তুমি যদি জিঞাইঞা না দেহ প্রাণেশ্বর ।
স্ত্রীহত্যা দিব আমি তোমার উপর ॥
শিব বোলে স্থন্দরী ক্রন্দন ক্ষেমা কর ।
জিয়াইঞা দিব তোর প্রাণের ঈশ্বর ॥
শিবের চরণ বালী ধরিল চাপিঞা ।
স্বামীদান মাঙ্গে শিবের চরণ ধরিঞা ॥

CENTRAL LIBRARY

শিব বোলে সুন্দরী বচন মোর ধর।
জেই বর মাঙ্গ তুমি দেও১ সেই বর।
আমি শঙ্করদেব ত্রৈলোক্য*অধিকারী।
সুখ মোক্ষ*সম্পদ সকল দিতে পারি॥
শিবের চরণে বালী করে প্রণিপাত২।
ভাল আজ্ঞা করিলেন ত্রৈলোক্যের নাথ॥
সাধুস্বহায় তুমি দুর্জ্জনসংহার৩।
আমা প্রতি দয়া কর দেব দিগম্বর॥
দেশের বর নাহি চাহোও দেশ নাহি কার্য্য।
চাম্পাবতী পুরী মোর শ্বশুরের রাজ্য॥
ধনের কার্য্য নাহি মোর না চাহ ধনবর।
শ্বশুর মোর বিবাদিঞা ধনের ঈশ্বর॥
জিয়াইঞা দেহ স্বামী এই চাহো বর।
এই বর চাহ মুঞি প্রভু মহেশ্বর॥
শিব বোলে৫ বালী আমি তোরে দিলাও বর৫।
অবশ্য জিঞিবে তোর স্বামী লক্ষীন্দর॥
হরগৌরী দুহে৬ দিল নটীকে৭ বরদান।
শোক দূরে গেল কন্যার স্থির হৈল মন॥
ময়নাপুরে থাকিঞা সুনিল পদ্মাবতী।
স্বামী জিঞাইতে আইল বেহুলা মহাসতী৮॥
তন্ত্রবিভূতি৯ কবি মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ॥

১০ধনাইর মাও১০ মন দিঞা সুন এক মনে।
বাপের পুরীর মাঝে কিসের বাজন বাজে
কেবা নাচে বাপুর ভুবনে॥ধু॥

পাঠ—ত্রৈলক্ষ (সর্বত্র), পাঠ—মক্ষ (সর্বত্র)

CENTRAL LIBRARY

খোল করতাল ধ্বনি ঝমকে ঝমকে স্থনি
কোকিলাশব্দে স্থনি গীত।
কিবা ইন্দ্রবিদ্যাধরী আসিঞাছে দেবপুরী
আজি বাপু বড় আনন্দিত ॥
নেতাই বোলে নহে নটী চান্দোর বউ বাছোর বেটী
জার স্বামী মারিলে মেড় ঘরে।
ভাসিঞা কলার ভূরে আসিঞাছে দেবপুরে
শিবের সাক্ষাতে নৃত্য করে ॥
পদ্মা বোলে লেতাই স্থন বিবাদে করিস্থ খুন
কার শক্তি দেয় জিঞাইঞা।
আছে জত দেবগণ জিঞায় দেখি কোন জন
১জাবৎ না পূজে বিবাদিঞা ॥১
তন্ত্রবিভূতি২ কবি বন্দো গো মনসা দেবী
স্থখ মোক্ষ বরের কারণ।
দুষ্ট দুঃখ সর্পভয় এ সব করিতে ক্ষয়
বন্দ দেবী পদ্মার চরণ ॥

চলনা লো সই যমুনার জলে।
দেখিতে নাগর কাহ্নাই কদম্বের তলে ॥ ধ্রু ॥

৩শিব বোলে নন্দী তুমি মোর বাক্য ধর ।৩
সত্বরে চলিঞা জাহ ময়নানগর ॥
মোর নাম বোলিঞা পদ্মাক বোল বাণী।
তোমাকে তলপ করে দেব শূলপাণি ॥
এতেক স্থনিঞা নন্দী করিল গমন।
পদ্মার ভুবনে নন্দী দিল দরশন ॥
দুয়ারে থাকিঞা নন্দী পদ্মা বোলি ডাকে।
স্থনিঞা নেতাই আইলা নন্দীর সম্মুখে ॥

CENTRAL LIBRARY

কহিল সকল কথা নেতাই পাত্রকে১ ।
কহ গিঞা পদ্মাকে শঙ্করদেব ডাকে ।।
নেতাই বোলেন পদ্মা শঙ্কর পাড়ে ডাক ।
দুয়ারে আসিঞা নন্দী কহিল আমাক ।।
পদ্মা বোলে নেতাই জাহু বাপুর গোচরে ।
বোল জাঞা বাপুকে মনসা নাই ঘরে ।।
নেতাই বোলেন২ জাঞা৩ হর বিদ্যমানে ।
স্থনিঞা শঙ্করদেব ক্রোধ কৈল মনে ।।
বারে বারে পদ্মা মোকে দেয় মনস্তাপ ।
এবার পদ্মাকে আমি দিব অভিশাপ ।।
নেতাই৪ সত্বরে জাঞা৪ পদ্মাকে বোলে গিঞা ।
তোমাকে শাপিবে হর মহাক্রোধ হঞা ।।
অভিশাপ স্থনি পদ্মা পাইল বড় ডর ।
সত্বর চলিঞা জায়৫ শিবের গোচর ।।
শীঘ্রগতি জাঞা পদ্মা শিবের চরণ বন্দে ।
তন্ত্রবিভূতে৬ গায় পাচালি প্রবন্ধে ।।
শিব বোলে পদ্মাকে৭ বড় হৈল৭নাজ ।
আমার ঝিয়ারি হৈঞা কর মন্দ কাজ ।।
মনুষ্যের সঙ্গে বাদ কোন স্থখ আশ ।
এমত কর্ম্ম করিলে লোকের৮ উপহাস ।।
শিবের স্থনিঞা কথা বোলেন বচন ।
তোমার চরণে পিতা করি৯ নিবেদন ।।
বানিঞা ঘেচরি কেবা বোলে পতিব্রতা ।
সভামধ্যে বানিয়ানী১০ বোলে মিথ্যা কথা ।।
আপনে মোরিল বালা মামীহরা পাপে ।
মিথ্যা কথা কহে জে খাইল পদ্মার সাপে ।।
সভার ভিতরে পদ্মা করিল আমান ।
জ্বলিঞা উঠিল কন্যা অগ্নির সমান ।।

CENTRAL LIBRARY

স্থনহ মনসা তোর কেমন গিয়ান।
বিচারে পাইবে তুমি বড় অপমান ॥
মোর স্বামী মারিলে১ তুমি জানে ত্রিভুবনে।
মিথ্যা কথা কহ তুমি দেব বিদ্যমানে ॥
পদ্মা বোলে ওটি২ বালী চুপ হঞা থাক।
কে তোর মারিলে স্বামী চোর ধর কাক ॥
কন্যা বোলে জদি নাহি মার লক্ষীন্দর।
সভার ভিতরে দেখি পুরাপুরি কর ॥
কাচুলি চিরিঞা স্থড়ি৩ ধরে বানিয়ানী।
স্থড়িতে না দেয় হাত হাসেন ব্রাহ্মণী ॥
গৌরী বোলেন বালী আর বোল কি।
তোর স্বামী মারিঞাছে শঙ্করের ঝি ॥
জার তার সঙ্গে বাদ করে ভাতারছাড়ি।
আপনা থাকিতে জে পরাকে কর রাড়ী ॥
পদ্মা বোলে সতাই মাও না বোলিহ মন্দ।
আমি বোলিলে পাছে নাগিবেক দ্বন্দ্ব ॥
দুর্গা বোলে কি বোলিলে ঢেমনাভাতারি।
তোর মত নহি আমি ঢেটমুরদারি ॥
পদ্মা বোলে কি বোলিলে উকটাও৪ জার।
তোর হেন নাহি করি অসুরভাতার ॥
গৌরী বোলে অসুর বধিলাঙ বাহুবলে।
তোর হেন বাহি ধরি বাপের আচলে ॥
পদ্মা বোলে সতাই ক্রোধে কিবা কহ।
এক বহি দুই নহি৫ সভাই জানহ৫ ॥
দুর্গা বোলে ওটি না জানাইল সতীপনা*।
পদ্মার গালেতে দুর্গা মারিল ঠোকনা ॥
উঠিঞা ধরিল শিব পার্ব্বতীর হাতে।
মিথ্যা দ্বন্দ্ব কর কেন দেবের সাক্ষাতে ॥

* পাঠ—সতীপোনা

CENTRAL LIBRARY

শিবের সাক্ষাতে চূণ হইল দুই জন।
রচিল পদ্মার বরে জগতজীবন ॥

ও দেবী ভবানী গো মা দেহ পদছায় ॥ধু ॥

বালী বোলে বিশ্বম্ভর স্থন দেবগণ।
মনসা করিল মোর জত বিড়ম্বন ॥
সত্যের প্রতীত নহে মিথ্যা কথার ঘর।
হেন পাপিষ্ঠে১ জন্ম দিঞাছে শঙ্কর ॥
স্বর্গেতে আছিনু মুঞি ইন্দ্রের বিদ্যাধরী।
পৃথিবীতে মনসা আনিল সত্য করি ॥
মনসার বচনে আইনু২ মহীতলে।
জনম লভিলাঙ আমি মনুষ্যের কোলে ॥
স্বামী সঙ্গে ভাসো মুঞি সাগরের জলে।
নানা মূর্ত্তি ধরি মোরে মধ্যপথে ছলে ॥
গোয়ালিনীরূপ ধরি ঘাটে পাড়ে ডাক।
বাঘিনীমূরতি হঞা চাহে খাইবাক ॥
ঘাটে ডাক পাড়ে হৈঞা মেনকা জননী।
স্বামী সঙ্গে জলে ভাসি আমি অভাগিনী ॥
বানিঞাঘেচরি আমি নাহি করি ভর।
ভাসিঞা আইনু মুই জলের উপর ॥
সভামধ্যে মিথ্যা কহে করে মহাপাপ।
ভাগ্যে পুণ্যে৩ বন্দী আছে৩ পদ্মার কালসাপ ॥
সাপুড়া খসায় বালী দেবগণের আগে।
ফোফাঞা মস্তক তোলে মনসার নাগে ॥
নাগ দেখি দেবগণ করে হায় হায়।
মিথ্যা কথা কহে পদ্মা দেবের সভায় ॥
৪নজ্জা পাইল৪ পদ্মা হাসে দেবগণ।
রচিল পদ্মার বরে মনসাচরণ ॥

CENTRAL LIBRARY

আঝর নঞানে কান্দে দেবী মনসা।
নঞান বহিঞা পড়ে পানি ॥ধ্॥

দেবীর আগে কান্দে পদ্মা শিব বিদ্যমান।
সহন না জায় বাপা চান্দোর অপমান ॥
স্থন স্থন আগো মাতা দুঃখের কাহিনী।
শুঙরিতে চান্দোর কথা দগধে পরাণি ॥
ই পঞ্চ দুর্গতি মোকে করিল আবস্তা।
সে সব দুঃখ বোলি হৃদয়ে নাগে ব্যথা ॥
জ্যৈষ্ঠ মাসে দশহরা আনন্দে ব্রত করি।
পঞ্চপুষ্পে ধূপদীপে পূজে বিষহরি ॥
কেহো পূজে১ সান্ধি সিন্ধি১ কেহ পূজে বারি।
দেখিতে না পারে মোকে চান্দো অধিকারী ॥
আষাঢ় মাসে অম্বুবাচী জগতবিদিত২।
ব্রাহ্মণে মন্ত্র পঢে৩ গায়নে গায় গীত ॥
ছয় বধু সঙ্গে সোনা সিনানেকে৪ জায়।
জালুর ঘরে স্থনিল মোর জয় জয় ॥
মোর বারি আনে সোনা মাথায় করিঞা।
সেই ঘট ভাঙ্গে চান্দো পায়েতে ঠেলিঞা ॥
শ্রাবণ মাসে লোক সব মোর ব্রত করে।
হেমতালের বারি দিঞা চান্দো তারে মারে ॥
একে চান্দো আমাকে না দেয় ফুলপানি।
আর মোকে গালি পাড়ে বেঙ্গথাকি কানী ॥
জেবা জন পূজে মোকে নরের ভিতরে।
মস্তক মুড়াঞা তাক৫ গ্রামের বাহির করে ॥
আর মোকে বোলে চান্দো ঢেমনাভাতারি।
চান্দোর অপমান বাপ সহিতে না পারি ॥

CENTRAL LIBRARY

এত দুঃখে কৈনু বাপ আমি অঙ্গীকার।
বিভার রাত্রে মারিঞাছি নন্দন তাহার ॥
জাবৎ বিবাদি চান্দো না দেয় ফুলপানি।
তাবৎ না জিঞাইব বেহুলার স্বামী ॥
সাপুড়াতে থাকি১ নাগ বোলে স্থন পদ্মাবতী।
জিঞাইঞা দেহ বালাক আমার ঘুচুক দুর্গতি ॥
২নাগিনী পঠাঞা লক্ষীন্দরে কর বধ।২
মোর প্রাণ মারিঞা৩ আপনা৪ কার্য্য সাধ৫ ॥
বানিঞাটেটনি তোমাতে অধিক ঘেচর।
অবশ্য জিঞাবে স্বামী লোহা হৈতে দঢ় ॥
ছয় মাস বন্দী আমি সাধি তোমার কাজ।
কোন স্থখে নিদ্রা জাহ মুখে নাহি লাজ ॥
জিঞাইঞা দেহ মা বালা লক্ষীন্দর।
ছয় মাস আছি আমি সাপুড়া ভিতর ॥
সর্পের বচনে পদ্মা হেট মুণ্ড করে।
তন্ত্রবিভূতি৬ গায় মনসার বরে।
শিব বোলে পদ্মাবতী স্থন মোর বাণী।
জিয়াইঞা দেহ বানিঞার পুত্রখানি ॥
দেবগণ বোলে পদ্মা কর অঙ্গীকার।
বেহুলাকে স্বামীদান দেহ এইবার ॥
পদ্মা বোলে মনের দুঃখ কেহ নাহি বুঝ।
না জিঞাব বালাক চান্দো জাবৎ না পূজে ॥
সভামধ্যে বেহুলা করুক অঙ্গীকার।
শ্বশুরের হাতে পূজা করাবে আমার ॥
দেবগণে বোলে কন্যা কর অঙ্গীকার।
আমরা বুঝাব বিবাদিঞা সদাগর ॥
অঙ্গীকার কৈল কন্যা দেবের সাক্ষাতে।
দেওাইব ফুলজল শ্বশুরের হাতে ॥

CENTRAL LIBRARY

পদ্মা বোলে সাক্ষী হও জত দেবলোক।
জেন চান্দো বিবাদিঞা পূজা করে মোক ॥
দেবগণ বোলে পদ্মা না করিহ ভয়।
১তোমার পূজা করিবে চান্দো জানিহ নিশ্চয় ॥১
দেবতার বচনে পদ্মা আনন্দিত মন।
২তন্ত্রবিভূতে গায় পদ্মার চরণ ॥২

৩পদ্মাবতী বোলে দেব অবশ্য করিব।
সকলের মনের দুঃখ এখনি খণ্ডাব ॥৩
৪খণ্ডুক মনের দুঃখ বালাকে জিঞাইব ঝাটে।
এতেক বোলিল পদ্মা বেহুলা নিকটে ॥৪
আমি বড় দয়ালী মনেতে কপট নাই।
তোর শ্বশুর বিবাদিঞা নিতি পাড়ে গাইল ॥
হেমতালের বাড়ি দিঞা ভাঙ্গিল কাকালি।
৫নিতি নিতি করে চান্দো মোরে গালাগালি ॥৫
বালাকে মারিঞা মোর মনে বড় দুঃখ।
নজ্জাএ দেবের আগে না দেখাই মুখ ॥
ছয় মাস৬ ভাসিলেন বেহুলা রূপবতী৬।
ছয় মাস নাই জাই পুরী ময়নাবতী৭ ॥
৮ছয় মাস ভাসিনু৮ ভেলার৯ চারি পাশে।
চক্ষে নিদ্রা নাহি মোর মোরি১০ উপবাসে ॥
সত্বর করিঞা জাহ১১ ত্রিবেণীর ঘাটে।
১২অস্থি সব ধুইঞা আনহ গিঞা ঝাটে ॥১২
১৩জিঞাইঞা দিএ তোর স্বামী লক্ষীন্দর।১৩
মোর পূজা করে জেন তোমার শ্বশুর ॥
১৪পদ্মার আদেশে গীত গাইল সপনে।
রচিল পদ্মার বরে জগতজীবনে ॥১৪

CENTRAL LIBRARY

১পদ্মার বচনে বালী আনন্দিত মন।
ত্রিবিনির জলে বালী করিল গমন ॥১
২স্বামীর জে অস্থি বালী করিঞা বুকনি।
আনন্দে চলিঞা জায় সাগর ত্রিবিনি ॥২
পদ্মা বোলে বালী তুমি অস্থি ধুঞা আন।
জিঞাইব স্বামী তোর সভা বিদ্যমান ॥
৩স্বামীর অস্থি ধয় বালী পরম মতনে।৩
৪অস্থি ধুঞা রাখিল স্থানে স্থানে ॥৪
এক এক করি অস্থি বেহুলা দেখিল।
বালার পায়ের মালই দেখিতে না পাইল ॥
মনেতে ভাবিঞা বালী করএ রোদন।
অস্থিমালার খাটে অস্থি ধুইলাম জখন ॥
তাহাতে পড়িল মালই সাগরের জলে।
জলের মধ্যেতে মালই রাঘবে গিলিলে ॥
এতেক ভাবিঞা বালী মনে হৈল সার।
পদ্মার বিহনে মোর নাহিক উদ্ধার ॥
ত্রিবিনির ঘাট ইতে দেবসভায় জায়।
পদ্মার নিকটে জাঞা কান্দিঞা সে কয় ॥
বালী বোলে পদ্মা তুমি বড় নিদারুণ।
বিনি দোষে স্বামী মোর করিঞাছ খুন ॥
ছয় মাস ভাসিঞা মুঞি সাগরের জলে।
ভণ্ডনা করিলে মোকে নানা বুদ্ধি ছলে ॥
এখন না দেখি আমি জিঞাবার চিহ্ন।
সুন্দর স্বামী মোর অঙ্গ হৈল হীন৬ ॥
৭পাএর মালই পড়িলেক অস্থিমালার জলে।
তাহাকে গিলিল আসি রাঘব বোওালে ॥৭
সুন্দর শরীর মোর স্বামীকলেবর।
জদিবা না জিঞাইবে বালা লক্ষীন্দর ॥

CENTRAL LIBRARY

স্ত্রীহত্যা দিব আজি তোমার উপরে।
জেন দেবগণে কেহ পরশ না করে ।
চিন্তাযুক্ত২ পদ্মাবতী ধ্যান করি চায়।
রাঘবে গিলিল মালই কি করি উপায় ॥
মধ্যজলে মনসা ফেলিল ব্রহ্মজাল।
বন্দী করি৩ তুলিল জত রাঘব বুওাল ॥
৪বুকে বুকে৪ চিরিঞা পাইল অস্থিখানি।
বুক সিঞা পুন পদ্মা দিলেন পরাণি ॥
রাঘব চলিঞা গেল সাগরের জলে।
বালাকে জিঞায় পদ্মা মহাকুতূহলে ॥
বেহুলারে মায়া পাতে শঙ্করনন্দিনী।
আমার বচন স্থন বেহুলা বান্যানী ।।
জদি আনিবারে পার ওসধ চারি জাতি।
তবে জিঞাইবে বালী আপনার পতি ॥
বেহুলা দেবীকে বোলে করিঞা প্রণাম।
কোথাতে পাইব ওসধ কিবা তার নাম ॥
দেবী বোলে কন্যা তুমি স্থনহ বচন।
এইমতে কর তুমি পর্ব্বতে গমন ॥
উদয়গিরি পর্ব্বতে উদয় দিবাকর
৫সাল্য বিসাল্য৫ আছে তাহার উপর ।।
তথা৬ হৈতে উত্তরেতে করহ গমন।
মলয় পর্ব্বতে পাবে৭ চন্দনের বন ।।
পশ্চিমে৮ পাইবে অস্তগিরি বিচক্ষণে৮।
জথা৯ জাইঞা সূর্য্য অস্ত হয় সন্ধ্যাকালে।
তথা হৈতে জাবে১০ তুমি গোবর্দ্ধন গিরি।
গোকুল রাখিল কৃষ্ণ জাহাকেত ধরি১১ ॥
তথা হৈতে আন তুমি অশোকের ডাল।
তুরিত গমনে জাহ আসিহ১২ সকাল ॥

CENTRAL LIBRARY

চাম্পাই হৈতে আন রামধান্যের শিস।
খেদাঞা মারিব তবে কালকূট বিষ ॥
স্থনিঞা বেহুলার মনে নাগিল তরাস।
তন্ত্রবিভূতে গায় মনসার দাস ॥

১এতেক বচন জবে মনসা বোলিল।
মাথে হাত দিঞা কন্যা কান্দিতে লাগিল ॥১
ভূমিতে পড়িঞা কান্দে বেহুলাস্থন্দরী।
এত মায়া পাত কেনে জয় বিষহরি ॥
কান্দিতে কান্দিতে কন্যা ছাড়িল নিশ্বাস।
নিঃশ্বাস নাগিল গিঞা ইন্দ্রের সম্পাশ ॥
চিন্তিঞা জানিল তবে ইন্দ্র পশুপতি।
ঐরাবত পঠাঞা দিলেন শীঘ্রগতি ॥
আসিঞাত২ ঐরাবত৩ বোলেন বচন।
মোর পৃষ্ঠে চঢ় কন্যা সম্বর ক্রন্দন ॥
পুনরপি৪ বোলে দেবী৫ মায়া জে পাতিঞা।
৬মোর অগ্রে জাহ কন্যা পরস ফেলাঞা ॥৬
জদ্যপি পরস ইথে লুকাইঞা জাবে।
তবে লক্ষীন্দরের প্রাণ নাহি পাবে ॥
জাবৎ পরস নাহি শুখাইঞা জায়।
সকালে আসিবে তুমি কহিলাঙ নিশ্চয় ॥
৭দেবীর অগ্রেতে কন্যা পরস ফেলায় ।৭
৮জোড়হস্তে স্তুতি করে পরস মানায় ॥৮
৯জাবৎ না আসি আমি ওসধ নইঞা।
তাবৎ না শুখাইবে মোর পথ চাঞা ॥৯
এত বোলি চলে কন্যা ওসধ আনিতে।
প্রণাম করিল গিঞা পদ্মার পায়েতে ॥

CENTRAL LIBRARY

করজোড় হঞা রামা গজপদ বন্দে।
লাফ দিঞা চঢ়ে কন্যা ঐরাবতস্কন্ধে* ॥
আকাশগমনে তবে চলে ঐরাবত।
বায়ুবেগে উদয়গিরি জে পর্ব্বত ॥
মলয় পর্ব্বত দিঞা গেল অস্তগিরি।
গোকুল হইতে অশোক আনিল সুন্দরী ॥
চাম্পাই হইতে আনে রাম ধান্যের শিস।
চারি দণ্ডে ভ্রমিঞা আসিল চারি দেশ ॥
দেবীর অগ্রেতে দ্রব্য* আনিঞা থুইল।
প্রণাম করিঞা গজ অন্তরীক্ষ হইল ॥
হরষিত হঞা দেবী জিঞায় লক্ষীন্দর।
তন্ত্রবিভূতে গায়১ মনসা দেন্তু১ বর ॥

নথাই জিঞাইতে দেবী আইলা তৎকাল।
হাতে করি নিল দেবী অশোকের ডাল ॥
কুশ স্থাপন কৈল শঙ্খজল দিঞা।
২তাহাতে নথাইর অস্থি থয় শোয়াইঞা ॥২
আসন বাসন বৈসে পাত্র নেতাই।
৩বালার শরীর মধ্যে বৈসে সব ঠাই ।৩
বক্ষঃস্থলে বুদ্ধি চিন্তি৪ বোসিলেন অন্তিক কোঙর।
দেবী পদ্মা জিঞাইবে বালা লক্ষীন্দর ॥
যম যম করি পদ্মা করিল স্মরণ।
বাক্যমধ্যে যমরাজা দিল দরশন ॥
তোমাকেত বোলি যম সুনহ বচন।
নথাই বালার জীব দেহত এখন ॥
নথাই বালার জীব দিল যমরায়।
আনন্দে পদ্মা জীব করণ্ডি ভরায় ॥

*পাঠ—কন্ধে, *পাঠ—দর্ব্ব

CENTRAL LIBRARY

জীবের করণ্ডি দেবী১ হাতে করি নিল।
নথাইর ২ধড়ে দেবী জীব সমর্পিল ॥
ব্রহ্মমন্ত্রে মনসা ঢালিঞা দিল নীর।
অস্থির উপরে চর্ম্ম জন্মিল রুধির ॥
৩পিণ্ডে প্রাণে বালা জদি দরশন হৈল।৩
অস্থি চর্ম রক্ত মাংস স্থির হৈঞা গেল ॥
পুন পুন ব্রহ্মমন্ত্র জপে অদ্ভুত।
ঘটমধ্যে জীব থুঞা গেল যমদূত ॥
ঘটের উপরে জদি বসিলা জীবন।
নাকে মুখে বাহিরাইতে নাগিল পবন ॥
স্বস্তি বাচ করে দেবী মন্ত্র করে জাপ।
সুগন্ধি কমলে জেন নাগে কাপে কাপ ॥
সাল্য বিসাল্য অশোকের ডাল নঞা।
রামধান্যের শিস ডালে নামায়৪ ঝারিঞা ॥
সিওরে বোসিঞা পদ্মা মারে তিন তাল।
বালার অঙ্গের বিষ নাম্বিল পাতাল ॥
মনভাবে কহে পদ্মা৫ দিঞা শঙ্খজল।
মনভাবে ক্ষয় করে সকল গরল ॥
মনেতে সৃজিল বিষ মনেত জে মারে।
নাম নাম বিষ তুমি ব্রহ্মার জে বরে ॥
আমি শঙ্করের ঝি তুমি ব্রহ্মার বিষ।
মুছিঞাত৬ ক্ষয় করো কালকূট বিষ ॥
গড়ুর হুঙ্কারে বিষ করিলেন ক্ষয়।
চৈতন্য পাইঞা উঠে চান্দোর তনয়।
জিঞিল নথাই বালা আপদ গেল ক্ষয়।
স্বর্গ মর্ত্ত্য পাতাল হইল জয় জয় ॥

CENTRAL LIBRARY

উঠিঞা বসিল বালা চক্ষে দিল জল।
জয় জয় শব্দ করে দেবতা সকল ॥
জখনে নখাই বালা উঠিঞা বসিল।
দেবীর আগেতে বালী নাচিতে নাগিল ॥
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

উঠিঞা বসিল বালা সম্মুখে দেখে বেহুলা
চতুর্দ্দিগে দেবের সমাজ।
বেহুলা সুন্দরী নাচে নানা ছন্দে বাদ্য বাজে
দেখিঞা নখাই পায় নাজ॥
নখাই বোলে সুন বালী কুলে নাগাইলি কালি
তোমার কেনে এমতি বেভার।
এতেক সমাজমাঝে নৃত্য কর কোন নাজে
ত্রিভুবনে রাখিলে১ খাথার ॥
কালি তোকে বিভা করি আনিন চাম্পালি পুরী
আছিনু কাচের মেড় ঘরে।
কিবা কৈলে মন্ত্রযোগ ২কুনিদ্রাতে আনিলে২ মোক
দেখিঞা পরাণ কাপে ডরে ॥
এমত ডাকিনী তুমি এবে সে জানিনু আমি
পানুই বিষম মনস্তাপ।
৩আছিনু চাম্পালি পুরী আনিলে কেমন করি
কান্দিঞা মোরিবে মাওবাপ ॥৩
বালী বোলে দেবগণ সুন সভে জনে জন
দুঃখের উপরে মনস্তাপ।
জার সড়া পচা গন্ধে৪ ত্রিকালি৫ না আইসে কাছে৬
আসি গর্জ্জে অজগর সাপ ॥

CENTRAL LIBRARY

দেবগণে বোলে নথাই বেহুলার দোষ নাই
বিবাদেকে তোকে বোধিলে১ ব্রাহ্মণী।
ভাসিঞা কলার ভূরে আসিঞাছে দেবপুরে
তোমাকে জিঞাইল ব্রাহ্মণী ॥
স্থনিঞা দেবের বাণী বানিয়ার শিরোমণি
কান্ধে করি মৃদঙ্গ বাজায়।
দেবের সমাজমাঝে বেহুলাস্থন্দরী নাচে
তন্ত্রবিভূতি২ কবি গায় ॥

চিকন কালা রূপহরা বাশি বাজাও ধীরে৩ ॥ ধু ॥

দেবীকে দেখিঞা বালা বোলে কটু বাণী।
মায়া পাতি বসিঞাছে চেঙ্গমুণ্ডি৪ কানী ॥
৫মোর বাপার সঙ্গে বাদ করে নিরন্তর।
এখানে পলাঞা আছ দেবের গোচর ॥৫
জখন৬ দেবীকে বালা বোলে কুবচন।
দুই চক্ষু অন্ধ বালার হইল তখন৭ ॥
দেবী বোলে নেতাই স্থনহ কথন৮।
এখনে৯ জিঞিল বালা বোলে কুবচন ॥
জখন আছিল বালা মড়িঞা পচিঞা।
কটু বাক্য বোলে বেটা আমাকে গঞ্জিঞা ॥
আমাকে না পূজে চান্দো বোলে কুবচন।
সেই মত বোলে মোকে তাহার নন্দন ॥
দেবের সাক্ষাতে বালী হাতজোড় করি।
তন্ত্রবিভূতে গায় বন্দিঞা১০ বিষহরি ॥

CENTRAL LIBRARY

ভাটিআলি রাগ ॥

কান্দে দেবীর চরণ ধরিঞা।
দিঞা মোকে স্বামী তাকে না করিহ আন
পুত্র গালি দেয় মায়েকে দেখিঞা ॥ ধু ॥

পুত্রের কুবচন মাএ করে সম্বরণ
ক্ষণে১ শাপ ক্ষণে২ দেহ বর।
ফেলাহ৩ কপট ভার এই পুত্র তোমার
মোর দোষ ক্ষেম প্রাণেশ্বর ॥
মনিস্থকুলে উৎপত্তি নাহি চিহ্ন দেবতী৪
তুমি মাতা সংসারের সার।
৫জেই মুখে বোলিল তার শাস্তি পাইল
চক্ষুদান দেহত উহার ॥
স্থনি বেহুলার বাণী হাসে জয় ব্রাহ্মণী
তার বাক্য না করিল আন।
তন্ত্রবিভূতে ভূণে মনসার চরণে
লক্ষীন্দর পাইল চক্ষুদান ॥

৬পদ্মা বোলে বালী বেহুলাস্থন্দরী ।৬
জিঞাইলাম স্বামী তোর জাহ নিজপুরী ॥
বালী বোলে কেমনে জাইব নিজপুর।
জিঞাইয়া দেহ মোর ই ছয় ভাস্থর ॥
স্বামী সহিতে আমি বঞ্চিব স্থখবাস।
দেখি রাড়ী ছয় জায় ছাড়িবে নিঃশ্বাস ॥
পদ্মা বোলে একথা না বোল স্থন্দরী।
তোমার ভাস্থর আছে৭ রাক্ষসের পুরী৭ ॥

CENTRAL LIBRARY

বালী বোলে আজ্ঞা কর জাই লঙ্কাপুর।
১উদ্ধার করিব আমি ছয়টি ভাসুর ॥১
পদ্মা বোলে কেমনে জাইবি বিদ্যাধরী।
রাক্ষসে খাইবে তোকে পরমসুন্দরী ॥
বালী বোলে রাক্ষসেক ভয় নাহি করি।
২তথাতে রাখিবে মোকে জয় বিষহরি ॥২
জে মতে রাখিলে গোদা দুর্জনের হাতে।
ভাইয়ের কুমতি হৈল রাখিলে তাহাতে ॥
ছয় মাস রক্ষা কৈলে জলের উপরে।
৩সে জন রাখিবে মোরে রাক্ষস নগরে ॥৩
মন্দহাস্য পদ্মাবতী করে হায় হায়।
বানিঞাঘেচরি হাতে এড়ান না জায়৪ ॥
পদ্মার আদেশে গীত পাইল স্বপনে।
বিরচিঞা গায় কবি জগতজীবনে ॥

৫বেহুলা বোলেন দেবীর চরণ ধরিঞা।
তুয়া বরে ভাসিনু স্বামীদান পাইনু
ছয় ভাসুর দেহত জিয়াঞা ॥ ধু ॥৫

শ্বশুর শাশুড়ীস্থানে কৈলাঙ সত্য বচনে
ছয় ভাসুর আনিব জিয়াঞা।
জত অঙ্গীকার কৈল তাহা জদি মিথ্যা হৈল
এবে প্রাণ রাখি কি নাগিঞা ॥
জে জন সতীত্ব হয়ে পরদুঃখে দুঃখী নহে
লোকে তারে কেহ না পাতায়।
আমি একা ঘরে জাব ছয় জাও আসিব
সোধাইলে কি বলিব তায় ॥

CENTRAL LIBRARY

আমি নাহি জাব ঘর হত্যা দিব তোমা পর
ছয় ভাসুর না দিলে জিয়াঞা।
সুনিঞা বেহুলাবাণী বোলেন জয়ব্রাহ্মণী
মিথ্যা দ্বন্দ্ব কর কি নাগিঞা॥
জাহাকে আনিলে তুমি তাহাকে জিঞাইলাম আমি
ছয় ভাসুর১ পাব কোথা গিঞা১।
চান্দো ছয় পুত্র নঞা গঙ্গাতে২ দিল ভাসাঞা২
৩তাকে আমি কোথা পাব জাঞা॥৩
সুনিয়া দেবীর বাণী কান্দে বেহুলা বান্যানী
কান্দে বালী বিষাদ ভাবিঞা।
৪জত কৈলাঙ পরিশ্রম সব হৈল অকারণ
না জাইব পুরী চাম্পালিঞা॥৪
৫ছয় ভাসুর না জিঞাবে মোরে বধের ভাগী হবে
খ্যাতি হবে জগত ভরিঞা।৫
সুনিঞা বালীর কথা করে পদ্মা হেট মাথা
মনে মনে চিন্তিত হইঞা॥
বোলে দেবী বিষহরি সুন ওহে৬ সুন্দরী
আমি তোর জিঞাব ভাসুর।
লঙ্কায়ে৭ রাক্ষসপুরী একেশ্বরী বিদ্যাধরী
কেমনে জাইবি৮ এতদুর॥
তোমার বচনে আমি জিঞাইলাঙ তোর স্বামী
৯আর জিঞাব৯ ছয়টি ভাসুর।
করিহ আমার কাজ জেন নাহি হয় নাজ
পুজা করে তোমার শ্বশুর॥
রাক্ষসের পুরী জাঞা ছয় মড়া আন গিঞা
তবে আমি দিবত জিয়াইঞা।
মনসাচরণ বর বন্দো শির উপর
বিভূতি গায় মনসা বন্দিঞা॥

CENTRAL LIBRARY

পাহারি৯ রাগ ॥

পদ্মার চরণে বালী১ প্রণতি করিঞা।
২লড়িল সুন্দরী কন্যা যাত্রা করিঞা ॥২
৩সাগরের কূলে কন্যা মিলিল আসিঞা ।৩
সাগরে ঝাপ দিল কন্যা পদ্মা স্মরিঞা ॥
অসম সাহস বালীর দেখিঞা দেবতী।
ডাক দিঞা বোলে তারে দেবী পদ্মাবতী ॥
কেমনে জাইবে তুমি সাগরের কূলে।
লঙ্কাতে খাইবে তোরে রাক্ষসসকলে ॥
এতেক ভাবিঞা বোলে দেবী বিষহরি।
রাক্ষস পাইলে বালী না আসিবে ফিরি ॥
বেহুলা মরিলে মোর পূজা নাহি হয়।
ছয় ভাসুর না পাইলে ঘর নাহি জায় ॥
বেহুলাকে সান্ত্বনা করিল পদ্মাবতী।
তুমি এথা বসিঞা থাকহ রূপবতী ॥
রাক্ষসী বোলিঞা পদ্মা স্মরণ করিল।
আজ্ঞামাত্রে রাক্ষসী আসি উপনীত হৈল ॥
প্রণাম করিঞা রাক্ষসী জোড়হস্তে কয়।
কি কারণে ডাকিলে মাতা কহত নিশ্চয় ॥
পদ্মা বোলে রাক্ষসী সুন মোর বাণী।
শীঘ্র আনি দেহ চান্দোর ছয় পুত্রখানি ॥
এত সুনি রাক্ষসী লঙ্কায় চলি জায়।
চান্দোর ছয় পুত্র শুথাঞা আছয়ে তথায় ॥
ছয়টি সুকুটি রাক্ষসী সাথে করি নঞা।
পদ্মার নিকটে আনি দিল ফেলাইঞা ॥
দেখিঞা সুন্দরী বালী হরষিত হৈল।
পদ্মার চরণে পড়ি কান্দিতে লাগিল ॥

CENTRAL LIBRARY

জিঞাইঞা দেহ মাগো জয়বিষহরি।
ছয় ভাসুর সঙ্গে জাই চাম্পাই নগরী ॥
শ্বশুরের হাতে তোমাক দেওাব ফুলজল।
এতেক সুনিঞা পদ্মা আনন্দিত হৈল ॥
নেতাইকে আজ্ঞা কৈল শঙ্করনন্দিনী।
তুমি জিঞাও চান্দোর ছয় পুত্রখানি ।
তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥

ডঙ্ক চিঞাইঞা জাও মাতা ডঙ্ক চিঞাইঞা জাও ॥ধু॥

কুশ স্থাপন করিল নেতাই দিঞা শঙ্খজল।
১তাহাতে সোওাইল চান্দোর ছয়টি কোঙর ॥১
আইল মনসা মাও দণ্ড শঙ্খ নঞা।
নেতাই মন্ত্র পঢ়েন২ দেবী স্বঙরিঞা ॥
মনভাবে কহে আগে দিঞা শঙ্খজল।
মনভাবে ক্ষয় করে সকল গরল ॥
ব্রহ্মার স্বজিত বিষ ব্রহ্মার গিঞান।
৩হার মাংস রক্ত চর্ম্ম হইল নির্ম্মাণ।৩
পুন পুন মন্ত্র জপ করে৪ অদ্ভুত।
রক্ত মাংস হৈল তবে বানিয়ার পুত ॥
তবে দেবী পদ্মাবতী যমেকে ডাকিঞা।
কহিতে নাগিল দেবী যম সম্বোধিঞা ॥
চান্দোর ছয় পুত্রের জীব দেহ আনি মোরে।
বাশের মধ্যে জীব আছে তোর ঘরে ॥
সুনিঞা ত যমরাজা বিলম্ব না কৈল।
বাশের তুম্বা হৈতে জীব আনিঞা সে দিল ॥

CENTRAL LIBRARY

ততক্ষণে পদ্মা দেবী৫ সেই জীব নঞা।
চান্দোর ছয় পুত্রের দেহেতে দিল থুঞা ॥
ঘটের উপরে৫ জীব বসিল জখন৫।
নাকে মুখে বাহিরাইতে নাগিল পবন ॥
৬অশোক বাসোক৬ আর জিগার ডাল নঞা।
ছয় বালার বিষ নেতাই নামায়৭ ঝারিঞা ॥
নেতাই বোলে গড়ুরের নামে বিষ হরে৮।
৯পাও পুছিনিঞা৯ ঝারে সব বিষ মরে ॥
১০সুমেরু পর্ব্বত মুঞি মনে তেজে ধরো।
ছয় কোঙরের বিষ হুঙ্কারেতে ঝারো ॥১০
ব্রহ্মমন্ত্রে নেতাই১১ বালার অঙ্গে বৈসে১১।
চান্দোর ছয়টি পুত্র উঠিঞা বোইসে ॥
দেবী বোলে অষ্টদল১ কমলে বিষ সন্ধি২।
ছয় কোঙরের জীব ঘটে কৈল বন্দী ॥
৩বিষ মারিল নেতাই হুহুঙ্কার বোলে।৩
ঘোর ভাঙ্গিল বালার দিঞা শঙ্খজলে ॥
পদ্মার বরে ছয় জন উঠিল বোসিঞা।
তন্ত্রবিভূতে খায় মনসা বন্দিঞা ॥

উঠিঞাত ছয় ভাই বসিলেন ছয় ঠাই
সভার মুখেত সভে চায়।
দেবীর বরাবরে বেহুলা নৃত্য করে
নথাই মৃদঙ্গ বাজায় ॥
ছয় ভাই করে মনে আনিল কোন জনে
কেবা সে আনিল দেবপুরী।
জননী পিতা কতি সুন্দরী নারী সতী
নাহি দেখী চম্পাবতী পুরী ॥

CENTRAL LIBRARY

বিস্ময় ভাবে ছয় জন আনিলে এথা কোন জন
১এ সব দেখি দেবতার পুরী ।১
কেবা সে নাচিছে এটা মৃদঙ্গ বাজায় কেটা
এসব চিহ্নিতে না পারি ॥
জত সব দেবগণ বসিঞাছে সভাজন
বুঝিনু নিশ্চয় দেবপুরী ।
মনেতে ভাবিঞা সভে স্তব্ধমান হৈঞা রহে
দেবী দিল পরিচয় করি ॥
তোমার সহোদর২ দুর্ল্লভ লক্ষ্মীন্দর
৩জেই জন মৃদঙ্গ বাজায় ।৩
৪নৃত্য করে জেই ভ্রাতৃবধূ হয় সেই
বেহুলাসুন্দরী সতী হয় ॥৪
তোমার পিতার দোষে আমার অসন্তোষে
মরিলা তোমরা ছয় ভাই ।
সোনকাসুন্দরী কঠোর তপস্যা করি
পাইল দুর্ল্লভ নথাই ॥
৫উজানি নগরে ঘর বাপ বাছো সদাগর
তার কন্যা বেহুলাসুন্দরী ।৫
রূপেগুণে অদ্ভুত পাত্র কন্যা সমযুত
বিবাই দিলেক শোভা করি ॥
কাচ ঢাল মেড় ঘরে কন্যাপাত্র রাখি তারে
সুখে চান্দো শুঞা নিদ্রা জায় ।
মোর সঙ্গে বাদ করি বিবাদিঞা অধিকারী
লক্ষ্মীন্দরে হারাইল তায় ॥
বিবাহের রাত্রিভাগে খাইল কালনাগে
মরিলেক৬ বানিঞায় পুত ।
বেহুলা জে রূপবতী ৭হয় তেহোঁ মহাসতী৭
৮এ কর্ম্ম করিলে অদ্ভুত ॥৮

CENTRAL LIBRARY

১কদলীর ভূর করি জলে ভাসে সুন্দরী
ছয় মাস মরা কোলে করি ।১
২আসিঞা সে দেবপুরী শিবেরে সন্তুষ্ট করি
আপন স্বামী জিঞাইল সুন্দরী ॥২
করিল জে উৎপাত কৃপা কৈল ভূতনাথ
তোমা সভাক জিয়াইলাঙ আমি ।
৩ভাই ভাওই লেহ আপনার পুরী জাহ
মোর পূজা করাবে তুমি ।৩
তোর বাপ চন্দ্রপতি মোরে জেন পূজে অতি
ফুলজল দেয় মোর তরে ।
বুঝাইঞা বোলিবে বিস্মরিত নাহি হবে
আমি দেবী মনসাকুমারী ।
৪পদ্মাএ মায়া করি ব্রাহ্মণীর রূপ ধরি
আসিঞা কহিল সপনে ।৪
পুরাণ ভারতগীত সুনিলে আনন্দ চিত
বিরচিল জগতজীবন ॥

৫আনন্দে নাচেন কন্যা বলি হরি হরি ॥ ধু ॥৫

মহারঙ্গে নাচে কন্যা উভ৬ করি হাত ।
জিঞাইলাম ভাসুর আর প্রাণনাথ ॥
ভাইয়ের চরণে বালা৭ নমস্কার করে ॥
কোলাকোলি গলাগলি৮ সাত সহোদরে ॥
বেহুলা বন্দিল ছয় ভাসুরের চরণ ।
আশীর্ব্বাদ করে গন্ধবানিঞানন্দন ॥
জিও জিও বেহুলারে পতিব্রতা সতী ।
যুগে যুগে রহ তুমি হইঞা রাইহতি৯ ॥
মহারঙ্গে নাচে গন্ধবানিঞানন্দন ।
বিরচিঞা গায় কবি জগতজীবন ॥

CENTRAL LIBRARY

১জানিনু জানিনু শিব তুমি বড় দয়াময় ॥ ধু ॥১

পদ্মা বোলে স্থন তুমি বেহুলাস্থন্দরী।
পুরিল মনের আশ জাহ নিজপুরী ॥
জিঞাইলাঙ২ স্বামী তোর ই ছয় ভাস্থর।
আমার পূজা করে জেন তোমার শ্বশুর ॥
৩বালী বোলে নিজপুরে জাইব কেমনে।৩
কোন পথে আইলাম৪ না চিহ্নি এখনে৪ ॥
ভাসিঞা আইলাম আমি কদলীর ভূরে।
না জানি চাম্পালিপুরী আছে কত দূরে ॥
শ্বশুরের চৌদ্দ ডিঙ্গা আছে তোমার ঠাঞি।
আজ্ঞা কর জননী চড়িঞা তাতে৫ জাই।
পদ্মা বোলে বেহুলা করিলে৬ আজ্ঞাকারী।
এমন অদ্ভুত কর্ম্ম করিতে না পারি ॥
সাগরে ডুবিল ডিঙ্গা জানে সর্ব্বজনে।
কেমতে জানিব ডিঙ্গা আছে কোন স্থানে ॥
বালী বোলে পদ্মাবতী করি পরিহার৭।
সদয় হইঞা মায়া৮ না করিহ আর৮ ॥
পুন পুন বোলে কন্যা মিনতি করিঞা।
ধনজন বুহিত৯ মোকে দেহ উঠাঞা৯ ॥
ই বোল স্থনিঞা বোলে দেবী বিষহরি।
গঙ্গার ঠাঞি১০ জাহ কন্যা মোর নাম ধরি ॥
দেবীর বোলেতে১১ কন্যা সত্বরে চলিল।
১২গঙ্গার নিকটে জাঞা১২ বোলিতে লাগিল ॥
বোলেন স্থন্দরী কন্যা করজোড় করি১৩।
তোমার প্রসাদে মাগো জাই নিজপুরী ॥
১৪তোমাতে ডুবিল মোর শ্বশুরের বুহিত।১৪
ডিঙ্গা দিঞা গঙ্গাদেবী১৫ কর মোর হিত॥

CENTRAL LIBRARY

বেহুলার বোলে গঙ্গা বোলিতে১ লাগিল।
ধনজন বুহিত সব জলে জীর্ণ হৈল ॥
গাবরগণ পোচিঞা অস্থি২ হৈল সার।
ধনজন বুহিত হৈল ছারখার ॥
ই বোল সুনিঞা কন্যা নাগিল কান্দিতে।
৩বিরচিঞা গায় তন্ত্রবিভূতে ॥৩

নটরাগ ॥

৪কান্দিঞা ব্যাকুলী কন্যা গঙ্গা প্রতি বোলে ॥৪
৫উদ্ধার করহ মাতা নিজ কৃপাবলে ॥৫
পদ্মার প্রসাদে জিঞিল সপ্ত জন।
তোমার প্রসাদে পাঙ ডিঙ্গা আর ধন ॥
সংসারে বিদিত মাতা তোমার বাখান।
৬অভাগিনীক দয়া করি দেহ ডিঙ্গাদান ॥৬
৭ত্রিভুবন জিনিঞা৭ মাতা তুমিত ঈশ্বরী।
দেবের দুর্ল্লভ তুমি ধর্মের ঝিয়ারি ॥
তোমার চরণে মাতা করি৮ নমস্কার।
ধনজন বুহিত মাগো দেহত আমার ॥
নিপুরুষ হইঞাছে চাম্পালি নগর।
তোমার প্রসাদে জিঞে সকল গাবর ॥
৯দুলাই কাণ্ডারি জিঞে বটু গঙ্গাধর।৯
তোমার প্রসাদে১০ জিঞে সাই সদাগর১০ ॥
নাটুয়া গাএন জিউক১১ বাজনিয়াভাগে।
১২জোড় হাত করিঞা বোলি তোমার আগে ॥১২
মিনতি করিঞা বোলি তোমার গোচরে১৩।
১৪তোমার কীর্তি রহুক মাতা চাম্পালি নগরে ॥১৪
জদি নাহি দিবে মাতা বুহিত তুলিঞা।
১৫এখনি মোরিব১৫ আমি জলে ঝাপ দিঞা ॥

CENTRAL LIBRARY

১হাতের কাটারি দিঞা গলা যে কাটিব ।১
তোমার উপরে আমি স্ত্রীহত্যা দিব ॥
স্ত্রীবধের নামে গঙ্গার উড়িল২ পরাণি ।
মোরিবে বেহুলা হেন মনে অনুমানি৩ ॥
গঙ্গা৪ বোলে বেহুলা আমার বাক্য ধর ।
খানিক এখানে তুমি৫ শ্রীরাম শ্বশুর৫ ॥
৬এত বোলি বেহুলাকে সান্ত্বনা করিঞা ।
পদ্মার নিকটে গঙ্গা আইলেন চলিঞা ॥৬
পাছে পাছে বেহুলা বালী চলিল সত্বরে ।
আগে গঙ্গা পাছে বালী জায় ধীরে ধীরে ॥
পদ্মার নিকটে গঙ্গা মিলিল আসিঞা ।
কহিতে নাগিল গঙ্গা পদ্মাকে চাহিঞা ॥
মোর ঠাঞি পঠাইলে বেহুলাসুন্দরী ।
বুহিত উঠাইতে বোলে বানিঞাকুমারী ॥
বালী বোলে বুহিত জদি না দিবে উঠাঞা ।
স্ত্রীহত্যা দিতে চায় জলে ঝাপ দিঞা ॥
এতেক সুনিঞা আমি আইলাঙ তোমার ঠাঞি ।
চান্দোর বুহিত পদ্মা মোর ঠাঞি নাই ॥
সাগরে চান্দোর বুহিত ডুবে ধনজন ।
৭তোমার আজ্ঞায় সাগর রাখ্যাছে তখন ॥৭
সাগর বোলিঞা৮ পদ্মা করিল স্মরণ ।
৯পদ্মার স্মরণে সাগর আইলা ততক্ষণ ॥৯
১০সাগর বোলে কেনে বা ডাকিলে বিষহরি ।
কি আজ্ঞা তোমার এবে কহ শীঘ্র করি ॥১০
পদ্মা বোলে চান্দোর বুহিত ধনজন ।
বিবাদে ডুবাঞা তোমায় কৈলাম সমর্পণ ॥
সেই সব বুহিত দেহ আর ধনজন ।
ভাণ্ডারিয়া কাণ্ডারিঞা গাবরিঞাগণ ॥

CENTRAL LIBRARY

এ সব আনিঞা তুমি দেহ মোর ঠাঞি।
তবে সে চান্দোর হাতে ফুলজল পাই॥
হাতজোড় করিঞা সাগর বাক্য বোলে।
মোর সাধ্য নাই মাতা ডিঙ্গা তুলি কূলে॥
তোমার আজ্ঞাতে আইসে হনুমান বীরে।
তবে সেই ডিঙ্গা ভাসে জলের উপরে॥
এতেক স্থনিঞা পদ্মা হনুমানে স্মরে।
কদলির বনে বীর জানিল সত্বরে॥
পদ্মাবতী ডাকে মোকে কিসের নাগিঞা।
পবনবেগেতে বীর চলিল ধাইঞা॥
পদ্মার নিকটে আসি দিল দরশন।
কি কার্যে ডাকিল মাতা কহত এখন॥
পদ্মা বোলে হনুমান মোর বাক্য ধর।
এখনে আমার কিছু উপকার কর॥
সাগরে চান্দোর বুহিত ডুবাইলাম বিবাদে।
এখনে উঠাঞা দেহ তোমার প্রসাদে॥
বুহিত উঠিলে আমি ফুলজল পাই।
তে কারণে ডাকিলাম কহি তোমার ঠাঞি॥
এতেক স্থনিঞা তবে বীর গাও তোলে।
উপনীত হৈল আসি সাগরের কূলে॥
সাগরের মধ্যে বীর ডুবিল তক্ষণ।
বিরচিঞা গায় কবি জগতজীবন॥

প্রথমেত তোলে ডিঙ্গা চান্দোর চঢ়ান২।
নানা বর্ণে শোভা করে মাণিক্য রতন॥
শ্বেত ১লেতে চামরে ছাইল২ চারি৩ কোন।
বীর ঘণ্টা বাজে জাতে ঘাঘরের রোল॥

CENTRAL LIBRARY

বুহিত উপরে শোভে হাড়িয়া১ চামর।
সেই লাএ শোভা করে সাতশো২ গাবর ॥
আর এক বুহিত উঠে চান্দোর চঢ়ান৩।
কৌতুকে লেখিল৪ জাতে কৃষ্ণের বৃন্দাবন ॥
আর বুহিত৫ উঠিল জে নামে চাপরাল৬।

আর বুহিত উঠে তবে৮ নামে মৎস্যরাঙ্গা৮।
জাহাতে বসিঞা দেখে স্বর্ণ পুরী নঙ্কা ॥
আর বুহিত উঠে তবে৯ নামে সাহাসিঞা৯।
জত ভরা দেয় তত বেড়ায় ভাসিঞা ॥
আর বুহিত উঠে চান্দোর নামেত কালিয়া১০।
ঠেকিতে ঠেকিতে জায় জলেত১১ ভাসিঞা ॥
আর বুহিত উঠে চান্দোর আগোলা পাগলা।
আগে চলে শোভা করে স্বর্ণ গাহুলা ॥
আর বুহিত উঠে চান্দোর নামে জলগুহি১২।
জার পানে চাহিলে চক্ষের পড়ে লুহি১৩ ॥
আর বুহিত উঠে তবে নামে অনুপাম।
জাহাতে বসিঞা দেখে মুলুক চাটিগ্রাম১৪ ॥
আর ডিঙ্গা উঠে চান্দোর নামে গুয়ামুখি১৫।
১৬উপরে চঢ়িঞা দিবসের পথ দেখি ॥১৬
আর বুহিত উঠে চান্দোর নামে মনকলা।
হলদি বদলে জাতে ভরিঞাছে সোলা ॥
ছোট ছোট ডিঙ্গা উঠে নিল্লয় না জানি।
কোসা পানসোই উঠে নাহি ছয় পানি ॥
আর বুহিত উঠে চান্দোর নামে রহিফিচ্যা।
সে১৭ বুহিত দেখিতে চান্দোর বড়ই ইচ্ছা ॥
আর বুহিত উঠে চান্দোর নামে মগরমুখ১৮।
সে বুহিত দেখিতে চান্দোর বড় সুখ ॥

CENTRAL LIBRARY

মধুকর ডিঙ্গা উঠে চান্দোর ভাণ্ডার।
১উচ্চ সাত তালগাছ প্রমাণ তাহার ।১
বার শও২ বুহিত উঠে৩ আর তেরশও৪ লাই।
ডিঙ্গা ডিঙ্গি৫ উঠে তার৬ লেখাজোখা নাই॥
৭উঠায় বুহিত সকল৭ জয় জয় দিঞা।
৮চোদ্দ ডিঙ্গা ধনজন দেবীকে দিল গিঞা॥৮
ডিঙ্গা উদ্ধারিঞা হনুমান মহাবীর।
পদ্মার নিকটে জাঞা কহিল তুরিত॥
পদ্মার নিকটে বীর বিদায় হইল।
তুরিত গমনে বীর নিজ বাসে গেল॥
ডিঙ্গা উদ্ধারিঞা পদ্মার হরষিত মন।
বেহুলা দেখিঞা করে আনন্দ নর্তন॥
নৃত্য করে বেহুলাসুন্দরী মনরঙ্গে।
নথাই বাজায় বীণা মনের তরঙ্গে॥
দেখিঞা সকল দেব জয়ধ্বনি করে।
পুষ্পবৃষ্টি* করেন জে বেহুলাউপরে॥
ধন্য ধন্য তুমি সতী বেহুলাসুন্দরী।
তোর যশ কীর্তি রবে ত্রিজগত ভরি॥
এখন ত জাহ তুমি আপন ভুবন।
আমা সভার বাক্য জে না হয় লঙ্ঘন॥
৯বিদায় হইঞা তুমি জাহ নিজপুরে।৯
১০তন্ত্রবিভূতে গায় মনসার বরে॥১০

আজি মুরলি ঘন বাজে।
না জানি বিনোদ নাগর কোন দিগে সাজে॥ ধু॥

পদ্মা বোলে বিলম্ব না কর রূপবতী।
ডিঙ্গাতে চঢ়িঞা সভে জাহ শীঘ্রগতি॥

*পাঠ—পুষ্পবিষ্টি

CENTRAL LIBRARY

জে চাহিলে সেই দিলাঙ বাকী নাহি আর ।
১স্বঙরিতে চান্দোর কথা দুঃখ জে আমার ॥১
দেবী বোলে বেহুলা সাধিলে২ বাদান্তর ।
৩জিঞাইলে ছয় ভাসুর৩ আর প্রাণেশ্বর৪ ॥
ধনজন৫ গঙ্গাদেবী সকল দিল৫ তোর ।
জাহার প্রসাদে জিএ৬ বিশা শো৬ গাবর ॥
বানিঞার ভাণ্ডারি উঠে হরিষ কাণ্ডারি ।
আর জত উঠিল তার কত লেখা করি ॥
জয়যুক্ত হইঞা ৭উঠিল সর্ব্বজন ।
আমার প্রসাদে৮ তুমি পাইলে সর্ব্বধন৮ ॥
ধর্ম্মের কিঙ্কর চান্দো শিবের জে৯ দাস ।
জলেত পড়িল১০ ধন না হয় বিনাশ ॥
১১ধনজন ভাসুর জিঞিল আর প্রাণেশ্বর ।
তবে নাগিনীর কেনে না হয় উদ্ধার ॥১১
ত্রিভুবন মধ্যে আমি হইত১২ দুলালী ।
চান্দো কানী বোলিঞা সদাই পাড়ে গালি ॥
ধিংকার বচনে আমি পাইলাঙ বড় নাজ ।
মোর বাদ বিদিত হৈল দেবের সমাজ ॥
বাদেতে খাইলাঙ চান্দোর ই ছয় কোঙর১৩ ।
বড় দুঃখ দিল চান্দো বড় দুরাচার ॥
এত দুঃখ পাঞা১৪ সাধু মনে১৪ নাহি নাজ ।
১৫নথাইকে খাইলে আমার১৫ সিদ্ধ হৈল কাজ ॥
একে একে১৬ নাগগণে সভাক হুঙ্কারিল১৬ ।
১৭চাম্পাইর নামে সভে১৭ মাথা হেট কৈল ॥
আসিঞা কালনাগিনী কৈল অঙ্গীকার ।
দংশিঞা দিলেন মোকে বালা লক্ষীন্দর ॥
পূর্ব্বে নাগিনীর সঙ্গে কৈলাঙ সত্যবাণী ।
১৮প্রসাদ দিব তোমায় সুনহে নাগিনী ॥১৮

CENTRAL LIBRARY

তবে জদি সত্য ভঙ্গ হএত আমার।
তবেত নাশিব আমি সকল সংসার ॥
১সাপুড়াতে নাগিনী জদি ছাড়ে কলেবর।১
জদি মোর না জিএ নাগিনী সুন্দর ॥
২অপযশ হৈল মোর সংসারভিতর।২
পদ্মা বোলিল তবে এতেক উত্তর ॥
ছাড়িঞাত দেহ বাছা আমার নাগিনী।
৩সাপুড়ার মধ্যে আছে কিমত না জানি ॥৩
৪তন্ত্রবিভূতে গায় মনসার দাস।
পদছন্দে পাচালি করিল প্রকাশ ॥৪

৫কেশ ছিড়িঞা রামা প্রণাম করিঞা।৫
সাপুড়ার মুখ তখনও দিল খসাঞা ॥
নাগিনীর নেঞ্জ ধরি বেহুলাসুন্দরী।
আনিঞা দিলেন জথা জয়বিষহরি ॥
কান্দেন মনসা মাও নাগিনী দেখিঞা।
৭প্রাণ ছাড়িলে বাছা আমার নাগিঞা ॥৭
সাপুড়াতে ছয় মাস দগধেঁইশরীর৮।
৯উপবাসে খুধাএ সে হৈঞাছে অস্থির ॥৯
খুধাএ টলিঞা পড়ে স্থির নহে কলেবর।
১০পড়িঞা রহিল নাগ দেবীর গোচর ॥১০
এতেক দেখিঞা মাতা নাগের দুর্গতি।
হাহা পুত্র বোলিঞা কান্দেন পদ্মাবতী ॥
১১বিমরিষ পদ্মাবতী১১ দেখিঞা নাগিনী১২।
১৩দেবীর বসন ভিজে চক্ষের পড়ে পানি ॥
জে নাগিনীর প্রসাদে আমার বাদান্তর।
জে করিঞা দিল মোর বাদের উদ্ধার ॥

CENTRAL LIBRARY

এহেন নাগিনী মোর তেজিল পরাণি।
বিষাদ ভাবিঞা কান্দে মনসা ব্রাহ্মণী ॥
প্রবোধ১ বচন বোলে নেতাই ধুবিনি।
কিসের কারণে ভাব২ দেবী পদ্মামুনি ॥
দক্ষিণ হস্তে পরশ৩ দক্ষিণ চরণ।
এখন নাগিনী তোমায় পাইবে চেতন ॥
৪হিত উপদেশ বোলে নেতাই ধুবিনি।৪
পদ্মহস্ত বুলাইল শঙ্করনন্দিনী ॥
